মান্দ্রাজে ৮ পল্টনের এনসাইন জে সীগর বিজয়নাগ্রং	৩৭৶৫	ঐ	।৵৪	ঐ	ঐ
বিবি এম ষ্টিবন্স	২০২ ।/	ঐ	২৵৬	ঐ	ঐ
বারাণসে সি সিলবেষ্টর	৪১৯ ॥১১	ঐ	৪ ।৶৭	ঐ	ঐ
লেপ্টেনেন্ট ই এফ স্মিথ	১২৸/৬	ঐ	৵২	ঐ	ঐ
মিরটে ৬৯ পল্টনের লেপ্টেনেন্ট এফ ই স্মিথ...	৪৫৸/	ঐ	।৶৯	ঐ	ঐ
চানকে এচ জে সৌয়র্স	৩১৯ ॥/২	ঐ	৩ ।৵৬	ঐ	ঐ
মৃত কাপ্তান জে সোয়রবি ইউরোপ	১৫৮ ।৵১০	ঐ	১ ॥৶	ঐ	ঐ
লেপ্টেনেন্ট এচ স্পটস্বুড	১১/	ঐ	৶	ঐ	ঐ
লেপ্টেনেন্ট এচ ষ্টোন	১৪॥৶১০	ঐ	৵৬	ঐ	ঐ
টি ট্রট	৩৪৮ ॥৶১১	ঐ	৩ ॥৶৬	ঐ	ঐ
ই ষ্টুআর্ট কলিকাতা	১৫৩ ।৶	ঐ	১ ॥৵২	ঐ	ঐ
শম্ভু উঞা জমাদারের ইস্টেট ...	৪২১৪ ॥/৩	ঐ	৪৪৸৶৩	ঐ	ঐ

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৬। ১০ ফেব্রুআরি।

মহাজনেরদের নাম	তফসীলের লিখিত দাওয়া	দাওয়া না হওয়া ডিবিডেণ্ড	দাওয়া না হওয়া মৌজুদ ডিবিডেণ্ড	পূর্ব্বে ডিবিডেণ্ড দেওয়া গিয়াছে কি না	দাওয়ার প্রমাণ হইয়াছে কি না
	সিক্কা		কোং		
কাপ্তান ই কের্ণক্রস মেন্ডের ইস্টেট...	৭৯২ ॥০	৫	৮ ।√৩	দেওয়া যায় নাই	প্রমাণ হয় নাই
জেনরল উলিয়ম ষ্টুআর্ট ইউরোপ	১৬৯৸√	ঐ	১৸/	ঐ	ঐ
কলবিন স্মিথ	৪৫ ॥/৬	ঐ	।√৯	ঐ	ঐ
স্কাট কোং	২০/৯	ঐ	√৫	ঐ	ঐ
কাপ্তান আই সেরিফ নাবিক কলিকাতা	৩৭/২	ঐ	।৶৪	ঐ	ঐ
শ্রীনাথ মল্লিক	৪৮৯ ।/৯	ঐ	৫√৬	ঐ	ঐ
কাপ্তান ডবলিউ এম ট্রিটন ...	১৮৫৯৸১	ঐ	১৯৸/৫	১।২।৩।৪ দেওয়া গেল	প্রমাণ হইল
বিবি ডি তমাসন	১৩৩৩৬√৪	ঐ	১৪২ ।০	ঐ	ঐ
বিবি ই টামসন	৯৮৬ ॥/৫	ঐ	১০ ॥৪	১।২।৩ দেওয়া গেল	ঐ
লেপ্টেনেন্ট এচ টডের ইষ্টেট ...	৬৩২৪৸৶২	ঐ	৬৭ ।√৫	ঐ	ঐ
জে ডবলিউ টেম্প্লর পাটনা ...	৯৯ ।/	ঐ	১৲১১	দেওয়া যায় নাই	প্রমাণ হয় নাই
জে এফ টুইসডেন কোম্পানির মেরিন কলিকাতা	৮৭ ।/	ঐ	৸৶১০	ঐ	ঐ
লেপ্টেনেন্ট সি এফ তামসন ...	৯ ।√৮	ঐ	/৭	ঐ	ঐ
সি এ তামসনের ইষ্টেট ...	১১২৪৮ ॥৶১১	ঐ	১৩ ।/১	ঐ	ঐ
জে আর টুপ সরদানা ...	৫১৫৸/১	ঐ	৫ ॥০	ঐ	ঐ
সি ডবলিউ টর্ণর	১৪৪১৶৯	ঐ	১৫॥√৫	ঐ	ঐ
বিবি এস টেলর	৩৭৫ ॥/৯	ঐ	৪৲১	ঐ	ঐ
মেজর সি টেলরের ইষ্টেট ...	১৭০২৸০	ঐ	১৮৶৭	ঐ	ঐ
জি তামসন ইউরোপ	১৪১ ॥/২	ঐ	১ ॥২	ঐ	ঐ
জে রডল টড	৫৭১৲৯	ঐ	৬/৭	ঐ	ঐ
কানপুরে ৬০ পল্টনের এনসাইন জে ই বর্ন্নু	৫৮৪ ।৬	ঐ	৬√৮	ঐ	ঐ
কর্ণেল এফ ওয়াকর	১৩৮৬৲	ঐ	১৪৸৬	১।২।৩।৪ দেওয়া গেল	প্রমাণ হইল
বিবি এল ওয়াকর	৬৩৫৩৲	ঐ	৬৭৸৩	ঐ	ঐ
বিবি ওয়াকর ও ছেলেরদের টুষ্টি...	১৪০৫৯৸/৯	ঐ	১৪৯৸√৬	ঐ	ঐ
কাপ্তান এফ উএলচমান ...	১৩৪৭৸√১০	ঐ	১৪ ।৶	ঐ	ঐ
কাপ্তান ডবলিউ পি উএসাণ্ড ...	৬০০৯৶	ঐ	৬৪/৬	ঐ	ঐ
লেপ্টেনেন্ট ই উএষ্টন ...	২৪৫ ।৶	ঐ	২ ॥/১০	ঐ	ঐ
মেজর এচ এম উইলর ...	১৩২৪ ।৶১০	ঐ	১৪৶	ঐ	ঐ
উলিয়ম উইলকিন্সন	৪৩৪১৮ ॥৶৭	ঐ	৪৬১৶১	ঐ	ঐ
এফ আমির নিমিত্তে ডাক্তর জে এম উইলসনের অছি	৪০০০৲	ঐ	৪২ ॥৶৮	ঐ	ঐ
কাপ্তান জে উইম্বল	২৬২৲	ঐ	২ ।২	ঐ	ঐ
বিবি এস এম উইনফিল্ড ...	২৩৩/৯	ঐ	২ ।√৯	ঐ	ঐ
কর্ণেল ডবলিউ উডহৌস ...	১৯৭০ ॥√৮	ঐ	২১৲৪	ঐ	ঐ
মৃত কাপ্তান টি উলোকোম ...	৫৬৬৩৸৶	ঐ	৬০ ।৶৮	ঐ	ঐ
কাপ্তান ই উলহৌস	৪৪৩৲৫	ঐ	৪ ॥√৭	১।২।৩ দেওয়া গেল	ঐ
উলিয়ম উলষ্টন	৯৬৯৸√৬	ঐ	১০ ।/৬	১।২।৩।৪ দেওয়া গেল	ঐ
কাপ্তান এচ উইগুহাম বোম্বাই নাবিক	১১১৫৲১০	ঐ	২০ ।৶১০	১।২ দেওয়া গেল	ঐ
জে ওয়াল্ড্রন সাগরের ৪০ পল্টনের বাণ্ড মাষ্টর	১০৫১৶৮	ঐ	১১√৪	দেওয়া যায় নাই	প্রমাণ হয় নাই
জি এ উএব	১৫ ॥√	ঐ	৶৮	ঐ	ঐ
কাপ্তান এম ওয়াইট	২৬৮ ।/৩	ঐ	২৸/৯	ঐ	ঐ
মেজর ডি উলিয়মসন	১৪৮ ॥√৩	ঐ	১ ॥/৪	ঐ	ঐ
লেপ্টেনেন্ট এম উইলক্সন ...	৭০ ॥√৫	ঐ	৸০	ঐ	ঐ
মিস আর উইল্স	৪৫২ ॥√৭	ঐ	৪৸/৩	ঐ	ঐ

মহাজনেরদের নাম	তফসীলের লিখিত দাওয়া	দাওয়া না হওয়া ডিবিডেণ্ড	দাওয়া না হওয়া মৌজুদ ডিবিডেণ্ড	পূর্ব্বে ডিবিডেণ্ড দেওয়া গিয়াছে কি না	দাওয়ার প্রমাণ হইয়াছে কি না
	সিক্কা		কোং		
আর ওয়াসবর্ণ … …	৮০৲	৫	৬/ ৭	দেওয়া যায় নাই	প্রমাণ হয় নাই
বাওসন উইপি … …	২৯১৬৵৯	ঐ	৩/৯	ঐ	ঐ
ইউরোপে মিস জে এফ উইনসনের ট্রষ্টি … … …	৫৩৯৬৵৬	ঐ	৫৬১	ঐ	ঐ
জে উড ও তাঁহার পুত্র …	৪৫৩ ॥৵৮	ঐ	৪৬/৫	ঐ	ঐ
এচ ইরিসারির ইষ্টেট …	১৫৬৪৵৭	ঐ	১৬ ॥৵১১	ঐ	ঐ
এল বেট্স … … …	২৬৮॥৴	ঐ	২৬/১০	১। ২। ৩ দেওয়া গেল	প্রমাণ হইল
এনসাইন ডবলিউ ব্রিজ …	৩৬৪ ।৵৬	ঐ	৩৬৵২	১।২ দেওয়া গেল	ঐ
গাজিপুরে ৩৮ পল্টনের পুস্তকের সংস্থান … … …	১১২২৬/৪	ঐ	১১৬৴৮	ঐ	ঐ
মিস গার্ডিন … … …	১২০৯৬৴	ঐ	১২৬৵৫	১। ২। ৩। ৪ দেওয়া গেল	ঐ
কানপুরে আসিষ্টান্ট চিকিৎসক জে ডবলিউ গ্রান্ট … …	২৪৬ ।৴৮	ঐ	২ ॥৵	দেওয়া যায় নাই	প্রমাণ হয় নাই
বি রিস কলিকাতা … …	২৬৭৵২	ঐ	২৬/৭	১। ২। ৩ দেওয়া গেল	প্রমাণ হইল
আর শা … … …	৪৯১ ॥৵৪	ঐ	৫৴১১	১। ২। ৩। ৪ দেওয়া গেল	ঐ
বিবি ই তামসন … …	১৫০।৴৬	ঐ	১ ॥/৮	দেওয়া যায় নাই	প্রমাণ হয় নাই
ই পি তামসন … …	২৫৬৭৲	ঐ	২৭ ।৵১	ঐ	ঐ

আর ওডোডা। মাকিন্টস কোম্পানির আসৈনি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৬। ১০ ফেব্রুআরি।]

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, FEBRUARY 17, 1846.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৬ সাল ১৭ ফেব্রুআরি।

DRAFTS OF ACTS.

FORT WILLIAM.
HOME DEPARTMENT,
LEGISLATIVE.

THE 31ST JANUARY, 1846.

The following Extract from the proceedings of the Honourable the President of the Council of India in Council, in the Legislative branch of the Home Department, under date the 31st January, 1846, is published for general information:

Read a second time the Draft of a proposed Act dated the 24th May, 1845, and published in the Bengalee Government Gazette of the 3d June, 1845, for the more convenient administration of the Government of the Country called the Bhuttee Territory.

Resolution.—The Honourable the President in Council resolves, that the following Amended Draft on the subject, be published for general information.

ACT NO. —— OF 1846.

An Act for the more convenient administration of the Government of the Country called the Bhuttee Territory.

Whereas much inconvenience has resulted from maintaining as a part of the Delhi Division the large and thinly peopled tract of Country called the Bhuttee Territory, extending from the borders of the Hissar District to the Ghana or Sutledge:

I. It is hereby enacted, that from and after the　　　　of 1846, the provisions of Regulation V. of 1832 of the Bengal Code, shall cease to have effect in the said Bhuttee Territory, consisting of the following Pergunnahs:

Durbah.
Sirsa.
Raneeah.
Goodah.
Mullout.
Wuttoo.

[*Government Gazette, 17th February*, 1846.]

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেন্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৬ সাল ৩১ জানুআরি।

দেশীয় ডিপার্টমেন্টের ব্যবস্থাপক অংশে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রেসীডেন্ট সাহেবের হজুর কৌন্সেলের ১৮৪৬ সালের ৩১ জানুআরি তারিখের নীচের লিখিত চুম্বক সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

ভট্টি প্রদেশ নামে বিখ্যাত দেশের রাজশাসনের পূর্ব্বাপেক্ষা উত্তম নিয়ম করণের নিমিত্তে ১৮৪৫ সালের ২৪ মে তারিখের প্রস্তাবিত আইনের যে মুসাবিদা ১৮৪৫ সালের ৩ জুন তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ হয় তাহা দ্বিতীয়বার পাঠ করা গেল।

নির্দ্ধারণ।

হজুর কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রেসীডেন্ট সাহেব নির্দ্ধারণ করিয়াছেন যে সেই বিষয়ে নীচের লিখিত শুধরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪৬ সাল——আক্ট।

ভট্টি প্রদেশনামে বিখ্যাত দেশের রাজশাসনের পূর্ব্বাপেক্ষা উত্তম নিয়ম করণের আইন।

যেহেতুক হিসার জিলার সীমাঅবধি ঘানা অর্থাৎ শতদ্রু নদপর্য্যন্ত ভট্টিনামে প্রসিদ্ধ অতিবিস্তারিত অথচ অল্প প্রজাবিশিষ্ট প্রদেশ দিল্লীর এলাকাভুক্ত রাখাতে অনেক ক্লেশ জন্মিয়াছে

১ ধারা। অতএব ইহাতে হুকুম হইল যে ১৮৪৬ সালের অমুক মাসঅবধি এবং তাহার পর বাঙ্গলা দেশের চলিত ১৮৩২ সালের ৫ আইনের বিধি উক্ত ভট্টি প্রদেশে আর চলন হইবেক না। ঐ ভট্টি প্রদেশের মধ্যে এই২ পরগনা আছে।

দরবা
শেরসা
রানিয়া
গুদা
মলৌট
উঅট্টু

II. And it is hereby enacted, that from and after the said day the administration of Civil and Criminal Justice, the Superintendence of the Police, and the Collection and Superintendence of the Revenues of every description within the said Territory shall vest in such Agent as the Governor General of India in Council shall appoint, and shall be exercised by the said Agent with the aid of such Assistants as shall be appointed by the said Governor General of India in Council.

III. And it is hereby enacted, that it shall be competent to the said Governor General of India in Council to prescribe such Rules as he may deem proper for the guidance of the Agent aforesaid, and of all the Officers subordinate to his controul and authority, in all Judicial and Revenue proceedings, and to determine to what extent the decision of the Agent in Civil suits shall be final, and in what suits an appeal shall lie to the Sudder Dewanny Adawlut, and to define the authority to be exercised by the Agent in Criminal trials and what cases he shall submit to the decision of the Nizamut Adawlut.

IV. And it is hereby enacted, that upon the receipt of any Criminal trials referred by the Agent under the Rules which may be hereafter prescribed by the said Governor General of India in Council, the Nizamut Adawlut, shall proceed to pass a final judgment or such other order as may, after mature consideration, seem to the Court requisite and proper and in conformity with the prescribed rules.

V. And it is hereby enacted, that upon the receipt of any appeal from a decree of the Agent duly preferred under the Rules to be prescribed as aforesaid, the Court of Sudder Dewanny Adawlut shall proceed to try and determine it as to them may seem right and proper and in conformity with the prescribed rules.

Ordered, that the Draft Act be reconsidered at the first meeting of the Legislative Council of India after the 31st day of March next.

G. A. BUSHBY,

Secy. to the Govt. of India.

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 3.

From the Officiating Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

I am directed by the Sudder Board of Revenue to transmit the accompanying copy of the Orders of Government, No. 2261, dated 17th ultimo, and of its enclosure and with reference thereto to request that you will enjoin on your Subordinates the necessity for their observing strictly the rules therein laid down for amending the existing system of

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত দিবসঅবধি এবং তাহার পর ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে যে এজেন্টকে নিযুক্ত করেন সেই এজেন্টের প্রতি উক্ত প্রদেশের মধ্যে দেওয়ানী ও ফৌজদারী আদালতের কর্ম্ম এবং পোলীসের সুপরিন্টেণ্ডেন্টী কর্ম্ম এবং সর্ব্বপ্রকার রাজস্বের তহসীলদারী ও কর্তৃত্ব কর্ম্ম অর্পণ হইবেক এবং যেং আসিষ্টান্টকে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে নিযুক্ত করেন তাঁহারদের সহকারিতাতে সেই২ কার্য্য ঐ এজেন্ট সাহেব নির্ব্বাহ করিবেন ইতি।

৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত এজেন্ট সাহেবের এবং তাঁহার হুকুমের ও কর্তৃত্বের অধীন কর্ম্মকারকেরদের উপদেশের নিমিত্ত সমস্ত আদালত ও রাজস্ব কার্য্যের বিষয়ে যেং নিয়ম উচিত বোধ করেন সেই২ নিয়ম উক্ত শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে নির্দ্দিষ্ট করিতে পারেন এবং দেওয়ানী মোকদ্দমায় ঐ এজেন্ট সাহেবের নিষ্পত্তি যেপর্য্যন্ত চূড়ান্ত হইবেক এবং যেং মোকদ্দমার উপর সদর আদালতে আপীল হইতে পারিবেক তাহা নিরূপণ করিতে পারেন এবং ঐ এজেন্ট সাহেবের ফৌজদারী মোকদ্দমায় যে পর্য্যন্ত ক্ষমতা থাকিবেক তাহা এবং যেং মোকদ্দমা নিজামত আদালতের নিষ্পত্তির নিমিত্তে তথায় অর্পণ করিতে হইবেক তাহা উক্ত শ্রীযুত নিরূপণ করিতে পারেন ইতি।

৪ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে উক্ত শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে যেং বিধান নিরূপণ করেন সেই২ বিধানানুসারে উত্তর কালে উক্ত এজেন্ট সাহেবের অর্পণকরা কোন ফৌজদারী মোকদ্দমা নিজামত আদালতে পঁহুছিলে ঐ আদালতের সাহেবেরা ঐ মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি করিবেন অথবা উত্তম বিবেচনার পর অন্য যে হুকুম আবশ্যক ও বিহিত বোধ হয় এবং নিয়মিত বিধানের সঙ্গে ঐক্য হয় সেই হুকুম দিবেন ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্তমতে নির্দ্দিষ্টহওয়া বিধানানুসারে এজেন্ট সাহেবের ডিক্রীর উপর কোন আপীল সদর দেওয়ানী আদালতে পঁহুছিলে ঐ আদালতের সাহেবেরদের যেমত যথার্থ ও উচিত বোধ হয় সেই মতে এবং নিরূপিত বিধানানুসারে তাঁহারা সেই মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি করিবেন ইতি।

হুকুম হইল যে আগামি ৩১ মার্চ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।

ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

৩ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর একটিং সেক্রেটারী সাহেবের পত্র।

গত মাসের ১৭ তারিখের ২২৬১ নম্বরী গবর্ণমেন্টের হুকুমের এবং তাহার সঙ্গে যে লিপি ছিল তাহার নকল সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমার নিকটে পাঠান যাইতেছে এবং তাহার উপলক্ষে তোমাকে হুকুম দেওয়া যাইতেছে যে সরকারী এমারতের বিষয়ি নকশা এবং অন্যান্য লিপির নীচে সরকারী কর্ম্মকারকেরদের দস্তখত করণের এক্ষণে যে নিয়ম আছে তাহা সংশোধ-

countersignature by Public Officers of plans and other documents relating to public buildings.

(Signed) G. PLOWDEN,
Offg. Secretary.

Sudder Board of Revenue,
Fort William, 9th January, 1846.

No. 2261.

From the Under Secretary to the Government of Bengal, to G. Plowden, Esquire, Officiating Secretary to the Sudder Board of Revenue, dated Fort William, 17th December, 1845.

I am directed by the Honourable the Deputy Governor of Bengal to transmit, for the Sudder Board's information and for communication to the several Revenue Authorities throughout the Lower Provinces the accompanying copy of a letter, No. 2267, this day addressed to the Military Board.

(Signed) A. TURNBULL,
Under Secy to the Govt. of Bengal.

No. 2267.

From Under Secretary to the Government of Bengal, to the Military Board, dated Fort William, 17th December, 1845.

1. It was deemed advisable to invite the opinions of the Civil Authorities before coming to a final determination in regard to Lieutenant Colonel Garstin's suggestion for amending the existing system of countersignature by Civil Officers, of plans and other documents relating to public works, and I am now directed by the Deputy Governor of Bengal to state for the information of your Board, that the majority of the Officers so consulted concur in the view expressed in your letter, No. 8243, of the 18th April last, as to the expediency of allowing such Officers an opportunity of offering remarks regarding public works connected with their respective departments.

2. Such a check, His Honour doubts not, is useful, especially in regard to works executed at stations seldom visited by the Executive Engineers. Adverting, however, to the misapprehension so generally prevalent among Civil Officers in regard to the object of countersignatures, (which are deemed by some as implying a tacit approbation or confirmation of the statements contained in the documents to which they are affixed,) His Honour desires that the present mode of obtaining such attestations be discontinued, and that a separate heading be introduced in all documents requiring countersignature, for the remarks, if any, of civil functionaries, and when they have none to make, for the simple record of the fact. But whether any observations are recorded by Civil Officers or not, they will be given to understand distinctly, that no papers are to be unnecessarily detained by them, and for the purpose of ascertaining upon whom the blame of delay may rest, the Executive Engineers should be required invariably to note the dates of dispatch, and Civil Officers those of receipt and return.

[*Government Gazette*, 17*th February*, 1846.]

নার্থে যে নিয়ম ঐ পত্রে লেখা আছে তাহা অবিকল প্রতিপালন করিতে তোমার অধীন কার্য্যকারকদিগকে হুকুম দিবা।

জি প্লৌডেন।
একটিং সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ৯ জানুআরি।

২২৬১ নম্বর।

সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৪৫। ১৭ ডিসেম্বর।

মিলিটারী বোর্ডের নিকটে ২২০৭ নম্বরী নিম্নে লিখিত অদ্যকার যে পত্র পাঠান গিয়াছে তাহা সদর বোর্ডের বিজ্ঞাপনার্থ এবং বাঙ্গলাপ্রভৃতি দেশের রাজস্বের নানা কার্য্যকারককে জানাইবার নিমিত্তে বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে তোমার নিকটে পাঠাইতেছি।

এ টর্ণবুল।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

২২০৭ নম্বর।

মিলিটারী বোর্ডের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৪৫ সাল ১৭ ডিসেম্বর।

১। সরকারী এমারতের বিষয়ি নক্শা এবং অন্যান্য লিপির নিম্নে দেওয়ানীর কার্য্যকারকেরদের সহী করণের বিষয়ে বর্ত্তমান যে নিয়ম আছে তাহা সংশোধনার্থ শ্রীযুত লেপ্টেনেণ্ট কর্নেল গার্ষ্টিন সাহেব যে পরামর্শ দিয়াছিলেন তাহার বিষয় চূড়ান্তরূপে নিশ্চয় করণের পূর্ব্বে দেওয়ানীর কার্য্যকারকেরদের মত জানিবার আবশ্যক বোধ হইয়াছিল। এক্ষণে বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে বোর্ডের সাহেবদিগকে জানাইতেছি যে যে কর্ম্মকারকেরদের সঙ্গে পরামর্শ হইয়াছিল তাঁহারদের অধিকাংশ সাহেব মিলিটারী বোর্ডের গত ১৮ আপ্রিল তারিখের ৮২৪৩ নম্বরী পত্রের লিখিত অভিপ্রায়ের বিষয়ে ঐক্য আছেন এবং তাঁহারা বোধ করেন যে ঐ কর্ম্মকারকেরদের সিরিশ্তাসম্পর্কীয় সরকারী এমারতের বিষয়ে ঐ কর্ম্মকারকদিগকে আপনং মত জানাইবার উপায় দেওয়া অতিউচিত।

২। শ্রীযুত বোধ করেন যে বিশেষতঃ যেং মোকামে প্রায় একসেকুটিব এঞ্জিনিয়র সাহেবেরা কদাচ গমন করেন সেইং মোকামে সম্পন্নহওয়া এমারতের কার্য্যের বিষয়ে ঐ কর্ম্মকারকের মত জাননে উপকার দর্শিবেক। কিন্তু কোনং দেওয়ানীর কর্ম্মকারকেরদের এমত বোধ আছে যে ঐ লিপির নিম্নে সহী করাতে অনুভব হয় যে তাহার মধ্যলিখিত কৈফিয়তে তাঁহারদের সম্মতি ও মঞ্জুর করা হইল অতএব লিপির নিম্নে সহী করণের বিষয়ে দেওয়ানীর কর্ম্মকারকেরদের মধ্যে সাধারণের সেই প্রকার যে ভ্রম আছে তাহার উপলক্ষে শ্রীযুত হুকুম করিতেছেন যে এ প্রকার লিপিতে তাঁহারদের সহী লওবার এক্ষণে যে নিয়ম আছে তাহা রহিত হয় এবং যে সকল লিপির নিম্নে তাঁহারদের সহী করণের আবশ্যক আছে সেইং লিপিতে একটা স্বতন্ত্র ঘর করা যায় এবং দেওয়ানীর কর্ম্মকারকেরদের যদি কোন মন্তব্য কথা থাকে তবে তাহা সেই ঘরে লিখিবেন নতুবা লিখিবেন যে আমারদের মন্তব্য কিছু নাই। কিন্তু দেওয়ানীর কর্ম্মকারকেরা তাহাতে কোন মন্তব্য কথা লিখুন বা না লিখুন তাঁহারদিগকে অতিস্পষ্ট জ্ঞাত করা যাইতেছে যে তাঁহারা অনাবশ্যকমতে কাগজ অনেক কাল রাখিবেন না এবং বিলম্বের অপরাধ কাহার উপর অর্শে ইহা জানিবার নিমিত্ত হুকুম হইল যে একসেকুটিব এঞ্জিনিয়র সাহেব যে তারিখে ঐ লিপিপ্রভৃতি পাঠান তাহা তাহাতে টুকিয়া রাখিবেন এবং দেওয়ানীর কর্ম্মকারকেরা যে দিবসে তাহা ফিরিয়া পাঠান তাহাও লিখিবেন।

3. Orders to this effect will be issued to the Heads of Departments under this Government, and your Board are requested to address corresponding instructions to the Executive Engineers within the same circles.

(Signed) A. TURNBULL,
Under Secy. to the Govt. of Bengal.
(True Copy,)
(Signed) A. TURNBULL,
Under Secy. to the Govt. of Bengal.

Sudder Board of Revenue,
Fort William, 9th January, 1846.

(True Copies,)
(Signed) G. PLOWDEN,
Offg. Secretary.

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 2.

To the Magistrates and Joint Magistrates in the Lower Provinces.

I am directed by the Court to transmit to you for your information, the accompanying copy of a Circular addressed to the Civil Judges regarding the custody of the records of the Moonsiffs absent from their stations on leave.

W. KIRKPATRICK, *Deputy Register.*
Fort William, 9th January, 1846.

(Copy.)
No. 2.

To the Civil Judges in the Lower Provinces.

The Court have reason to believe that it is the practice of Moonsiffs to deposit their records at the nearest Thannahs when they are absent from their stations, during the vacations, or at any other time. As this is an objectionable practice, the Court are pleased to direct that, except at the vacations, Moonsiffs who are about to avail themselves of leave of absence, will leave their records in the custody of their Umlah; and that at the vacations, when the Umlah are permitted to go to their homes, they will pack up the records in boxes, sealing the boxes in the usual manner and placing a Guard of Peons over the Cutcherry during their absence.

W. KIRKPATRICK, *Deputy Register.*
Fort William, 9th January, 1846.

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVE OF ABSENCE.

The 6th February, 1846.

Syud Abdool Rubb, Acting Moonsiff of Lubshaw, 24-Pergunnahs, for one week, from the 22nd instant.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ১৭ ফেব্রুআরি।]

৩। এই বিষয়ের হুকুম গবর্ণমেণ্টের অধীন নানা সিরিশ্তার প্রধান কর্ম্মকারকদের নিকটে পাঠান যাইবেক এবং সেই চক্রের মধ্যে এক্সেকুটিব এঞ্জিনিয়র সাহেবদিগকে সেইরূপে হুকুম দিতে এক্ষণে আদেশ হইতেছে।

এ টর্ণবুল।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।
(যথার্থ নকল।)
এ টর্ণবুল।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ৯ জানুআরি।

(যথার্থ নকল।)
জি প্লোডন।
একটিং সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত মাজিস্ট্রেট সাহেব এবং শ্রীযুত জাইন্ট মাজিস্ট্রেট সাহেব বরাবরেষু।

মুনসেফেরা যখন ছুটী লইয়া আপন২ মোকাম ছাড়া হন তখন তাঁহারদের রোয়দাদ রক্ষা করণের বিষয়ে পশ্চাৎ লিখিত যে সরক্যুলর পত্র দেওয়ানীর জজ সাহেবেরদের নিকটে পাঠান গিয়াছে তাহার এক নকল তোমার বিজ্ঞাপনের নিমিত্তে সদর আদালতের হুকুমক্রমে তোমার নিকটে পাঠাইতেছি।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ৯ জানুআরি।

নকল।
২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর জজ সাহেব বরাবরেষু।

সদর আদালত বোধ করেন যে মুনসেফেরা যখন পরবপ্রযুক্ত বন্দের সময়ে কি অন্য২ সময়ে আপনারদের মোকাম ছাড়া হন তখন তাঁহারা আপন২ কাছারীর রোয়দাদ নিকটস্থ থানায় গচ্ছিত করিয়া রাখেন। এই ব্যবহার অনুপযুক্ত অতএব সদর আদালত হুকুম করিতেছেন যে পরবপ্রযুক্ত বন্দের সময় ছাড়া যখন মুনসেফেরা ছুটী লইয়া স্থানান্তর যান তখন তাঁহারা আপনারদের রোয়দাদ আমলারদের হাতে গচ্ছিত করিয়া রাখিবেন। এবং পূজাপ্রযুক্ত নিরমিত ছুটীর সময়ে যখন আমলারা আপন২ বাটীতে যাইতে অনুমতি পান তখন মুনসেফেরা আপন২ সিন্দুকে রোয়দাদ পূরিয়া এবং রীতিমত সে সিন্দুকে মোহর করিয়া আপনারদের অবর্ত্তমান সময়পর্য্যন্ত কাছারীতে পেয়াদারদের চৌকীতে রাখিবেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ৯ জানুআরি।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৬ সাল ৬ ফেব্রুআরি।

চব্বিশপরগনার লবশার একটিং মুনসেফ শ্রীযুত সৈয়দ আবদুল রব বর্ত্তমান মাসের ২২ তারিখে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

APPOINTMENT.

Baboo Muddoosoodun Bonnerjee, who has obtained a Diploma, to be Moonsiff of Attya; Zillah Mymensing.

B. J. Colvin, *Offg. Register.*

CIVIL APPOINTMENTS.

No. 254.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 6th February, 1846.

At the recommendation of the Superintendent of Police Lower Provinces, the undermentioned Darogahs are promoted to the 1st Grade:

Khetur Nath Mojoomdar, Darogah of Thannah Ranee Tallao, in Moorshedabad.

Moulavie Mobaruk Ali, ditto of ditto Monghyr, in Monghyr.

The 7th February, 1846.

Mr. W. M. Dirom to be a Member of the Ferry Fund Committee in Sarun.

Pundit Sreeram Turkolunkar to be Sudder Ameen and Sudder Moonsiff of Hooghly.

Moulavie Mahomed Saeen to be Sudder Ameen and Sudder Moonsiff of Midnapore.

Mr. H. S. Thompson, Moonsiff of Jungypore, in Moorshedabad, to be a Moonsiff of the 1st Grade.

Moulavie Ausuf Ali to officiate as Principal Sudder Ameen of Sylhet during the absence of Moulavie Syed Abbas Ali, or until further orders.

Moonshee Ameeroeddeen, 1st Grade Moonsiff of Madargunge, to continue to officiate as Sudder Ameen and Sudder Moonsiff of Mymensing during the deputation of Moulavie Ausuf Ali to Sylhet.

The 11th February, 1846.

Dr. Duncan Stewart, Presidency Surgeon, to be a Member of the Marine Standing Medical Committee.

Mr. J. G. Pughe to be 2d Class Abkaree Superintendent of Dinagepore, and to exercise the powers described in Section 3, Act XXV. of 1840.

LEAVES OF ABSENCE.

The 7th February, 1846.

Mr. A. Littledale, of the Civil Service, for three days, or until the departure of the Steamer "Precursor," in extension of the leave of absence granted to him on the 24th September last. The permission granted to Mr. Littledale on that date, to proceed to Europe, on private affairs, for one year, is cancelled.

The 10th February, 1846.

Moulavie Ausuf Alee, Officiating Principal Sudder Ameen of Furreedpore, for ten days, under Medical Certificate, in extension of the leave of absence granted to him during the Mohurrum Vacation.

[*Government Gazette*, 17*th February*, 1846.]

নিয়োগ।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু মধুসূদন বাঁড়ুয্যা জিলা ময়মুনসিংহের আটাইয়ের মুনসেফ হইবেন।

বি জে কলবিন।

একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

২৫৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ৬ ফেব্রুআরি।

বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের পরামর্শক্রমে নীচের লিখিত দারোগারা প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন অর্থাৎ

মুরশিদাবাদের তালাওর থানার দারোগা শ্রীযুত ক্ষেত্রনাথ মজুমদার।

মুঙ্গেরে মুঙ্গের থানার ঐ শ্রীযুত মৌলবী মবারক আলী।

১৮৪৬ সাল ৭ ফেব্রুআরি।

শ্রীযুত ডবলিউ এম ডিরম সাহেব সারণে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত পণ্ডিত শ্রীরাম তর্কালঙ্কার হুগলীর সদর আমীন ও সদর মুনসেফ হইবেন।

শ্রীযুত মৌলবী মহম্মদ সাইম মেদিনীপুরের সদর আমীন ও সদর মুনসেফ হইবেন।

মুরশিদাবাদে জঙ্গীপুরের মুনসেফ শ্রীযুত এচ এস তামসন সাহেব প্রথম শ্রেণীর মুনসেফ হইবেন।

শ্রীযুত মৌলবী সৈয়দ আব্বাস আলীর অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত মৌলবী আউসফ আলী ছিলটের প্রধান সদর আমীনের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত মৌলবী আউসফ আলী সরকারী কর্ম্মোপলক্ষে যাবৎ ছিলটে থাকেন তাবৎ মাদারগঞ্জের প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত মুনশী আমীরুদ্দীন ময়মুনসিংহের সদর আমীন ও সদর মুনসেফের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৬ সাল ১১ ফেব্রুআরি।

রাজধানীর চিকিৎসক শ্রীযুত ডাক্তর ডনকন ষ্টুআর্ট সাহেব জাহাজসম্পর্কীয় স্থাপিত মেডিকাল কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত জে জি পিউ সাহেব দিনাজপুরের দ্বিতীয় শ্রেণীর আবকারীর সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন এবং ১৮৪০ সালের ২৫ আইনের ৩ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

ছুটী।

১৮৪৬ সাল ৭ ফেব্রুআরি।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এ লিটলডেল সাহেব গত সেপ্টেম্বর মাসের ২৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত তিন দিনের অথবা "প্রিকর্সর" নামক বাষ্পীয় জাহাজের না গমনপর্য্যন্ত ছুটী পাইয়াছেন। উক্ত তারিখে শ্রীযুত লিটলডেল সাহেবকে স্বীয় কর্ম্মোপলক্ষে ইউরোপে গমনার্থ যে এক বৎসরের ছুটী দেওয়া যায় তাহা রহিত হইল।

১৮৪৬ সাল ১০ ফেব্রুআরি।

ফরিদপুরের একটিং প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আউসফ আলী মহরমের বন্দে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দশ দিনের ছুটী পাইয়াছেন।

The 11th February, 1846.

Mr. W. C. Grant, Officiating 1st Class Abkarry Superintendent at Furreedpore, for eleven days, in extension of the leave granted to him on the 3d December last.

The Reverend R. Panting, Chaplain of Penang, for two years, to proceed to Europe, for the benefit of his health.

NOTIFICATIONS.

The 11th February 1846.

Mr. F. Skipwith, late Officiating Civil and Sessions Judge of Tipperah, made over charge of the current duties of that Office to the Principal Sudder Ameen on the 3d instant.

Mr. T. C. Scott, late Civil and Sessions Judge of East Burdwan, made over charge of the current duties of that Office to the Principal Sudder Ameen on the 4th instant.

Mr. H. B. Beresford, Officiating Collector of Mymensing, assumed charge of his Office on the 2d instant.

Mr. W. Luke made over charge of the current duties of the Civil and Session Judge's Office of Shahabad to the Principal Sudder Ameen of that District on the 31st ultimo, and assumed charge of the Burdwan Collectorate on the 6th instant.

Mr. R. M. Skinner, of the Civil Service, embarked for England on board the Ship "Gloriana," which Vessel was left by the Pilot at Sea on the 5th instant.

Mr. J. S. Clarke, of the Civil Service, embarked for England on board the Ship "Gloriana," which Vessel was left by the Pilot at Sea on the 5th instant.

The Reverend F. W. Ellis, appointed by the Honourable the Court of Directors an Assistant Chaplain on the Bengal Establishment, reported his arrival on board the Steam Ship "Bentinck," which Vessel reached Kedgeree on the 4th instant.

At the recommendation of the Superintendent of Police in the Lower Provinces, the Deputy Governor of Bengal has been pleased to authorize the transfer of the undermentioned Forty Villages from the Jurisdiction of Thannah Pakoollah, in Zillah Mymensing, to that of Shazadpore, in Zillah Pubna :

Kurwajaunee,
Kawieah,
Chaleetatolah,
Dorgaburree,
Bamundee,
Moorudpore,
Hamrakundee,
Chakdoho,
Gorjhau,
Chandpore,
Silekye,
Jarneeah,
Shakpaul,
Beerbuxa,
Agbux,

১৮৪৬ সাল ১১ ফেব্রুআরি।

ফরিদপুরের একটিং প্রথম শ্রেণীর আবকারীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ সি গ্রান্ট সাহেব গত ডিসেম্বর মাসের ৩ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত এগার দিনের ছুটী পাইয়াছেন।

পিনাঙ্গের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি আর পান্টিং সাহেব স্বীয় স্বাস্থ্যার্থে ইউরোপে গমনার্থ দুই বৎসরের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ১১ ফেব্রুআরি।

ত্রিপুরার সাবেক একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ স্কিপউইথ সাহেব বর্ত্তমান মাসের ৩ তারিখে ঐ সিরিশতার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

পূর্ব্ব বর্দ্ধমানের সাবেক সিবিল ও সেশন জজ শ্রীযুত টি সি স্কট সাহেব বর্ত্তমান মাসের ৪ তারিখে ঐ সিরিশতার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

ময়মুনসিংহের একটিং কালেক্টর শ্রীযুত এচ বি বেরেসফোর্ড সাহেব বর্ত্তমান মাসের ২ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

শ্রীযুত ডবলিউ লুক সাহেব গত মাসের ৩১ তারিখে শাহাবাদের সিবিল ও সেশন জজ সাহেবের সিরিশতার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিয়া বর্ত্তমান মাসের ৬ তারিখে বর্দ্ধমানের কালেক্টরী কর্ম্মের ভার গ্রহণ করেন্।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত আর এম স্কিনর সাহেব "গ্লোরিয়ানা" নামক জাহাজে ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৫ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত জে এস ক্লার্ক সাহেব "গ্লারিয়ানা" নামক জাহাজে ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৫ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

শ্রীযুত পাদরি এফ ডবলিউ এলিস সাহেব শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গল দেশের আসিষ্টাণ্ট ধর্ম্মোপদেশকতা কর্ম্মে নিযুক্ত হইয়া "বেণ্টিঙ্ক" নামক বাষ্পীয় জাহাজের দ্বারা পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন্। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৪ তারিখে খাজুরীতে পঁহুছে।

বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের পরামর্শক্রমে বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেব নীচের লিখিত চলিশ গ্রাম জিলা ময়মুনসিংহের পাকুয়া থানার এলাকাহইতে খারিজ করিয়া জিলা পাবনার শাহাজাদপুর থানাভুক্ত করিতে হুকুম দিয়াছেন।

কর্বাজানি।
কৌলিয়া।
চালিতাতলা।
দুর্গাবাড়ী।
বামন্দী।
মুরাদপুর।
হামড়া কণ্ডি।
চাকদহ।
গড়ঝান।
চাঁদপুর।
সিলিকায়।
জারনিয়া।
শাকপাইল।
বীরবক্শা।
আগবক্শ।

Balakole,
Boorneeagara,
Kowlee,
Joypoorah,
Hezbea,
Poilah,
Passeemool,
Barongail,
Gathpateel,
Kotchooa,
Hoordeegulleea,
Baneeootur,
Gothbaneeootur,
Dassooreeah,
Boomooreah,
Koorsee,
Seemulkundee,
Bayalpore,
Bankturteeah,
Tingragaree,
Dewantarteeah,
Souljana,
Kooreeajulhatee,
Atteeah Sulingee, and
Dhooboolеeah.

By order of the Honourable the Deputy Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

বালাকোল।
বুরণিয়াগারা।
কৌলী।
জায়পুরা।
হেজবিয়া।
পয়লা।
পাশিমুল।
বারণগাইল।
গাতপাটিল।
কচুআ।
হুরদিগলীয়া।
বেণিউত্তর।
গথবেণিউত্তর।
দাসুরিয়া।
বুমুরিয়া।
কুরসি।
শিমুলকণ্ডি।
বয়ালপুর।
বাঁকটরতিয়া।
টিঙ্গরাগাড়ি।
দেওয়ানতারতিয়া।
সৌলজানা।
কুড়িয়া জলহাটি।
আটিয়া সলিঙ্গি।
ধুবুলিয়া।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

EDUCATION.

An Examination will be held in the Medical College, during the early part of April, 1846, for the purpose of filling up existing vacancies in the Stipendiary Class of the College. The value of the Stipend is Co's Rs. 8 per mensem, tenable for 5 years. No candidate can be admitted under the full age of 16, or above that of 20 years, on any account whatever.

Every applicant for admission must bring a letter of recommendation from some respectable person, certifying that he is of good character, and worthy of admission to the privilege of studying medicine.

The candidates must present themselves before the Secretary to the College three days prior to the day of examination, with a view to their being identified as the persons really desiring admission.

All candidates will be expected to possess a thorough knowledge of English, so as to be able to read, write, and enunciate it with fluency and facility. They must be able to analyze a passage in Milton's Paradise Lost, Robertson's Histories, or works of a similar classical standard, be acquainted with the elements of Arithmetic, Algebra, Geometry and Natural Philosophy, and bring certifi-

বিদ্যাধ্যাপন।

বিদ্যাধ্যাপনের বিজ্ঞাপন।

মেডিকাল কালেজের বৈতনিক সম্প্রদায়ের যে পদ শূন্য হইয়াছে তাহা পূর্ণ করিবার নিমিত্তে ১৮৪৬ সালের আপ্রিল মাসের আরম্ভে উক্ত কালেজে ইমতিহান হইবেক। ঐ পদের বেতন মাসিক ৮৲ টাকা এবং তাহা পাঁচ বৎসরপর্য্যন্ত ভোগ হইতে পারে। ষোল বৎসরের ন্যূন কিম্বা বিশ বৎসরের অধিকবয়স্ক কোন পদাকাঙ্ক্ষিকে কোনমতে নিযুক্ত করা যাইবেক না।

ঐ পদাকাঙ্ক্ষি প্রত্যেক জনের আবশ্যক যে তিনি কোন সম্ভ্রান্ত লোকের স্থানে এক সুপারিশপত্র আনেন তাহাতে ইহা লেখা থাকিবেক যে তিনি সদাচারী এবং ঔষধ বিদ্যা শিক্ষা করণের যোগ্য হটেন।

যাঁহারা ঐ পদ পাইতে প্রার্থনা করেন তাঁহারদের অনন্যতা নিশ্চয় করণের অভিপ্রায়ে তাঁহারদের আবশ্যক যে ইমতিহানের দিবসের তিন দিন পূর্ব্বে তাঁহারা কালেজের সেক্রেটারী সাহেবের নিকটে উপস্থিত হন।

সকল পদাকাঙ্ক্ষির আবশ্যক যে তাঁহারা ইঙ্গরেজী ভাষা উত্তমরূপে জানেন ও শুদ্ধরূপে এবং সহজে তাহা পাঠ করিতে ও লিখিতে এবং উচ্চারণ করিতে পারেন। আরো তাঁহারদের আবশ্যক যে তাঁহারা মিল্টন পারাডৈস লষ্ট কিম্বা রাবর্টসনের ইতিহাস পুস্তক কি তাদৃশ উত্তম পুস্তকের কোন ভাগের অর্থ করিতে পারেন এবং অঙ্ক বিদ্যা ও বীজগণিত বিদ্যা ও ভূমিপরিমাপক বিদ্যা ও পদার্থনির্ণায়ক বিদ্যার মূল নিয়ম জানেন এবং তাঁহারা

cates from the Head Masters of the schools, in which they have studied, expressly stating that they possess the information required, and are capable of undergoing the ordeal proposed. The preference, in selection, will always be given to those who possess the greatest amount of information in the above mentioned branches of Education.

The examination for the admission of Free Students, will be held at the same time, and be similar in nature and extent to that specified above.

(By order,)

F. J. MOUAT, M. D.,

Secretary.

Council of Education, 1st January, 1846.

NOTIFICATION.

An Examination will be held early in April 1846, in the College of Fort William, for the purpose of filling up existing vacancies in the Secondary or Military Class of the Medical College. All candidates will be expected to possess an adequate knowledge of the Hindoostanee language, to enable them to read and write it in the Persian or Devanagree character.

All Interpreters of Regiments and Battalions will be requested through the Military Department, not to grant certificates of qualification to any candidate under the age of fifteen and above that of twenty years : and likewise to reject all who may not pass the prescribed ordeal with a sufficient degree of fluency and facility. Much disappointment, expence, and inconvenience have already been experienced by lads from distant stations being furnished with certificates, who were found on examination quite unqualified for admission, and it is with a view to prevent the recurrence of this, that the above measure has been adopted.

Candidates for admission will be required to present themselves before the Secretary to the Medical College, at least three days prior to the day of Examination, in order that a proper descriptive roll may be prepared for transmission to the Examiners of the College of Fort William.

All Students in the Military Class, are amenable to the Articles of War, and regularly enlisted as soldiers.

No candidate will be admitted to the School who is physically unfit for the duties of a soldier.

By order of the Honourable the President and Council of Education.

F. J. MOUAT, M. D.,

Secretary.

Council of Education, 1st January, 1846.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ১৭ ফেব্রুআরি।]

যে বিদ্যালয়ে শিক্ষা করিয়াছেন সেই বিদ্যালয়ের প্রধান শিক্ষকের স্থানহইতে একটা সর্টিফিকট আনেন তাহাতে লেখা থাকিবেক যে তাঁহারা আবশ্যক জ্ঞানপ্রাপ্ত হইয়াছেন এবং প্রস্তাবিত ইমতিহান দিতে পারেন। যাঁহারা উপরের লিখিত বিদ্যাবিষয়ে অধিক জ্ঞানপ্রাপ্ত হইয়াছেন তাঁহারাই অগ্রে মনোনীত হইবেন।

বৈতনিকভিন্ন অন্য ছাত্রেরদের গ্রাহ্য হইবার ইমতিহান সেই সময়ে হইবেক এবং উপরের লিখিত ইমতিহানের মত হইবেক।

এফ জে মৌআট।

সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৬। ১ জানুআরি।

বিজ্ঞাপন।

মেডিকাল কালেজের অন্তঃপাতি দ্বিতীয় অর্থাৎ মিলিটারীসম্পর্কীয় সম্প্রদায়ের কএক পদ শূন্য হইয়াছে অতএব তাহাতে ছাত্র নিযুক্ত করিবার নিমিত্তে ১৮৪৬ সালের আপ্রিল মাসের আরম্ভে ফোর্ট উলিয়ম কালেজে ইমতিহান হইবেক। পদাকাঙ্ক্ষিরদের হিন্দুস্থানী ভাষায় এমত উপযুক্ত জ্ঞান থাকিবেক যে তাহারা ঐ ভাষা পাঠ করিতে পারে এবং কেহ আওড়াইলে তাহা লিখিতে পারে অথবা পারসী কিম্বা দেবনাগর অক্ষরে ছাপাহওয়া কেতাব দেখিয়া লিখিতে পারে।

রেজিমেণ্ট এবং বাটালিয়নের সকল দোভাষি সাহেবের প্রতি হুকুম হইল যে তাঁহারা পনের বৎসরের ন্যূন কি বিশ বৎসরের অধিকবয়স্ক কোন পদাকাঙ্ক্ষিকে যোগ্যতার সর্টিফিকট না দেন এবং যাহারা নিরূপিত পরীক্ষায় উচিতমত এবং অনায়াসে উত্তীর্ণ না হইতে পারে তাহারদিগকে অগ্রাহ্য করেন। ইহার পূর্ব্বে দূর স্থানের যে বালকদিগকে সর্টিফিকট দেওয়া গিয়াছিল তাহারা ইমতিহানের সময়ে কালেজে ভর্ত্তি হওনের অযোগ্য বোধ হওয়াতে তাহারদিগের আশাভঙ্গ ও খরচ ও ক্লেশ হইয়াছে এবং এইরূপ বিঘ্ন উত্তর কালে না হয় এই নিমিত্তে উপরের উক্ত হুকুম দেওয়া গেল।

কালেজে ভর্ত্তি হওনের আকাঙ্ক্ষি ব্যক্তিরদের আবশ্যক যে ফোর্ট উলিয়ম কালেজের পরীক্ষক সাহেবেরদের নিকটে পাঠাইবার নিমিত্ত তাহারদের এক উপযুক্ত চেহারা লিখিত হয় এজন্যে ইমতিহানের দিনের অন্যূন তিন দিন পূর্ব্বে মেডিকাল কালেজের সেক্রেটারী সাহেবের সম্মুখে তাহারা উপস্থিত হয়।

মিলিটারীসম্পর্কীয় সম্প্রদায়ের সকল ছাত্রেরা যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন হইবেক এবং সিপাহীস্বরূপ তাহারদের নাম রীতিমতে ফিরিস্তিতে লেখা যাইবেক।

ঐ পদাকাঙ্ক্ষি যে কোন ব্যক্তি ক্ষীণ শরীরপ্রযুক্ত সিপাহীর কর্ম্ম করিতে না পারে সে গ্রাহ্য হইবেক না।

বিদ্যাধ্যাপনের কমিটির শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেবের এবং কৌন্সেলের হুকুমক্রমে প্রকাশিত।

এফ জে মৌআট।

সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৬। ১ জানুআরি।

SALT: নিমক।

মালকাবারী নেমক লাং সন ১৮৪৬ সালের ৩১ জানুআরি।

বিক্রীউপযুক্ত মায় ৪ পরমেণ্ট তক্তি কারণ প্রত্যেক এজেন্সীর ও শালিখার নমকের গোলাজাতের মৌজুদ নমক বিঃ গত ইষ্টেটমেণ্ট।

এজেন্সীর নাম।			সন ১২৪৮ সাল মতাবকে ইং ১৮৪১।৪২ সাল	সন ১২৪৯ সাল মতাবকে ইং ১৮৪২।৪৩ সাল	সন ১২৫০ সাল মতাবকে ইং ১৮৪৩।৪৪ সাল	সন ১২৫১ সাল মতাবকে ইং ১৮৪৪।৪৫ সাল	সন ১২৫২ সাল মতাবকে ইং ১৮৪৫।৪৬ সাল
	হিজলি						
পাঙ্গা নেমক।	ঘাট	উত্তর কালীনগর।	•	•	•	•	•
ঐ	ঐ	দক্ষিণ কালীনগর।	৪,২৮,১২৭/	৫,০৫,২৮৮/	৩,৪২,৬০৮/	৫,০২,৩৬৫/	•
ঐ	ঐ	কৃষ্ণনগর।	•	২,৫৪,৮৩৭/	৩৩,৮৭৮৸০	২৩৩/	•
ঐ	ঐ	ভেরোপাইকা।	•	২,০,০৮,১৩/	৩,২২,৯৬৭/	৩,৪৬,৩৫৭/	•
ঐ	ঐ	রামনগর।	•	•	৩৫৮ ।২ ॥	১৩০৮/	•
		গাছানমক।	•	১৩,৩৪৯ ॥০	১৫,২৩৪/	•	•
		একুন	৪,২৮,১২৭/	৯,৭৪,২৮৭ ॥০	৭,১৫,০৪৬/ ২ ॥	৮,৫০,২৬৩/	•
	তমলুক।						
পাঙ্গা নেমক।	ঘাট	নারায়ণপুর।	•	৪৩,৮৯৮/	৬৬,৭০৬/	৫,৭২,০৮৮/	•
		ক্রোকী নমক।	•	•	•	•	•
		একুন	•	৪৩,৮৯৮/	৬৬৭০৬/	৫,৭২,০৮৮/	•

এজেন্সীর নাম।	সন ১২৪৮ সাল মতাবকে ইং ১৮৪১ / ৪২ সাল	মৌজুদ নমক বিঃগত ইষ্টেটমেন্ট। সন ১২৪৯ সাল মতাবকে ইং ১৮৪২ । ৪৩ সাল	সন ১২৫০ সাল মতাবকে ইং ১৮৪৩। ৪৪ সাল	সন ১২৫১ সাল মতাবকে ইং ১৮৪৪ । ৪৫ সাল	সন ১২৫২ সাল মতাবকে ইং ১৮৪৫ । ৪৬ সাল
২৪ পরগনা।					
পাঙ্গা নেমক। ঘাট নারায়ণপুর বাহিরবুনি।	২৮/	২২৫৭/	৬০০২/	১,৩৪,১১৬/৫	০
ঐ ঐ ঐ তফাল।	২,৬৬৯ ॥০	৩৯৭১৸০	১৯,৩৮৮ ॥০	৩,৩৫,৬৬২/	০
ঐ ঐ বালিয়াঘাটা।	০	০	২৮২/	০	০
ঐ ঐ বেঁওতা।	১৫২ ॥০	১৯৭৭/৪	১৭৫৫ ॥০	১৬৩৫ ।০	০
ঐ ঐ গোরন্দা।	০	০	০	০	১০০০/
ঐ ঐ ডাইমণ্ড হারবর।	০	০	১১৪৪/	৫৩,২০১/	০
ঐ ঐ বাগণ্ডী।	০	০	৯৩৬/	৫৮,৭৬৪/	০
ঐ ঐ শ্রীযুত প্রিন্সেপ সাহেবের ১ পহিলা রকম	০	৭৭৬/	৫৩৭/	০	৴
ঐ ঐ রকম	০	০	৮৫৬৭/	৭৩৩৬/	০
একুন	১,৮৫০/	৮,৯৮১৸৪	৩৮,৬১২/	৫,৯০,৭১৪ ।৫	১০০০/
চট্টগ্রাম।					
পাঙ্গা নেমক। ঘাট নেজামপুর ডোমখালি	০	০	১,৭৬,৫৬০ ॥৫	১,৮০,৮৪১/৫	০
ঐ ঐ সদর ঘাট	০	০	০	৪,১০,৮২৭ ॥৮ ॥/	০
ঐ ঐ আরাকিন	০	০	০	২,১০,৯০২/৫৴	৪১,০৫২/
জোকী নেমক	০	০	০	/৪।	০
একুন	০	০	১,৭৬,৫৬০ ॥৫	৮,০৯,৫৭১/২৸৴	৪১,০৫২/

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৬। ১৭ ফেব্রুয়ারি।]

মৌজুদ নমক বিঃ গত ইষ্টেটমেণ্ট।

এজেন্সীর নাম।		সন ১২৪৮ সাল মতাবকে ইং ১৮৪১।৪২ সাল	সন ১২৪৯ সাল মতাবকে ইং ১৮৪২।৪৩ সাল	সন ১২৫০ সাল মতাবকে ইং ১৮৪৩।৪৪ সাল	সন ১২৫১ সাল মতাবকে ইং ১৮৪৪।৪৫ সাল	সন ১২৫২ সাল মতাবকে ইং ১৮৪৫।৪৬ সাল
	শালিখা।					
পাঙ্গা নেমক।	কটক	•	•	১,৩৪,৬১৯৸৹	১,৫৬,৪৫১/	•
ঐ	বালেশ্বর।	•	১,৬৯,৪২৫/৭	৪,২৪,২৪৹/	১,৬৬,৪৯২৸৫	•
ঐ	খোরদা।	•	•	৫,৫২৪/	৫,৬৭৩/	•
ঐ	চিলকা।	৩৫,৪৫৩/	৮,৮১৬১/	১,২৪,৩৪৮/	১৭,৩৯৩/	•
করকচ নেমক। মান্দ্রাজ পরমিট। পহিলা রকম।		•	•	১,৮৩,৫৫৬/	৯২,৬৭৹/	৬৹,৩৫৹/
ঐ	ঐ ২ দোসরা রকম।	•	২,৪৹,৭৹২॥২	৩,২৪,৪১৯/	২৫,৫,৩৯৫৸৹	৫৮,২৩৮/
ঐ	ঐ ৩ তেসরা রকম।	•	•	৯৯৮৫৬/	•	৫১/
	মিশ্রিত পাঙ্গা।	•	•	•	•	•
	বালিয়াঘাটা। ক্রোকী করকচ।	•	•	•	২৩৸৫	৫/৫৸৶
	ক্রোকী সৈন্ধব।	•	•	•	৬/১॥	•
	ক্রোকী নমক।	•	•	•	২৭৪ ।৯ ।৶	৮/৬।
	একুন	৩৫,৪৫৩/	৪,৯৮,২৯৩॥৯	১২,৯৬,৫৬২৸৹	৬,৯৪৩৮৹/৸৶	১,১৮,৬৫২।২৶
	মোট একুন	৪,১৬,৪৩৹/	১৫,২৫,৪৬১/৩	২২,৯৬,৪৮৭।৭॥	৩৫,১৭,৹১৬ ৷৮৸/	১,৬১,৭৹৪।২৶

এচ টরেন্স। সেক্রেটারী।

[Government Gazette, 17th February, 1846.]

ফোর্ট উলিয়ম আফিম দফ্তর সন ১৮৪৬ সাল তারিখ ৩০ জানুআরি মোতাবেকে বাঙ্গলা সন ১২৫২ সাল তারিখ ১৮ মাঘ।

এস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৬ সাল তারিখ ২৩ ফিব্রুআরি মোতাবেকে বাঙ্গলা সন ১২৫২ সাল তারিখ ১৩ ফাল্গুণ সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘন্টার সময় মোকাম কলিকাতার একসচেঞ্জ ঘরে নীচের লিখিত মেকদার সন ১৮৪৪। ৪৫ সালের পয়দায়শী আফিম সমুদ্রপথে রপ্তানি জন্য নীলামে পশ্চাৎ লিখিত শরুতে বিক্রয় হইবেক।

বেহারের পয়দায়শী আফিম … … … …	২২০০
বানারসের পয়দায়শী আফিম … … … …	৮০০
জুমুলা সিন্দুক … … … … … … …	৩০০০

নীলামের শরত।

১ দফা। পূর্ব্বোক্ত আফিমসকল সমুদ্রপথে রপ্তানির জন্য বিক্রয় করা যাইবেক এবং এরূপ রপ্তানির মালভিন্ন অন্য কোন বাবতে সর্টিফিকেট দেওয়া যাইবেক না।

২ দফা। ফিসিন্দুক আফিম ন্যূন সংখ্যা কোম্পানির ৪০০৲ টাকা দরে নীলামে ধরা যাইবেক তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে চাহিবেক তাহাকে বিক্রয় করা যাইবেক।

৩ দফা। যদি ঐ দিবসের নীলামে সমুদয় ৩০০০ সিন্দূক আফিম বিক্রয় না হয় তবে পরমিট নেমক ও আফিম বোর্ডের সাহেবান আলিশানের এক্তিয়ার রহিল যে যে সকল লাটহায় বাকী থাকিবেক তাহা তাহার পর আগামি নীলামে বিক্রয়ার্থে অর্পণ করিবেন।

৪ দফা। ঐ আফিমের ফিলাটে পাঁচ সিন্দূকে হইবেক।

৫ দফা। ঐ নীলামে আফিম খরিদকরণের সময় নীলাম ঘরের ভিতর ও খরিদারের নামে লাট রেজেষ্টরি হওনের পূর্ব্বে ফিলাট ১০০০৲ টাকার অর্থাৎ ফিসিন্দুক ২০০৲ টাকার হিসাবে আমানত পেশগী বাবতে দর্শনি প্রামিস্বরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিতে হইবেক আর আগামি সন ১৮৪৬ সালের ২৭ ফিব্রুআরি শুক্রবার বেলা দুই প্রহর চারি ঘন্টার পূর্ব্বে বোর্ডের দপ্তরখানায় আসিয়া সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ এওজ দিয়া পূর্ব্বোক্ত দর্শনি প্রামিস্বরি নোটসকল খালাস করিতে হইবেক কিন্তু নিরূপিত সময় মধ্যে যদি খালাস না করে তবে যে সকল লাটহায়ের আমানত পেশগী হিসাবের টাকা অথবা সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ দাখিল না হইবেক তাহা বোর্ডের সাহেবান যে সময় ও নিয়ম স্থির করিবেন সেই সময়ে সেই নিয়মানুসারে ছানি নীলামে বিক্রয় হইবেক তাহাতে যে নোকশান ও খরচখরচা পড়িবেক তাহা পূর্ব্বোক্তমতে যাহারদিগের আমানত পেশগী দাখিল করিতে ত্রুটি হইবেক তাহারদিগকে দিতে হইবেক ও মুনফা যদ্যপি হয় তাহা কোম্পানি বাহাদুরের সরকারে জব্দ হইবেক।

৬ দফা। ঐ নীলামের দিবস পূর্ব্বোক্ত শরতমতে যে সকল প্রামিস্বরি নোট লওয়া যাইবেক তাহা যদি আগামি পূর্ব্বোক্ত সন ১৮৪৬ সালের ২৭ ফিব্রুআরি তারিখে খালাস না হয় তবে ঐ সকল নোট কোম্পানির তরফ উকীলের স্থানে দেওয়া যাইবেক তাঁহাকে যেমত উচিত বোধ হইবেক সেইমত তিনি ঐ নোটের বাবত টাকা আদায় করিবেন।

৭ দফা। যে আফিমের বাবত আমানত পেশগী টাকা ঐ ২৭ ফিব্রুআরি তারিখে দিবা দুই প্রহর চারি ঘন্টার পূর্ব্বে দাখিল না হইবেক তাহার হিসাবে কোন টাকা কিম্বা সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ পশ্চাৎ লওয়া যাইবেক না।

৮ দফা। যে সকল আফিম বিক্রয়ার্থে এইক্ষণে এস্তেহার দেওয়া যাইতেছে তাহার কিম্মতের বেবাক টাকা নীলামের তারিখঅবধি ১ এক মাহার মধ্যে দাখিল করিতে হইবেক অর্থাৎ সন ১৮৪৬ সালের ২৩ মার্চ সোমবার দিবা দুই প্রহর চারি ঘন্টার পর উক্ত কিম্মতের বাবত ট্রেজরির রসিদ আর লওয়া যাইবেক না ও যে আফিমের কিম্মত পূর্ব্ব লিখিত মেয়াদের দিবস কিম্বা মেয়াদের পূর্ব্বে দাখিল হইয়া হিসাব রফা না হইবেক তাহার ঐ পূর্ব্বোক্ত ফিলাট ১০০০৲ টাকার হিসাবে অথবা ফিসিন্দুক ২০০৲ টাকার হিসাবে যে আমানত পেশগীর নগদ টাকা অথবা কোন রকম কোম্পানির কাগজ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকিবেক তাহা সরকারে জব্দ হইবেক পরে বোর্ড পরমিট নেমক ও আফিমের সাহেবান আলিশান দ্বারা যে তারিখ যে প্রকার নীলাম করা উচিত বিবেচনা হইবেক সেই দিবস সেই প্রকার ঐ আফিম সরকার বাহাদুরের নিজ হিসাবে বিক্রয় হইবেক।

৯ দফা। যে সকল খরিদারান পূর্ব্বোক্তমতে বেবাক টাকা দাখিল করিয়া আফিমের সর্টিফিকেট অর্থাৎ আফিম বাহির করিবার হুকুম লইবেক তাহারদিগের এক্তিয়ার রহিল যে আপন খরিদা আফিমের প্রত্যেক সর্টিফিকেটের মধ্যে কত লাট আফিম দরজ করিতে চাহে তাহা বিশেষ করিয়া জানায় কারণ ইহা স্পষ্টরূপে জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্ত মতে যে সকল সর্টিফিকেট একবার লইয়া যাইবেক তাহাতেই চূড়ান্ত হইবেক এবং ঐ সর্টিফিকেটের পরিবর্ত্তে পশ্চাৎ অন্য কোন সর্টিফিকেট অথবা হুকুম যাহাতে এক এক লাট করিয়া খালাস হইতে পারে অথবা প্রথম যত লাট কিম্বা সিন্দুকের জন্য সর্টিফিকেট দেওয়া যায় তাহা ভিন্ন অন্য কোন প্রকারে কমিবেশী পরিমাণ খালাস হইতে পারে এমত সর্টিফিকেট এওজ দেওয়া যাইবেক না।

১০ দফা। এই এস্তেহারের ৫ দফার লিখিত নিয়মানুযায়ি আমানতের হিসাবে যে কোন কোম্পানির কাগজ অথবা সবট্রেজরর সাহেবের রসিদ দাখিল করিয়া লইতে হইবেক তাহা কেবল যে সকল খরিদারের নাম সেলবহিতে লেখা থাকে তাহারদিগের নিকটহইতে অথবা তাহারদিগের এজেন্ট অর্থাৎ মোক্তারের নিকটহইতে লওয়া যাইবেক এবং এইরূপ আমানত পেশগী দাখিলের রসিদ কেবল ঐ পূর্ব্বোক্ত খরিদারের নামে হইবেক ও আফিম মঞ্জুর খালাস হইলে পরে পূর্ব্বোক্ত কোম্পানির কাগজ তাহারদিগকে অথবা তাহারদিগের বরাতি লোককে ফেরাইয়া দেওয়া যাইবেক।

১১ দফা। শ্রীযুত সাহেবান আলিশান বোর্ডের তরফ যে সাহেব নীলামে সুপ্রেন্টেণ্ডেণ্ট হইবেন তাঁহার এমত এক্তিয়ার আছে যে তিনি তাঁহার বিবেচনাঅনুসারে কোন ব্যক্তির ডাক অগ্রাহ্যকরেন কিন্তু যদিস্যাৎ তাহারা যত

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ১৭ ফেব্রুআরি।]

লাট খরিদ করণার্থে ডাকিবেক তাহার ফিলাট ১০০০৲ এক হাজার টাকার হিসাবে অর্থাৎ ফিসিন্দুক ২০০৲ টাকার হিসাবে বাঙ্গালবেঙ্ক নোট কিম্বা সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ দাখিল করে তবে তাহারদিগের ডাক অগ্রাহ্য করিবেন না।

১২ দফা। নীলামি খরিদারের এমত এক্তিয়ার আছে যে প্রথম যে লাট খরিদ করিবেক সেই লাট নম্বর হইতে যত লাট সেই মোকামের মাল খরিদ করিতে চাহে তাহা তৎক্ষণাৎ প্রকাশ করিয়া কহে এবং তদনুসারে খরিদ করে এমতে পহিলা লাটঅবধি ৫০ লাটের অধিক না হয় ও ঐ প্রকারে খরিদা লাটহায়ের ফিলাট ১০০০৲ টাকা করিয়া ডিপাজিট অর্থাৎ আমানত পেশগী দিতে হইবেক এবং এই দরে অর্থাৎ প্রথম লাটের দরে বাকী লাটহায়ের কিম্মত ফিসিন্দুক হিসাব করিয়া দাখিল করিতে হইবেক এমতে যদিস্যাৎ এত লাট গরবিক্রী থাকে যাহাতে ঐ পঞ্চাশ লাট পূরা হইতে পারে তবে পাইবেক নওবা পাইবেক না।

১৩ দফা। এই এস্তেহারের লিখিত আফিমের বিক্রীসম্পর্কীয় কিম্বা ঐ আফিমের হিসাব রফার বিষয়ে কোন বিবাদ অথবা গরমিল উপস্থিত হইলে তাহা সুবে বাঙ্গালার সুপ্রেম কোর্ট আদালতের বিচারে নিষ্পত্তি হইবেক আর খরিদারেরদিগের মধ্যে কেহ ঐ আদালতের এলাকার অধীন নহে বলিয়া কোন আপত্তি করিলে গ্রাহ্য হইবেক না।

১৪ দফা। নীচের তফসীল মাফিক কাগজাত ও যে আফিম বিক্রয় হইবেক তাহার নমুনা নীলামের দিবস দেখান যাইবেক অথবা তাহার পূর্ব্বে বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারি সাহেবের দপ্তরখানায় অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১ নং যে আফিম বিক্রয় কারণ এইক্ষণে এস্তেহার হইল তাহার সর্টিফিকেট।

২ নং ঐ আফিম তজবিজের রিপোর্ট।

১৫ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৪৪। ৪৫ সালের বেহার ও বানারসের আফিম তৈয়ারিকারণ গত সনহায়ের মত এহতিয়াত ও খবরদারি করা গিয়াছে বিশেষত আফিমের লোচগুচ্ছা নিতাঁন্ত প্রস্তুত করিয়া পাঠাইতে এবং গুটি তৈয়ারি কারণ নিয়মিত পরিমাণ পাতি ব্যবহার করিতে এবং প্রত্তিগুটিতে সমান ভাগ আফিম রাখিতে সাবধান হওয়া গিয়াছে আফিম মজকুরের বেহার ও বানারসের মোকামি ওজনের হিসাব ও ঐ মোকামের ফিচালানহইতে ছয় সিন্দুক করিয়া কলিকাতায় যে ওজন করা যায় তাহার গড় ওজনের হিসাব বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দফ্তরখানায় তত্ত্ব করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১৬ দফা। গত দুই সনের পয়দায়শী যে চারি সিন্দুক বেহার ও বানারসের আফিম রাখা গিয়াছে তাহা নীলামের দিবস খরিদারান লোককে দেখান যাইবেক তদৃষ্টে বেপারিয়ান বিবেচনা করিতে পারিবেন যে কি প্রকার নির্ব্বিঘ্নাবস্থায় ঐ আফিম রহিয়াছে।

১৭ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে উপরের লিখিত মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত মেকদার বেহার ও বানারসের আমিফ কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক।

	বেহারের আফিম সিন্দুক	বানারসের আফিম সিন্দুক	জুমুলা সিন্দুক।
৭ আপ্রেল অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩২০০	১৩০০	৪৫০০
১৭ মে অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০০	৮০০	৩০০০
৩০ জুন অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩৫০৩	১৫৬১	৫০৬৪
	৮৯০৩	৩৬৬১	১২৫৬৪

জানুআরি মাহার নীলামে		৯৫
ফেব্রুআরি	ঐ	ঐ ৪০
আপ্রেল	ঐ	ঐ ৮৫
মে	ঐ	ঐ ১০
জুন	ঐ	ঐ ৭০
সিন্দুক		৩০০

১৮ দফা। ইঙ্গরেজ ও ফরাশীস উভয়ের ১৮১৫ সালের ৭ মার্চ তারিখের একরারনামার ৬ দফা বিমৌজিব ফরাসের হাকিমানকে ৩০০ সিন্দুক আফিম দেয় তাহা হাশীয়ার লিখিত দফানুসারে লওনার্থে তাঁহারা দরখাস্ত করিয়াছেন তদর্থে এস্তেহার দেওয়া যাইতেছে যে যদ্যপি নিয়মিত মেয়াদ মধ্যে অর্থাৎ নীলামের দিবসঅবধি ১ এক মাহার মধ্যে ঐ আফিমের তাবৎ অথবা তাহার মধ্যে কতক আফিম খালাস না করেন তবে সেই আফিম কিম্বা যে পরিমাণ আফিম গরখালাসি থাকিবেক তাহা হয় কিম্মত আদায়ের মেয়াদ গতে যে নীলাম উপস্থিত হইবেক সেই নীলামে অথবা এক স্বতন্ত্র নীলামে বিক্রয় করা যাইবেক।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি।

এচ টরেন্স। সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্তিহার।

এস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা যশর।

পরগণে মামুদশাহির অন্তঃপাতি বিষ্ণুচন্দ্র রায়ের নামিক তালুক তরফ কুশাবাড়িয়ার অন্তঃপাতি মৌজে জাদুড়িয়া বএবাতের বুনিয়াদে আদালতের ডিগরিঅনুসারে রাজা ইন্দুভূষণ দেব রায় নাবালগের দখলে আসিয়া সরবরাহকারের দ্বারা ২৪১৮৶৬ টাকা হস্তবুদের তদন্ত হইয়াছে ঐ মহাল ইং সন ১২৫৩ লাগাদ সন ১২৬০ সাল ৮ বৎসর মেয়াদে ইজারা বন্দোবস্ত হইবেক অতএব সর্ব্ব সাধারণের অবগত নিমিত্তে ঘোষণা করা যাইতেছে যাহারা মহাল ইজারা লওয়ার মানস রাখহ আপন২ দরখাস্ত লেফাফা বন্দ করিয়া সালিয়ানা জমার তাইন ও জামিনদারের নাম ও জায়দাদের তফসীল সম্বলিত লাগাদ আগামি ১৫ মার্চ দাখিল করিবা ১৭ মার্চ সোমবার দিবসে তাবতের দরখাস্ত শ্রবণপূর্ব্বক যাহার জমা বেশী ও জামিন মাতবর বিবেচনা হয় তাহার সহিত ইজারা বন্দোবস্ত হইবেক কাগজাত দৃষ্ট করা আবশ্যক হইলে অত্র কাছারীর নাবালগী সেরেস্তায় দৃষ্ট করিতে পারিবেক ইতি সন ১৮৪৬ সাল তারিখ ৭ ফেব্রুআরি সন ১২৫২ সাল তারিখ ২৬ মাঘ।

R. Hampton, *Offy. Collector.*

[*Government Gazette, 17th February,* 1846.]

সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা বর্দ্ধমানের নীচের লিখিত মহালাতের ১৮৪৫ সালের লাগাইদ আগস্ট তলবের সরকারী গুজরঘাটের পাওনা বাকী আদায়ের নিমিত্ত ১৮৪৫ সালের ২২ ডিসেম্বর মোং ১২৫২ সালের ৯ পৌষ এই কালেক্টরীতে নীলাম হইবায় তফসীলের লিখিত খরিদারান খরিদ করিয়া বায়না দিয়া ৩০ দিবসের মধ্যে অবশিষ্ট মূল্যের টাকা না দিবায় ২১ জানুআরি তারিখে ৩০ তিন দিবস গতে ছানি নীলামের ইস্তাহার প্রচার করণের হুকুম হইয়াছিল তথাপি গত তিন দিবসের মধ্যে বাকীদারান সরকারী বাকী দাখিল করে নাই এমতে এই সম্বাদপত্র প্রচার করা যাইতেছে যে ১৮৪৬ সালের ২৬ ফেব্রুআরি মোং ১২৫২ সালের ১৬ ফাল্গুণ বৃহস্পতিবার নীচের লিখিত মহালাতের নীলাম এই কালেক্টরীতে বিনা ওজরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৬ সাল তারিখ ২৭ জানুআরি মোং ১২৫২ সাল তারিখ ১৫ মাঘ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	১৮৪৫ সালের লাং আগস্টপর্য্যন্তের পাওনা বাকী	কৈফিয়ৎ
৬	বাকী মালগুজারী যে রূপে আদায় হয় সেই রূপে আদায় করণের দাওয়ার নিমিত্ত বিক্রয় হওয়া মহাল।		থানা কাটওয়া ও চৌকী কাটওয়ার শামিল ধেক্রা পরগনার মেড়া গ্রামের পশ্চিম শরে রাস্তার দক্ষিণ এজহারি লাখরাজ নীলামী খরিদা বাংলা পুষ্করিণীর জলকর ৩/ বিঘা ঐ পুষ্করিণীর দক্ষিণ ও পূর্ব্ব ও পশ্চিম পাহাড়ের হাসিল জমী ১২।৩ বিঘা একুনে ১৫।৩ বিঘা ঐ পরগনার রাধামোহনপুর গ্রামের দক্ষিণ মাটে আমাতন মোল্লার বাটীর দক্ষিণ শেওড়াকান্দীর মাটে শালি জমী ৮/ বিঘা ঐ গ্রামের পশ্চিম মাটে দাসী মল্লিকের জমার দক্ষিণ ও সুলোচন ভট্টাচার্য্যের জমীর পূর্ব্ব বক্কার সেখের জমীর উত্তর শালি ৪/ বিঘা ছুতার পুষ্করিণীর উত্তর বেণে পুষ্করিণীর পশ্চিম শালি ২/ বিঘা সুনা ২/ বিঘা একুনে ৪/ বিঘা রাধামোহনপুরের উত্তর ঐ গ্রামের আমুবাগিচার হিস্যা ৵৬॥= কাত আমুগাছ ২২ টা ঐ গ্রামের রেওয়াজ সেখের বসত বাটীর দক্ষিণ পুষ্করিণীর জল ১/ বিঘার হিস্যা ।/৬॥= ঐ জমী ষোল বিঘা ও বাগান ও পুষ্করিণীর হিস্যা রকম ।/৬॥= ৵ রাধামোহন জিউ ঠাকুরের দেবোত্তর সেবাতী শ্রীমত্যা রামমণি দেব্যার দখলির মধ্যে উক্ত গ্রামের মোকররী জমা সিং ১৬৲ টাকা ইহার মুনফা ৩২৲ টাকা	জমিনদার রামকানাই অধিকারী		৫৩২৲	জেলা বর্দ্ধমানের শ্রীযুত মাজিস্ট্রেট সাহেবের রোবকারি অনুসারে নিজ কাটওয়ার গুজরঘাটের সরবরাহকারের বাকীদারিতে ১৮৪৫ সালের ২২ ডিসেম্বর নীলামে বিক্রয় হইবায় জগৎমণি দাসী খরিদ করিয়া বায়নার টাকা দিয়া ৩০ ত্রিশ দিবসের মধ্যে অবশিষ্ট মূল্য দাখিল না করিবায় দ্বিতীয় নীলামে বিক্রয় হইবেক ইতি।
			থানা গাঙ্গরিয়া চৌকী সেলমাবাদ মোং মেমারির শামিল পরনি তালুক লাট তাজপুর পরগনে নলহি বরাবের শ্রীযুত মহারাজাধিরাজ মহতাবচন্দ্র বাহাদুরের তরফ কাশীপুরওগয়রহের জমীদারি কাছারিতে সালিআনা জমা ৩৫০৲	জমিনদার অনন্তরাম রায়	৩৫০৲	৬২৫৲	জেলা বর্দ্ধমানের শ্রীযুত মাজিস্ট্রেট সাহেবের রোবকারি অনুসারে মোং নওয়াগঞ্জ কালনার গুজরঘাটের সরবরাহকার ত্রৈলোক্যনাথ চট্টোপাধ্যায়ের বাকীদারিতে ১৮৪৫ সালের ২২ ডিসেম্বর নীলামে বিক্রয় হইবায় বিশ্বনাথ সিংহ রায় খরিদ করিয়া বায়নার টাকা দিয়া ৩০ ত্রিশ দিবসের মধ্যে অবশিষ্ট মূল্য দাখিল না করিবায় দ্বিতীয় নীলামে বিক্রয় হইবেক।

যে প্রত্যেক অধ্যক্ষ অথবা অংশির প্রতি ঐ প্রকার কোন নালিশ বা মোকদ্দমায় করা কোন ফয়সলা বা ডিক্রী পূর্ব্বোক্তমতে অথবা পশ্চাৎ লিখিতমতে জারী হয় এইমত কার্য্যক্রমে ঐ সেক্রেটারী বা খাজাঞ্চী বা অধ্যক্ষ কি অংশির যে সকল নোকসান ও ক্ষতি ও খরচা ও টাকা দেয় হয় তাহা উক্ত ব্যাঙ্কের ধন ও সম্পত্তিহইতে তাঁহারদিগকে ফিরিয়া দেওয়া যাইবেক। এবং যদ্যপি ঐ ক্ষতি বা নোকসান বা খরচা কি টাকা দিবার জন্য উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের ধন অথবা সম্পত্তি অপ্রচুর হয় তবে যত টাকা বাকী হয় তাহা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের তৎকালীন অংশিরা পূর্ণ করিয়া দিবেন। কিন্তু জানা কর্ত্তব্য যে উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের তৎকালীন সেক্রেটারী অথবা খাজাঞ্চী কি অংশি বা অংশিসকলের বিরুদ্ধে ডিক্রী জারী হইলে যদি প্রাপ্য টাকা বা টাকাসকল তদ্দ্বারা আদায় না হয় তবে উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের তৎকালীন সেক্রেটারী বা খাজাঞ্চীর বিরুদ্ধে সেইরূপে ফয়সলা অথবা ডিক্রী যে ব্যক্তি বা ব্যক্তিরা পাইয়া থাকেন সেই ব্যক্তি বা ব্যক্তিরা যে বন্দোবস্ত বা বন্দোবস্তসকল ঐ নালিশ বা মোকদ্দমার মূল সেই বন্দোবস্ত বা বন্দোবস্তসকল হওনের সময়ে অন্য যে কোন ব্যক্তি বা ব্যক্তিরা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের অংশী বা অংশিরা ছিলেন তাঁহার বা তাঁহারদের নামে ডিক্রী জারী করিতে পারিবেন। কিন্তু যে আদালতে নালিশ বা মোকদ্দমা প্রথম উপস্থিত হইয়াছিল সেই আদালত বৈঠকের সময়ে অনুমতি না দিলে নালিশ অথবা মোকদ্দমার প্রকৃতরূপে লিপ্ত ব্যক্তিছাড়া অন্য কোন ব্যক্তির বিরুদ্ধে ডিক্রী জারী হইবেক না এবং যে ব্যক্তি বা ব্যক্তিরদের উপর ডিক্রী জারী করণের মানস হয় সেই ব্যক্তিকে তাহার সম্বাদ দেওনের প্রস্তাব আদালতের বৈঠকের সময়ে করিতে হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ ব্যাঙ্কের এইরূপ পূর্ব্বকার মেম্বর অথবা অংশিরদের নামে আদৌ সেই বিষয়ে কোন নালিশ বা মোকদ্দমা হইলে যদি তাঁহারা অংশিতার আইনানুসারে সেই টাকার দায়ী না হইতেন তবে যে পাওনা টাকা বা দাওয়ার নিমিত্তে নালিশ বা মোকদ্দমা হয় সেই পাওনা টাকা অথবা দাওয়ার বিষয়ে এই আইনের লিখিত কোন কথার দ্বারা ঐ মেম্বর অথবা অংশিরা দায়ী হইবেন না ইতি।

X. And whereas it is expedient that every Member of the said Union Bank against whom any execution shall be issued upon any judgment or decree under the authority of this Act should have an easy and expeditious mode of recovering all such losses, damages, costs and charges as he or she shall be put to or become chargeable with in consequence thereof. It is therefore hereby enacted, that if any execution upon any judgment or decree obtained in any action, suit or proceeding under this Act shall be issued against any other Proprietor or Member of the said Union Bank, and such Proprietor or Member shall not within the space of one month next after the issuing thereof be reimbursed out of the funds or property of the said Union Bank, all such monies, costs, charges, losses and expences as he or she shall have paid or been put to or become chargeable with in consequence

১০ ধারা। এবং যেহেতুক উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের যে প্রত্যেক অংশির প্রতিকূলে এই আইনের ক্ষমতানুসারে কোন ফয়সলা অথবা ডিক্রী জারী হয় তৎক্রমে তাঁহার যে নোকসান বা ক্ষতি কি খরচার টাকা দিতে হয় সেই নোকসানপ্রভৃতি পুনরুদ্ধার পাইবার নিমিত্তে তাঁহাকে কোন সহজ ও শীঘ্র উপায় দেওয়া উচিত অতএব ইহাতে হুকুম হইল যে এই আইনানুসারে কোন নালিশ বা মোকদ্দমা কি কার্য্যেতে করা কোন ফয়সলা বা ডিক্রী উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের অন্য কোন অংশি বা মেম্বরের প্রতি যদি জারী হয় এবং ঐ অংশি অথবা মেম্বরের প্রতি এইরূপে ডিক্রী জারী হওনপ্রযুক্ত তাঁহার যে সকল টাকা ও আদালতের খরচা ও ক্ষতি ও খরচ লাগিয়াছে তাহা যদি ডিক্রী জারী হওনের পর এক মাসের মধ্যে উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের ধন অথবা সম্পত্তিহইতে ঐ অংশি অথবা মেম্বরকে ফিরিয়া না দেওয়া যায় তবে ঐ ব্যক্তি ঐ টাকা বা আদালতের খরচা বা খরচ অথবা তাহার যে অংশ তিনি ফিরিয়া না পাইয়া থাকেন তাহা ইউনিয়ন ব্যাঙ্কের মূলধন তৎসময়ে যত

of such execution having been issued against him or her, it shall be lawful for such Member or Proprietor to divide such monies or cost or charges, or so much thereof as he or she shall not have been reimbursed as into as many equal parts or shares as the Capital of the said Union Bank shall at that time be divided into, and each and every Proprietor for the time being of any share or shares in the said Company shall in proportion to the number of shares which he or she may hold in the said Union Bank pay one or more of such parts or shares upon demand to the Member or Proprietor against whom such execution shall have issued, or to his or her Executors or Administrators, and upon the neglect or refusal of any Proprietor of the said Company to pay upon demand his or her due and fair proportion of such monies, costs and charges, then and in such case it shall be lawful for the Proprietor, or such person to whom the same ought to have been paid, to sue for and recover the same in and by action, suit or plaint against the Proprietor, or the Executors or Administrators of any Proprietor who shall so neglect or refuse as aforesaid in Her Majesty's Supreme Court of Judicature in Calcutta.

XI. And it is hereby enacted, that the Secretary or Treasurer for the time being of the said Union Bank, or any Member of the said Union Bank being the plaintiff, appellant, petitioner or prosecutor, or being the defendant or respondent in any action, suit, petition, proceeding, prosecution or indictment commenced, instituted or prosecuted in the Courts, and within the limits aforesaid by or against the said Union Bank, shall not by reason thereof be deemed incompetent to be a witness in any such action, suit, petition, proceeding, prosecution or indictment ; but such Secretary or Treasurer, or Member of the said Union Bank as aforesaid shall and may if not otherwise interested or objectionable be a good and competent witness, and be admissible and be admitted as such in all the Courts above mentioned, and by and before all Judges, Justices and others within the limits aforesaid in any such action, suit, petition, proceeding, prosecution or indictment in the same manner as he or they might have been if his or their name or names had not been made use of as the plaintiff or appellant, petitioner or prosecutor, defendant or respondent in any such actio., suit, petition, proceeding, prosecution or indictment or other proceeding.

XII. And it is hereby further enacted, that any ndividual Member or Members of the said Union Bank, or person or persons who shall have been a Member or Members of the said Union Bank, and iave parted with his, her or their shares and in.erests therein, and who shall claim payment of any lividends of the funds or profits of the said Union Bank due and payable to him, her or them, and iot also disposed of and parted with along with uch share or shares, or any other right or interest

[*Government Gazette, 7th April,* 1846.]

ভাগ বা অংশেতে বিভক্ত থাকে তত সমান ভাগ বা অংশে তাহা বিভাগ করিবেন এবং উক্ত কোম্পানির তৎসময়ে স্যার বা স্যারসকলের প্রত্যেক অংশির ইউনিয়ন ব্যাঙ্কে যত স্যার থাকে সেই হিসাবঅনুসারে যে মেম্বর বা অংশির প্রতি ডিক্রী জারী হইয়াছিল তাঁহাকে বা তাঁহার এক্সেকুটর বা আডমিনিষ্ট্রেটরকে দাওয়া হইবামাত্র সেই ভাগ বা অংশের টাকা দিবেন। এবং ঐরূপ দাওয়া হইলে যদি ঐ কোম্পানির কোন অংশী ঐ টাকা বা আদালতের খরচা বা খরচের আপনার ওয়াজীবী ও যথার্থ অংশ দিতে ত্রুটি বা অস্বীকার করেন্ তবে যে অংশী অথবা যে ব্যক্তিকে ঐ টাকা দেওয়া উচিত ছিল সেই ব্যক্তি কলিকাতাস্থ শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টে যে অংশী টাকা দিতে ত্রুটি বা অস্বীকার করিয়াছেন তাঁহার নামে বা তাঁহার এক্সেকুটর অথবা আডমিনিষ্ট্রেটরের নামে নালিশ বা মোকদ্দমা করিয়া তাহা আদায় করিতে পারেন্ ইতি।

১১ ধারা। এবং ইহাতে আরো হুকুম হইল যে উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের নামে বা তাঁহার দ্বারা যে কোন নালিশ বা মোকদ্দমা বা দরখাস্ত বা কার্য্যপ্রভৃতি উক্ত আদালতে এবং পূর্ব্বোক্ত সীমার মধ্যে আরম্ভ ও উপস্থিত ও নির্ব্বাহ হয় সেই মোকদ্দমাপ্রভৃতিতে উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের তৎকালীন সেক্রেটারী বা খাজাঞ্চী অথবা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের কোন অংশী ফরিয়াদী বা আপেলান্ট বা দরখাস্তকারী বা নালিশকারী অথবা আসামী বা রেসপাণ্ডেন্ট হইলে তৎপ্রযুক্ত সেই ব্যক্তি ঐরূপ কোন নালিশ বা মোকদ্দমা বা দরখাস্ত কি কার্য্যপ্রভৃতিতে সাক্ষী হইবার অযোগ্য হইবেন না। এবং উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের সেইরূপ সেক্রেটারী বা খাজাঞ্চী কি অংশী যদি প্রকারান্তরে ঐ মোকদ্দমায় লিপ্ত না থাকেন্ অথবা অন্য কোন বিষয়ে আপত্তি না থাকে তবে তিনি উত্তম ও মাতবর সাক্ষির ন্যায় জ্ঞান হইবেন ও হইতে পারেন্ এবং ঐরূপ নালিশ বা মোকদ্দমা কি দরখাস্ত বা কার্য্যপ্রভৃতিতে কিম্বা অন্য কোন কার্য্যেতে ঐ ব্যক্তির বা ব্যক্তিরদের নাম কি নামসকল ফরিয়াদী অথবা আপেলান্ট কি দরখাস্তকারী অথবা নালিশকারী বা আসামী কি রেসপাণ্ডেন্ট মতে না লেখা গেলে যেরূপ হইত সেইরূপে ঐ প্রকার কোন নালিশ বা মোকদ্দমা কি দরখাস্ত বা কার্য্যপ্রভৃতিতে ঐ ব্যক্তি বা ব্যক্তিরা পূর্ব্বোক্ত সকল আদালতে এবং পূর্ব্বোক্ত সীমার মধ্যে সকল জজ ও জষ্টিস এবং অন্যেরদের সম্মুখে সাক্ষিস্বরূপ গ্রাহ্য হইতে পারেন্ ও গ্রাহ্য হইবেন ইতি।

১২ ধারা। এবং ইহাতে আরো হুকুম হইল যে উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের কোন বিশেষ অংশী বা অংশিরা অথবা যে ব্যক্তি বা ব্যক্তিরা ইহার পূর্ব্বে উক্ত ব্যাঙ্কের অংশী বা অংশিরা ছিলেন এবং আপনার স্যার এবং প্রাপ্তি হস্তান্তর করিয়াছেন সেই ব্যক্তি যদি আপনার ঐ স্যার বা স্যারসকলের সঙ্গে ইউনিয়ন ব্যাঙ্কের ধন বা প্রাপ্তি যে ডিবিডেণ্ড হস্তান্তর করেন্ নাই ও বিক্রয় করেন্ নাই এইমত আপনার পাওনা ডিবিডেণ্ডের দাওয়া করেন্ অথবা সামান্যত উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের প্রতিকূলে অন্য কোন স্বত্ব বা প্রাপ্তির দাওয়া করেন্ তবে সেই অংশী বা অংশিরা তৎকালীন ইউনিয়ন ব্যা-

against the said Union Bank generally, shall and lawfully may commence and carry on in any Court of Equity within the limits aforesaid any suit or other proceeding against the Secretary or Treasurer of the said Union Bank for the time being, and in like manner such Secretary or Treasurer for the time being may commence and carry on in his own name by and on behalf of the said Company any suit or other proceeding in any Court of Equity within the limits aforesaid against any individual Member or Members of the said Union Bank, or person or persons who shall have been a Member or Members of the said Union Bank, and have parted with his, her or their shares and interests therein against whom the said Union Bank generally may have any claim or demand, and all such suits and other proceedings shall be as valid and effectual as if all the Members of the said Union Bank had been made parties, and every decree and order made therein shall be binding for or against the said Union Bank, and no abatement shall arise from the death, resignation or removal, or any act or proceeding of any such Secretary or Treasurer pending the suit, nor shall such suit be deemed defective by reason thereof. Provided always that in case for the purpose of discovery or for any other purpose, any person or persons (whether Members of the said Union Bank or not) having claims or demands against the said Union Bank shall be desirous to include any other Member or Members of the said Union Bank, besides the Secretary or Treasurer for the time being, as a defendant or defendants in any Bill or other proceeding in any Court of Equity within the limits aforesaid, it shall be lawful for him, her or them so to do—any thing in this Act contained to the contrary notwithstanding.

XIII. And it is hereby further enacted, that no person or persons, body or bodies politic or corporate, having or claiming to have any demand upon or against the said Union Bank shall when the same has been so determined as to have been pleadable in bar against such person or persons, bodies politic or corporate, bring more than one action or suit in respect of such demand, and the proceedings in any action or actions, suit or suits which may have been brought against the Secretary or Treasurer for the time being of the said Union Bank under the authority of this Act if so determined, may be pleaded in bar of any action or actions, suit or suits in any of the Courts aforesaid for the same cause against any other Secretary or Treasurer, or against any Member of the said Union Bank, and that in case of any demand which the said Union Bank now has or hereafter may have upon or against any person or persons, or body or bodies politic or corporate, whether a Member or Members of the said Union Bank or not, and which shall have been determined in any action or suit, commenced or prosecuted by the Secretary or Treasurer for the time being of the said Union Bank, the proceedings in such action or suit may be pleaded in bar of any

ঙ্কের সেক্রেটারী বা খাজাঞ্চীর নামে পূর্ব্বোক্ত সীমার মধ্যে একুটির কোন আদালতে নালিশ বা মোকদ্দমা আরম্ভ করিতে বা চালাইতে পারেন্। এবং সেইরূপে যে ব্যক্তি বা ব্যক্তিরা ইউনিয়ন ব্যাঙ্কের অংশী বা অংশিরা হন্ অথবা ইহার পূর্ব্বে অংশী বা অংশিরা ছিলেন এবং আপন স্যার ও প্রাপ্তি হস্তান্তর করিয়া থাকেন সেই ব্যক্তির উপর উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের কোন দাওয়া থাকিলে ঐ ব্যাঙ্কের তৎকালীন সেক্রেটারী বা খাজাঞ্চী আপন নামে এবং উক্ত কোম্পানির পক্ষে পূর্ব্বোক্ত সীমার মধ্যে কোন একুটির আদালতে কোন মোকদ্দমা বা অন্য কোন কার্য্য আরম্ভ ও নির্ব্বাহ করিতে পারেন্ এবং উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের সকল অংশী ঐ মোকদ্দমা বা কার্য্যের অংশী হইলে যেরূপ হইত সেইরূপে ঐ সকল মোকদ্দমা ও কার্য্য সিদ্ধ ও বলবৎ হইবেক এবং উক্ত মোকদ্দমায় যে প্রত্যেক ডিক্রী বা হুকুম হয় তাহা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের পক্ষে অথবা বিপক্ষে বলবৎ হইবেক এবং মোকদ্দমা নির্ব্বাহ হওন সময়ে উক্ত সেক্রেটারী অথবা খাজাঞ্চী মরিলে বা ইশ্তাফা দিলে বা বরতরফ হইলে কি অন্য কোন কার্য্য করিলে তাহাতে ঐ মোকদ্দমা নিবৃত্ত হইবেক না এবং তৎপ্রযুক্ত ঐ মোকদ্দমা দোষী জ্ঞান হইবেক না। কিন্তু জানা কর্ত্তব্য যে কোন ব্যক্তি বা ব্যক্তিরা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের অংশী হউন কি না হউন উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের উপর তাঁহার কোন দাওয়া বা নালিশ থাকিলে যদি বিষয় প্রকাশ পাইবার নিমিত্তে বা অন্য কোন কারণে তৎকালীন সেক্রেটারী বা খাজাঞ্চীছাড়া উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের অন্য কোন অংশি বা অংশিরদিগকে পূর্ব্বোক্ত সীমার মধ্যে কোন একুটির আদালতে কোন নালিশ বা অন্য কোন কার্য্যে আসামী করিতে চাহেন্ তবে তাহা করিতে পারেন্। এই আইনের কোন কথা ইহার বিরুদ্ধ হইলেও তাহাতে কিছু প্রতিবন্ধক হইবেক না ইতি।

১৩ ধারা। এবং ইহাতে আরো হুকুম হইল যে কোন ব্যক্তি বা ব্যক্তিরদের অথবা কোন সমাজ বা চার্টর-প্রাপ্ত সমাজের ইউনিয়ন ব্যাঙ্কের উপর কোন দাওয়া থাকিলে সেই দাওয়ার যদি এইরূপে নিষ্পত্তি হয় যে তাহা ঐ ব্যক্তির বা ব্যক্তিরদের বা চার্টরপ্রাপ্ত সমাজের পুনর্ব্বার নালিশের অবরোধ হয় তবে ঐ ব্যক্তিপ্রভৃতি ঐ দাওয়ার বাবতে এক মোকদ্দমা বা নালিশের অধিক করিতে পারিবেন না। এবং ইউনিয়ন ব্যাঙ্কের তৎকালীন সেক্রেটারী বা খাজাঞ্চীর বিরুদ্ধে এই আইনের ক্ষমতানুসারে হওয়া কোন নালিশ বা মোকদ্দমার যদি সেইরূপে নিষ্পত্তি হয় তবে তাহার দ্বারা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের অন্য কোন সেক্রেটারী বা খাজাঞ্চীর অথবা অংশির নামে সেই বিষয়ে কোন আদালতে অন্য নালিশ বা মোকদ্দমা হইতে পারিবেক না। এবং উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের অংশী বা অংশিরা বা অংশী বা অংশিরাছাড়া কোন ব্যক্তি বা ব্যক্তিরদের বা চার্টরপ্রাপ্ত সমাজের উপর উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের এক্ষণে কোন দাওয়া থাকিলে বা উত্তর কালে কোন দাওয়া হইলে এবং উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের তৎকালীন সেক্রেটারী বা খাজাঞ্চী তাহার বিষয়ে নালিশ আরম্ভ করিলে বা চালাইলে এবং সেই মোকদ্দমার নিষ্পত্তি হইলে সেই নালিশ বা মোকদ্দমার কার্য্য-

other action, or suit, or actions, or suits in any of the Courts aforesaid for the same demand which may be commenced or prosecuted by the same, or any other Secretary or Treasurer of the said Union Bank.

XIV. Provided always and it is hereby further enacted, that nothing in this Act contained shall extend, or be construed to extend to incorporate the said Union Bank, or to relieve or discharge the said Union Bank from any responsibility, contract, duty, or obligation whatever to which by law they now are or at any time hereafter may be subject or liable, either as between the said Union Bank and other parties, or as between the said Union Bank and any of the individual Members of the said Union Bank, or any of them and others, or amongst themselves, or in any manner whatsoever.

XV. And it is hereby further enacted, that this Act and the provisions herein contained shall extend and be construed to extend to the said Company called the Union Bank at all times during the continuance thereof, whether the said Union Bank hath been or be now or shall hereafter be composed of all, or of some of the persons who were the original Members thereof, or of all or some of those persons, together with some other person or persons, or whether the said Union Bank be at the time of the passing of this Act, composed altogether of persons who were not original Members of the said Union Bank, or whether the said Union Bank shall hereafter be composed of persons who were not original Members thereof, or of persons all of whom shall become Members subsequently to the passing of this Act.

THE SCHEDULE REFERRED TO IN THIS ACT.

Original Memorial of Directors to Secretary and Members.	Memorial made the day of of the names of the present Directors, Secretary, Treasurer and Members of the "Union Bank of Calcutta," pursuant

to an Act of the Legislative Council of India passed in the year of Christ 1845, intituled "an Act to enable the Union Bank of Calcutta to sue and to be sued in the name of the Secretary or of the Treasurer of the said Company.'

C. D. of and E. F. of	} Directors.
G. H.	Secretary.
I. J. K. L., &c.	} Proprietors.

I, C. D., one of the Directors or Secretary of the Union Bank, do solemnly and sincerely declare that the above written Memorial doth contain the names of the present Directors, Secretary, Treasurer and of all the present Proprietors of the said Union Bank as the same appear in the books of the said Union Bank, and make this solemn declaration conscientiously believing the same to be

[*Government Gazette, 7th April*, 1846.]

প্রযুক্ত সেই দাওয়ার নিমিত্ত অন্য কোন মোকদ্দমা বা নালিশ উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের অন্য কোন সেক্রেটারী বা খাজাঞ্চী আরম্ভ বা নির্ব্বাহ করিতে পারিবেন না ইতি।

১৪ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য এবং ইহাতে আরো হুকুম হইল যে এই আইনের লিখিত কোন কথার এইমত অর্থ করিতে হইবেক না যে উক্ত ইউনিয়ন ব্যাঙ্ক চার্টর-প্রাপ্ত হইয়াছেন অথবা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের এবং অন্যেরদের মধ্যে অথবা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের সমাজের এবং ঐ ব্যাঙ্কের কোন বিশেষ অংশির মধ্যে অথবা অংশির কোন এক জন এবং অন্য ব্যক্তিরদের মধ্যে অথবা অংশিরদের পরস্পরের মধ্যে কি অন্য কোন প্রকারে উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের আইনানুসারে এক্ষণে বা উত্তর কালে যে কোন দায় বা বন্দোবস্ত বা কর্ত্তব্য কার্য্য থাকে তাহাহইতে উক্ত ইউনিয়ন ব্যাঙ্ক খালাস অথবা মুক্ত হইয়াছেন ইতি।

১৫ ধারা। এবং ইহ'তে আরো হুকুম হইল যে আদৌ যে সকল ব্যক্তি অথবা যে কএক ব্যক্তি উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের অন্তঃপাতী ছিলেন সেই সকল ব্যক্তি লইয়া বা সেই কএক ব্যক্তি এবং অন্য কএক ব্যক্তি বা ব্যক্তিসকল লইয়া যদি উক্ত ইউনিয়ন ব্যাঙ্ক ছিল বা আছে কি উত্তর কালে হয় কিম্বা এই আইন জারী হওনের সময়ে যে২ ব্যক্তিরা আদৌ উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের অন্তঃপাতী ছিলেন না সেই২ ব্যক্তি লইয়া যদি ইউনিয়ন ব্যাঙ্ক হয় অথবা যে ব্যক্তিরা আদৌ ইউনিয়ন ব্যাঙ্কের অন্তঃপাতী ছিলেন না অথবা এই আইন জারী হওনের পর ইউনিয়ন ব্যাঙ্কের অন্তঃপাতী হন সেই সকল ব্যক্তি লইয়া যদি ইউনিয়ন ব্যাঙ্ক হয় তবে এই আইন জারী থাকন সময়ে সর্ব্ব কালে এই আইন এবং তাহার মধ্যের লিখিত বিধি উক্ত ইউনিয়ন ব্যাঙ্ক নামক কোম্পানির বিষয়ে খাটিবেক এবং খাটনের অর্থ করিতে হইবেক ইতি।

এই আইনের উল্লিখিত তফসীল।

ডৈরেক্টর্স ও সেক্রেটারী ও খাজাঞ্চী ও অংশিরদের প্রথম নিদর্শনপত্র।

"কলিকাতাস্থ ইউনিয়ন ব্যাঙ্কে আপনার সেক্রেটারী অথবা খাজাঞ্চীর নামের দ্বারা নালিশ করিতে এবং অন্যেরদিগকে ঐ ব্যাঙ্কের সেক্রেটারী অথবা খাজাঞ্চীর নামে নালিশ করিতে ক্ষমতা দেওনের আইন" এই নামে ইঙ্গরেজী ১৮৪৫ সালের জারীহওয়া ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের আইনক্রমে কলিকাতাস্থ "ইউনিয়ন ব্যাঙ্কের" এক্ষণকার ডৈরেক্টর্স ও সেক্রেটারী ও খাজাঞ্চী এবং অংশিরদের নামের অমুক দিবসে প্রস্তুতকরা নিদর্শনপত্র।

অমুকের অমুক এবং অমুকের অমুক	} ডৈরেক্টর্স।
অমুক	সেক্রেটারী।
অমুক অমুক	} অংশী

আমি অমুক ইউনিয়ন ব্যাঙ্কের এক জন ডৈরেক্টর অথবা সেক্রেটারী সত্য ও সরলতাপূর্ব্বক জ্ঞাপন করিতেছি যে উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের বহীতে লিখিত উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের এক্ষণকার ডৈরেক্টর্স ও সেক্রেটারী এবং খাজাঞ্চী ও সকল অংশির নাম উক্ত লিখিত নিদর্শনপত্রে আছে এবং আমি ধর্ম্মতঃ তাহা সত্য জ্ঞান করিয়া এবং যে আইনের দ্বারা শপথ ও সুকৃতির

true and by virtue of the provisions of the Act substituting declarations in lieu of Oaths and Affirmations.

(Signed) C. D.

Declared, &c. before me, Master of the Supreme Court of Judicature,

---

In the case of change of Directors or Secretary.

Memorial made the day of of the names of the new Directors or Secretary of "The Union Bank," and of the persons in whose places they have (or he has) been appointed pursuant to an Act passed in the year of Christ 1845, intituled, &c.

E. F. of Director in the place of A. B.

G. H. of Secretary in the place of C. D.

I, E. F., one of the Directors, Treasurer or Secretary of the said Union Bank, do solemnly and sincerely declare that the above written Memorial contains the names of the new Secretary or Treasurer or Directors of the said Union Bank, and of the persons in whose place they have (or he has) been appointed as the same appear in the books of the said Union Bank, and I make this solemn declaration, &c. (as before.)

(Signed) E. F.

Declared, &c. &c.

N. B. The last Memorial as to new Directors or Secretary or Treasurer, was enrolled on the day of 18

In the case of retirement of Members.

Memorial made the day of the names of the persons who have ceased or discontinued to be Members of the Union Bank of Calcutta, since the day of being the date of the Memorial last registered respecting the Members of the said Union Bank enrolled pursuant to an Act passed, &c. intituled, &c.

A. B. of

I, E. F. of one of the Directors or Secretary of the said Union Bank, do solemnly and sincerely declare that the above Memorial doth contain the name or names of the persons who have ceased or discontinued to be Members of the said Union Bank since the day of and I make this solemn declaration (as before.)

(Signed) E. F.

Declared, &c. &c. &c.

N. B. The last Memorial as to retirement of Members was enrolled on the day of One Thousand Eight Hundred and

পরিবর্ত্তে প্রতিজ্ঞা নিরূপণ হয় সেই আইনের বিধানের অনুসারে এই প্রতিজ্ঞা করিতেছি।

অমুক

সুপ্রিম কোর্টের মাষ্টর অর্থাৎ আমার সম্মুখে এই বিজ্ঞাপন করা গেল।

ডৈরেক্টর্স অথবা সেক্রেটারীর পরিবর্ত্তন হইলে যে নিদর্শনের আবশ্যক।

ইউনিয়ন ব্যাঙ্কইত্যাদি নামক যে আইন ইঙ্গরেজী ১৮৪৫ সালে জারী হয় সেই আইনানুসারে "ইউনিয়ন ব্যাঙ্কের" নূতন ডৈরেক্টর্স অথবা সেক্রেটারী এবং যে২ ব্যক্তির পরিবর্ত্তে তাঁহারা এবং তিনি নিযুক্ত হইয়াছেন তাঁহারদের অমুক তারিখের লিখিত নিদর্শনপত্র।

অমুকের অমুক। অমুক ব্যক্তির পরিবর্ত্তে ডৈরেক্টর।

অমুকের অমুক। অমুক ব্যক্তির পরিবর্ত্তে সেক্রেটারী।

আমি অমুক উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের এক জন ডৈরেক্টর অথবা সেক্রেটারী বা খাজাঞ্চী সত্য ও সরলতাপূর্ব্বক জ্ঞাপন করিতেছি যে উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের বহীতে লিখিত নূতন সেক্রেটারী অথবা খাজাঞ্চী কি ডৈরেক্টর্স এবং যে২ ব্যক্তির পরিবর্ত্তে তাঁহারা নিযুক্ত হইয়াছেন তাঁহারদের নাম উক্ত লিখিত নিদর্শনপত্রে লেখা আছে এবং আমি এই প্রতিজ্ঞা পূর্ব্বোক্তমতে করিতেছি।

অমুক।

সুপ্রিম কোর্টের মাষ্টর অর্থাৎ আমার সম্মুখে এই বিজ্ঞাপন করা গেল।

মন্তব্য। নূতন ডৈরেক্টর্স অথবা সেক্রেটারী বা খাজাঞ্চীর বিষয়ে শেষ নিদর্শনপত্র অমুক বৎসরের অমুক মাসের অমুক দিবসে নথীর শামিল করা গেল।

ব্যাঙ্কের অংশিরদের অবসর হওনের নিদর্শনপত্র।

অমুক বৎসরের অমুক মাসের অমুক দিবসের পরে অর্থাৎ অমুক নামে অমুক বৎসরে জারী হওয়া আইনের অনুসারে উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের অংশিরদের বিষয় রেজিষ্টরী হওয়া শেষ নিদর্শনপত্রের তারিখের পর যে ব্যক্তিরা কলিকাতাস্থ ইউনিয়ন ব্যাঙ্কের অংশিত্ব রহিত ও ক্ষান্ত হইয়াছেন তাঁহারদের নামের অমুক তারিখের লিখিত নিদর্শনপত্র।

অমুকের অমুক।

আমি অমুক উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের এক জন ডৈরেক্টর অথবা সেক্রেটারী সত্য ও সরলতাপূর্ব্বক জ্ঞাপন করিতেছি যে অমুক বৎসরের অমুক মাসের অমুক তারিখঅবধি যাঁহারা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের অংশিত্ব রহিত বা ক্ষান্ত হইয়াছেন তাঁহারদের নাম বা নামসকল উক্ত নিদর্শনপত্রে লেখা আছে এবং আমি (পূর্ব্বোক্তমতে) এই প্রতিজ্ঞা করিতেছি।

অমুক।

সুপ্রিম কোর্টের মাষ্টর অর্থাৎ আমার সম্মুখে এই বিজ্ঞাপন করা গেল।

মন্তব্য। ব্যাঙ্কের অংশিরদের অবসর হওনের শেষ নিদর্শনপত্র অমুক বৎসরের অমুক মাসের অমুক তারিখে নথীর শামিল করা গেল।

In case of new Members.

Memorial made the day of of the names of the persons who have become new Members of "the Union Bank of Calcutta" since the day of One Thousand Eight Hundred and (being the date of the Memorial last registered respecting new Members of the said Union Bank,) enrolled pursuant to an Act, &c.

J. K. of
L. M. of

I, A. B., of , one of the Directors or Secretary of the said Union Bank, do solemnly and sincerely declare that the above Memorial doth contain the names of the persons who have become new Members of the said Union Bank since the day of One Thousand Eight Hundred and , and I make this solemn declaration, &c. (as before.)

(Signed) A. B.

Declared, &c. &c. &c.

N. B. The last Memorial as to new Members was enrolled on the day of One Thousand Eight Hundred and

---

Memorial of several changes.

Memorial made the day of of the names of the new Directors and Secretary of the Union Bank of Calcutta, and of the persons in whose place they have respectively been appointed, and of the names of the persons who have ceased or discontinued to be Members of the said Union Bank, and of the new Members of the said Union Bank enrolled pursuant to an Act passed, &c.

Names of the new Directors and of the persons in whose places they have been appointed.

E. F. of in the place of A. B. of
G. H. of in the place of C. D. of

Names of the persons who have ceased to be Members.

A. B. of
C. D. of

Names of New Members.

J. K. of
L. M. of

I, E. F., of one of the Directors or Secretary of th said Union Bank, do solemnly and sincerely declare that the above written Memorial doth contain the names of the new Directors and Secretary of the said Union Bank, and of the persons in whose places they have been appointed, and of the persons who have ceased to be Members of the said Union Bank, and of the new Members of the said Union Bank, as the same respectively appear in the Books of the said Union Bank, and I make this Solemn Declaration, &c. (as before.)

(Signed) E. F.

Declared, &c.

[*Government Gazette, 7th April,* 1846.]

নূতন অংশিরদের বিবরি নিদর্শনপত্র।

উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের অংশিরদের বিষয়ে শেষে যে রেজিষ্টরী হয় সেই নিদর্শনপত্রের তারিখঅবধি অর্থাৎ অমুক সালের অমুক মাসের অমুক তারিখঅবধি যেং ব্যক্তিরা "কলিকাতাস্থ ইউনিয়ন ব্যাঙ্কে" নূতন অংশী হইয়াছেন তাঁহারদের নামের অমুক তারিখের লিখিত নিদর্শনপত্র এবং অমুক আক্টঅনুসারে নথীর শামিল করা গেল

অমুকের অমুক।
অমুকের অমুক।

আমি অমুক উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের এক জন ডৈরেক্টর অথবা সেক্রেটারী সত্য ও সরলতাপূর্ব্বক জ্ঞাপন করিতেছি যে যে ব্যক্তিরা অমুক সালের অমুক মাসের অমুক তারিখঅবধি উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের নূতন অংশী হইয়াছেন তাঁহারদের নাম উক্ত নিদর্শনপত্রের মধ্যে লেখা আছে এবং আমি (পূর্ব্বোক্তমতে) এই প্রতিজ্ঞা করিতেছি।

অমুক।

সুপ্রিম কোর্টের মাষ্টর অর্থাৎ আমার সম্মুখে এই বিজ্ঞাপন করা গেল।

মন্তব্য। নূতন অংশিরদের বিবরি শেষ নিদর্শন পত্র অমুক বৎসরের অমুক মাসের অমুক তারিখে নথার শামিল করা গেল।

নানা পরিবর্ত্তনের নিদর্শনপত্র।

কলিকাতাস্থ ইউনিয়ন ব্যাঙ্কের নূতন ডৈরেক্টর্স এবং সেক্রেটারীরদের নামের এবং যেং ব্যক্তিরদের বদলে তাঁহারা নিযুক্ত হইয়াছেন তাঁহারদের নামের এবং যেং ব্যক্তি উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের অংশিত্ব রহিত ও ছাড়া হইয়াছেন তাঁহারদের নামের এবং উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের নূতন অংশিরদের নামের অমুক তারিখের লেখা নিদর্শনপত্র অমুক বিষয়ের অমুক তারিখে জারীহওয়া আইনানুসারে নথীর শামিল করা গেল।

নূতন ডৈরেক্টর্স এবং যাঁহারদের পরিবর্ত্তে তাঁহারা নিযুক্ত হইলেন তাঁহারদের নাম।

অমুকের অমুক। অমুকের অমুকের পরিবর্ত্তে
অমুকের অমুক। অমুকের অমুকের পরিবর্ত্তে

যাঁহারা অংশিত্ব রহিত হইয়াছেন তাঁহারদের নাম।

অমুকের অমুক
অমুকের অমুক।

নূতন অংশিরদের নাম।

অমুকের অমুক।
অমুকের অমুক।

আমি অমুক উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের এক জন ডৈরেক্টর অথবা সেক্রেটারী সত্য ও সরলতাপূর্ব্বক জ্ঞাপন করিতেছি যে উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের নূতন ডৈরেক্টর্স ও সেক্রেটারীরদের নাম এবং যে ব্যক্তিরদের পরিবর্ত্তে তাঁহারা নিযুক্ত হইয়াছেন এবং যে ব্যক্তিরা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের অংশিত্বহইতে রহিত হইয়াছেন এবং উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের নূতন অংশিরদের নাম উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের বহীতে যেমন দৃষ্ট হইতেছে তেমনি উক্ত নিদর্শনপত্রে লেখা আছে এবং আমি (পূর্ব্বোক্তমতে) এই প্রতিজ্ঞা করিতেছি।

অমুক।

সুপ্রিম কোর্টের মাষ্টর অর্থাৎ আমার সম্মুখে এই বিজ্ঞাপন করা গেল।

N. B. The last Memorial as to new Secretary was enrolled on the day of One Thousand Eight Hundred and

The last Memorial as to new Directors was enrolled on the day of One Thousand Eight Hundred and

The last Memorial as to the retirement of Members was enrolled on the day of One Thousand Eight Hundred and

The last Memorial as to new Members was enrolled on the day of One Thousand Eight Hundred and

G. A. BUSHBY,
Secy. to the Govt. of India.

মন্তব্য। নূতন সেক্রেটারীর বিষয়ি শেষ নিদর্শনপত্র অমুক বৎসরের অমুক মাসের অমুক তারিখে নথীর শামিল করা গেল।

নূতন ডৈরেক্টর্সের বিষয়ি শেষ নিদর্শনপত্র অমুক বৎসরের অমুক মাসের অমুক তারিখে নথীর শামিল করা গেল।

অংশিরদের অবসর হওনের বিষয়ি শেষ নিদর্শনপত্র অমুক বৎসরের অমুক মাসের অমুক তারিখে নথীর শামিল করা গেল।

নূতন অংশিরদের বিষয়ি শেষ নিদর্শনপত্র অমুক বৎসরের অমুক মাসের অমুক তারিখে নথীর শামিল করা গেল।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্নমেন্টের সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No 7.

To the Civil Judges in the Lower Provinces.

The Sudder Dewanny Adawlut notify for general information, that their Court will be closed on the dates indicated in the annexed Memorandum, being the days on which Hindoo and Mahomedan Holidays will take place in the year 1253, Bengalee Style, and they hereby authorise the closing of the Civil Courts, in the several districts under their control, for the same periods.

Fort William, 13th March, 1846.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Statement of Hindoo and Mahomedan Holidays in the year 1253, B. S. corresponding with 1846-47.

Names of Holidays.	English Month.	Bengalee Month.	Days of the week.
Dusserah (Gungapoojah,)	4th June,	23rd Jyestee,	Thursday.
Usnan Jattrah,	9th ditto,	28th ditto,	Tuesday.
Ruth Jattrah,	25th ditto,	12th Assar,	Thursday.
Ooltah Ruth,	3rd July,	20th ditto,	Friday.
Raksha Bundun, including Shubaburat,	7th August,	24th Srawun,	Friday.
Jummo Ushtomee,	14th and 15th August,	31st and 32d ditto,	Friday and Saturday.
Dusserah Vacation, including Mohaloya, Edul Fetre, Dewalee, Eclipse of the Sun and Bhydooj,	17th September to 22d October,	2d Assin to 7th Kartick,	Thursday to Thursday.
Juggutdhattree Poojah,	28th and 29th October,	13th and 14th Kartick,	Wednesday and Thursday.
Kartick Poojah,	14th and 15th November,	30th Kartick and 1st Ughran,	Saturday and Sunday.
Edooz Zohah,	30th November and 1st December,	16th and 17th Ughran,	Monday and Tuesday.
Mohurrum Vacation,	21st December to 4th January,	7th to 21st Poos,	Monday to Monday.
Bussunt Punchumee,	21st and 22d January,	9th and 10th Maug,	Thursday and Friday.
Akhery Chuhar Shunba,	10th February,	29th ditto,	Wednesday.
Sheorattree,	13th and 14th ditto,	2d and 3rd Falgoon,	Saturday and Sunday.
Futteh Dwazduhum,	28th February,	17th ditto,	Sunday.
Dole Jattra,	1st to 3rd March,	18th to 20th ditto,	Monday to Wednesday.
Baronee Usnan,	15th March,	3rd Chyte,	Monday.
Ramnobomee,	25th ditto,	13th ditto,	Thursday.
Eclipse of the Moon,	1st April,	20th ditto,	Thursday.
Churruck Pooja,	11th and 12th ditto,	30th and 31st ditto,	Sunday and Monday.

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৭ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতিদেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

সদর দেওয়ানী আদালত সকল লোককে জানাইতেছেন যে বাঙ্গলা ১২৫৩ সালে হিন্দু ও মুসলমানের পরবের নিমিত্ত সদর আদালত পশ্চাৎ লিখিত তালিকার নির্দ্দিষ্ট দিবসে বন্দ হইবেক এবং তাঁহারদের অধীন নানা জিলার দেওয়ানী আদালত সেই২ দিবসে বন্দ করিতে হুকুম দিতেছেন।

ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ১৩ মার্চ।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

বাঙ্গলা ১২৫৩ সালের এতাবতা ইঙ্গরেজী ১৮৪৬। ৪৭ সালের হিন্দু ও মুসলমানেরদের পরবের তালিকা।

পরবের নাম	ইঙ্গরেজী মাস	বাঙ্গলা মাস	সপ্তাহের দিন।
দশহরা গঙ্গাপূজা	৪ জুন	২৩ জ্যৈষ্ঠ	বৃহস্পতিবার
স্নানযাত্রা	৯ জুন	২৮ জ্যৈষ্ঠ	মঙ্গলবার
রথ যাত্রা	২৫ জুন	১২ আষাঢ়	বৃহস্পতিবার
উল্টারথ	৩ জুলাই	২০ আষাঢ়	শুক্রবার
রক্ষাবন্ধন ও শোবরাত	৭ আগষ্ট	২৪ শ্রাবণ	শুক্রবার
জন্মাষ্টমী	১৪। ১৫ আগষ্ট	৩১। ৩২ শ্রাবণ	শুক্রবার ও শনিবার
দশহরার বন্দ অর্থাৎ মহালয়া ও ইদুলফতর ও দেওয়ালী ও সূর্য্যগ্রহণ ও ভ্রাতৃদ্বিতীয়া	১৭ সেপ্টেম্বরঅবধি ২২ অক্টোবরপর্য্যন্ত ...	২ আশ্বিনঅবধি ৭ কার্ত্তিকপর্য্যন্ত ...	বৃহস্পতিবারঅবধি বৃহস্পতিবারপর্য্যন্ত
জগদ্ধাত্রী পূজা	২৮। ২৯ অক্টোবর	১৩। ১৪ কার্ত্তিক	বুধ ও বৃহস্পতিবার
কার্ত্তিক পূজা	১৪। ১৫ নবেম্বর	৩০ কার্ত্তিক ১ অগ্রহায়ণ	শনিবার ও রবিবার
ইদুজ্জহা	৩০ নবেম্বর ১ ডিসেম্বর	১৬। ১৭ অগ্রহায়ণ	সোমবার ও মঙ্গলবার
মহরমের বন্দ	২১ ডিসেম্বরঅবধি ৪ জানুআরিপর্য্যন্ত ...	৭ পৌষঅবধি ২১ পৌষপর্য্যন্ত ...	সোমবারঅবধি সোমবারপর্য্যন্ত
বসন্ত পঞ্চমী	২১। ২২ জানুআরি	৯। ১০ মাঘ	বৃহস্পতিবার ও শুক্রবার
আখেরী চহার শোম্বা	১০ ফেব্রুআরি	২৯ মাঘ	বুধবার
শিবরাত্রি	১৩। ১৪ ফেব্রুআরি	২। ৩ ফাল্গুণ...	শনিবার ও রবিবার
ফতে দোআজদহম	২৮ ফেব্রুআরি	১৭ ফাল্গুণ	রবিবার
দোলযাত্রা	১ অবধি ৩ মার্চপর্য্যন্ত	১৮ অবধি ২০ ফাল্গুণপর্য্যন্ত	সোমবারঅবধি বুধবারপর্য্যন্ত
বারুণী স্নান	১৫ মার্চ	৩ চৈত্র	সোমবার
শ্রীরামনবমী	২৫ মার্চ	১৩ চৈত্র	বৃহস্পতিবার
চন্দ্রগ্রহণ	১ আপ্রিল	২০ চৈত্র	বৃহস্পতিবার
চড়কপূজা	১১। ১২ আপ্রিল	৩০। ৩১ চৈত্র	রবিবার ও সোমবার

JOHN C. MARSHMAN, Bengalee Translator.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ৭ আপ্রিল।]

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা হুগলির নীচের লিখিত মহাল সন ১২৫২ সালের লাগাইদ ফাল্গুণ তলবির পাওনা বাকী মালগুজারীর নিমিত্তে সন ১৮৪৬ সাল ২০ আপ্রিল মোং সন ১২৫৩ সাল ৯ বৈশাখ তারিখ সোমবার কালেক্টর সাহেবের কাছারীতে বিনাওজরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৬ সাল ৩০ মার্চ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	যে সনের ও যে মাসের বাকী	মন্তব্য কথা
২ নং	ইস্তমরারি জমা ধার্য্য হওয়া মহাল	৭৭৭ নং	মটুকপুর দীং পং পাণ্ডুয়	মুনসি সামগুল্লা	১৮৶৬	সন ১২৫২ সালের লাং ফাল্গুণ তলবি বাকী ১৮৶৬	
২ নং	ঐ	৮০৯ নং	পাহাড়পুর পং ভুরসিট	কাজি করিমবক্স	৸৶৫	ঐ তলবি বাকী ৸৶৫	

A. Reid, *Collector.*

জিলা নদীয়ার শ্রীযুত কালেক্টর সাহেবের হুকুমমতে শ্রীনাথ মুখোপাধ্যায়ের স্থানে নীলামী সমন খেসারার টাকা আদায়ের কারণ উহার জায়দাদ ১৮৪৬ সালের ২০ আপ্রেল মং সন ১২৫৩ সালের ৯ বৈশাখ সোমবার জেলা হুগলির কালেক্টরী কাছারীতে শ্রীযুত কালেক্টর সাহেবের হুজুরে নীলাম হইবেক।

লাটের নম্বর	নাম পরগনা	নাম মৌজা	নাম মালিক	নাম আরাজী	তাইন আরাজী	দেনা আদালত	
১		দিঘসুই	শ্রীনাথ মুখোপাধ্যায়	বাস্তু বাটী ব্রহ্মোত্তর জমি আন্দাজী	৴৪	১১১৬০	এই সকল জায়দাদ জিলা নদীয়ার শ্রীযুত কালেক্টর সাহেবের ১৮৪৬। ২০ জানুআরি তারিখের রুবকারির হুকুমমতে নীলাম হইবেক।
				মৌজে দিঘসুই গ্রামের পশ্চিম মাঠের ডাঙ্গার সুনা জমি আন্দাজী ব্রহ্মোত্তর জমি	১৴		
				সনপাই জোলের দক্ষিণ সালি জমি ১ কিতার মধ্যে ব্রহ্মোত্তর জমি আন্দাজী	৷৹		

A. Reid, *Collector.*

সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪১ সালের ১ আইনের ৬ ধারানুসারে জিলা দিনাজপুরের নীচের লিখিত মহাল ১২৫২ সালের ফাল্গুণ মাসের কিস্তীপর্য্যন্তের পাওনা বাকী মালগুজারি এবং অন্যং যে দাওয়া চলিত আইনক্রমে বাকী মালগুজারির ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্ত ১৮৪৬ সালের আপ্রিল মাসের ২৯ মোতাবেক ১২৫৩ সালের বৈশাখ মাসের ১৮ তারিখ বুধবার কালেক্টর সাহেবের কাছারিতে দিনাওক্তের নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি তারিখ ১০ মার্চ ১৮৪৬ মোতাবেক ১৮ চৈত্র ১২৫২ সাল।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	১২৫২ সালের ফাল্গুণ মাসপর্য্যন্তের বাকী মালগুজারি	কৈফিয়ৎ
১	এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল	২৩১	কিসমত পরগনে চালুন	অমরমণি দেব্যা ও ভবানীচরণ চক্রবর্ত্তী ওগয়রহ	১৭০৪ ৬ ।	৩ ৵ ।	যেহেতুক এ মহাল ১৮১৪ সালের ১৯ আইনঅনুসারে বাটওয়ারার নীচে আছে অতএব ঐ আইনের ৩৩ ধারা অনুসারে আরং অংশী যাহারা আপনারদিগের শিরের বাকী বেবাক আদায় করিয়াছে তাহারদিগের অংশ বর্জ্জন করিয়া কেবল বাকীদার অংশী অমরমণি ও ভবানীচরণ চক্রবর্ত্তীর অংশ /০ এক আনা নীলাম হইবেক ইতি।
৬	বাকী মালগুজারি যেরূপে আদায় হয় সেইরূপে আদায় করণের দাওয়ার নিমিত্ত বিক্রয় হওয়া মহাল	৩০৯	মৌজে অনন্তকোট ওগয়রহ পরগনে মহেশ।	গোলামনবি চৌধুরী ওগয়রহ	৪৭০৯ ।৩।	১১১৩২	জিলা পূরণিয়ার অন্তঃপাতি পরগনে পৌয়াখালির সরবরাহকার মেষ্টর কোল সাহেবের হুকুমপাতের টাকা আদায় কারণ হস্য মালজামিন গোলামনবি চৌধুরীর স্বত্ব এই মহালের হিস্যা ৵০ আনা নীলাম হইবেক আর এতদ্ভিন্ন ১৮৪৫ সনের ১ আইনের ৫ ধারানুযায়ি এস্তেহারনামা জারি হইয়াছে ইতি।

رای جناردن بوس

Uncovenanted Depy. Collr. in charge.

এস্তেহারনামা কাছারি ডিপুটী কালেক্টরি মহকুমা পাবনা

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুযায়ি মহকুমা পাবনার নীচের লিখিত মহালের সন ১২৫২ সালের কিস্তী মাঘপর্য্যন্তের বাকী মালগুজারির নিমিত্ত এবং অন্যং যে দাওয়া চলিত আইনক্রমে বাকী মালগুজারির ন্যায় আদায় করণের হুকুম আছে তদনুসারে সন ১৮৪৬ সালের ২৪ আপ্রিল মোতাবেক সন ১২৫৩ সালের ১৩ বৈশাখ শুক্রবার অত্র কালেক্টরিতে নীলামে ধরা যাইবেক নিতান্তই বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৬ সাল তারিখ ১ আপ্রিল মোতাবেক সন ১২৫২ সাল তারিখ ২০ চৈত্র।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজির মহালের রেজেষ্টরির নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	বাকীর সংখ্যা লাং ৩০ মাঘ সন ১২৫২	মন্তব্য কথা
১	এস্তমুরারি জমা ধার্য্য না হওয়া মহাল	৮২৫	চর গোলাপ নগর পরগনে কস্করপুর	রাণী সূর্য্যমণি দেব্যা রাণী ভুবনময়ী দেব্যা মহেশনারায়ণ রায় গিরিশনারায়ণ রায় ঈশাননারায়ণ রায় ঈশ্বরনারায়ণ রায় ভৈরবেন্দ্রনারায়ণ রায়	৩৭১ ৵৮	২০ ।৩	এই মহাল মালিকান সম্বন্ধে সন ১২৪৩ সালহইতে সন ১২৬২ সাল পর্য্যন্ত ২০ বিশ বৎসর নিয়মে উক্ত ব্যক্তিদিগের সহিত ইজারা বন্দবস্ত হয় ইতি

R. ABERCROMBIE, *Offg. Depy. Collector.*

সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারানুসারে জেলা রাজশাহির নীচের লিখিত মহাল ইংরেজি ১৮৪৬ সালের মার্চ মাসের ১৮ তারিখপর্য্যন্ত পাওনা বাকি মালগুজারির নিমিত্তে ইংরেজী ১৮৪৬ সনের ২৫ আপ্রেল মোতাবেক বাঙ্গলা ১২৫৩ সনের ১৪ বৈশাখ শনিবার দিবস দিবা দুই প্রহরের পর কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি। তারিখ ৩১ মার্চ সন ১৮৪৬ সাল ইং মোতাবক বাঙ্গলা ১২৫২ সাল তারিখ ১৯ চৈত্র।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	১৮৪৬ সালের ১৮ মার্চ তারিখপর্য্যন্ত পাওনা বাকি	মন্তব্য কথা
১	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল	৭১৮	মুলাকত থন পং কাটারমল্ল	হরিনাথ তালুকদার	১৩৭৷১০	৭৸১০	
ঐ	ঐ	১৪৫০	কিং নারায়ণ দিয়া তপ্পে খলসী	কামানদ্দিন চৌধুরী	২৷৷১৯	২৷৷১৯	
ঐ	ঐ	১৮০০	চক টুসনী গাছা পং কাটারমল্ল	লাল মাহামুদ খোন্দকার ওহেদ এত উল্লা খোন্দকার ও মাছিম খোন্দকার ও রেজাক উল্লা খোন্দকার ও রুহি মদ্দিন খোন্দকার।	১৫৷৶১	৭৸১	

A. FORBES, *Collector*.

ইস্তাহারনাম কাছারি কালেক্টরি জিলা বীরভূম এই যে

এক্ষণ সন ১৮৪৫ সালের ১ প্রথম আইনের মর্ম্মানুসারে সন ১২৫২ সালের ইস্তক কিস্তী পৌষ লাগাদি কিস্তী ফালগুনের বাকী রাজস্ব আদায় জন্য সন ১৮৪৬ সাল তারিখ ২৮ মার্চ মতাবেক সন ১২৫২ সাল তারিখ ১৬ চৈত্র সূর্য্যঅস্তপর্য্যন্ত টাকা দাখিল করণের দিবস নিরূপণ ছিল কিন্তু নীচের লিখিত মাহালাতের বাকীদারান উক্ত তারিখ সূর্য্যঅস্তপর্য্যন্ত আপন২ বাকী দাখিল করে নাই অতএব উক্ত আইনের মর্ম্মানুযায়ি বাকীপড়া মাহালাত নীলাম করা আবশ্যক হইয়া ঐ আইনের ৬ ধারার বিধিক্রমে ইস্তাহার প্রচার করা যাইতেছে যে সন ১৮৪৬ সাল তারিখ ২৪ আপ্রিল মতাবেক সন ১২৫৩ সাল তারিখ ১৩ বৈশাখ রোজ শুক্রবার বেলা দুই প্রহরের পর অত্র কাছারির প্রকাশ স্থানে নীচের লিখিত মাহালাত নীলামে বিক্রী হইবেক যে কেহ খরিদের বাসনা রাখহ উচিত যে ঐ তারিখ ও সময় এই কাছারিতে হাজির আসিয়া খরিদ করহ আর যে ব্যক্তি অধিক ডাকিবেক তাহাকে বিক্রয় করা যাইবেক ইতি সন ১৮৪৬ সাল তারিখ ৩০ মার্চ মতাবেক সন ১২৫২ সাল তারিখ ১৮ চৈত্র

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	নম্বর রেজিষ্টরী অর্থাৎ তৌজির নম্বর	নাম মহাল	নাম মালিকান	সদর জমা	বাকী লাগাদি ফালগুণ সন ১২৫২ সাল	কৈফিৎ
১	চিরস্থায়ি বন্দোবস্ত	৪০৫ নং	আনুখানি	নরুলচন্দ্র ঘটক	৭১৷৶৮	৩১৷১	মফঃসল মহাল বিক্রী হইবেক ধান্যাদি হরিএক ফসল হয়
২	ঐ	৪৩১ নং	কিসমত জাজিগ্রাম	জনার্দ্দন চট্টোপাধ্যায়	৭৷৶৫	৫৷৶৪	ঐ
৩	ঐ	৪৩২ নং	কিসমত জাজিগ্রাম	গোকুলকৃষ্ণ ঘোস	৮৷১০	১৷৶৫	ঐ
৪	ঐ	৪৩৩ নং	কিসমত জাজিগ্রাম	নরুলচন্দ্র ঘটক	৩৸৶২	৩৷২	ঐ
৫	ঐ	৪৪০ নং	লক্ষ্মীতাজা	হরনাথ আলি ও ইছুফ আলি	৭৷২	১৷৶২	ঐ

C. TOTTENHAM, *Acting Collector*.

সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারানুসারে ঢাকা জিলার নীচের লিখিত বন্দোবস্তি মহালাৎ ১২৫২ সনের ১ চৈত্রপর্য্যন্তের পাওনা বাকি মালগুজারির নিমিত্তে ইঙ্গরেজী ১৮৪৬ সনের ২২ আপ্রিল মোং বাঙ্গলা ১২৫৩ সনের ১১ বৈশাখ বুধবার জিলা ঢাকা জালালপুরের শ্রীযুত কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৬ ইং তারিখ ৩০ মার্চ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের মালিকের নাম	সদর জমা	বাঙ্গলা ১২৫২ সনের লাং ফাল্গুণের বাকি	মন্তব্য কথা
১	ইস্তমোরারি বন্দোবস্তি মহালাৎ	১৮৯৪	মং জিং দৌলৎপুর পং ইসাখাবাদ তং জনার্দ্দনপুর তাং ক্ষেমেশ্বরী জগমোহন যুগলহরি মণিরাম নিং খং দৌলত খাঁ	দৌলত খাঁ	১৲১	৷৴	
		১২৩১	পং গোবিন্দপুর তাং জয়রাম জীবন	জয়রাম জীবন	১৲১	৷৴	
		১২৩২	পং গোবিন্দপুর তাং কোকন ধুবি	কোকন ধুবি	৵১১	৷৴	
		১১৮২	খাং তং ইছাপুর তাং কালীচরণ পঞ্চানন	কালীচরণ পঞ্চানন	১৲৬	৷৷৴	
		৩৯১৯	মং জিং জালালপুর খাং পং জালালপুর তাং রাম জীবন শর্ম্মা নিং খং গোপীনাথ ঘোষ	গোপীনাথ ঘোষ	৯।৴৭	৭।০	
		৪৭৯৩	মং জিং নুরুল্লাপুর খাং পং সুজাবাদ কুতবপুর তাং হরেকৃষ্ণ গোঁসাই দাস রাধবল্লভ দয়ারাম নিং খং রাধাকৃষ্ণ সরকার	রাধাকৃষ্ণ সরকার	৮৷১১	৬৲	
		৫০০০	তং পাবিল তাং দৌলৎখরু মং নিং মাহামুদ জাফর	দৌলতখরু মাহামুদ জাফর	৯।৴৭	৭।০	
		৫৭০৬	তং পাবিল তাং বিদ্যালঙ্কার চক্রবর্ত্তী	বিদ্যালঙ্কার চক্রবর্ত্তী	২।৶২৷	১৷৶	
		৫৭১৯	তং পাবিল তাং আলিমামুদ	আলিমামুদ	১৷৷৵৭৷	৸০	
		৬০৮৪	মং জিং পাএনবেগ খাং পং সুলতান প্রতাপ তাং রামপ্রসাদ কামানর্দ্দি আহাদালি চৌধুরী	রামপ্রসাদ কামানর্দ্দি আহাদালি চৌধুরী	৫।৶২	৪৲	
		৭০৮২	মং জিং রাজনগর চাং ফুলবাড়িয়া তাং দেবীপ্রসাদ বসু হিং শ্রীধর মিত্র নিং খং গৌরচন্দ্র সিংহ	গৌরচন্দ্র সিংহ	৩।৶৬	১৸০	
		৭০৮৩	হাং শ্রীধর মিত্র নিং শ্যামকিশোর লাহা	শ্যামকিশোর লাহা	১৷৷৶৯	৸০	
		৭০৮৪	হিং রামমাণিক মিত্র	রামমাণিক মিত্র	১।৶৯	৸০	
		৭১২৩	হাং রূপ সিদ্ধান্ত নিং কালিদাস হাজরা	কালিদাস হাজরা	৸৶১১৷	৷০	
		৭১৩১	হাং ডেঙ্গর হালদার নিং হরচন্দ্র গুহ	হরচন্দ্র গুহ	৷৬।	।০	

J. Wheler, *Offg. Collector.*

[*Government Gazette, 7th April,* 1846.]

এস্তেহারনামা কাছারী কালেক্টরী জিলা মালদহ

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারানুসারে এই জিলার নীচের লিখিত মহাল সরকারের বাকী রাজস্ব আদায় সন ১৮৪৬ সালের ২৪ আপ্রেল মোতাবেক সন ১২৫৩ সালের ১৩ বৈশাখ শুক্রবার ঐ জেলার কালেক্টরী কাছারীতে বিনাওজরে নীলামে বিক্রয় হইবেক।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	তৌজীতে লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১২৫১ সালের লাগাইদ ফাল্গুণের মুক্ত মিল বাকী	মন্তব্য কথা
১	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল	১১০	কিসমত পরগনে কোতওয়ালী	জমেলী বেগম	১৷৪	১৷৪	এই মহালের দশসনী বন্দোবস্তী ১৷৪ সদর জমা লিখা যায় সন ১২৫২ সালের সালতামামী বাকী আদায় কারণ সমাক নীলাম হইবেক।
		২৪৫	লাখেরাজ বাজেয়াপ্তী মৌজে জঙ্গলী টোটা পরগনে কোতওয়ালী	গোবিন্দপ্রিয়া অনঙ্গপ্রিয়া চিত্রপ্রিয়া শান্তিপ্রিয়া মধুপ্রিয়া গোলোকপ্রিয় কমললতা রত্নলতা ও বদনচন্দ্র অধিকারী। সন ১৮৪৬ ইং তাং ৩১ মার্চ মতাবেক সন ১২৫২। তাং ১৯ চৈত্র।	১৭৯৷১	১১৭৮৩	এই মহাল লাখেরাজ বাজেয়াপ্তী সন ১৮৪২ সালের ১ মেই মোতাবেক সন ১২৪৯ সালের সুরু হইতে মোদামী বন্দোবস্ত আমলে আইসে আর ঐ বন্দোবস্ত শ্রীযুত কমিস্যনর সাহেবের দ্বারা মঞ্জুর হইয়াছে সন ১২৫১ সালের সালতামামী বাকী আদায় কারণ সমাক মহাল নীলাম হইবেক।

F. Drummond, *Offg. Deputy Collector*

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারার মর্ম্মানুসারি জিল মুরশিদাবাদ সংক্রান্ত নীচের তফসীলের মহালাতের সন ১২৫২ সালের লাগাইদ কীস্তি ফাল্গুণের সরকারের রাজস্বের বাকী এবং অন্য কোন বাকী যাহা রাজস্ব ন্যায় আদায় করিতে হয় তাহা আদায় জন্য সন ১৮৪৬ সালের ২১ আপ্রিল মোতাবক সন ১২৫৩ সালের ১০ বৈশাখ জিলা মুরশিদাবাদের কালেক্টরীর কাছারীতে নীচের লিখিত মহালসকল অবার্থ নীলাম হইবেক ইতি সন ১৮৪৬। ৩১ মার্চ মোতাবক সন ১২৫২ ১৮ চৈত্র।

শ্রেণীর নম্বর	মহালের প্রকরণ	তৌজির নম্বর	নাম মহাল	নাম জমীদার	সদর জমা	বাকী খাজানা লাগাইদ ফাল্গুণ সন ১২৫২	কৈং
১	কায়মী বন্দোবস্ত	১৫৭	মৌজে করজোড ...	ভগবতী চরণ ও মৌনারবেণ ...	১৩১৪৻১১	২৯১ ।৶১১	
২	ঐ	৬০৭	কীসমত দামোদর বাটী ...	আজমতুল্লা ...	১৩৫ ।৵৪	৪৫ । ৫	
৩	ঐ	৭৪৫	কীসমত কল্যাণপুরডাঙ্গীপুর ...	রামেশ্বর বাগচি ...	৯৮৲	৩৪৶৮	
৪	ঐ	১১৭৮	কীসমত রঘুরামবাটী ...	নফরচন্দ্র ধর ...	২৯৻৮	২৩ ।৵৫	
৫	ঐ	১২৬৮	কীসমত কানাইকাটী ...	শ্যামাচরণ রায় ...	১৩৴২	৬ ।৵২	
৬	ঐ	১৩৮৭	কীসমত ভাটপাড়া ...	গোলামহোছেন ও সরূপ শাহ ...	১০৸৯	৪ ।৩	
৭	ঐ	১৬৩৫	কীসমত সৈদাবাদ ...	রামধন সামন্ত ...	৪৸৵৮	৪৸১০	
৮	ঐ	১৯৬০	কীসমত সাবাড় ...	সেখ কুদরৎ উল্লা ...	৪ ।৩	৪ ।৩	
৯	ঐ	২১৪৯	কীসমত সাহাপুর ...	মির রমজান আলী ...	৮ ।৵১০	৮ ।৵১০	
১০	ঐ	২২৩১	কীসমত কুলটা ...	সৈদ ইয়াছুন আলী ...	॥৵১১	॥৵১১	
১১	ঐ	২২৩২	কীসমত তস্য ...	তস্য ...	।৶১১	॥৵১১	
১২	ঐ	২২৮৯	কীসমত এড়েরা ...	নীলমাধব মুখোপাধ্যায় ...	৩৴১	৩৴১	
১৩	ঐ	২২৯৮	কীসমত সন্তোষপুর...	তস্য ...	॥৵৯	॥৵৯	
১৪	ঐ	২৩০৪	কীসমত তস্য ...	তস্য ...	।৵৪	।৵৪	
১৫	ঐ	২৩১০	কীসমত তস্য ...	তস্য ...	৶৩	৶৩	
১৬	ঐ	২৩১২	কীসমত তস্য ...	তস্য ...	।১	।২	
১৬ মহাল					১৬২৪ ।০	৪২৯৴১	

W. J. H. MONEY, *Collector.*

[*Government Gazette, 7th April,* 1846.]

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ প্রথম আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নীচের লিখিত মহাল সন ১৮৪৬ সালের ১৮ আপ্রিল মোং সন ১২৫৩ সালের ৭ বৈশাখ শনিবার জেলা নদীয়ার কালেক্টরী কাছারিতে বিনা ওজরে নিলামে ধরা যাইবেক ও বিক্রয় হইবেক ইতি।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার রেজেষ্টরীর নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	সরকারী পাওনা	মন্তব্য কথা
১	দশসালা বন্দোবস্তী মহাল	১৫০	কিসমত পং দোগাছীয়া	জগমোহন সরকার ত্রিপুরাসুন্দরী দাসী ভবানীশঙ্কর সরকার	৪৩২৬।,৪	১৮৯০০।৶	জেলা হুগলীর শ্রীযুত কালেক্টর সাহেবের আদেশক্রমে উক্ত জেলার মাসুল ইষ্টাম্পের দারোগা কালিদাস সরকারের তহবীল তছরূপাতী টাকা আদায় কারণ এই মহালের রকম ।৶ ছয় আনার জমিদার ত্রিপুরাসুন্দরী দাসীর যে হক আছে তাহাই নিলামে বিক্রয় হইবেক ইতি।
২	ঐ	২১১	মোং হিজলী	তুলসীরাম গুপ্ত	২০	১৩।	
৩	ঐ	ঐ	জলকর পাঙ্গাশী ও ছেউটীয়া হং রাঘবখালী লাং পাঙ্গাশীর খাল সমেত কালীকালী দীং	ঐ	৶১৩।	ঐ	জেলা ২৪ পরগনার শ্রীযুত কালেক্টর সাহেবের আদেশমতে এই দুই মহালের এই খেরাজী জমাতে মৃত আমিন মাধচন্দ্র গুপ্তের উত্তরাধিকারি দেনা পাওনার মালিকদিগের যে হক আছে তাহাই নীলামে বিক্রয় হইবেক।

সন ১৮৪৬। ১ আপ্রিল

মোংসন১২৫২। ২০ চৈত্র

D. J. Money, *Collector.*

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশ্মন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

অতিরিক্ত গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, WEDNESDAY, APRIL 8, 1846.

কলিকাতা বুধবার ১৮৪৬ সাল ৮ আপ্রিল।

GOVERNMENT ADVERTISEMENTS.

NOTICE is hereby given, that the house and lands at Sibpore, in the district of 24-Pergunnahs, commonly called "Shalimar," and belonging to the Estate of the late Rajah Kissennauth Roy, at present under the charge of the Court of Wards, is to be let on a farming lease for 5 years. The entire Estate comprizes about 222 Beegahs and 8 Cottahs of land, a portion of which, is at present rented. Persons desirous of taking a lease of the whole property will be pleased to make their applications to this Office, on or before the 15th day of April 1846. Particulars may be ascertained on application to the Nazeer of the Collector's Office.

J. H. YOUNG, *Actg. Collector.*

Collector's Cutcherry, 24-Pergunnahs,
31st March, 1846.

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

বিজ্ঞাপন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে সালিমার নামে খ্যাত জিলা চব্বিশপরগনার শিবপুরে যে এক বাটী ও ভূমি মৃত রাজা কৃষ্ণনাথ রায়ের সম্পত্তি ছিল কিন্তু এক্ষণে কোর্ট অফ ওয়ার্ডসের জিম্মায় আছে তাহার পাঁচ বৎসর মিয়াদে ইজারা হইবেক ঐ সমুদয় জমার পরিমাণ ২২২ ।৩ কাটা তাহার এক অংশর ইজারা হইয়াছে। যে কেহ ঐ সমুদয় সম্পত্তির ইজারা লইতে চাহেন তাঁহারা ১৮৪৬ সালের ১৫ আপ্রিল তারিখে কি তাহার পূর্ব্বে এই দফ্তরখানার দরখাস্ত পাঠাইবেন সকল দেওরা কালেক্টর সাহেবের সিরিশ্তার নাজিরের স্থানে পাওয়া যাইতে পারিবেক।

জে এচ ইয়ং।
একটিং কালেক্টর।

কালেক্টর সাহেবের কাছারি।
চব্বিশপগরনা। ১৮৪৬। ৩১ মার্চ।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্তিহার।

সংবাদ দেওয়া যাইতেছে

যে ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে জিলে ময়মনসিংহের নীচের লিখা মহালাত ১২৫২ সনের লাগায়ত কিস্তী ফাল্গুণের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে ১৮৪৬ সনের আপ্রিল মাসের ২৩ তারিখ মোং ১২৫৩ সনের ১২ বৈশাখ রোজ বৃহস্পতিবারে উক্ত জিলার কালেক্টরি কাছারিতে বিনাওজরে ধরা গিয়া নিতান্ত বিক্রয় হইবেক ইতি ১৮৪৬ তাং ৩০ মার্চ মোং ১৮ চৈত্র ১২৫২।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখা মালিক	সদর জমা	১২৫২ সনের লাং কৈফিয়ৎ কিস্তী ফাল্গুণের বাকী
১	চিরস্থ বন্দ বস্তী	৮০১	শান্তিরাম শর্ম্মা পং বড় বাঘ	শন্তিরাম শর্ম্মা	১৭॥/৭	৪৸৯
		১০৬৩	কৃষ্ণনাথ শর্ম্মা পং তথা	কালীপ্রসাদ শর্ম্মা ঘটক নীলাম খরিদার	॥৶৮	॥৶৮
		১৬১২	পরগনে কাগমারি রবিলোচণ শর্ম্মা বং রামচন্দ্র বিশ্বাস	আনন্দমোহন ঘোষ নীলাম খরিদার	১৩।৩	৩॥৶৮
		১৬৯৫	পরগনে তথা ইছলামপুর তালুক গঙ্গাপ্রসাদ সরকার	গঙ্গাপ্রসাদ সরকার ওগয়রহ	৯৸৫	৯৸৫
		১৭৩০	পং তথা শ্রীনারায়ণ বিশ্বাস	আনন্দমোহন ঘোষ নীলাম খরিদার	৬॥/৭	৬॥/৭
		৪৭১২	কিং কালা মারী তাং রাজকৃষ্ণ দাস পং পুখুরিয়া	রাজকৃষ্ণ দাস	১॥৭	১॥৭

[*Government Gazette,* 8th *April,* 1846.]

H. B. BERESFORD, *Collector.*

সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ১ ধারানুসারে জেলা বর্দ্ধমানের নীচের লিখিত মহালের ১৮৪৫ সালের লাং আগষ্ট তলবের সরকারী গুড়র ঘাটের পাওনা বাকী আদায় কারণ ১৮৪৫ সালের ২২ ডিসেম্বর ও ১৮৪৬ সালের ২৬ ফেব্রুআরি এই কালেক্টরীতে নীলাম হইবার উপর্য্যুলের লিখিত খরিদার খরিদ করিয়া বায়না দিয়া ৩০ দিবসের মধ্যে অবশিষ্ট মূল্যের টাকা নাদিবার ২৮ মার্চ্চ তারিখে ৩ তিন দিবস গতে ছানি নীলামের ইস্তাহার প্রচার করণের হুকুম হইয়াছিল তথাপি গত তিন দিবসের মধ্যে বাকীদার সরকারী বাকী দাখিল করে নাই এমতে এই সম্বাদপত্র প্রচার করা যাইতেছে যে সন ১৮৪৬ সালের ২৩ আপ্রেল মোং সন ১২৫৩ সালের ১২ বৈশাখ বৃহস্পতিবার নীচের লিখিত মহালের নীলাম এই কালেক্টরীতে বিনাওজরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৬ সাল তারিখ ১ আপ্রেল।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	সন ১৮৪৫ সালের লাং আগষ্টপর্য্যন্ত পাওনা বাকী	কৈফিয়ৎ
৬	বাকী মালগুজারী যে রূপে আদায় হয় সেই রূপে আদায় করণের দাওয়ার নিমিত্তে বিক্রয় হওয়া মহাল।	০	থানা কাটোয়া চৌকী কাটোয়া শামিল খেড়া পরগনার খেড়া গ্রামের পশ্চিম সরে রাস্তার দক্ষিণ এজহারি লাখেরাজ নীলামী খরিদা বাবত পুষ্করিণীর জলকর ৩/ বিঘা। ঐ পুষ্করিণীর দক্ষিণ ও পূর্ব্ব ও পশ্চিম পাহাড়ের হাসীল জমি ১২ ।৩ বিঘা একুনে ১৫ ।৩ বিঘা। ঐ পরগনার রাধামোহনপুর গ্রামের দক্ষিণ মাঠ আমানত মোল্লার বাটীর দক্ষিণ সেওড়াফুলির মাঠ শালি জমি ৮/ বিঘা। ঐ গ্রামের পশ্চিম মাঠে রামী মল্লিকের জমির দক্ষিণ ও সুলোচন ভট্টাচার্য্যের পূর্ব্ব বক্তার শেখের জমির উত্তর শালি ৪/ বিঘা। ছুতার পুষ্করিণীর উত্তর বেং পুষ্করিণীর পশ্চিম শালি ২/ শুনা ২/ বিঘা একুনে ৪/ বিঘা। রাধামোহনপুরের উত্তর দেশে পুষ্করিণীর পশ্চিম ঐ গ্রামের আম্র বাগিচার হিস্যা ৷৬৷৷= কাত আম্র গাছ ১১ টা। ঐ গ্রামের রেয়াজ শেখের বাটীর দক্ষিণ পুষ্করিণীর জল ১/ বিঘার হিস্যা ৷৬৷৷= ঐ জমি ষোল বিঘা ও বাগাৎ ও পুষ্করিণীর হিস্যা রকম ।৬৷৷= ৶ রাধামোহন জিউ ঠাকুরের দেবোত্তর সেবাতি শ্রীমত্যা রামমণি দেব্যার দখলীর মধ্যে উক্ত গ্রামের মোকররী জমা সিং ১৬ টাকা ইহার মুনফা ৩১০ টাকা।	জমিদার রাম কানাই অধিকারী		৫৩১০	

জেলা বর্দ্ধমানের শ্রীযুত মেজেষ্টর সাহেবের রুবকারি অনুসারে নিজ কাটোওয়া গুড়র ঘাটের সরবরাহকারের বাকীদারীতে ১৮৪৫ সালের ২১ ডিসেম্বর ও সন ১৮৪৬ সালের ২৬ ফেব্রুআরি নীলামে বিক্রয় হইবার খরিদার খরিদ করিয়া বায়নার টাকা দিয়া ৩০ দিবসের মধ্যে অবশিষ্ট মূল্য দাখিল না করায় দ্বিতীয় নীলামে বিক্রয় হইবেক।

G. D. WILKINS, *Offg. Collector.*

সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা মুঙ্গেরের নীচের লিখিত মহাল সন ১৮৪৬ সালের মাহ মার্চ মাসের ২৮ পর্য্যন্ত পাওনা বাকী মালগুজারির নিমিত্ত এবং অন্যান্য যে দাওয়া চলিত আইনক্রমে বাকী মালগুজারির ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্ত সন ১৮৪৬ সালের আপ্রিল মাসের ২০ তারিখে মোতাবেক ৯ বৈশাখ সন ১২৫৩ ফসলি সোমবার কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকীর তারিখ ৩০ ফাল্গুণ ১২৫৩ ফসলী	কৈফিয়ৎ
১	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল ...	৮৪৮	মৌজে মুস্তপুর রামনেক্ষা পরগনা মনার	রাধাকৃষ্ণ কৃষ্ণপ্রসাদ এবং দলজিত সিংহ	৩১৫ ॥৶৯	১৩৮ ।০	
		১০০৬	মৌজে দ্বারকাপুর পরগনা নরপুর	বকট ঠাকুর বিহন ঠাকুর ওগয়রহ	৩৯৩/১০	১১১৸৶	
					৩১ জানুআরি ১৮৪৬		
৪	মহালসকল বিক্রয় হইবেক অন্যান্য মহলের বাকীর জন্য	৪১১	মৌজে দুর্গাপুর পরগনে মুঙ্গের	মাণিকচাঁদ ওরফে আকনোনাল	৬৮৮ ।/৪	৭১৭৲	৶ আনা হিস্যা বিক্রয় হইবেক বাবদ বাকী দেনা মস্তাজিরি মহাল গঙ্গাপ্রসাদ পরগনে মুঙ্গের
		৬৩১	মৌজে ফরিদপুর ওরফে সুলতানপুর পরগনে শাকাবাসনি	ঐ	ঐ	৪১১ ॥৵৪	/০ আনা ঐ ঐ
		২৪১৬	জায়গীর জমিন মধ্যে থানা সরণজার পরগনে ফরিফির	সৈএদ একবাল হোসেন পুত্র মহম্মদ হোসেন	৫৫৶১০।		১৭৩/ বিঘা জমিন ঐ ঐ
		২৬৭২	মৌজে দোগরা ভাঁজপুর পরগনে সুরজগর	সৈএদ মহম্মদ হোসেন	১৪৭৵৪		॥৶০ হিস্যা ঐ ঐ
উক্ত মধুসূদন কর্ম্মকারের বয়ঃক্রম ৩৮ বৎসর হইবেক তাহার আকৃতি দীর্ঘ। শরীর কৃশ উজ্জ্বল শ্যামবর্ণ কথা ঈষৎ তোতলা গোঁপ আছে চুল খাট।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৬। ১৬ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্নমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 23, 1846.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৬ সাল ২৩ জুন।

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 13.

From the Officiating Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

With reference to Circular Order No. 19, dated the 22d September last, I am directed by the Sudder Board of Revenue to intimate for your information, and for communication to the authorities subordinate to you, that the Sub-Treasurer has been empowered by Government to act on the requisitions of Public Officers without the special intervention of the Government in drawing interest on Government Promissory Notes deposited by them in the General Treasury as security for the performance of official duties by their subordinates.

(Signed) G. PLOWDEN,
Offy. Secretary.

Sudder Board of Revenue,
Fort William, 22d May, 1846.

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

১৩ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র।

গত বৎসরের ২২ সেপ্টেম্বর তারিখের ১৯ নম্বরী সরক্যুলর অর্ডর উপলক্ষে সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমার বিজ্ঞাপনের নিমিত্তে এবং তোমার অধীন কার্য্যকারকদিগকে জানাইবার নিমিত্তে তোমাকে জ্ঞাত করিতেছি যে সরকারী কার্য্যকারকেরদের অধীন আমলারদের আপন২ সরকারী কর্ম্ম উত্তমরূপে নির্ব্বাহ করণের নিমিত্তে জামিনস্বরূপ যে প্রোমিসরি নোট অর্থাৎ কোম্পানির কাগজ কলিকাতাস্থ ত্রেজুরীতে আমানৎ আছে সেই কাগজের বিষয়ে গবর্ণমেণ্ট সব-ত্রেজুরর সাহেবকে এই হুকুম দিয়াছেন যে গবর্ণমেণ্টের বিশেষ অনুমতি না লইয়া তিনি সরকারী কর্ম্মকারক সাহেবেরদের প্রার্থনাক্রমে সেই সকল নোটের সুদ বাহির করেন।

জি প্লোডন।
একটিং সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৬ সাল ২২ মে।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 12.

To the Civil Judges in the Lower Provinces.

I am directed by the Court to transmit to you Extracts from two Dispatches of the Honourable the Court of Directors, and to request a report on the measures which have been taken for making known the provisions of Act XIX. 1843, the system which has been adopted for keeping the registry Books of deeds and making them available for reference by the people, and the effect, gene-

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

১২ নম্বর

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর জজ সাহেব বরাবরেষু।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দুই পত্রের চুম্বক সদর আদালতের সাহেবেরদের হুকুমক্রমে তোমার নিকটে পাঠাইয়া আদেশ করিতেছি যে ১৮৪৩ সালের ১৯ আইনের বিধি প্রচার করিবার এবং দলীলদস্তাবেজের রেজিষ্টরী বহী রাখিবার নিমিত্ত এবং যাহাতে সকল লোক তাহার তদারক করিতে পারে এনিমিত্ত যে২ উদ্যোগ হইয়াছে তাহার রিপোর্ট কর এবং সামান্যতঃ ঐ আইন এবং ১৮৪৫

rally with which the operation of that law, and of Act IV. 1845, has been attended.

Extract (paragraphs 3 to 10;) from a Dispatch from the Honourable the Court of Directors, under date the 24*th July*, 1844, *No.* 17.

Para. 3. "It appears from the voluminous correspondence here referred to* that the subject of the registration of deeds affecting the title of real property, has for several years past been under your consideration."

4. "A system of registry had prevailed throughout the provinces of the three Presidencies, but registered deeds did not take precedence of those of earlier date which were unregistered when the party registering had knowledge of the existence of such unregistered deeds, this had led to much perjury, forgery, and fraudulent concealment, and had materially affected the security of transactions connected with real property. At the Presidencies there had never been any registration of deeds."

5. "In the first draft of an Act on the subject, it was proposed that in each Presidency Town, and in each Zillah, or smaller district, an Office should be established for the registration of all deeds affecting the title to real property; that, after a certain date to be fixed, every such deed should be void as against any other deed previously registered; and that this provision should not be affected, as formerly, by notice of any deed previously executed though not previously registered."

6. "On further consideration it was judged advisable that, for the present, the system of registration should not be extended to the Presidency Towns, and, also, that it should be confined to deeds of sale or gift and to Mortgages, excluding from its operation decrees of Court, and deeds for the temporary transfer of real property, Wills and written authorities from husbands to their wives to adopt a son after the husband's decease. Act I. of 1843, was passed accordingly."

7. "It was discovered however, that the intended limitations had not been observed in the terms in which that Act was framed, and that its provisions would have been applicable to other conveyances and instruments than those for the sale or gift of real property, or for mortgages on security of that nature. Act XIX. of 1843 has therefore been passed with provisions restricted to the objects you had in view."

8. "We trust that the utmost pains have been taken that the new law shall be fully known and understood by all parties liable to be affected by it.

---

* "Act I. of 1843, for the amendment of the Law concerning registration of written conveyances, &c. within the Mofussil territories of the three Presidencies."

"Draft Act for the establishment in the Islands of Bombay and Colaba of an Office for the registration of certain writings."

সালের ৪ আইনের যে২ ফল হইয়াছে তাহা জ্ঞাত কর।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের ১৮৪৪ সালের ২৪ জুলাই তারিখের ১৭ নম্বরী পত্রের চুম্বক অর্থাৎ ৩ দফাঅবধি ১০ দফাপর্যান্ত।

৩। পশ্চাৎ লিখিত * বহুসংখ্যক লিখনপঠনের দ্বারা দৃষ্ট হইতেছে যে যে দলীলের দ্বারা স্থাবর সম্পত্তির স্বত্বের স্থৈর্য্যাস্থৈর্য্য হয় তাহার রেজিষ্টরী করণের বিষয়ে কএক বৎসরঅবধি তোমারদের বিবেচনা হইতেছে।

৪। ইহার পূর্ব্বে তিন রাজধানীর অধীন নানা প্রদেশে রেজিষ্টরীর এক রীতি হইয়া আসিতেছিল কিন্তু তাহার এই নিয়ম ছিল যে রেজিষ্টরীকরণিয়া ব্যক্তির যখন এমত বোধ ছিল যে এই বিষয়ের রেজিষ্টরী না হওয়া দলীল আছে তখন পূর্ব্বকার তারিখের করা রেজিষ্টরী না হওয়া দলীলঅপেক্ষা রেজিষ্টরীহওয়া দলীল অগ্রগণ্য হইত না। ইহাতে অনেক মিথ্যা শপথ ও জালসাজীর কর্ম্ম এবং চাতুরীপূর্ব্বক দলীল গোপন রাখা হইত এবং তাহাতে স্থাবর সম্পত্তিবিষয়ক কার্য্যের স্থৈর্য্যের অনেক ব্যাঘাত হইত। নিজ রজধানীতে দলীলদস্তাবেজের কোন রেজিষ্টরী কখন ছিল না।

৫। এই বিষয়ের আইনের প্রথম মুসাবিদাতে এই প্রস্তাব হইয়াছিল যে যে সকল দলীলদস্তাবেজের দ্বারা স্থাবর সম্পত্তির স্বত্বের স্থৈর্য্যাস্থৈর্য্য হয় তাহার রেজিষ্টরী করণার্থ প্রত্যেক রাজধানীর শহরে এবং প্রত্যেক জিলায় অথবা তদপেক্ষা ক্ষুদ্র প্রদেশে এক দপ্তর স্থাপন হয় এবং কোন এক নির্দ্দিষ্ট তারিখের পর এই মত প্রত্যেক দলীল পূর্ব্বে রেজিষ্টরীকরা অন্য দলীল থাকিতে ব্যর্থ হইবেক এবং পূর্ব্বে যেমন নিয়ম ছিল অর্থাৎ পূর্ব্বের সহীহওয়া কিন্তু পূর্ব্বের রেজিষ্টরী না হওয়া দলীলের এত্তেলা হইলে এই বিধান ব্যর্থ হইবেক সেইমত নিয়ম আর থাকিবেক না।

৬। কিন্তু সেই বিষয় পুনর্ব্বার বিবেচনা করিয়া ইহা উপযুক্ত বোধ হইল যে এক্ষণে রেজিষ্টরী করণের নিয়ম রাজধানীর শহরে স্থাপন না হয় এবং রেজিষ্টরী করণের এই নূতন নিয়ম কেবল বিক্রয়পত্র অথবা দানপত্র এবং বন্ধকী পত্রের দলীলের বিষয়ে আমলে আইসে এবং আদালতের ডিক্রী এবং স্থাবর সম্পত্তির ক্ষণেকের জন্যে হস্তান্তর করণের দলীল এবং উইল ও স্বামির মরণানন্তর দত্তক পুত্র করিতে স্বামী আপন স্ত্রীকে লিখিত যে অনুমতিপত্র দেয় এই২ বিষয় বর্জ্জিত থাকিবেক। এই নিমিত্তে ১৮৪৩ সালের ১ আইন জারী হয়।

৭। তৎপরে দৃষ্ট হইল যে ঐ আইনের লিখিত অভিপ্রায়ানুসারে কল্পিত বর্জনীয় বিষয়ের নিয়ম প্রতিপালন হয় নাই এবং স্থাবর সম্পত্তির বিক্রয়পত্র অথবা দানপত্র কি স্থাবর সম্পত্তির জামিনস্বরূপ বন্ধকী পত্র ছাড়া অন্য প্রকার দলীলদস্তাবেজের বিষয়েও ঐ আইনের নিয়ম খাটিতে পারে। এই নিমিত্তে ১৮৪৩ সালের ১৯ আইন জারী হয় এবং তাহাতে এই হুকুম ছিল যে তোমারদের যে২ অভিপ্রায় কেবল সেই২ অভিপ্রায়ের বিষয়ে এই আইন খাটিবেক।

৮। আমারদের ভরসা আছে যে এই নূতন আইনেতে যে সকল ব্যক্তির লাভনোকসান হইতে পারে সেই সকল ব্যক্তিকে তাহা জানাইতে এবং তাহার

---

* "তিন রাজধানীর অধীন দেশে ভূমির অধিকার এবং ভূমিবিষয়ক অন্যান্য লাভসম্পর্কীয় লিখিত পাট্টা দলীলদস্তাবেজপ্রভৃতি রেজিষ্টরী করণবিষয়ক আইন সংশোধনের আইন"।

"বোম্বাই ও কলাবা উপদ্বীপে কোন ২ দলীল রেজিষ্টরী করণার্থ দপ্তর স্থাপনের আইনের মুসাবিদা"।

Deeds of Sale, gift or mortgage, are seldom, we believe, drawn up in India, as in England, by professional persons who make it their business to be correctly informed what is required by law to render them effectual, and it would obviously be a great hardship to annul the titles by which property is held by parties, who, in acquiring it, acted with entire good faith and according to long and well established practice. In introducing an improved practice such a hardship may in some degree be inevitable ; but the degree will greatly depend upon the means adopted for the purpose of guarding against it."

9. "We trust also that enquiries have been set on foot with respect to the best and safest mode of keeping the Registry of Deeds, and of making it easily available for reference by persons having occasion to examine it. A distinct and accurate index will be indispensable. Each page of the register, as well as every erasure and interlineation, must be duly authenticated. The custody of such a record will need to be carefully provided for, so as to protect it both from fraud and from accident. We do not think that precautions of such a nature can be left to the judgment and experience of the several individuals composing a numerous body of public officers, spread all over India, and, unless they are well devised, uniform, and correctly observed, the new law may be attended with the greatest confusion and injustice."

10. "We desire that we may be apprized of the measures which have been adopted on both the points above explained, and also of the effect with which the operation of the new law may have been attended."

Extract (paragraphs 5 to 7,) from another Despatch, under date the 14th January, 1846, *No.* 1.

20 *to* 25, *Act IV. of* 1845, *for the amendment of the law regarding the registration of deeds.*

5. "We are by no means satisfied that the provisions of law recently introduced on this subject are not liable to produce the greatest confusion and injustice. Prior to the passing of Act I. of 1843, registered deeds took no precedence of unregistered deeds of earlier date, when the party registering was aware of the existence of such unregistered deeds. That Act gave them precedence in all cases. Owing to some error in framing the Act, it was amended by Act XIX. of 1843, with respect to which we took occasion to point out the necessity of making its provisions, fully known to those liable to be affected by it. We observed that deeds are seldom drawn up in India as they are in England by professional persons, and that it would be a great hardship to annul the titles by which property may have been transferred in perfect good

অভিপ্রায় বুঝাইতে অত্যন্ত উদ্যোগ হইয়াছে। ইঙ্গলণ্ড দেশে বিক্রয়পত্র বা দানপত্র কি বন্ধকী পত্র আইন ব্যবসায়ি ব্যক্তিরদের দ্বারা প্রস্তুত হইয়া থাকে এবং ঐ সকল দলীল সিদ্ধ করিবার নিমিত্তে আইনে যে নানা নিয়ম আছে তাহা অতিঠিকরূপে জানা তাঁহারদের ব্যবসা। আমারদের বোধ হয় যে ভারতবর্ষে এমত ব্যবহার নাই অতএব যাহারা স্থাবর সম্পত্তি প্রাপণের কালে অত্যন্ত সরলতাপূর্ব্বক এবং বহু কালাবধি স্থাপিত ব্যবহারক্রমে কার্য্য করিয়াছিল তাহারা যে দলীলক্রমে ঐ সম্পত্তির দখল রাখে সেই দলীল অন্যথা করা স্পষ্টতঃ অতি ক্লেশকর ব্যবহার। এমত হইতে পারে যে পূর্ব্বাপেক্ষা উত্তম কোন নিয়ম স্থাপন করণেতে এইমত ক্লেশকর ব্যবহার নিবারণ হইতে পারে না কিন্তু উদ্যোগ করিলে সেই ক্লেশের কিঞ্চিৎ উপশম হইতে পারে।

৯। আমারদের ভরসা আছে যে দলীলের রেজিষ্টরী বহী সর্ব্বাপেক্ষা উত্তম ও নির্ব্বিঘ্নরূপে রাখিবার বিষয়ে তোমরা অনুসন্ধান করিয়াছ এবং যাহারদের ঐ বহীতে তদারক করণের আবশ্যক হয় তাহারা অনায়াসে তাহা করিতে পারে এই বিষয়েরও বিবেচনা তোমরা করিয়াছ। বিশেষ২ এবং অতিঠিক একটা সূচি করা অত্যাবশ্যক। রেজিষ্টরী বহীর প্রত্যেক পৃষ্ঠা এবং প্রত্যেক কাটা কথা এবং উভয় পংক্তির মধ্যে যে নূতন কথা বসান যায় তাহার উপযুক্ত প্রমাণের আবশ্যক হইবেক। এই বহীর মধ্যে কোন চাতুরী না হয় ও দৈবাৎ তাহা নষ্ট না হয় এই নিমিত্তে তাহা রক্ষা করিবার বিশেষ উদ্যোগ করা উচিত। আমারদের বোধ হয় যে ভারতবর্ষের নানা প্রদেশে বিস্তৃত বহুসংখ্যক সরকারী কর্ম্মকারক অর্থাৎ রেজিষ্টরীকরণিয়া প্রত্যেকের বিবেচনা ও কর্ম্মদক্ষতার উপর এইরূপ নির্ভর রাখা যাইতে পারে না যে তাঁহারা আপনারাই সেইরূপ সাবধান কর্ম্ম করিবেন এবং ঐ সাবধানবিষয়ক নিয়ম যদি উত্তমরূপে নির্দ্ধার্য্য না হয় এবং একপ্রকার না হয় এবং তাহা যদি অবিকল প্রতিপালন না হয় তবে এই নূতন আইনে অনেক গোলমাল ও অযথার্থ হইতে পারে।

১০। অতএব আমরা হুকুম করিতেছি যে পূর্ব্বোক্ত দুই বিষয়ে যে উদ্যোগ করা গিয়াছে এবং নূতন আইনের কি ফল হইয়াছে ইহার বিষয় আমারদিগকে জ্ঞাত করাণ যায়।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের ১৮৪৬ সালের ১৪ জানুআরি তারিখের ১ নম্বরী অন্য এক পত্রের চুম্বক অর্থাৎ ৫। ৬। ৭ দফা।

২০ অবধি ২৫ পর্য্যন্ত দলীলদস্তাবেজের রেজিষ্টরী করণের আইন সংশোধনের ১৮৪৫ সালের ৪ আইন।

৫। এই বিষয়ে সম্প্রতি যে আইন হইয়াছে তাহার বিধানের দ্বারা অত্যন্ত গোলমাল ও অযথার্থ হইবেক এমত আমারদের আশঙ্কা আছে। ১৮৪৩ সালের ১ আইন জারী হওনের পূর্ব্বে যখন রেজিষ্টরীকরাণিয়া ব্যক্তি সেই বিষয়ের রেজিষ্টরী না হওয়া দলীল থাকনের বিষয় অবগত ছিল তখন তাহার রেজিষ্টরীকরা দলীল পূর্ব্বকার তারিখের রেজিষ্টরী না হওয়া দলীল অপেক্ষা অগ্রগণ্য হইত না। সেই আইনের দ্বারা রেজিষ্টরীহওয়া দলীল সকল বিষয়ে অগ্রগণ্য ধার্য্য হইল। কিন্তু ঐ আইন প্রস্তুত করণে কিছু ভ্রম হওয়াতে ১৮৪৩ সালের ১৯ আইনের দ্বারা তাহার সংশোধন হইল। তাহার বিষয়ে আমরা তোমারদের নিকটে লিখিলাম যে সেই আইনেতে যে ব্যক্তিরদের লাভলোকসান আছে তাহারদিগকে তাহার বিধান সম্পূর্ণরূপে জানান অত্যাবশ্যক। আমরা আরো লিখিলাম যে ইঙ্গলণ্ড দেশে আইনব্যবসায়ি ব্যক্তিরা দলীল প্রস্তুত করিয়া থাকেন কিন্তু ভারতবর্ষের মধ্যে প্রায় এমত ব্যবহার নাই অতএব যে দলীলের দ্বারা স্থাবর সম্পত্তি অতিসরলতাপূর্ব্বক

faith and according to long and well established usage. 'We also remarked that the utmost pains would be requisite as to the mode of keeping the registry of deeds, and making it easily available for reference, and protecting it both from fraud and from accident. These precautions could not in our judgment, be safely left to the discretion and experience of the several individuals composing a numerous body of public officers spread all over India."

6. "The information on the foregoing points, furnished with your letter of the 28th June, No. 18, 1845, certainly is not such as to show that our apprehensions are unfounded."

7. By Act IV. of 1845, the passing of which is reported in your present letter, it is further enacted that deeds may be registered in any 'registry office within the Presidency of Fort William in Bengal, whether such office be in the District where the property or any part thereof to which such deeds relate is situated or not.' This new provision will increase the liability of a fair title to property becoming void, through some undiscovered Act of registration, and makes it still more indispensibly necessary that the registers should be easy of access to parties requiring to examine them, and should be effectually protected against fraud and accident. The subject so universally and essentially concerns the interests of the community, that we must again desire that the various points affecting it, which were stated in our letter of the 24th July, 1844, No. 17, above referred to, may be fully enquired into, and may receive your deliberate consideration."

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, 8th May, 1846.

এবং বহু কালের স্থাপিত ব্যবহারক্রমে হস্তান্তর হইতেছে তাহা রহিত করা অত্যন্ত ক্লেশকর বিষয়। আমরা পুনশ্চ কহিলাম যে দলীলের রেজিষ্টরী বহী প্রস্তুত করণের নিয়মের বিষয় এবং অনায়াসে লোকেরা তাহা অনুসন্ধান করিতে পারে এবং চাতুরী বা দৈবঘটনাপ্রযুক্ত তাহার কিছু অপকার না হয় ইত্যাদি বিষয়ে অত্যন্ত যত্ন করিতে হইবেক। এবং আমারদের বোধ ছিল যে ভারতবর্ষের নানা প্রদেশে বিস্তৃত বহুসংখ্যক সরকারী কর্ম্মকারক অর্থাৎ রেজিষ্টরীকরণিয়ারদের প্রত্যেক বিশেষ ব্যক্তির বিবেচনা ও কর্ম্মদক্ষতার উপর নির্ভর রাখা যাইতে পারে না যে তাঁহারা আপনারাই এইমত সাবধানতার উদ্যোগ করিতে পারেন।

৬। তোমারদের ১৮৪৫ সালের ১৮ জুন তারিখের ১৮ নম্বরী পত্রে পূর্ব্বোক্ত নানা বিষয়ে যে সম্বাদ দিয়াছ তাহাতে অবশ্য বোধ হয় যে আমারদের ভয় অমূলক ছিল না।

৭। তোমারদের এক্ষণকার পত্রে ১৮৪৫ সালের ৪ আইন জারী করণের সম্বাদ লেখা আছে ঐ আইনের দ্বারা আরো এই হুকুম হইল যে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অন্তঃপাতি কোন জিলায় রেজিষ্টরী দপ্তরে দলীলদস্তাবেজের রেজিষ্টরী হইতে পারে। ঐ দলীলসম্পর্কীয় সম্পত্তি বা তাহার কোন অংশ সেই জিলার মধ্যে থাকুক বা না থাকুক সেই জিলায় রেজিষ্টরী হইতে পারে। এই নূতন বিধানেতে অজ্ঞাত কোন রেজিষ্টরীহওয়া দলীলের দ্বারা সম্পত্তির যথার্থ স্বত্ব লোপ হইবার পূর্ব্বাপেক্ষা অধিক সম্ভাবনা হইবেক অতএব পূর্ব্বাপেক্ষা অধিক আবশ্যক হইয়াছে যে রেজিষ্টরী বহীর মধ্যে যে কোন ব্যক্তি অনুসন্ধান করিতে চাহে সেই ব্যক্তি অনায়াসে তাহা করিতে পারে এবং ঐ বহীতে কোন চাতুরী হইতে না পারে এবং দৈবঘটনাপ্রযুক্ত তাহা নষ্ট হইতে না পারে। এই বিষয়ে সর্ব্ব সাধারণ লোকেরদের অত্যন্ত ক্ষতিবৃদ্ধি আছে অতএব আমরা পুনরায় আদেশ করিতেছি যে ১৮৪৪ সালের ২৪ জুলাই তারিখের ১৭ নম্বরী পত্রে এই রেজিষ্টরীর সম্পর্কে যে নানা বিষয় লেখা আছে তাহা অতিসূক্ষ্মরূপে বিবেচনা কর। ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ৮ মে।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 4.

To the Civil and Criminal Authorities in the Lower Provinces.

1st. Constructions Nos. 454, 820 and 1221 and the Circular Order, Nizamut Adawlut, No. 14, dated the 5th December, 1828, having received the reconsideration of the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut for the Lower and North-Western Provinces and being found at variance with other instructions* on the same subject, which declare preliminary enquiry and commitment, in cases of forgery brought to light in the course of judicial proceedings, to be the peculiar duty of the Civil Courts, are hereby rescinded.

2d. In such cases, it will be no longer optional with the Civil Courts, as implied in the several Constructions and the Circular Orders hereby revoked, either to commit the accused for trial be-

* Construction No. 572, Para. 3, Construction No. 704, Circular Order No. 160, dated 29th May, 1835.

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর ও ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

৪৫৪ এবং ৮২০ নম্বরী এবং ১২২১ নম্বরী আইনের অর্থ এবং ১৮২৮ সালের ৫ ডিসেম্বর তারিখের নিজামৎ আদালতের ১৪ নম্বরী সরকুলর অর্ডর আগ্রাস্থ ও কলিকাতাস্থ সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সাহেবরা পুনরায় বিবেচনা করিয়া দেখিয়াছেন যে সেই বিষয়ে অন্যান্য হুকুমে * নির্দ্দিষ্ট আছে যে আদালতসম্পর্কীয় কার্য্যক্রমে জালকাগজ করণের অপরাধ দৃষ্ট হইলে তাহার আদৌ তজবীজ এবং অপরাধিকে সোপর্দ্দ করণের ভার দেওয়ানী আদালতের বিশেষ কর্ম্ম। এই উভয় হুকুমের পরস্পর বৈলক্ষণ্য আছে অতএব পূর্ব্বোক্ত আইনের অর্থ ও সরকুলর অর্ডর রদ হইল।

২। এক্ষণে রদহওয়া নানা আইনের অর্থ ও সরকুলর অর্ডরের অভিপ্রায় এই ছিল যে দেওয়ানী আদালতের সাহেবেরদের যেমত উচিত বোধ হয় সেই মতে তাঁহারা অপরাধি ব্যক্তিকে বিশেষ সেশনে বিচার

* ৫৭২ নম্বরী আইনের অর্থের ৩ দফা এবং ৭০৪ নম্বরী আইনের অর্থ এবং ১৮৩৫ সালের ২৯ মে তারিখের ১৬৯ নম্বরী সরকুলর অর্ডর।

fore a Special Sessions, or to direct a prosecution for forgery, or to declare the party aggrieved by such forgery at liberty to institute a prosecution in the Criminal Court, as to them may seem fitting, but it will be incumbent on those Courts, in all cases of forgery brought to light in the course of judicial proceedings, to conform strictly to the rules prescribed for adoption in cases of perjury by Section 2, Regulation III. of 1801, by Section 3, Regulation VII. of 1813, Section 14, Regulation IV. of 1793, (corresponding with Section 8 Regulation III. of 1803,) and Section 14, Regulation XVII. of 1817.

3rd. The same rule is to be considered applicable, *mutatis mutandis,* to cases of forgery, brought to light in the course of judicial proceedings in a Criminal Court.

4th. These instructions are not intended to exclude from the cognizance of the Magisterial authorities criminal prosecutions for forgery, which may be instituted irrespectively of proceedings in any Civil or Criminal Court.

W. KIRKPATRICK, *Deputy Register.*
Fort William, 13th March, 1846.

No. 6.

To the Criminal Authorities in the Lower Provinces.

The Court are pleased to prescribe the following additions to the rules for the preparation of criminal statements.

Supplementary rules for the preparation of the Magistrate's Statements.

Para. 137. That the Court may be enabled to ascertain to whom delay in the examination and discharge of witnesses may be attributable, the Magistrates will be pleased to make the following addition to Statement No. 2, Part 3, exhibiting the number of witnesses examined by each Magisterial Agent, and the periods during which they were detained in attendance by each. The responsibility of delay, and the duty of explaining its cause, will rest on the officer, whether Magistrate, Assistant or other. before whom it may occur.

The subjoined form can be appended without difficulty to Part 3, Statement No. 2, by simply prolonging the columns and filling up the first column in the manner shown in the exemplar.

হওনার্থ সোপর্দ্দ করিতে পারেন্ অথবা জালসাজীর বিষয়ে নালিশকরণের হুকুম দিতে পারেন অথবা ঐ জালসাজীর দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে ফৌজদারী আদালতে নালিশ করিতে অনুমতি দিতে পারেন্। কিন্তু এক্ষণে দেওয়ানী আদালতের সাহেবেরা আপনারদের বিবেচনানুসারে এই অন্যতর কার্য্য করিতে পারিবেন না কিন্তু উত্তর কালে আদালতের কার্য্যক্রমে কোন জালসাজী দৃষ্ট হইলে ঐ দেওয়ানী আদালতের সাহেবেরদের এই উচিত হইবেক যে ১৮০১ সালের ৩ আইনের ২ ধারা এবং ১৮১৩ সালের ৭ আইনের ৩ ধারা এবং ১৭৯৩ সালের ৪ আইনের ১৪ ধারা (এবং তদনুযায়ি ১৮০৩ সালের ৩ আইনের ৮ ধারা) এবং ১৮১৭ সালের ১৭ আইনের ১৪ ধারায় মিথ্যা শপথ দেওনের অপরাধের বিষয়ে যে সকল বিধি নির্দ্দিষ্ট আছে তদনুসারে অবিকল কার্য্য করেন্।

৩। যে জালসাজী ফৌজদারী আদালতের কার্য্যক্রমে দৃষ্ট হয় তাহার বিষয়ে বিনয়বিশেষে পূর্ব্বোক্ত বিধান খাটিবেক।

৪। কিন্তু এই হুকুমের এমত অভিপ্রায় নহে যে কোন দেওয়ানী বা ফৌজদারী আদালতের কার্য্যের অসম্পর্কে জালসাজীর বিষয়ে যে ফৌজদারী নালিশ হব তাহা মাজিষ্ট্রেটীসম্পর্কীয় কর্ম্মকারকেরা গ্রাহ্য করিতে পারেন্ না।

ডবলিউ কর্কপাত্রিক ' ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ১৩ মার্চ।

---

৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

সদর দেওয়ানী আদালতের সাহেবেরা দেওয়ানী কৈফিয়ৎ প্রস্তুত করণার্থ নীচের লিখিত অতিরিক্ত বিধান নির্দ্দিষ্ট করিতেছেন।

মাজিষ্ট্রেটী কৈফিয়ৎ প্রস্তুত করণার্থ অতিরিক্ত বিধি।

১৩৭ দফা। সাক্ষিরদের জোবানবন্দী লওন ও তাহারদিগকে বিদায় করণের বিলম্ব হইলে সেই অপরাধ কাহার শিরে পড়ে ইহা সদর নিজামৎ আদালত অবগত হইতে পারেন্ এতদর্থে মাজিষ্ট্রেট সাহেবেরদের প্রতি হুকুম হইল যে তিন ভাগের ২ নম্বরী কৈফিয়তে অতিরিক্ত ইহা লেখেন্ যে প্রত্যেক মাজিষ্ট্রেটী কর্ম্মকারক কত সাক্ষির জোবানবন্দী লইলেন এবং প্রত্যেকের সম্মুখে তাহারা কত কালপর্য্যন্ত হাজির ছিল। অতএব বিলম্বের ঝুঁকী এবং তাহার কারণ জানাইবার ভার যে কর্ম্মকারকের কাছারীতে বিলম্ব হইয়াছিল কি মাজিষ্ট্রেট কি আসিষ্টান্ট মাজিষ্ট্রেট কি অন্য ব্যক্তির প্রতি থাকিবেক।

তিন ভাগের ২ নম্বরী কৈফিয়তের সঙ্গে পশ্চাৎ লিখিত পাঠ অনায়াসে সংযোগ হইতে পারে। সুদ্ধ ঘর কিছু লম্বা করিলে এবং নীচের মুসাবিদাঅনুসারে প্রথম ঘরে কথা লিখিলে কার্য্যসিদ্ধি হইতে পারিবেক।

By Mr. —— Magistrate.																
,, —— ,,																
,, —— ,,																
,, —— ,,																
,, —— ,,																
,, —— ,,																

Fort William, 29th April, 1846.

W. KIRKPATRICK, *Deputy Register.*

[*Government Gazette, 23d June,* 1846.]

শ্রীযুত ——মাজিষ্ট্রেট।

" ——— "

" ——— "

" ——— "

" ——— "

" ——— "

ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ২৯ আপ্রিল।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

The 5th June, 1846.

LEAVES OF ABSENCE.

Moulvy Gholam Sufdur, Mahomedan Law Officer of Zillah Midnapore, for 20 days, from the 17th instant.

Baboo Kalleenath Chatterjee, Moonsiff of Pertappore, Midnapore, for fifteen days, in extension of that given before.

The 12th June, 1846.

Mahomed Amah, Moonsiff of Ameergong, Tipperah, for seven days, from the 25th instant, under Medical Certificate.

Raja Bejoynarain, Moonsiff of Durrung, Assam, for one month. from the 25th ultimo, under Medical Certificate.

Moonshee Gureeboollah, Moonsiff of Dhumnagore, Cuttack, for one day.

The leave of absence for 20 days, granted on the 20th ultimo, to Baboo Beneemadhub Shome, Moonsiff of Kuddumgatchee, 24-Pergunnahs, has been cancelled at his own request.

B. J. COLVIN, *Offg. Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

১৮৪৬ সাল ৫ জুন।

ছুটী।

জিলা মেদিনীপুরের ফতওয়ানায়ক শ্রীযুত মৌলবী গোলাম সফদর বর্ত্তমান মাসের ১৭ তারিখঅবধি বিশ দিনের ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরে প্রতাপপুরের মুনসেফ শ্রীযুত বাবু কালীনাথ চাটুয্যা পূর্ব্বে যে ছুটী পান্ তদতিরিক্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ১২ জুন।

ত্রিপুরার আমীরগাঁয়ের মুনসেফ শ্রীযুত মহম্মদ আমা চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ২৫ তারিখ-অবধি সাত দিনের ছুটী পাইয়াছেন।

আসামে ডরঙ্গের মুনসেফ শ্রীযুত রাজা বিজয়নারায়ণ চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ২৫ তারিখ-অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

কটকের ধুমনগরের মুনসেফ শ্রীযুত মুনশী গরীবুল্লা এক দিনের ছুটী পাইয়াছেন।

চব্বিশপরগনার কদমগাছীর মুনসেফ শ্রীযুত বাবু বেণিমাধব সোমকে গত মাসের ২০ তারিখে যে বিশ দিনের ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

বি জে কলবিন।
একটিং রেজিষ্টর।

CIVIL APPOINTMENTS.

No. 1090.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 6th June, 1846.

Mr. W. St. George Williams to have Medical charge of Sandoway in Arracan. This cancels the appointment of Dr. Stokes, dated the 13th ultimo.

The 10th June, 1846.

Mr. A. Grant, ...
Moulavie Mohummut Nazim, ...
Baboo Rajkissen Roy, ...
} to be Members of the Ferry Fund Committee of Furreedpore, vice Mr. J. R. Muspratt, Mahomed Idris Khan and Seebchunder Mookerjee.

রাজকর্ম্মে নিয়োগ।

১০৯০নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ৬ জুন

শ্রীযুত ডবলিউ সেন্ট জর্জ উলিয়মস সাহেব আরাকাণে সান্দোএর চিকিৎসকতা কর্ম্মে নিযুক্ত হইয়াছেন অতএব গত মাসের ১৩ তারিখে শ্রীযুত ডাক্তর স্টোক্স সাহেবের যে নিয়োগ হয় তাহা রহিত হইল।

১৮৪৬ সাল ১০ জুন।

শ্রীযুত জে আর মসপ্রাট সাহেব ও শ্রীযুত মহম্মদ ইদ্রিস খাঁ এবং শ্রীযুত শিবচন্দ্র মুখুয্যার পরিবর্ত্তে শ্রীযুত এ গ্রাণ্ট সাহেব ও শ্রীযুত মৌলবী মহম্মদ নাজিম ও শ্রীযুত বাবু রাজকৃষ্ণ রায় ফরিদপুরে খেদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয়করণের কমিটির মেম্বর হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ২৩ জুন।]

The 12th June, 1846.

Mr. W. J. H. Money to be Additional Judge of Chittagong.

Mr. W. M. Dirom to be Collector of Moorshedabad.

Mr. W. Bell to be Magistrate of Rajeshye, continuing to officiate as Collector of Behar until further orders.

Mr. R. H. Russell to be Magistrate of Sarun.

Mr. W. S. Seton Karr to be a Joint Magistrate and Deputy Collector of the Second Grade.

The appointment of Captain J. Moore to be Commandant of the Local Corps at Moulmein, and Police Magistrate for that Town, published in the *Bengalee Government Gazette* on the 2d instant, is cancelled.

The 13th June, 1846.

Mr. G. C. Cheap, Civil and Sessions Judge of Rajeshye, made over charge of the current duties of his office to the Principal Sudder Ameen on the 3d instant, to proceed on Circuit duty.

Mr. Welby Jackson, Officiating Temporary Judge of the Sudder Dewanny and Nizamut Adawlut, resumed charge of his office on the 9th instant.

Mr. H. B. Brownlow, Civil and Sessions Judge of Cuttack, resumed charge of his office, and that of the Special Commissioner of Cuttack on the 1st instant.

Mr. M. S. Gilmore, Magistrate, Collector and Salt Agent of Central Cuttack, resumed charge of his office on the 1st instant.

Mr. A. Smelt, Civil and Sessions Judge of East Burdwan assumed charge of his office on the 6th instant.

Mr. W. Luke, Collector of East Burdwan, resumed charge of his office on the 8th instant.

Mr. G. D. Wilkins, Magistrate of East Burdwan, resumed charge of his office on the 8th instant.

LEAVE OF ABSENCE.

The 10th June, 1846.

Baboo Radhanath Gangolee, Deputy Collector under Regulation IX. of 1833 in 24-Pergunnahs, for two weeks under Medical Certificate.

NOTIFICATION.

The 10th June, 1846.

The Reverend Charles Dillon Hamilton, appointed by the Honourable the Court of Directors an Assistant Chaplain on the Bengal Establishment, reported his arrival on board the Ship "Plantagenet," which Vessel reached Kedgeree on the 2d instant.

By order of the Honourable the Deputy Governor of Bengal,

F. J. Halliday,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 23d *June*, 1846.]

১৮৪৬ সাল ১২ জুন।

শ্রীযুত ডবলিউ জে এচ মনি সাহেব চাটিগাঁর অতিরিক্ত জজ হইবেন।

শ্রীযুত ডবলিউ এম ডিরম সাহেব মুরশিদাবাদের কালেক্টর হইবেন।

শ্রীযুত ডবলিউ বেল সাহেব রাজশাহীর মাজিষ্ট্রেট হইবেন ও অন্য হুকুম না হওনপর্য্যন্ত বেহারের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত আর এচ রসেল সাহেব সারণের মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত ডবলিউ এস সিটন কার সাহেব দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

মৌলমিনে সৈন্যেরদের অধ্যক্ষতা কর্ম্মে এবং ঐ নগরের পোলীসের মাজিষ্ট্রেটী কর্ম্মে শ্রীযুত কাপ্তান জে মোর সাহেবের যে নিয়োগ বর্ত্তমান মাসের ২ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তাহা রহিত হইয়াছে।

১৮৪৬ সাল ১৩ জুন।

রাজশাহীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জি সি চীপ সাহেব দায়েরসায়েরী কর্ম্মে গমনার্থ বর্ত্তমান মাসের ৩ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের কিঞ্চিৎ কালের একটিং জজ শ্রীযুত ওএলবি জাকসন সাহেব বর্ত্তমান মাসের ৯ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

কটকের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ বি ব্রৌণলো সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে আপনার কর্ম্মের এবং কটকের স্পেসিয়ল কমিস্যনরী কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

মধ্যম কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট শ্রীযুত এম এস গিলমোর সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

পূর্ব্ব বর্দ্ধমানের সিবিল ও সেশন জজ শ্রীযুত এ স্মেল্ট সাহেব বর্ত্তমান মাসের ৬ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

পূর্ব্ব বর্দ্ধমানের কালেক্টর শ্রীযুত ডবলিউ লুক সাহেব বর্ত্তমান মাসের ৮ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

পূর্ব্ব বর্দ্ধমানের মাজিষ্ট্রেট শ্রীযুত জি ডি উইলকিন্স সাহেব বর্ত্তমান মাসের ৮ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

ছুটী।

১৮৪৬ সাল ১০ জুন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে চব্বিশপরগনাতে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাধানাথ গাঙ্গুলি চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ১০ জুন।

শ্রীযুত পাদরি চার্লস ডিলন হামিল্টন সাহেব শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের আসিষ্টাণ্ট ধর্ম্মোপদেশকতা কর্ম্মে নিযুক্ত হইয়া "প্লাণ্টাজিনেট" নামক জাহাজে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন্ ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২ তারিখে খাজুরীতে পঁহুছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No. 1108.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 17th June, 1846.

Mr. A. R. Young to be an Under Secretary to the Government of Bengal.

Mr. W. Luke, Dr. A. C. Macrae, } to be Members of the Ferry Fund Committee of East Burdwan.

Mr. J. Macleod, Deputy Collector under Regulation IX. of 1833, in Shahabad, is promoted to the first Grade.

Mr. W. Ainslie to be an Assistant to the Magistrate and Collector of Cuttack.

LEAVES OF ABSENCE.

The 13th June, 1846.

Lieutenant C. S. Reynolds, Junior Assistant to the Commissioner of Assam, for one month, from the 2d instant to the 2d proximo, on private affairs.

The 15th June, 1846.

Mr. E. Jackson, Assistant to the Magistrate and to the Collector of Shahabad, for one month, under Section XI. of the Amended Absentee Rules.

NOTIFICATIONS.

The 17th June, 1816.

Mr. R. E. Cunliffe, Magistrate and Collector of Dacca, made over charge of his offices to Mr. B. H. Cooper on the 9th instant.

Mr. H. Atherton, Officiating Collector of Backergunge, made over charge of the Treasury and current duties of his office to Mr. A. Money on the 12th instant, preparatory to proceeding to the interior on public duty.

Mr. R. T. Tucker, of the Civil Service, embarked for England on board the Ship "Swithamby," which Vessel was left by the Pilot at Sea on the 11th instant.

By order of the Honourable the Deputy Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

১১০৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ১৭ জুন।

শ্রীযুত এ আর ইয়ং সাহেব বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী হইবেন।

শ্রীযুত ডবলিউ লুক সাহেব ও শ্রীযুত ডাক্তর এ সি মাক্রে সাহেব পূর্ব্ব বর্দ্ধমানে খেদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে শাহাবাদে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত জে মাকলৌড সাহেব প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ এন্সলি সাহেব কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ১৩ জুন।

আসামের কমিস্যনর সাহেবের ছোট আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট সি এস রেনল্ডস সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ২ তারিখঅবধি আগামি মাসের ২ তারিখপর্য্যন্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ১৫ জুন।

শাহাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত ই জাকসন সাহেব ছুটী প্রাপণবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ১৭ জুন।

ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর ই কনলিফ সাহেব বর্ত্তমান মাসের ৯ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত বি এচ কুপর সাহেবের প্রতি অর্পণ করেন্।

বাকরগঞ্জের একটিং কালেক্টর শ্রীযুত এচ আথর্টন সাহেব সরকারী কর্ম্মোপলক্ষে মফঃসলে গমনের পূর্ব্বে বর্ত্তমান মাসের ১২ তারিখে খাজানাখানার এবং আপনার কাছারীর চলিত কর্ম্মের ভার শ্রীযুত এ মনি সাহেবের প্রতি অর্পণ করেন্।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত আর টি টকর সাহেব "সুইথাম্বি" নামক জাহাজে ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১১ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No. 1127.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 17th June, 1846.

Mr. R. N. Shore to be Superintendent of Survey in Bhaugulpore, and to exercise the full powers of a Collector under Regulations VII. 1822 and IX. 1825, in Purneah, Bhaugulpore, Dinagepore, Rungpore, Maldah, Monghyr, Beerbhoom and Moorshedabad.

১১২৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ১৭ জুন।

শ্রীযুত আর এন শোর সাহেব ভাগলপুরে জরিপী কর্ম্মের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন এবং ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনানুসারে পুরণিয়াতে ও ভাগলপুরে ও দিনাজপুরে ও রঙ্গপুরে ও মালদহে ও মুঙ্গেরে ও বীরভূমে এবং মুরশিদাবাদে কালেক্টর সাহেবের সম্পূর্ণ ক্ষমতানুসারে কর্ম্ম করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ২৩ জুন।]

Mr. W. B. Buckle to be a Joint Magistrate and Deputy Collector of the 2d Grade.

Mr. E. Jackson to be a Member of the Ferry Fund Committee of Shahabad.

Mr. C. Archer, Civil Assistant Surgeon of Nuddea, to be also Register of Deeds in that District.

Mr. J. H. Reilly, Deputy Collector under Regulation IX. of 1833, in Jessore, is promoted to the 1st Grade.

Mr. R. T. W. Betts, Deputy Collector under Regulation IX. of 1833, in Hooghly, is promoted to the 1st Grade.

The 20th June, 1846.

Baboo Radhamohun Chowdry, Moonsiff of Rajarampore in Dinagepore, to be a Moonsiff of the 1st Grade, vice Moulavie Gholam Nujjuff deceased.

LEAVES OF ABSENCE.

The 17th June, 1846.

Baboo Oomakaunt Sein, Commissioner of Soonderbuns, for six weeks, under Medical Certificate, making over charge of his office to Mr. Uncovenanted Deputy Collector A. T. Smith.

Bhogeruth Bur Sanaputty, Sudder Ameen of Luckimpore, to the 1st proximo, in extension of the leave of absence granted to him on the 16th ultimo.

Baboo Kalachund Dey, Sub-Assistant Surgeon, attached to the Bhowanipore Dispensary, for three months, under Medical Certificate.

Baboo Chunder Sein Roy, Principal Sudder Ameen of Kamroop, from the 2d to the 16th instant, on private affairs.

NOTIFICATIONS.

The 20th June, 1846.

Mr. W. M. Dirom made over charge of the Sarun Collectorate to Mr. J. Combe on the 10th instant.

Mr. H. Nelson assumed charge of the Sub-Division of Farruckabad on the 9th instant.

By order of the Honourable the Deputy Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

শ্রীযুত ডবলিউ বি বকল সাহেব দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত ই জাকসন সাহেব শাহাবাদে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

নদীয়ার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত সি আর্চর সাহেব ঐ জিলাতে দলীলদস্তাবেজের রেজিষ্টরও হইবেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে যশোহরে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এচ রাইলি সাহেব প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে হুগলীতে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত আর টি ডবলিউ বেট্‌স সাহেব প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৪৬ সাল ২০ জুন।

মৌলবী গোলাম নজফের মৃত্যু হওয়াতে দিনাজপুরের রাজারামপুরের মুনসেফ শ্রীযুত বাবু রাধামোহন চৌধুরী প্রথম শ্রেণীর মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ১৭ জুন।

সুন্দরবনের কমিস্যনর শ্রীযুত বাবু উমাকান্ত সেন চিকিৎসকের সার্টিফিকটক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন ও আপনার সিরিশ্‌তার কর্ম্মের ভার অচিহ্নিত ডেপুটী কালেক্টর শ্রীযুত এ টি স্মিথ সাহেবের প্রতি অর্পণ করিয়াছেন।

লক্ষ্মীপুরের সদর আমীন শ্রীযুত ভগীরথ বর সেনাপতি গত মাসের ১৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত আগামি মাসের ১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

ভবানীপুরের ঔষধালয়ে নিযুক্ত সহ-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু কালাচাঁদ দে চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

কামরূপের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু চন্দ্রসেন রায় স্বীয় কার্য্যোপলক্ষে বর্ত্তমান মাসের ২ তারিখঅবধি ১৬ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ২০ জুন।

শ্রীযুত ডবলিউ এম ডিরম সাহেব বর্ত্তমান মাসের ১০ তারিখে সারণের কালেক্টরী কর্ম্মের ভার শ্রীযুত জে কুম সাহেবের প্রতি অর্পণ করেন্।

শ্রীযুত এচ নেলসন সাহেব বর্ত্তমান মাসের ৯ তারিখে ফরক্কাবাদের এলাকার কর্ম্মের ভার গ্রহণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

EDUCATION NOTICE.

The next Meeting of the Committee appointed for the examination of Candidates for promotion and employment in the Education department, will be held in the Hindoo College, on Saturday, the 4th of July, 1846, at 10 A. M.

Detailed particulars of the nature and extent of the examination: the number of vacancies in the Department, &c. &c., will be afforded by the Secretary to the Council of Education to all Candidates on personal application.

(By order,)

F. J. MOUAT, M. D.,
Secretary.

Council of Education, 19th June, 1846.

[*Government Gazette, 23d June,* 1846.]

বিদ্যাধ্যাপনের ইশ্‌তিহার।

বিদ্যাধ্যাপনের ডিপার্টমেন্টে উচ্চ পদ প্রাপণের এবং কর্ম্মে নিযুক্ত হওনের আকাঙ্ক্ষিরদের পরীক্ষার্থ কমিটির আগামি বৈঠক ১৮৪৬ সালের ৪ জুলাই তারিখ শনিবার বেলা দশ ঘন্টার সময়ে হিন্দূ কালেজে হইবেক।

পরীক্ষার প্রকার এবং যেপর্য্যন্ত পরীক্ষ হইবেক ও বিদ্যাধ্যাপনের ডিপার্টমেন্টে যত পদ শূন্য আছে ইত্যাদি বিস্তারিত বৃত্তান্ত কর্ম্মাকাঙ্ক্ষী যে কোন জন বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেবের নিকটে নিজে উপস্থিত হইয়া জানিতে চাহেন তিনি তাঁহার স্থানে জানিতে পারিবেন।

হুকুমক্রমে।

এফ জে মৌআট।
সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৬ সাল ১৯ জুন।

OPIUM. আফিম।

ফোর্ট উলিয়ম আফিম দপ্তর সন ১৮৪৬ সাল তারিখ ৮ জুন মোতাবকে বাঙ্গলা সন ১২৫৩ সাল তারিখ ২৭ জ্যৈষ্ঠ।

এস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৬ সাল তারিখ ২৯ জুন মোতাবকে বাঙ্গলা সন ১২৫৩ সাল তারিখ ১৬ আষাঢ় সোমবার পূর্বাহ্নে দিবা এগার ঘন্টার সময় মোকাম কলিকাতার এক্সচেঞ্জঘরে নীচের লিখিত মেকদার সন ১৮৪৪। ৪৫ সালের পয়দায়শী আফিম সমুদ্রপথে রপ্তানির জন্য নীলামে পশ্চাৎ লিখিত সরুতে বিক্রয় করা যাইবেক।

বেহারের পয়দায়শী আফিম	৩৪৭৬/
বানারসের পয়দায়শী আফিম........................	১৫৬২/
জুমলা সিন্দুক	৫০৩৮/

নীলামের শরত।

১ দফা। পূর্ব্বোক্ত আফিমসকল সমুদ্রপথে রপ্তানির জন্য বিক্রয় করা যাইবেক এবং এইরূপ রপ্তানির মালভিন্ন অন্য কোন বাবতে সর্টিফিকেট দেওয়া যাইবেক না।

২ দফা। ফিসিন্দুক আফিম ন্যূনসংখ্যা কোং ৪০০৲ টাকা দরে নীলামে ধরা যাইবেক তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে চাহিবেক তাহাকে বিক্রয় করা যাইবেক।

৩ দফা। যদি ঐ দিবসের নীলামে সমুদয় ৫০৩৮/ সিন্দুক আফিম বিক্রয় না হয় তবে পরমিট নেমক ও আফিম বোর্ডের সাহেবান আলিশানের এক্তিয়ার রহিল যে যে সকল লাটহায় বাকী থাকিবেক তাহা তাহার পর আগামি নীলামে বিক্রয়ার্থে অর্পণ করিবেন।

৪ দফা। ঐ আফিমের ফিলাট ৫ সিন্দুকে হইবেক।

৫ দফা। ঐ নীলামে আফিম খরিদকরণের সময় নীলাম ঘরের ভিতর ও খরিদারের নামে লাট রেজিষ্টরী হওনের পূর্ব্বে ফিলাট ১০০০৲ টাকার হিসাবে অর্থাৎ ফিসিন্দুক ২০০৲ টাকার হিসাবে আমানৎ পেশগী বাবতে দর্শনি প্রামিস্বরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিতে হইবেক আর আগামি সন ১৮৪৬ সালের ২ জুলাই বৃহস্পতিবার বেলা দুই প্রহর চারি ঘন্টার পূর্ব্বে বোর্ডের দপ্তরখানায় আসিয়া সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ এওজ দিয়া পূর্ব্বোক্ত দর্শনি প্রামিস্বরি নোটসকল খালাস করিতে হইবেক কিন্তু নিরূপিত সময় মধ্যে যদি খালাস না করে তবে যে সকল লাটহায়ের আমানৎ পেশগীর হিসাবে টাকা অথবা সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ দাখিল না হইবেক তাহা বোর্ডের সাহেবান যে সময় ও নিয়ম স্থির করিবেন সেই সময়ে সেই নিয়মানুসারে ছানি নীলামে বিক্রয় হইবেক তাহাতে যে লোকসান ও খরচখরচা পড়িবেক তাহা পূর্ব্বোক্তমতে যাহারদিগের আমানৎ পেশগী দাখিল করিতে ত্রুটি হইবেক তাহারদিগকে দিতে হইবেক ও মুনফা যদ্যপি হয় তাহা কোম্পানি বাহাদুরের সরকারে জব্দ হইবেক।

৬ দফা। ঐ নীলামের দিবস পূর্ব্বোক্ত শরতমতে যে সকল প্রামিস্বরি নোট লওয়া যাইবেক তাহা যদি আগামি পূর্ব্বোক্ত সন ১৮৪৬ সালের ২ জুলাই তারিখে খালাস না হয় তবে ঐ সকল নোট কোম্পানির তরফ উকীলের স্থানে দেওয়া যাইবেক তাঁহাকে যেমত উচিত বিবেচনা হইবেক সেই মত তিনি ঐ নোটের বাবৎ টাকা আদায় করিবেন।

৭ দফা। যে আফিমের বাবৎ আমানৎ পেশগীর টাকা ঐ ২ জুলাই তারিখে দিবা দুই প্রহর চারি ঘন্টার পূর্ব্বে দাখিল না হইবেক তাহার হিসাবে কোন টাকা কিম্বা সব সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ পশ্চাৎ লওয়া যাইবেক না।

৮ দফা। যে সকল আফিম বিক্রয়ার্থে এইক্ষণে এস্তেহার দেওয়া যাইতেছে তাহার কিম্মতের বেবাক টাকা নীলামের তারিখ ইস্তক ১ এক মাহার মধ্যে দাখিল করিতে হইবেক অর্থাৎ সন ১৮৪৬ সালের ২৯ জুলাই বুধবার দিবা দুই প্রহর চারি ঘন্টার পর উক্ত কিম্মতের বাবৎ ট্রেজরীর রসিদ আর লওয়া যাইবেক না যে আফিমের কিম্মত পূর্ব্ব লিখিত মেয়াদের দিবস কিম্বা মেয়াদের পূর্ব্বে দাখিল হইয়া হিসাব রফা না হইবেক তাহার ঐ পূর্ব্বোক্ত ফিলাট ১০০০৲ টাকার হিসাবে অর্থাৎ ফিসিন্দুক ২০০৲ টাকার হিসাবে যে আমানৎ পেশগীর নগদ টাকা অথবা কোন রকম কোম্পানির কাগজ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকিবেক তাহা সরকারে জব্দ হইবেক পরে বোর্ড পরমিট নেমক ও আফিমের সাহেবান আলিশান দ্বারা যে তারিখে যে প্রকার নীলাম করা উচিত বিবেচনা হইবেক সেই দিবস সেই প্রকার ঐ আফিম সরকার বাহাদুরের নিজ হিসাবে বিক্রয় হইবেক।

৯ দফা। যে সকল খরিদারান পূর্ব্বোক্ত মতে বেবাক টাকা দাখিল করিয়া আফিমের সর্টিফিকেট অর্থাৎ আফিম বাহির করিবার হুকুম লইবেক তাহারদিগের এক্তিয়ার রহিল যে আপন খরিদা আফিমের প্রত্যেক সর্টিফিকেটের মধ্যে কত লাট আফিম দরাজ করিতে চাহে তাহা বিশেষ করিয়া জানায় কারণ ইহা স্পষ্টরূপে জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্ত মতে যে সকল সর্টিফিকেট একবার লইয়া যাইবেক তাহাতেই চূড়ান্ত হইবেক এবং ঐ সর্টিফিকেটের পরিবর্ত্তে পশ্চাৎ অন্য কোন সর্টিফিকেট অথবা হুকুম যাহাতে একং লাট করিয়া খালাস হইতে পারে অথবা প্রথম যত লাট কিম্বা সিন্দুকের জন্য সর্টিফিকেট দেওয়া যায় তাহা ভিন্ন অন্য কোন প্রকারে কমিবেসি পরিমাণ খালাস হইতে পারে এমত সর্টিফিকেট এওজ দেওয়া যাইবেক না।

১০ দফা। এই এস্তেহারের ৫ দফার লিখিত নিয়মানুসারে আমানতের হিসাবে যে কোন কোম্পানির কাগজ অথবা সবট্রেজরর রসিদ দাখিল করিয়া লইতে হইবেক তাহা কেবল যে সকল খরিদারের নাম সেলসহিতে লেখা থাকে তাহারদিগের নিকটহইতে অথবা তাহারদিগের এজেন্ট অর্থাৎ মোক্তারের নিকটহইতে লওয়া যাইবেক এবং ঐরূপ আমানৎ পেশগী দাখিলের রসিদ কেবল ঐ পূর্ব্বোক্ত খরিদারের নামে হইবেক ও আফিম মজ্রা করা খালাস হইলে পর পূর্ব্বোক্ত কোম্পানির কাগজ তাহারদিগকে অথবা তাহারদিগের বরাতি লোককে ফিরাইয়া দেওয়া যাইবেক।

১১ দফা। শ্রীযুত সাহেবান আলিশান বোর্ডের তরফ যে সাহেব নীলামে সুপ্রিন্টেণ্ডেণ্ট হইবেন তাঁহার এমত এক্তিয়ার আছে যে তিনি তাঁহার বিবেচনানুসারে কোন ব্যক্তির ডাক অগ্রাহ্য করেন কিন্তু যদিস্যাৎ তাহার যত লাট খরিদ করণার্থে ডাকিবেক তাহার ফিলাট ১০০০৲ টাকার হিসাবে অর্থাৎ ফিসিন্দুক ২০০৲ টাকার হিসাবে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ২৩ জুন।]

বাঙ্গাল বেঙ্ক নোট কিম্বা সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ দাখিল করে তবে তাহারদিগের ডাক অগ্রাহ্য করিবেন না।

১২ দফা। নীলামী খরিদারের এমত এক্তিয়ার আছে যে প্রথম যে লাট খরিদ করিবেক সেই লাট নম্বর-হইতে যত লাট সে মোকামের মাল খরিদ করিতে চাহে তাহা তৎক্ষণাৎ প্রকাশ করিয়া কহে এবং তদনুসারে খরিদ করে এমতে পহিলা লাটঅবধি ৫০ লাটের অধিক না হয় ও ঐ প্রকার খরিদা লাটহায়ের ফিলাট ১০০৲ টাকার হিসাবে ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগী দিতে হইবেক এবং এই দরে অর্থাৎ প্রথম লাটের দরে বাকী লাটহারের কিম্মত কিসিন্দুক হিসাব করিয়া দাখিল করিতে হইবেক এমতে যদিস্যাৎ এত লাট গরবিক্রী থাকে যাহাতে ঐ ৫০ লাট পূরা হইতে পারে তবে পাইবেক নতুবা পাইবেক না।

১৩ দফা। এই এস্তেহারের লিখিত আফিমের বিক্রীসম্পর্কীয় কিম্বা ঐ আফিমের হিসাব রফার বিষয়ে কোন বিবাদ অথবা গরমেল উপস্থিত হইলে তাহা সুবে বাঙ্গালার সুপ্রিম কোর্ট আদালতের বিচারে নিষ্পত্তি হইবেক আর খরিদারেরদিগের মধ্যে কেহ ঐ আদালতের এলাকার অধীন নহে বলিয়া কোন আপত্তি করিলে তাহা গ্রাহ্য হইবেক না।

১৪ দফা। নীচের লিখিত তফসীলের মাফিক কাগজাত ও যে আফিম বিক্রয় হইবেক তাহার নমুনা নীলামের দিবস দেখান যাইবেক অথবা তাহার পূর্ব্বে বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১ নং যে আফিম বিক্রয়কারণ এইক্ষণে এস্তেহার হইল তাহার সর্টিফিকেট।
২ নং ঐ আফিমের তজবীজের রিপোর্ট।

১৫ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৪৪। ৪৫ সালের বেহার ও বানারসের আফিম তৈয়ারি কারণ গত সনহায়ের মত এহতিয়াত ও খবরদারি করা গিয়াছে বিশেষত আফিমের নোচ শুদ্ধা নির্ভেজ প্রস্তুত করিয়া পাটাইতে এবং গুটা তৈয়ারি কারণ নিয়মিত পরিমাণ পাতি ব্যবহার করিতে এবং প্রতিগুটীতে সমান ভাগ আফিম রাখিতে সাবধান হওয়া গিয়াছে আফিম মজকুরের বেহার ও বানারসের মোকামি ওজনের হিসাব ও ঐ মোকামের ফিতালানহইতে ছয় সিন্দুক করিয়া কলিকাতায় যে ওজন করা যায় তাহার গড় ওজনের হিসাব বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় তল্লাস করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১৬ দফা। গত দুই সনের পয়দায়শী যে চারি সিন্দুক বেহার ও বানারসের আফিম রাখা গিয়াছে তাহা নীলামের দিবস খরিদারান লোককে দেখান যাইবেক তদ্দৃষ্টে বেপারিয়ান বিবেচনা করিতে পারিবেন যে কি প্রকার নিকৃষ্টাবস্থায় ঐ আফিম রহিয়াছে।

জানের মাহার নীলামে		৯৫
ফি[illegible]মারি	ঐ	৪০
এপরেল	ঐ	৮৫
মে	ঐ	১০
জুন	ঐ	৭০
সিন্দুক		৩০০

১৭ দফা। ইঙ্গরেজ ও ফরাশীস উভয়ের ১৮১৫ সালের ৭ মার্চ তারিখের একরারনামার ৬ ষ্ঠ দফা বমোজিব ফরাসের হাকিমানকে ৩০০ সিন্দুক আফিম দেয় তাহা তাহারদের লিখিত দফানুসারে লওনার্থে তাঁহারা দরখাস্ত করিয়াছেন তদর্থে এস্তেহার দেওয়া যাইতেছে যে যদ্যপি নিয়মিত মেয়াদ মধ্যে অর্থাৎ নীলামের দিবসঅবধি ১ এক মাহার মধ্যে ঐ আফিমের তাবৎ অথবা তাহার মধ্যে কতক আফিম খালাস না করেন তবে সেই আফিম কিম্বা যে পরিমাণ আফিম গরখালাসি থাকিবেক তাহা হর কিস্মত আদায়ের মেয়াদ গতে যে নীলাম উপস্থিত হইবেক সেই নীলামে অথবা এক স্বতন্ত্র নীলামে বিক্রয় করা যাইবেক।

বমোজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি।

এচ টরেন্স। সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশতিহার।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সনের ১ প্রথম আইনের ৬ ধারানুসারে জিলা শ্রীহট্টের সংক্রান্ত নীচের লিখিত মহাল সন ১৮৪৬ ইংরেজির কিস্তী জানুআরিপর্য্যন্ত পাওনা বাকী মালগুজারির নিমিত্ত সন ১৮৪৬ ইংরেজির মাহে ১ জুলাই মোতাবেক সন ১২৫৩ বাঙ্গলা মাহে ১৮ আষাঢ় রোজ বুধবার কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজর নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৬ ইং ১১ জুন।

নম্বর শ্রেণী	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১৮৪৬ইং জানুআরি মাসের কিস্তী পর্য্যন্তের পাওনা বাকী	[illegible]
১.	ইস্তমুরারি জমাধার্য্য হওয়া মহাল	১৩	পরগনে ঢাং শএশতি তালুক শ্রীচন্দ্র রায়	যুগলকিশোর দাস ও গয়রহ	৪৮৲	৪॥৵১১	
২	ঐ	১	পরগনে বেড়ালা মহাল হানা বাদি তাং বাহাদুর বক্তা জমীদার	আন্টনী মুজক বিনা ছিটি সাহেব	১৭।৬	৮॥৵৩	

A. S. ANNAND, *Offg. Collector.*

[*Government Gazette, 23d June,* 1846.]

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৬। ২৩ জুন।]

এত্তলানামা কাছারী কালেক্টরী জিলা বাকরগঞ্জ সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ প্রথম আইনের ৬ ধারানুসারে নীচের লিখিত মহালাত সন ১২৫২ বাঙ্গলার লাগায়ত কিস্তী ফাল্গুণের পাওনা মালগুজারি আদায়ের নিমিত্তে সন ১৮৪৬ ইঙ্গরেজীর ২৫ আপ্রিল মোতাবেক সন ১২৫৩ বাঙ্গলা ১৪ বৈশাখ রোজ শনিবার এই কাছারীতে নীলামে ধরা যাইয়া ডাক দেওয়াতে খরিদারান নীলাম খরিদ করিয়া রিতীমতে বায়নার টাকা দাখিল করিয়াছিলেক পরে নিয়মিত মেয়াদ মধ্যে বাকী মুল্য সরকারী ধনাগারে দাখিল না করাতে উক্ত আইনের ১১ ধারার মর্ম্মানুসারে খরিদারানের দাখিলী বায়নার টাকা সরকারে জব্দ ও নীচের লিখিত মহালাত পুনর্নীলাম করা আবশ্যক হইয়া উপরোক্ত ৬ ধারাক্রমে এত্তলানামা দেওয়া যায় যে মহালাত মজকুরান সন ১৮৪৬ ইঙ্গরেজী ২৪ জুন মোতাবেক সন ১২৫৩ বাঙ্গলা ১১ আষাঢ় রোজ বুধবার এই কালেক্টরী কাছারীতে বিনাওজরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৬ ইঙ্গরেজী তারিখ ৩০ মেই মোতাবেক সন ১২৫৩ বাঙ্গলা তারিখ ১৮ জ্যৈষ্ঠ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকী খাজানা লাং কিং ফাল্গুণের সন ১২৫২ বাং	মন্তব্য কথা
১	ইস্তমুরারী জমা ধার্য্য হওয়া মহাল	১০৫৩	খারিজা পরগনে বাঙ্গরোড়া রামকেশব চক্র তালুক...	লালচাঁদ সাহা... ...	২৶২	২৶২	ষোলআনা মহাল নীলাম বিক্রয় হইবেক
	ঐ	২৭১০	খারিজা পরগনে উত্তর সাহাবাজপুর গোকুল চক্রবর্ত্তী তালুক	রামকানাই চক্রবর্ত্তী...	৯ ।৶৩	৯ ।৶৩	ঐ
	ঐ	৩১৪৪	খারিজা পরগনে শ্রীরামপুর জান মামুদ তালুক ...	মুন্সী আহম্মদ জান ও নওয়াবজান... ...	৫ ।/৪	৫ ।/৪	ঐ
	ঐ	৩১৭৩	খারিজা পরগনে তথা মানুল্লা তালুক	মানুল্লা	১৷/৭৷৷	১৷/৭৷৷	ঐ
৬	বাকী মালগুজারি যে রুপে আদায় হয় সেই রুপে আদায় করণের দাওয়ার নিমিত্তে বিক্রয়হওয়া মহাল	•	খারিজা পরগনে বাঙ্গরোড়া তালুক নিমচাঁদ গুপ্ত কিং ভরসাকাটী ওশত তালুক ভৈরবচন্দ্র গুপ্ত	ভৈরবচন্দ্র গুপ্ত... ...	১৩০১	পং চন্দ্রদ্বীপের হিং ৷১২৷৷= ক্রাম্বের ক্রোক সরবোহকার মেং ক্রেডিরিক নিথানিয়াল হাকিঞ্জ সাহেব ও তস্য জামিনদার ভৈরবচন্দ্র গুপ্ত ও রামকানাই গুপ্ত ও ভগবানচন্দ্র দাস ও তারিণীপ্রসাদ সেন ও গুরুপ্রসাদ সেন ও কামানদ্দীন ও চম্পকমালা ও কালাচাঁদ চক্রবর্ত্তী ও সোণামণি দেব্যা ও নবকিশোর দাস ও হরচন্দ্র রায় ও জগমোহন রায় ও মোহন মালা বাং সন ১২৫২ সালের ইং বৈশাখ লাং ৮ মাঘ নিকাস আমলের তহবীল বাকী ৭৬০৬৷৷/৪৻৮ উক্ত নিকাসের খরচ বাজেআপ্তি ৩৩৬।৶ ৭৯৪২ ৷৷ ৪৻৮	এই ওশত তালুকমধ্যে ভৈরবচন্দ্র গুপ্ত জামিনদারের যে হক

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজী তে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকী খাজানা লাং কিং ফাল্গুণের সন ১২৫২ বাং	মন্তব্য কথা
৬	বাকী মালগুজারি যেরূপে আদায় হয় সেইরূপে আদায়কর ণের দাওয়ার নিমিত্তে বিক্রয়হওয়া মহাল ...	০	কলমির চর মহাল কলমি চর তরপ নীলাম খরিদা তাং কীর্ত্তিচন্দ্র দাস ও রবিলোচন দাস ওশত তাং গোবিন্দপ্রসাদ রায় গং তন্মধ্যে হাওলা রাধাকান্ত সেন হিং ॥৵ আনা মধ্যে কিং বেতড়াখালি ও হরিদ্রাখালি ও মধুখালি ওশত হাং তারিণীপ্রসাদ সেন ও গুরুপ্রসাদ সেন	তারিণীপ্রসাদ সেন ও গুরুপ্রসাদ সেন ...	১৮২ ।৵৪।১৬	ঐ	এই ওশত হাওলা মধ্যে তারিণীপ্রসাদ সেন ও গুরুপ্রসাদ সেন জমিনদারানের যে হক
ঐ	ঐ	০	উক্ত মহাল তাং ওশত তাং মধ্যে হাং গঙ্গাধর রায় হিং ৵ আনি তন্মধ্যে নিং হাং তারিণীপ্রসাদ সেন ...	ঐ	২১৵৪	ঐ	এই নিম হাওলা মধ্যে উক্ত জমিনদারের যে হক
ভাগলপুরের কালেক্টর শ্রীযুত সি ডি রসেল সাহেব আপন কর্ম্মের ভার আপনার আসিষ্টান্ট শ্রীযুত ডবলিউ সি ওয়াটসন সাহেবের প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ২২ জুন।

পূরণিয়ার মাজিষ্ট্রেট শ্রীযুত জি এল মার্টিন সাহেব ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের বিধির ১১ ধারানুসারে এবং ১৮৪৪ সালের ২৩ আগষ্ট তারিখের ফিনান্সিয়ল নির্দ্ধারণক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিপুরার সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত ই ফোকর সাহেব চেরাপুঞ্জিতে গমনার্থ চিকিৎসকের সর্টিফিকটক্রমে আঠারো মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ২৪ জুন।

ময়মনসিংহের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত আর ই কনলিফ সাহেব বর্ত্তমান মাসের ১৮ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

শ্রীযুত টি ও মেন সাহেব শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশ্‌তায় নিযুক্ত হইয়া "মাদাগাস্কর" নামক জাহাজের দ্বারা পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১৮ তারিখে খাজুরীতে পঁহুছিয়াছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

,J ANDAD VERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

সং [illegible] ত্তছে যে ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারানুসারে ঢাকা জিলার নীচের লিখিত বন্দোবস্তী মহা [illegible] ১২৫২ [illegible] চৈত্রপর্য্যন্তের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে ইং ১৮৪৬ সনের ১৮ জুলাই সনের ৪ শ্রাবণ শা [illegible] জিলা ঢাকার শ্রীযুত কালেক্টর সাহেবের কাছারীতে বিনাওজরে বাজ নীলামে ক এবং নিতান্ত বিক্রী হইবেক ইতি সন ১৮৪৬ ইং তারিখ ১৮ জুন মোং সন ১২৫৩ বাং তারিখ ৫ আষাঢ়।

[illegible]	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মালিকের নাম	[illegible]	১২৫২ সনের লাং ফাল্গুণের বাকী	মন্তব্য কথা
১	ইস্তমুরারি বন্দোবস্তী মুহালাত	১৮৯৪	যুজিনে দৌলতপুর পং ইশাখাবাদ তং জলাকুনপুর তাং কেমেশ্বরী জগমোহন যুগলহরি মণিরাম নিং দৌলত খাঁ … …	দৌলত খাঁ	১/১	॥/	এই বাকীর কারণ ১৮৪৬সনের ২২ আপ্রিল নীলাম হয় তাহাতে খরিদার ত্রিশ দিবসের দিন বাকী কিস্মত না দেওয়াতে তাহার দাখিলি বায়না সরকারে জব্দ হইয়াছে ১৬ ধারামতে মহাল বাজ নীলাম হইবেক ইতি।
	ঐ	৭০৮২	যুজিনে রাজনগর চাং ফুলবাড়িয়া তাং দেবীপ্রসাদ বসু হিং শ্রীধর মিত্র নিং গৌরচন্দ্র সিংহ … …	গৌরচন্দ্র সিংহ	৩ ৸৶	১৸০	তথা।

B. Cooper, *Offg. Collector.*

[*Government Gazette*, 30th *June*, 1846.]

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of WILLIAM GEORGE BAXTER, sued by the name of W. G. BAXTER, late of the Town of Calcutta, formerly a Commander in the service of the Steam Tug Company, and lately in the service of the East India Company, as a Surveyor of European Distilleries in Bengal, and now a prisoner in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court, on Saturday, the first day of August next.

The names of the Creditors of the said WILLIAM GEORGE BAXTER, appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

W. N. HEDGER,
Insolvent's Attorney.

That by an order of the said Court, the hearing of the matters of the Petition of ANNUND CHUNDER MULLICK, sued, &c. is adjourned to Saturday, the 4th day of July next.

PANIOTY,
Insolvent's Attorney.

6th June, 1846.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of SUMBOOCHUNDER SIRCAR, late of Burtollah Street, in the town of Calcutta, formerly of Rynah in the Zillah of Burdwan, in the Province of Bengal, trader and late a prisoner confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of His Late Majesty George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court on Saturday, the first day of August next.

The names of the Creditors of the said SUMBOOCHUNDER SIRCAR, appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court to which any Creditor may refer.

C. STRETTELL,
Insolvent's Attorney.

Calcutta, June, 1846.

শহর কলিকাতার অক্ষম ঋণিদিগের পরিত্রাণার্থ আদালত।

উলিয়ম জর্জ বাকষ্টর সাহেবের

ডবলিউ জি বাকষ্টর নামে মফীনা হইল তিনি পূর্ব্বে কলিকাতা নগরে বাস করিতেন ও পূর্ব্বে ষ্টিমটগ কোম্পানির কর্ম্মে জাহাজের অধ্যক্ষ ছিলেন ও পরে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির কর্ম্মেতে বাঙ্গলা দেশের ইউরোপীয় শরাবের দোকানের তত্ত্বাবধারক ছিলেন ও এক্ষণে কলিকাতার সাধারণ জেলখানার কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি আগষ্ট মাসের ১ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত উলিয়ম জর্জ বাকষ্টর সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার উক্ত দরখাস্তসম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

হজর।
উক্ত যোত্রহীনের উকীল

উক্ত আদালতের হুকুমক্রমে

আনন্দচন্দ্র মল্লিকের

দরখাস্তের মর্ম্মের শুনানি আগামি জুলাই মাসের ৪ তারিখ শনিবারে হইবেক।

পানিওটি।
যোত্রহীনের উকীল।

১৮৪৬। ৬ জুন।

সকলকে খবর দেওয়া যাইতেছে যে ঐ আদালতের হুকুমানুসারে শহর কলিকাতার বটতলা সাকিনের

শম্ভুচন্দ্র সরকার

যিনি পূর্ব্বে তেজারতি করিতেন এবং জেলা বর্দ্ধমানের রায়না সাকিনে বাস করিতেন এবং এক্ষণে শহর কলিকাতার প্রধান কারাগারে বদ্ধ আছেন তাঁহার দরখাস্তের তাৎপর্য্য অর্থাৎ গত জর্জ রাজার অধিকারের নবম বৎসরের নিয়ম যাহা ভারতবর্ষের সকল অক্ষম ঋণিদিগের পরিত্রাণার্থ হইয়াছে সেই নিয়মানুসারে আপন উদ্ধারের নিমিত্তে প্রার্থনা করেন এ দরখাস্ত শ্রবণের নিমিত্তে আগামি ১ আগষ্ট শনিবার দিবস নির্দ্ধারিত হইয়াছে।

এ শম্ভুচন্দ্র সরকারের মহাজনদিগের নাম এক ফর্দ্দে নির্দিষ্ট করিয়া তাঁহার দরখাস্তসম্বলিত ঐ আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে তাহাতে যে মহাজনের বাঞ্ছা হয় সেই দফ্তরখানায় যাইয়া দেখিবেন ইতি।

সি ইষ্ট্রেটেল।
ইনসালবেন্টের উকীল।

কলিকাতা। ১৮৪৬ সাল জুন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ১০ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 7, 1846.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৬ সাল ৭ জুলাই।

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 13.

To the Civil Judges of the Lower Provinces.

The Court are pleased to prescribe the following forms for use under Act XXIII. 1840, in addition to those communicated with the Circular Orders Nos. 140 and 218, dated respectively the 1st March 1841, and the 15th July 1842, (Western Provinces the 18th June 1841, and the 22d August 1842).

1. Notice to Respondent.

2. Proclamation for the attendance of the Respondent.

3. Notice to Mortgager for the redemption of Mortgage and conditional Sale of Land.

4. Notification of the death, dismissal, resignation, or absence of a Vakeel.

5. Notice to Plaintiff to prosecute a remanded Case.

6. Notice to Defendant to defend a remanded Case.

7. Proclamation for the appearance of the Plaintiff in a remanded Case.

8. Proclamation for the appearance of the Defendant in a remanded Case.

9. Subpœna to produce books and papers.

10. Security Bond to be executed by the surety of an Appellant.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, 15th May, 1846.

[*Government Gazette, 7th July,* 1846.]

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

১৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

১৮৪০ সালের ২৩ আইনক্রমে যেং পাঠ বাঙ্গলা-প্রভৃতি দেশের ১৮৪১ সালের ১ মার্চ তারিখের ১৪০ নম্বরী এবং ১৮৪২ সালের ১৫ জুলাই তারিখের ২১৮ নম্বরী মোতাবেক পশ্চিম দেশের ১৮৪১ সালের ১৮ জুন এবং ১৮৪২ সালের ২২ আগষ্ট তারিখের সরক্যুলর অর্ডরে প্রকাশ হইয়াছিল তদতিরিক্ত নীচের লিখিত পাঠ সদর আদালতের সাহেবেরা ব্যবহারার্থ নির্দ্ধার্য্য করিতেছেন।

১। রেস্পাণ্ডেণ্টের প্রতি এত্তেলা।

২। রেস্পাণ্ডেণ্টের হাজির হইবার বিষয়ের ইশ্তিহার।

৩। বন্ধকের এবং বয়বলওফাক্রমে ভূমি বিক্রয়ের উদ্ধার করণার্থ বন্ধকদেওনিয়া ব্যক্তির প্রতি এত্তেলা।

৪। উকীলের মরণ বা তগীর হওন বা ইশ্তাফা দেওন বা বর্ত্তমান না হওনের এত্তেলা।

৫। ছানি তজবীজের মোকদ্দমার নির্ব্বাহ করণের বিষয়ে ফরিয়াদীর প্রতি এত্তেলা।

৬। ছানি তজবীজের মোকদ্দমার জওয়াব দেওনের বিষয়ে আসামীর প্রতি এত্তেলা।

৭। ছানি তজবীজের মোকদ্দমায় ফরিয়াদীর হাজির হইবার বিষয়ের ইশ্তিহার।

৮। ছানি তজবীজের মোকদ্দমায় আসামীর হাজির হইবার বিষয়ের ইশ্তিহার।

৯। কেতাব ও কাগজপত্র দাখিল করিবার সফীনা।

১০। আপেলাণ্টের জামিন যে জামিনীনামা লিখিয়া দিবেক তাহা।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ১৫ মে।

No. 1.

Notice to Respondent.

In the Court of Dewanny Adawlut for the Zillah of Hooghly.

Buldeb Sircar of Amirpore, Pergunnah Kowas, Zillah Moorshedabad, ... } Appellant,

Versus

Kishen Peerya, widow of Nur Narain Roy, deceased, and Guardian of Kishen Inder Narain Roy, infant, ... } Respondent.

To Kishen Peerya and so forth.

Whereas Buldeb Sircar has presented a Petition of Appeal praying for the reversal of the decision of the Court of the Sudder Ameen, dated 5th September 1845, awarding to you possession of Talook Ameerabad in Zillah Moorshedabad; you are hereby required to acknowledge the receipt of this notice, and further to appear in person or by Vakeel in the Court of the Principal Sudder Ameen, and to deliver an answer to the Petition of Appeal on or before the .

Given under my hand and the Seal of the Court this

L. S. A. B.
Judge.

No. 2.

Proclamation for the attendance of the Respondent.

In the Court of Dewanny Adawlut for the Zillah of Hooghly.

Buldeb Sircar of Amirpore, Pergunnah Kowas, Zillah Moorshedabad, ... } Appellant,

Versus

Kishen Peerya, widow of Nur Narain Roy, deceased, and Guardian of Kishen Indernarain Roy, infant. ... ... } Respondent.

To Kishen Peerya and so forth.

Whereas Buldeb Sircar has presented a Petition of Appeal, praying for the reversal of the decision of the Court of the Sudder Ameen, dated 5th September 1845, awarding to you possession of Talook Ameerabad in Zillah Moorshedabad, and whereas a notice was duly issued, requiring you to attend and to deliver an answer to the Petition of Appeal on or before the day of ; and whereas it appears from the return of the Nazir (or from the return of the Deputy Sheriff of Calcutta) that after diligent search you were not to be found, and that the said notice was not served upon you according to the exigence thereof; Proclamation therefore is hereby made that if you do not appear in person or by Vakeel on or before the , the Court will proceed to try the cause exparte and give judgment, as if you had appeared, and answered to the plaint.

Given under my hand and the Seal of the Court, this

L. S. A. B.
Judge.

১ নম্বর।

রেস্পাণ্ডেণ্টের প্রতি এত্তেলা।

জিলা হুগলীর দেওয়ানী আদালতে।

জিলা মুরশিদাবাদের কওয়াস পরগনার আমীরপুরের বলদেব সরকার } আপেলাণ্ট।

মৃত নরনারায়ণ রায়ের বিধবা এবং নাবালক কৃষ্ণেন্দ্রনারায়ণ রায়ের সরবরাহকার কৃষ্ণপ্রিয়. } রেস্পাণ্ডেণ্ট।

শ্রীমতী কৃষ্ণপ্রিয়া প্রতি আগে।

যেহেতুক বলদেব সরকার আপীলের দরখাস্ত দিয়া এই নিবেদন করিয়াছে যে ১৮৪৫ সালের ৫ সেপ্টেম্বর তারিখের সদর আমীনের আদালতের যে ডিক্রীর দ্বারা জিলা মুরশিদাবাদের তালুক আমীরাবাদের দখল তোমার ধার্য্য হইয়াছে তাহার অন্যথা হয় অতএব তোমার প্রতি হুকুম হইতেছে যে এই এত্তেলানামা তোমার নিকটে পঁহুছনের স্বীকার কর এবং আরো প্রধান সদর আমীনের আদালতে তুমি স্বয়ং অথবা তোমার উকীল হাজির হইয়া অমুক মাসের অমুক তারিখে বা তাহার পূর্ব্বে আপীলের দরখাস্তের জওয়াব দেও।

আমার দস্তখৎ এবং এই আদালতের মোহরে অমুক তারিখে দেওয়া গেল।

মোহরের স্থান।

রেস্পাণ্ডেণ্টের হাজির হইবার বিষয়ের ইশ্‌তিহার।

জিলা হুগলীর দেওয়ানী আদালতে।

জিলা মুরশিদাবাদের কওয়াস পরগনার আমীরপুরের বলদেব সরকার } আপেলাণ্ট।

মৃত নরনারায়ণ রায়ের বিধবা এবং নাবালক কৃষ্ণেন্দ্রনারায়ণ রায়ের সরবরাহকার কৃষ্ণপ্রিয়া } রেস্পাণ্ডেণ্ট।

যেহেতুক বলদেব সরকার আপীলের দরখাস্ত দিয়া নিবেদন করিয়াছে যে ১৮৪৫ সালের ৫ সেপ্টেম্বর তারিখের সদর আমীনের আদালতের যে ডিক্রীর দ্বারা জিলা মুরশিদাবাদের তালুক আমীরাবাদের দখল তোমার ধার্য্য হইয়াছে তাহার অন্যথা হয় এবং যেহেতুক অমুক মাসের অমুক তারিখে বা তাহার পূর্ব্বে তোমাকে হাজির হইতে এবং আপীলের দরখাস্তের জওয়াব দাখিল করিতে রীতিমতে এত্তেলা বাহির হইয়াছিল এবং যেহেতুক নাজিরের কৈফিয়তের (অথবা কলিকাতাস্থ ডেপুটী সরিফ সাহেবের কৈফিয়তের) দ্বারা দৃষ্ট হইয়াছে যে অনেক অনুসন্ধান করিলেও তোমাকে পাওয়া গেল না এবং ঐ এত্তেলার হুকুমমতে তাহা তোমার উপর জারী হইল না অতএব ইহার দ্বারা ইশ্‌তিহার দেওয়া যাইতেছে যে অমুক মাসের অমুক তারিখে বা তাহার পূর্ব্বে যদি তুমি স্বয়ং অথবা তোমার উকীল হাজির না হও তবে এই আদালত ঐ মোকদ্দমার একতরফা বিচার করিবেন এবং তুমি হাজির হইয়া নালিশের জওয়াব দিলে যেরূপ করিতেন সেইরূপ ডিক্রী করিবেন।

আমার দস্তখৎ এবং এই আদালতের মোহরে অমুক তারিখে দেওয়া গেল।

মোহরের স্থান। শ্রীঅমুক। জজ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ৭ জুলাই।]

No. 3.

Notice to Mortgager for the redemption of Mortgage and conditional Sale of Land.

In the Court of Dewanny Adawlut for the Zillah of Hooghly.

To Baboo Ramdas of Colootollah in Calcutta.

Whereas Ramnarain Bose of Byedbatty has, in a Petition, dated the , of which a copy is hereunto annexed, applied to this Court, for foreclosing the Mortgage and rendering conclusive the sale of certain landed property situate in this Zillah, agreeably to the provisions of the deed of Mortgage and conditional sale which he holds. You are hereby required to take notice that if you shall not, in the manner provided for by Section 7, Regulation XVII. 1806, and within one year from the date of this notice, redeem the property mortgaged to the aforesaid Ramnarain Bose, the Mortgage will be finally foreclosed, and the conditional sale will become conclusive.

Given under my hand and the Seal of the Court, this 5th day of April, 1846.

L. S. A. B.
Judge.

No. 4.

Notific[illegible] death, dismissal, resignation, or [illegible] of a Vakeel.

In [illegible] Court [illegible] Adawlut for the Zillah [illegible] Hooghly.

[illegible] Hun of Byedbattee, ... Plaintiff,
Versus
Sheikh Edoo of Cossitollah in Calcutta, ... Defendant.

Mohumud Ally of Pundoah, .. Plaintiff,
Versus
Gholam Hossein of Sobha Bazar in Calcutta, ... Defendant.

Whereas Moonshee Chytun Churn, one of the Vakeels engaged in the abovementioned causes, depending in this Court (or in the Court of the Moonsiff of ,) has demised,* the parties thereto are required within six weeks (or two months) from this date to appear in person at the said Court or to substitute other Vakeels in the room of the said Moonshee Chytun Churn formerly appointed by them.

Given under my hand and the Seal of the Court, this 5th day of April, 1846.

L. S. A. B.
Judge.

No. 5.

Notice to Plaintiff to prosecute a remanded Case.

In the Court of Dewanny Adawlut for the Zillah Hooghly.

Govindram of Baug Bazar in the town of Calcutta, ... Plaintiff,
Versus
Gholam Hyder of Byedbatty,... Defendant.

* Or has been dismissed, or has resigned, or has been long absent.

[*Government Gazette, 7th July,* 1846.]

৩ নম্বর।

বন্ধকের এবং বয়বেলওফাক্রমে ভূমি বিক্রয়ের উদ্ধার করণার্থ বন্ধকদেওনিয়া ব্যক্তির প্রতি এত্তেলা।

জিলা হুগলীর দেওয়ানী আদালতে।

কলিকাতাস্থ কলুটোলার শ্রীবাবু রামদাস প্রতি আগে।

যেহেতুক বৈদ্যবাটীর রামনারায়ণ বসু অমুক তারিখে এক দরখাস্ত করিয়াছে এবং তাহার এক নকল ইহার সঙ্গে গাঁথা গিয়াছে এবং এই আদালতে নিবেদন করিয়াছে যে এই জিলার মধ্যস্থিত কতক ভূমিসম্পত্তির যে বন্ধক এবং বয়বেলওফাক্রমে বিক্রয়পত্র তাহার হাতে আছে তাহার নিয়মানুসারে সেই ভূমির বন্ধকের শেষ হয় এবং বিক্রয় সিদ্ধ হয়। অতএব ইহার দ্বারা তোমাকে এত্তেলা দেওয়া যাইতেছে যে ১৮০৬ সালের ১৭ আইনের ৭ ধারার বিধানমতে যদি তুমি এই এত্তেলার তারিখের পর এক বৎসরের মধ্যে পূর্ব্বোক্ত রামনারায়ণ বসুর নিকটে যে সম্পত্তি বন্ধক আছে তাহা উদ্ধার না কর তবে ঐ বন্ধক চূড়ান্তরূপে শেষ হইবেক এবং বয়বেলওফাক্রমে বিক্রয় সিদ্ধ হইবেক।

আমার দস্তখৎ এবং এই আদালতের মোহরে ১৮৪৬ সালের ৫ আপ্রিল তারিখে দেওয়া গেল।

মোহরের স্থান। শ্রীঅমুক। জজ।

৪ নম্বর।

উকীলের মরণ বা তগীর হওন বা ইশ্‌তাফা দেওন বা বর্ত্তমান না হওনের এত্তেলা।

জিলা হুগলীর দেওয়ানী আদালতে।

বৈদ্যবাটীর রামধন। ফরিয়াদী।

কলিকাতার কসাইটোলার সেখ ইদু। আসামী।

পেঁড়ুআর মহম্মদ আলী। ফরিয়াদী।

কলিকাতাস্থ শোভাবাজারের গোলাম হুসেন। আসামী।

যেহেতুক এই আদালতে (অথবা অমুক স্থানের মুনসেফের আদালতে) উপস্থিত পূর্ব্বোক্ত মোকদ্দমায় নিযুক্ত হওয়া এক জন উকীল মুনশী চৈতনচরণের মৃত্যু হইয়াছে* অতএব ঐ মোকদ্দমাসম্পর্কীয় ব্যক্তিরদের প্রতি হুকুম হইতেছে যে তাহারা অদ্যকার তারিখঅবধি ছয় সপ্তাহের (অথবা দুই মাসের) মধ্যে স্বয়ং উক্ত আদালতে হাজির হয় অথবা তাহারদের দ্বারা পূর্ব্বে নিযুক্ত মুনশী চৈতনচরণের পরিবর্ত্তে অন্য উকীল নিযুক্ত করে।

আমার দস্তখৎ এবং এই আদালতের মোহরে ১৮৪৬ সালের ৫ আপ্রিল তারিখে দেওয়া গেল।

মোহরের স্থান। শ্রীঅমুক। জজ।

৫ নম্বর।

ফানি তজবীজের মোকদ্দমার নির্ব্বাহ করণের বিষয়ে ফরিয়াদীর প্রতি এত্তেলা।

জিলা হুগলীর দেওয়ানী আদালতে।

শহর কলিকাতার বাগবাজারের গোবিন্দরাম। ফরিয়াদী।

বৈদ্যবাটীর গোলাম হয়দর। আসামী।

* অথবা ডিসমিস হইয়াছে অথবা ইশ্‌তাফা দিয়াছে কি বহু কালাবধি গরহাজির আছে।

To Govindram of Baug Bazar in the town of Calcutta.

Whereas the case of Govindram of Baug Bazar in the town of Calcutta, *versus* Gholam Hyder of Byedbatty, wherein you are plaintiff which was decided by this Court (or the Court of the Moonsiff of) under date has been remanded by the Court of for further investigation, (or to be tried de novo) with directions that it be restored to its original number on the file of this Court; and it appears on enquiry, that no Vakeel is in attendance in this Court to represent you in this suit;* take notice therefore, that in the event of your failing to adopt measures, either in person or by Vakeel for the prosecution of your suit for the period of six weeks, calculated from the date of the service of this notice, the said suit will be dismissed on default.

Given under my hand and the Seal of the Court, this day of

L. S. A. B.
Judge.

No. 6.

Notice to Defendant to defend a remanded Case.

In the Court of Dewanny Adawlut for the Zillah of Hooghly.

Ramdhun of Byedbatty, ... Plaintiff,
Versus
Sheikh Edoo of Cossitollah in the town of Calcutta, Defendant.

To Sheikh Edoo of Cossitollah, in the town of Calcutta.

Whereas the case of Ramdhun of Byedbatty, *versus* Sheikh Edoo of Cossitollah in the town of Calcutta, wherein you are defendant, which was decided by this Court (or by the Court of the Principal Sudder Ameen) under date the has been remanded by the Court of for further investigation (or to be tried de novo) with directions that it be restored to its original number on the file of this Court, and it appears on enquiry that no Vakeel is in attendance in this Court to represent you in the suit;* take notice, therefore, that in the event of your failing to adopt measures, either in person, or by Vakeel, on or before the , to make answer in the said suit, the Court will proceed to try the same ex-parte and give judgment as if you had appeared and answered to the plaint.

Given under my hand and the Seal of the Court, this day of

L. S. A. B.
Judge.

* Or that the Vakeel retained by you during the previous investigation of the suit, though in attendance, has not received any instructions from you, and that he is not prepared to go on with the case.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪১। ৭ জুলাই।].

শহর কলিকাতার বাগবাজারের গোবিন্দরাম প্রতি আগে।

যেহেতুক তুমি শহর কলিকাতার বাগবাজারনিবাসি গোবিন্দরাম যে মোকদ্দমায় ফরিয়াদী আছ এবং বৈদ্যবাটীর গোলাম হয়দর আসামী সেই মোকদ্দমার এই আদালতে (অথবা অমুক স্থানের মুনসেফের আদালতে) অমুক মাসের অমুক তারিখে নিষ্পত্তি হইয়াছিল এবং সেই মোকদ্দমা অধিক তদন্তের নিমিত্তে (অথবা পুনর্বিচার হওনার্থ) অমুক আদালতহইতে ফিরিয়া পাঠান গিয়াছে এবং হুকুম হইয়াছে যে তাহা এই আদালতের আসল নম্বরী নথীর শামিল পুনরায় করা যায় এবং যেহেতুক জিজ্ঞাসা করাতে দৃষ্ট হইয়াছে যে এই মোকদ্দমা নির্ব্বাহ করিবার নিমিত্তে তোমার পক্ষে কোন উকীল হাজির নাই * অতএব তোমাকে সম্বাদ দেওয়া যাইতেছে যে এই এত্তেলা জারীহওনের তারিখঅবধি হিসাব করিয়া যদি ছয় সপ্তাহপর্য্যন্ত তোমার মোকদ্দমা নির্ব্বাহ করিবার নিমিত্তে তুমি স্বয়ং অথবা তোমার উকীল কোন উপায় করিতে ত্রুটি কর তবে সেই মোকদ্দমা কসুরপ্রযুক্ত ডিসমিস হইবেক।

আমার দস্তখৎ এবং এই আদালতের মোহরে অমুক সনের অমুক মাসের অমুক তারিখে দেওয়া গেল।

মোহরের শ্রীঅমুক।
স্থান। জজ।

৬ নম্বর।

ছানি তজবীজের মোকদ্দমার জও[illegible] দিবে[illegible]
আসামীর প্রতি এ[illegible]

জিলা হুগলীর দেওয়ানী আদালতে

বৈদ্যবাটীর রামধন। ফ[illegible]
শহর কলিকাতার কসাইটোলার সেখ ইদু। [illegible]

শহর কলিকাতার কসাইটোলার সেখ ইদু প্রতি আগে।

যেহেতুক বৈদ্যবাটীর রামধন যে মোকদ্দমার ফরিয়াদী এবং তুমি কলিকাতা শহরের কসাইটোলার সেখ ইদু আসামী সেই মোকদ্দমার এই আদালতে (অথবা প্রধান সদর আমীনের আদালতে) অমুক মাসের অমুক তারিখে নিষ্পত্তি হইয়াছিল এবং সেই মোকদ্দমা অমুক আদালত অধিক তদন্তের নিমিত্তে (অথবা পুনর্বিচার হওনার্থ) ফিরিয়া পাঠাইয়া হুকুম দিয়াছেন যে তাহা এই আদালতের আসল নম্বরী নথীর শামিল পুনরায় করা যায় এবং যেহেতুক জিজ্ঞাসা করাতে দৃষ্ট হইয়াছে যে তোমার পক্ষে এই মোকদ্দমা চালাইবার নিমিত্ত কোন উকীল হাজির নাই* অতএব তোমাকে সম্বাদ দেওয়া যাইতেছে যে অমুক তারিখে অথবা অমুক তারিখের পূর্ব্বে যদি তুমি স্বয়ং অথবা তোমার উকীল সেই মোকদ্দমার জওয়াব দিবার উপায় করিতে ত্রুটি কর তবে এই আদালত ঐ মোকদ্দমার একতরফা বিচার করিবেন এবং তুমি হাজির হইয়া নালিশের জওয়াব দিলে যেরূপ করিতেন সেইরূপ ডিক্রী করিবেন!

আমার দস্তখৎ এবং এই আদালতের মোহরে অমুক সনের অমুক মাসের অমুক তারিখে দেওয়া গেল।

মোহরের শ্রীঅমুক।
স্থান। জজ।

* অথবা এই মোকদ্দমার পূর্ব্বকার বিচারের সময়ে তোমার যে উকীল ছিলেন তিনি হাজির আছেন কিন্তু তোমার স্থানে কোন উপদেশ পান নাই এবং মোকদ্দমা চালাইতে অক্ষম।

No. 7.

Proclamation for the appearance of the Plaintiff in a remanded Case.

In the Court of Dewanny Adawlut for the Zillah of Hooghly.

Govindram of Baug Bazar in the town of Calcutta, ...	Plaintiff,
Versus	
Gholam Hyder of Byedbatty,	Defendant.

To Govindram of Baug Bazar in the town of Calcutta.

Whereas the case of Govindram of Baug Bazar in the town of Calcutta, *versus* Gholam Hyder of Byedbatty, wherein you are plaintiff, which was decided by this Court (or the Court of the Moonsiff) under date   has been remanded by the Court of   for further investigation, (or to be tried de novo) with directions that it be restored to its original number on the file of this Court; and whereas a notice was duly issued, requiring you to adopt measures to prosecute the said case; and whereas it appears from the return of the Nazir (or the Deputy Sheriff of Calcutta,) that, after diligent search, you were not to be found, and that the said notice was not served upon you according to the exigence thereof: Proclama[illegible]fore hereby made that in the event of y[illegible] adopt measures for the prosecuting [illegible] your suit for the period of six weeks, [illegible] from the date of the service of this no-[illegible]id suit will be dismissed on default.

[illegible]der my hand and the Seal of the Court, this   day of

L. S.   A. B.

Judge.

No. 8.

Proclamation for the appearance of the Defendant in a remanded Case.

In the Court of Dewanny Adawlut for the Zillah of Hooghly.

Ramdhun of Byedbatty.	Plaintiff,
Versus	
Sheikh Edoo of Cossitollah in the town of Calcutta, ...	Defendant.

To Sheikh Edoo of Cossitollah in the town of Calcutta.

Whereas the case of Ramdhun of Byedbatty, *versus* Sheikh Edoo of Cossitollah in the town of Calcutta, wherein you are defendant, which was decided by this Court (or the Court of the Moonsiff of   ) under date the   has been remanded by the Court of   for further investigation, (or to be tried de novo) with directions that it be restored to its original number on the file of this Court; and whereas a notice was duly issued, requiring you to adopt measures to make answer in the said suit; and whereas it appears from the returns of the Nazir (or the Deputy Sheriff of Calcutta) that after diligent search you were not to be found, and that the said notice, was not served upon you according to the exigence thereof; Pro-

৭ নম্বর।

ছানি তজবীজের মোকদ্দমায় ফরিয়াদীর হাজির হইবার বিষয়ের ইশ্‌তিহার।

জিলা হুগলীর দেওয়ানী আদালতে।

শহর কলিকাতার বাগবাজারের গোবিন্দরাম।	ফরিয়াদী।
বৈদ্যবাটীর গোলাম হয়দর।	আসামী।

শহর কলিকাতার বাগবাজারের গোবিন্দরাম প্রতি আগে।

যেহেতুক তুমি শহর কলিকাতার বাগবাজার নিবাসি গোবিন্দরাম যে মোকদ্দমায় ফরিয়াদী এবং বৈদ্যবাটীর গোলাম হয়দর আসামী সেই মোকদ্দমার এই আদালতে (অথবা মুনসেফের আদালতে) অমুক মাসের অমুক তারিখে নিষ্পত্তি হইয়াছিল এবং সেই মোকদ্দমা অমুক আদালত অধিক তদন্তের নিমিত্তে (অথবা পুনর্বিচার হওনার্থ) ফিরিয়া পাঠাইয়া হুকুম করিয়াছেন যে তাহা এই আদালতের আসল নম্বরী নথীর শামিল পুনরায় করা যায় এবং যেহেতুক ঐ মোকদ্দমা নির্ব্বাহ করিতে উপায় করণার্থ হুকুম দিতে এক এত্তেলা রীতিমত বাহির হইয়াছিল এবং যেহেতুক নাজিরের কৈফিয়তের (অথবা কলিকাতাস্থ ডেপুটী সরিফ সাহেবের) কৈফিয়তের দ্বারা দৃষ্ট হইতেছে যে অনেক অনুসন্ধান করিলেও তোমাকে পাওয়া গেল না এবং ঐ এত্তেলার হুকুমমতে ঐ এত্তেলা তোমার উপর জারী হইল না অতএব ইহার দ্বারা ইশ্‌তিহার দেওয়া যাইতেছে যে এই এত্তেলা জারী হওনের তারিখ-অবধি হিসাব করিয়া যদি ছয় সপ্তাহপর্য্যন্ত তুমি আপনার মোকদ্দমা চালাইবার নিমিত্তে উপায় করিতে ত্রুটি কর তবে ঐ মোকদ্দমা কসুরপ্রযুক্ত ডিসমিস হইবে।

আমার দস্তখৎ এবং এই আদালতের মোহরে অমুক সনের অমুক মাসের অমুক তারিখে দেওয়া গেল।

মোহরের স্থান।   শ্রীঅমুক। জজ।

৮ নম্বর।

ছানি তজবীজের মোকদ্দমায় আসামীর হাজির হইবার বিষয়ের ইশ্‌তিহার।

জিলা হুগলীর দেওয়ানী আদালতে।

বৈদ্যবাটীর রামধন।	ফরিয়াদী।
শহর কলিকাতার কসাইটোলার সেখ ইদু।	আসামী।

শহর কলিকাতার কসাইটোলার সেখ ইদু প্রতি আগে।

যেহেতুক বৈদ্যবাটীর রামধন যে মোকদ্দমায় ফরিয়াদী এবং তুমি কলিকাতা শহরের কসাইটোলার সেখ ইদু আসামী সেই মোকদ্দমার এই আদালতে (অথবা অমুক স্থানের মুনসেফের আদালতে) অমুক মাসের অমুক তারিখে নিষ্পত্তি হইয়াছিল এবং সেই মোকদ্দমা অমুক আদালত অধিক তদন্তের নিমিত্তে (অথবা পুনর্বিচার হওনার্থ) ফিরিয়া পাঠাইয়া হুকুম করিয়াছেন যে তাহা এই আদালতের আসল নম্বরী নথীর শামিল পুনরায় করা যায় এবং যেহেতুক ঐ মোকদ্দমা নির্ব্বাহ করণার্থ হুকুম দিতে এক এত্তেলা রীতিমত বাহির হইয়াছিল এবং যেহেতুক নাজিরের কৈফিয়তের (অথবা কলিকাতাস্থ ডেপুটী সরিফ সাহেবের) কৈফিয়তের দ্বারা দৃষ্ট হইতেছে যে অনেক অনুসন্ধান করিলেও তোমাকে পাওয়া গেল না এবং ঐ এত্তেলার হুকুমমতে ঐ এত্তেলা তোমার উপর জারী হইল না অতএব ইহার দ্বারা ইশ্‌তিহার দেওয়া

[*Government Gazette, 7th July*, 1846.]

clamation is therefore hereby made that if you do not appear in person or by Vakeel on or before the to make answer in the said suit, the Court will proceed to try the same ex-parte, and give judgment in the same manner as if you had appeared and answered to the plaint.

Given under my hand and the Seal of the Court, this day of

L. S. A. B.

Judge.

No. 9.

Subpœna to produce Books and Papers.

In the Court of Dewanny Adawlut for Zillah Twenty-four Pergunnahs.

Kaleekishen Nag, ... Appellant,

Versus

Ramneedee Bose, and others, Respondents.

To of Calcutta.

Whereas your attendance is required to give evidence in the above cause, you are hereby required personally to appear before the Court of Sudder Dewanny Adawlut, on the day of next, and to take with you the Registry Books of the Bank of in which the undermentioned Notes of the said Bank are registered viz.

Nos. each for Sa. Rs. 500.
Nos. each for Sa. Rs. 1000.

Given under my hand and the Seal of the Court, this day of 184 .

L. S. A. B.

Judge.

No. 10.

Security Bond to be executed by the Surety of an Appellant.

Whereas an Appeal has been preferred in the Court of Sudder Dewanny Adawlut, by William Hunter, from a decision passed against him and in favor of George Thomas by the Dewanny Adawlut of Zillah Purneah, and whereas I inhabitant of have voluntarily become security for the performance of the said William Hunter of all orders which may be passed thereon; I do hereby engage and bind myself, my heirs and successors, that the said William Hunter shall pay the Respondent the said George Thomas, or his representatives, whatever sum may be adjudged by the Sudder Dewanny Adawlut to the said Respondent, or his representatives, in default of which, I, my heirs and successors, will be answerable for such sum as may be adjudged against him, and for the performance of whatever order or decree may be passed against him in the Appeal abovementioned.

Dated this day of 184 .

Scaled and delivered in the presence of A. B. and C. D.

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৪১ । ৭ জুলাই ।]

যাইতেছে যে উক্ত মোকদ্দমার জওয়াব দেওনার্থ যদি তুমি অথবা তোমার উকীল অমুক তারিখে অথবা তাহার পূর্ব্বে হাজীর না হও তবে এই আদালত ঐ মোকদ্দমা একতরফা বিচার করিবেন এবং তুমি হাজির হইয়া নালিশের জওয়াব দিলে যেরূপ করিতেন সেইরূপ ডিক্রী করিবেন।

আমার দস্তখৎ এবং এই আদালতের মোহরে অমুক সনের অমুক মাসের অমুক তারিখে দেওয়া গেল।

মোহরের স্থান। শ্রীঅমুক। জজ।

৯ নম্বর।

কেতাব ও কাগজপত্র দাখিল করিবার সফীনা।

জিলা চব্বিশপরগনার দেওয়ানী আদালতে।

কালীকৃষ্ণ নাগ। আপেলাণ্ট।

রামনিধি বসুওগয়রহ। রেস্পাণ্ডেণ্ট।

কলিকাতার শ্রীঅমুক প্রতি অ গে।

যেহেতুক উক্ত মোকদ্দমায় সাক্ষ্য দিবার নিমিত্তে তোমার হাজির হইবার আবশ্যক আছে অতএব তোমার প্রতি হুকুম হইতেছে যে অমুক মাসের অমুক তারিখে সদর দেওয়ানী আদালতে তুমি স্বয়ং হাজির হও এবং অমুক ব্যাঙ্কের যে রেজিষ্টরী বহীতে উক্ত ব্যাঙ্কের নীচের লিখিত নোট রেজিষ্টরী [illegible] তুমি আপনার সঙ্গে আন।

বিশেষতঃ ৫০০৲ টাকা করিয়া অমুক [illegible] নোট।
১০০০৲ টাকা করিয়া অমুক অমুক নম্বর।

আমার দস্তখৎ এবং এই আদালতের মো[illegible] সনের অমুক মাসের অমুক তারিখে দেওয়া গেল।

মোহরের স্থান। শ্রীঅমুক। জজ।

১০ নম্বর।

আপেলাণ্টের জামিন যে জামিনীনামা লিখিয়া দিবেন তাহা।

যেহেতুক জিলা পূরণিয়ার দেওয়ানী আদালতে জর্জ তামসের পক্ষে এবং উলিয়ম হণ্টরের বিরুদ্ধে যে ডিক্রী হইয়াছিল তাহার উপর উলিয়ম হণ্টর সদর দেওয়ানী আদালতে আপীল করিয়াছে অতএব সেই মোকদ্দমায় যে সকল হুকুম হয় তাহা উক্ত উলিয়ম হণ্টরের প্রতিপালনের বিষয়ে আমি অমুক স্থাননিবাসী স্বেচ্ছাক্রমে জামিন হইয়াছি এবং ইহার দ্বারা আমি আপনি ও আমার ওয়ারিসান অঙ্গীকার করিতেছি ও বদ্ধ আছি যে উক্ত রেস্পাণ্ডেণ্ট জর্জ তামসকে অথবা তাহার স্থলাভিষিক্তেরদিগকে সদর দেওয়ানী আদালত যে টাকার ডিক্রী দেন তাহা উক্ত জর্জ তামসকে উক্ত উলিয়ম হণ্টর দিবেন এবং তাহা দিবার ত্রুটি হইলে তাহার প্রতিকূলে যে টাকার ডিক্রী হয় তাহার বিষয়ে এবং উক্ত আপীলে তাহার বিরুদ্ধে যে কোন হুকুম বা ডিক্রী হয় তাহা মানিবার নিমিত্তে আমি ও আমার ওয়ারিসান দায়ী হইলাম।

অমুক সনের অমুক মাসের অমুক তারিখে।

অমুক ও অমুকের সাক্ষাতে মোহর হইয়া দেওয়া গেল।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৬ সাল ৩০ জুন।

চব্বিশপরগনার লবণার মুনসেফ শ্রীযুত বাবু রাজমোহন মিত্র বর্ত্তমান মাসের ১৯ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ১ জুলাই।

পশ্চিম বর্দ্ধমানের আউশগাঁর মুনসেফ শ্রীযুত বাবু তারাকৃষ্ণ হালদারকে গত মে মাসের ১৪ তারিখে যে দুই দিনের ছুটী দেওয়া যায় তাহা আগামি মাসের ৩ তারিখঅবধি আরম্ভ হইবেক।

বিজ্ঞাপন।

১৮৪৫ সাল ৩০ জুন।

নদীয়ার হাঁসখালির মুনসেফ শ্রীযুত অন্নদাপ্রসাদ সান্যাল গবর্ণমেণ্টের ১৮৩৪ সালের ১৪ জুলাই তারিখের হুকুম লঙ্ঘন করিয়া টাকা কর্জ করেন এপ্রযুক্ত পদচ্যুত হইয়াছেন।

বি জে কলবিন। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৬৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ২৪ জুন।

দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান ওয়ম সিমসন সাহেব পদোপলক্ষে হাজারীবাগে ডাকের অধ্যক্ষ হইবেন।

উক্ত এজেণ্ট সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান আর উসলি সাহেব পদোপলক্ষে ছোট নাগপুরে ডাকের অধ্যক্ষ হইবেন।

উক্ত এজেণ্ট সাহেবের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান এস আর টিকল সাহেব পদোপলক্ষে পুরলিয়াতে ডাকের অধ্যক্ষ হইবেন।

উক্ত এজেণ্ট সাহেবের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট ডবলিউ এচ ওক্স সাহেব পদোপলক্ষে চাইবাসাতে ডাকের অধ্যক্ষ হইবেন।

শ্রীযুত ই টি টুবর সাহেব ও শ্রীযুত ডাক্তর সি আর্চর সাহেব ও শ্রীযুত বাবু রামলোচন ঘোষ ও শ্রীযুত বাবু পঞ্চানন বাঁড়ুয্যা ও শ্রীযুত বাবু তারিণীপ্রসাদ ঘোষ এবং শ্রীযুত মৌলবী খাদিম হুসেন নদীয়া নগর পরিষ্কার রাখনার্থ কমিটির মেম্বর হইবেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ২৪ জুন।

বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের পরামর্শক্রমে বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব নীচের লিখিত পরিবর্ত্তনের হুকুম দিয়াছেন।

ইন্দাসের সম্পূর্ণ থানা বাঁকুড়ার পোলীসের এলাকাহইতে উঠাইয়া পূর্ব্ব বর্দ্ধমানের এলাকাভুক্ত হইবেক।

জিলা মালদহের মৌজে চাঁদপুর ভোলাহাট থানাহইতে উঠাইয়া এবং মৌজে রাণীবাড়ী থানা রৌহৎপুরহইতে উঠাইয়া ঐ জিলার শিবগঞ্জ থানার এলাকাভুক্ত হইবেক।

১৮৪৬ সাল ২৭ জুন।

রাজশাহীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জি সি চীপ

[*Government Gazette, 7th July,* 1846.]

সাহেব বর্ত্তমান মাসের ২২ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

বেহারের মাজিষ্ট্রেট শ্রীযুত ই এফ লাটুর সাহেব বর্ত্তমান মাসের ২০ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১১১০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ২৯ জুন।

মুঙ্গেরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এফ এ বি গ্লোবর সাহেব ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

আসামের কমিসানর সাহেবের সব-আসিষ্টাণ্ট শ্রীযুত এচ কেলনর সাহেব দরঙ্গে মঙ্গলদায় স্থানে এবং শ্রীযুত জে বেডফোর্ড সাহেব শিবসাগরে জয়পুর স্থানে ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৬ সাল ৩০ জুন।

শ্রীযুত এ সি বিডউএল সাহেব হুগলীতে রাজস্বের সরবের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন এবং জিলা হুগলীতে ও মেদিনীপুরে ও পূর্ব্ব বর্দ্ধমানে ও জিলা চব্বিশপরগনায় ও নদীয়াতে এবং যশোহরে ১৮২২ সালের ৭ আইন এবং ১৮২৫ সালের ৯ আইনানুসারে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৬ সাল ১ জুলাই।

শ্রীযুত এফ ফরটিয়র সাহেব বর্দ্ধমানে ডাকের অধ্যক্ষ হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ২৪ জুন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে চব্বিশপরগনায় নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাধানাথ গাঙ্গুলি বর্ত্তমান মাসের ১০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

আসামের কমিসানর সাহেবের ছোট আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট সি এস রেনলড্স সাহেব গত মাসের ১৩ তারিখে যে এক মাসের ছুটী পান তাহা ঐ মাসের ১৬ তারিখঅবধি রহিত হইল ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ১ জুলাই।

ঢাকার একটিং কালেক্টর শ্রীযুত জে উইন্সর সাহেব গত মাসের ২৩ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত বি এচ কুপর সাহেবের স্থানে গ্রহণ করেন্।

বাকরগঞ্জের একটিং কালেক্টর শ্রীযুত এচ আথর্টন সাহেব গত মাসের ২৪ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১২২২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ৪ জুলাই।

শ্রীযুত কাপ্তান জে টি প্রেস সাহেব গত মাসের ১ তারিখে ফোর্ট সেন্ট জর্জ অর্থাৎ মান্দ্রাজের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হন্।

১৮৪৬ সাল ২৪ জুন।

ভাগলপুরের কালেক্টর শ্রীযুত সি ডি রসেল সাহেব গত মাসের ১১ তারিখে পুরণিয়া ও ভাগলপুরের জরিপের সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্মের ভার শ্রীযুত এ আর ইর্ং সাহেবের স্থানে গ্রহণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT. নিমক।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম মোং চট্টগ্রামের সরকারী গোলার নমুনাদৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের দেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন্ সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০/ [illegible]
চট্টগ্রাম	সদর ঘাট আরাকিন পাঙ্গা	১১৫১ ১২৫২	মোন ১১১৭১০/ ১১৭৫৮৯/	কো[illegible] ৩৮ ৩৮[illegible]

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ৩০ মে সন ১৮৪৬ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম বালিয়াঘাটার গোলার নমুনাদৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন্ আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের দেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন্ সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০/ মোন
২৪ পরগনা	বালিয়াঘাটা	১২৫২ সাল	৪০০০/ মোন	কোং টাকা ৪০০৲

বোর্ড পরমিট নিমক ও আফিম। তাং ১৬ জুন সন ১৮৪৬ সাল।

এচ টরেন্স। সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জিলা হুগলির নীচের লিখিত মহাল সন ১২৫৩ সালের লাগাইদ জ্যৈষ্ঠ তলবি পাওনা বাকী মালগুজারির নিমিত্তে সন ১৮৪৬ সালের ২২ জুলাই মোতাবেক

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ৭ জুলাই।]

সন ১২৫৩ সাল ৮ শ্রাবণ তারিখ বুধবার কালেক্টর সাহেবের কাছারীতে বিনাওজরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক সন ১৮৪৬ সাল তারিখ ২৯জুন।

নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের	নাম মহাল ও পরগনা	মহালের লিখিত মালিক	সদর জমা	যে সনের ও যে মাসের বাকী	মন্তব্য কথা
১ নং	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল	৪৯ নং	লাট হাথিশালা পং চৌমুহা	রায় রাধাগোবিন্দ সিংহ ও ঠাকুরদাস গোস্বামী	মাল ১১৫৬৯।/	সন ১২৫২ সালের লাগাইদ চৈত্র তলবি বাকী ৫৩৩২ ॥৵৬ সন ১২৫৩সালের লাগাইদ জ্যৈষ্ঠ তলবি বাকী ১০৩০ ।৶৫	
						৬৩৬৩/১১	
					চাকরান ৮॥/৫	০	
					১১৫৭৭৸/৫	৬৩৬৩/১১	

A. Reid, *Collector.*

...ঈয়া যাইতেছে যে ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারানুসারে জেলা দিনাজপুরের নীচের লিখিত মহাল ...নের জ্যৈষ্ঠ মাসপর্য্যন্তের পাওনা বাকী মালগুজারির নিমিত্তক ১৮৪৬ সনের জুলাই মাসের ১৬ মোতাবেক ১২৫৩ সনের শ্রাবণ মাসের ২ বৃহস্পতিবার তারিখে কালেক্টর সাহেবের কাছারিতে বিনাওজরে নী- ...যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি ৩০ জুন ১৮৪৬ মোতাবেক ১৭ জ্যৈষ্ঠ ১২৫৩ সাল।

নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	১২৫৩ সনের জ্যৈষ্ঠ মাসের কিস্তীপর্য্যন্তের বাকী	মন্তব্য কথা
১	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল	২৩১	কিসমৎ পরগনে চালুন	তারাপ্রসাদ মুখুয্যাওগয়রহ	১৭০৪॥১॥	৬৲	এ মহাল ১৮১৪ সনের ১৯ আইনানুসারে বাটওয়ারার নীচে আছে ও অন্যং সরিকের শিরের দেনা বাকী বেবাক আদায় হইয়াছে মতে উক্ত আইনের ৩৩ ধারা অনুসারে ঐ সরিকদিগের হিস্যা বর্জন করিয়া কেবল বাকীদার সরিক তারাপ্রসাদ মুখুয্যার অংশ /৬।= এক আনা ছয় গণ্ডা দুই কড়া দুই ক্রান্তি নীলাম হইবেক।
	তথা	৪৫০	মৌজে বজরব বাহীওগয়রহ পরগনে আপোন	রামগোপাল নাগওগয়রহ	৫৭৮৫৸১।	২১৸৵১০॥	উপরোক্ত হেতুতে এ মহালের আরং সরিকের হিস্যা বর্জনপূর্ব্বক কেবল বাকীদার রামগোপাল নাগের অংশ /৪ এক আনা চারি গণ্ডা নীলাম হইবেক।

C. Steer. *Collector.*

[*Government Gazette, 7th July*, 1846.]

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা নদীয়ার বাজেয়াপ্তী তৌজী ও কাএমি ও অনকাএমি নীচের লিখিত মহালাতের সন ১২৫৩ সনের লাং জ্যৈষ্ঠের মায় বকেয়া বাকী শ্রীযুত সরকার বাহাদুরের রাজস্ব পাওনের নিমিত্ত সন ১৮৪৬ সালের ১৮ জুলাই মোং সন ১২৫৩ সালের ৪ শ্রাবণ শনিবার উক্ত জেলার শ্রীযুক্ত কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজরে ধরা যাইবেক ইতি।

নম্বরের শ্রেণী	মহালের হাল	নম্বর রেজিষ্টরী খাস	নাম মহাল	নাম মাসকে জমি	সদর জমা	সন ১২৫৩ সালের লাং জ্যৈষ্ঠ তলব মায় বকেয়া	কৈফিয়ৎ
১	কাএমি	৬৯৬	মদমা রঘুনাথপুর দীং	রাজা শ্রীশচন্দ্র রায়	১৫০৲	৩৩১ ৶৩	
ঐ	ঐ	০	কুলাডাঙ্গা	রামগোপাল দালাল	৩৮৶৩	১৸০	
	ঐ	১২৫	পগাপাড়া	গিরিশচন্দ্র বিশ্বাস	২৭৸/৩	৬৫ ।৶৯	
	ঐ	০	সরূপপুর	সৃষ্টিধর চৌধুরী	৬॥০	১৩৲	
	ঐ	০	শ্রীনগর	তিনকড়ি হালদার	১৸৶	৫ ॥৵০	
	ঐ	৪৩২	লাট পানাভালাপুলি	রামচন্দ্র চৌধুরী	৪ ।৵১১	১৮ ॥৶৮	
	ঐ	৬৮০	বেলপুষ্করিয়া	শিবচন্দ্র মুখুয্যা	২ ॥/১॥	৭ ।৶৩।	
	ঐ	০	মেহেরপুর	খোদু দেওয়ান...	২২ ৷৶০	৪৩ ॥৶৩	
	ঐ	১০৮০	মছলন্দপুর	রাহাউল্লা	৩৩ ।/৪	১৫ ।/৪	
২	সরত্তি	৬৩১	গরিবপুর	সদাশিব চৌধুরী	৯ ।৵৯	৯ ৷৶৫	
	ঐ	৭৭৩	রাধাকান্তপুর	গোপালচন্দ্র সরকার	৩১৵৮	৮৮৵৩	
	ঐ	ঐ	ঐ	তারাপ্রসাদ সরকার	২৭ ৷৵২	৮২৲১০	
	ঐ	৭৬৪ নং	ভাটপাড়া বর্কসিপুর	ভৈরবচন্দ্র ভট্টাচার্য্য	৮২৲৯	২৮৬ ॥৶৪	
	ঐ	৪৫৮ নং	সিংজোলা	কৃষ্ণরাম চৌধুরী দেবীপ্রসাদ চৌধুরী	৩৪৸ ৪	১৬২ ।৵৬	
	ঐ	৪৩৫	বিক্রমপুর	গদাধর ভট্টাচার্য্য	৯/০	১১৵০	

D. Money, *Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ৭ জুলাই।]

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of SHAIK HOSSAIN ALLY, late Mootuwullee of a Musjed, in Mullungah, in the town of Calcutta, and now prisoner for debt in the Great Gaol of Calcutta, seeking the benefit of an Act of Parliament, made and passed in the ninth year of the Reign of His late Majesty, King George the Fourth, entitled, "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies," are appointed to be heard in the said Court, on Saturday, the 1st day of August next.

The names of Creditors of the said SHAIK HOSSAIN ALLY, appear in a Schedule, filed with his said Petition, in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

H. C. MEIKLEJOHN,
Attorney for the Insolvent.

Calcutta, 30th June, 1846.

In the matter of KOYLASSCHUNDER [illegible] of Dometollah, in the town of Calcutta, at present residing at Chandernagore, [illegible] carrying on trade and business at Calcutta aforesaid, as a Merchant, under the name and style of Koylasschunder Ghose and Company.

NOTICE is hereby given, that by an order made in this matter on the third day of July instant, upon the application of Jadoonauth Bonnerjee of Calcutta, Merchant, it was adjudged that the Petition presented by the said Jadoonauth Bonnerjee was true, and that the abovenamed Koylasschunder Ghose had committed an Act of Insolvency within the Provisions of the Statute Ninth George IV. Chapter 73.

THOMPSON,
Attorney.

In the matter of KOYLASSCHUNDER GHOSE, late of Dometollah, in the town of Calcutta, but at present residing at Chandernagore, in the Province of Bengal, and lately carrying on trade and business at Calcutta aforesaid, as a Merchant, under the name and style of Koylasschunder Ghose and Company.

NOTICE is hereby given, that by an order of this Court, made in this matter on the third day of July instant, it was ordered, that Robert O'Dowda, Esquire, should be appointed Assignee of the Estate and Effects of the said Koylasschunder Ghose, now vested in Patrick O'Hanlon, Esquire, the Common Assignee of this Court, by force of an adjudication made in this matter on the third day of July instant, and that the said Patrick

শহর কলিকাতার অক্ষম ঋণিদিগের পরিত্রাণার্থ আদালত।

কলিকাতা নগরের মলঙ্গার মসজিদের মতওল্লী
সেখ হুসেন আলী

ঋণপ্রযুক্ত কলিকাতার সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম সম্বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি আগষ্ট মাসের ১ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত সেখ হুসেন আলীর মহাজনেরদের নাম তাঁহার দরখাস্তসম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন্।

এচ সি মিকলজন।
যোত্রহীনের উকীল।

কলিকাতা। ১৮৪৬। ৩০ জুন।

পূর্ব্বে কলিকাতা নগরের ডোমতলা নিবাসি কিন্তু এক্ষণে চন্দননগর নিবাসি ও পূর্ব্বে কৈলাসচন্দ্র ঘোষ কোম্পানির নামে কলিকাতা নগরে মহাজন ও ব্যবসারি

কৈলাসচন্দ্র ঘোষের

বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে যদুনাথ বাঁড়ুয্যা নামক কলিকাতার এক জন মহাজনের দরখাস্তমতে বর্ত্তমান জুলাই মাসের ৩ তারিখে নির্দ্ধারণ হইল যে উক্ত যদুনাথ বাঁড়ুয্যা যে দরখাস্ত দাখিল করেন তাহা সত্য বটে এবং উক্ত কৈলাসচন্দ্র ঘোষ যোত্রহীন বটেন ও চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের ৭৩ অধ্যায়ের বিধিক্রমে উপকার পাইতে পারেন্।

তামসন। উকীল।

পূর্ব্বে কলিকাতা নগরের ডোমতলা নিবাসি এক্ষণে বাঙ্গলা দেশের চন্দননগর নিবাসি ও পূর্ব্বে কৈলাসচন্দ্র ঘোষ কোম্পানির নামে উক্ত কলিকাতা নগরে মহাজন ও ব্যবসারি

কৈলাসচন্দ্র ঘোষের

বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান জুলাই মাসের ৩ তারিখের উক্ত আদালতের হুকুমক্রমে শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব উক্ত কৈলাসচন্দ্র ঘোষের মাল ও সম্পত্তির আসৈনি পদে নিযুক্ত হন্ তখন ঐ আসৈনি পদ বর্ত্তমান জুলাই মাসের ৩ তারিখের নির্দ্ধারণক্রমে এই আদালতের সাধারণ আসৈনি শ্রীযুত পাত্রিক ওহানলন সাহেবের হাতে ছিল আরো হুকুম হইল যে উক্ত শ্রীযুত পাত্রিক ওহানলন সাহেব ঐ মাল

O'Hanlon, Esquire, should immediately assign over and convey the said Estates and Effects to the said Robert O'Dowda; and it was further ordered, that the said Patrick O'Hanlon, as such Common Assignee of this Court, and the said Koylasschunder Ghose, should forthwith put the said Robert O'Dowda, as such Assignee, into possession of all the Estate and Effects of the said Koylasschunder Ghose.

THOMPSON,
Attorney.

ও সম্পত্তি উক্ত শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেবের হস্তে অবিলম্বে অর্পণ করেন্ এবং আরো হুকুম হইল যে এই আদালতের সাধারণ আসৈনি শ্রীযুত পাত্রিক ওহানলন সাহেব এবং উক্ত কৈলাসচন্দ্র ঘোষ উক্ত কৈলাসচন্দ্র ঘোষের সকল মাল ও সম্পত্তি উক্ত শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেবের হস্তে অবিলম্বে অর্পণ করেন্।

তামসন। উকীল।

In the matter of WILLIAM BRUCE, JOSEPH WEBBE CRAGG, WILLIAM PATRICK and HUGH MORTON SHAND, Insolvents.

NOTICE is hereby given, that by an order of the said Court made in this matter on the fourth day of July instant, it is ordered, that Saturday the eleventh day of July instant, be appointed for the further hearing of the matters of the Petition of the said Insolvents, for the purpose of making Dividend, on which day or on any other day to which the further hearing shall be adjourned, any Creditors or other persons interested, who may be desirous of establishing or opposing any claims, may attend and be heard upon any affidavits which shall have been filed by them in the Office of the Chief Clerk of this Court, three clear days previous to the day of hearing.

THOMPSON and ALLAN,
Attornies.

Calcutta, 4th July, 1846.

যোত্রহীন উলিয়ম ব্রুস ও জোজেফ ওএব ক্র্যাগ ও উলিয়ম পাত্রিক ও হিউ মর্টন শাণ্ড সাহেবেরদের

বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান জুলাই মাসের ৪ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে ডিবিডেণ্ড করণের নিমিত্তে উক্ত যোত্রহীনেরদের দরখাস্তের ম[illegible] [illegible]র্ত্তমান জুলাই মাসের ১১ তারিখ শনিবারে পুনরায় শু[illegible] যাইবেক এবং যে কোন মহাজন কিম্বা সেই বিষয়ে লিপ্ত অন্য যে কোন ব্যক্তি কোন দাওয়া সাবুদ কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি ঐ শুনানির দিবসের পূর্ব্বে তিন দিবস এই আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় কোন আফিডেবিট দাখিল করিলে তদনুক্রমে তাঁহার কথা ঐ তা[illegible]খে [illegible] অন্য যে কোন তারিখে সেই বিষয়ের [illegible]র হয় সেই তারিখে শুনা যাইবেক।

তামসন ও আলেন। উক[illegible]

কলিকাতা ১৮৪৬। ৪ জুলাই।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ৭ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্নমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 14, 1846.

কলিকাতা [illegible]লবার ১৮৪৬ সাল ১৪ জুলাই।

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 9.

To th[illegible] [illegible]dges in the Lower and the Au-thori[illegible] [illegible]e Extra-Regulation Provinces.

[illegible] [illegible]rt request that an entry be made, in [illegible] of the English Calendar which, under the [illegible] Order No. 187, 25th October, 1844, is [illegible] all trials referred or called for, of the names of all witnesses, not named in the Magistrate's Calendar, whom the Sessions Court may have thought proper to summon and examine.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, 12th June, 1846.

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব এবং আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত কার্য্যকারক সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে মাজিষ্ট্রেট সাহেবের কালেণ্ডরের মধ্যে না লেখা যে সাক্ষিরদের তলবকরণপূর্ব্বক সেশন আদালতের জজ সাহেব জোবানবন্দী লইতে উচিত বোধ করেন সেই সকল সাক্ষির নাম অর্পণহওয়া অথবা তলবহওয়া মোকদ্দমার সঙ্গে ১৮৪৪ সালের ২৫ অক্টোবর তারিখের ১৮৭ নম্বরী সরকুলর অর্ডরক্রমে যে ইঙ্গরেজী ভাষায় কালেণ্ডরের নকল পাঠাইতে হয় তাহার মধ্যে লেখা যায়।

ডবলিউ কর্কপাট্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ১২ জুন।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম

১৮৪৬ সাল ৮ জুলাই।

ছুটী।

জিলা ত্রিপুরার পাঁচপুকুরিয়ার মুনসেফ শ্রীযুত মৌলবী উলতাফ আলী বর্ত্তমান মাসের ২১ তারিখঅবধি দশ দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলাহন। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১২৪৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ১ জুলাই।

খালিখার নিমক গোলার সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ আলেকজাণ্ডর সাহেব ১৮১৯ সালের ১০ আইনানুসারে এবং ১৮৩৮ সালের ২৯ আইনানুসারে নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্টের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৪৬ সাল ৮ জুলাই।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে কে ওয়াল্টর সাহেব পাবনার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসকের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৬ সাল ১ জুলাই।

ডেপুটী সরবেয়র জেনরল শ্রীযুত কাপ্তান আর রটন সাহেব ছুটী প্রাপণবিষয়ক বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৩১ সালের ৯ আইনানুসারে বগুরাতে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী হামেদুল্লা খাঁ চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ৮ জুলাই।

ঢাকার সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ সুইটনহাম সাহেব দাবেরসায়েরী কর্ম্মে গমনার্থ গত মাসের ২৭ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন।

শারণের সিবিল ও সেশন জজ শ্রীযুত এম বি হেথর্ণ সাহেব দায়েরসায়েরী কর্ম্মে গমনার্থ গত মাসের ৩০ তারিখে আপন সিরিশতার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন।

মুরশিদাবাদের কালেকটর শ্রীযুত ডবলিউ এম ডিরম সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে আপনার কর্ম্মের ভার গ্রহণ করেন।

শ্রীযুত জর্জ ব্রাকমোর ফেলিপ্স সাহেব ও শ্রীযুত মর্ডান্ট রিকেট্স সাহেব শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেকটর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশতায় নিযুক্ত হইয়া "প্রিকর্সর" নামক বাষ্পীয় জাহাজের দ্বারা পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৩ তারিখে খাজুরীতে পঁহুছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ইশ্‌তিহার।

মেডিকেল কালেজের কৌন্সেলের সাহেবদিগকে হুকুম হইয়াছে যে তাঁহারা হিন্দু কালেজের চিকিৎসকতা কর্ম্ম সাধনার্থে উপযুক্ত ও নিপুণ কোন ব্যক্তিকে মনোনীত করেন অতএব তাঁহারা বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরদের পরামর্শ লইয়া স্থির করিয়াছেন যে নীচের লিখিত নিয়মমতে ঐ কর্ম্ম প্রতিযোগিতাক্রমে দেওয়া যাব।

১। হিন্দু কালেজে আগষ্ট মাসের ৮ তারিখ শনিবার বেলা ঠিক দশ ঘণ্টার সময়ে যে বৈঠক হইবেক তাহাতে মেডিকেল কালেজে উত্তীর্ণ যে ছাত্রেরা স্বয়ং উপস্থিত হইতে পারেন কেবল তাঁহারাই ঐ কর্ম্ম পাইবার প্রতিযোগিতা করিতে পারিবেন।

২। ঐ কর্ম্মাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি চিকিৎসা বিদ্যা ও অস্ত্রবিদ্যা ও ধাত্রীবিদ্যা সম্বন্ধীয় কোন এক বিষয়ের ব্যাখ্যা করিবেন। বৃত্তি প্রাপণার্থ বিদ্যাধ্যাপনের কৌন্সেলের যে নিয়ম আছে সেই নিয়মানুসারে ঐ পরীক্ষা হইবেক।

৩। কালেজের কৌন্সেলের সাহেবেরা একত্র বসিয়া ঐ কর্ম্মাকাঙ্ক্ষিরদের উত্তর বিবেচনা করিয়া তাহার রিপোর্ট করিবেন এবং প্রত্যেক বিষয়েতে যে ব্যক্তি সম্পূর্ণরূপে উত্তর করিয়াছেন তাঁহার উত্তরের মূল্য ১০০ অঙ্ক ধরা যাইবেক।

৪। কর্ম্মাকাঙ্ক্ষিরা পরীক্ষার দিবসের পূর্ব্বে তিন দিবস আপনারদের নাম ও সর্টিফিকট এবং প্রশংসাসূচক পত্র মেডিকেল কালেজের সেক্রেটারী সাহেবের নিকটে পাঠাইবেন।

৫। এই কর্ম্ম অতিমান্য এবং যেমন চিকিৎসকতা গুণ থাকনের আবশ্যক তেমনি সরলতা ও সদাচারিতারও অপেক্ষা করে অতএব যে কর্ম্মাকাঙ্ক্ষির চিকিৎসকতা বিদ্যার নৈপুণ্যের অতির[illegible] থাকে সেই ব্যক্তিকে ঐ কর্ম্ম দি[illegible] [illegible]রামর্শ দেওয়া যাইবেক।

হুকুমক্রমে।

এফ জে মোআ[illegible]
সেক্রেটা[illegible]।

মেডিকেল কালেজ। ১৮৪৬। ৬ জুলাই।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT. — নিমক।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদদারানের উচিত যে ঐ নেমকের রকম মোং ডাইমন হারবোরের সরকারী গোলার নমুনাদৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মফস্বলে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা হুকুম পাইবার যোগ্য হইবেক।

নেমকের বেওরা।

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the seventeenth day of July instant, the matters of the Petition of OWEN GREENE, late of Shergotty, in the Zillah of Behar, a Contractor for the conveyance of the Government Mails, between Shergotty aforesaid and Benares, in the Zillah aforesaid, but now a prisoner for debt in the Common Gaol of Calcutta, seeking the benefit of an Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, &c." are appointed to be heard in the said Court, on Saturday, the fifth day of September next, at the hour of eleven o'clock in the forenoon.

The names of the Creditors of the said OWEN GREENE, appear in a Schedule fi[illegible] with his said Petition in the Office of the Chie[illegible] of the said Court, to which any Cr[illegible]

[illegible]

[illegible] or the Insolvent.

Calcutta, 2[illegible]

বারাণস ও শেরঘাটীর মধ্যে সরকারের ডাক চালান কারি জিলা বেহারের শেরঘাটীনিবাসি

ওএন গ্রিন সাহেবের

বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে তিনি একণে কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষে দোত্রহীন খাতিকদের উপকারার্থে আইন- নামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনানুসারে উপকার প্রার্থনা করাতে বর্তমান জুলাই মাসের ১৭ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি সেপ্টেম্বর মাসের ৫ তারিখ শনিবারে বেলা এগার ঘন্টার সময়ে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত ওএন গ্রিন সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাহার উক্ত দরখাস্তসম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

বিডেল। দোত্রহীনের উকীল।

কলিকাতা। ১৮৪৬। ২৪ জুলাই।

NOT[illegible] reby given that by an order of the said [illegible], the matters of the Petition of Ja[illegible] Bannerjee, a Creditor of KOYLASS- [illegible]DER GHOSE, late of Dometollah, in the town of Calcutta, and afterwards of Chandernagore, in the Province of Bengal, and lately carrying on trade and business at Calcutta aforesaid, as a Merchant, under the name and style of Koylasschunder Ghose and Company, and against whom an adjudication of Insolvency was made and pronounced by this Court, on the third day of July instant, on the application of the said Jadoonauth Bannerjee, are appointed to be heard in the said Court, on Saturday, the fifth day of September next.

The names of the Creditors of the said KOYLASSCHUNDER GHOSE, appear in a Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which Creditors may refer.

W. N. HEDGER,
Insolvent's Attorney.

কৈলাশচন্দ্র ঘোষ কোম্পানির নামে পূর্ব্বে বাঙ্গলা দেশের কলিকাতা নগরের ডোমতলানিবাসি ও পরে চন্দননগরনিবাসি ও পূর্ব্বে কলিকাতা নগরে সওদাগরের কর্ম্মকারি

কৈলাশচন্দ্র ঘোষ

দোত্রহীন বটেন এমত হুকুম তাঁহার মহাজন যদুনাথ বাড়ুয্যার দরখাস্তমতে বর্ত্তমান জুলাই মাসের ৩ তারিখে এই আদালতের দ্বারা হইল। ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে উক্ত যদুনাথ বাঁড়ুয্যার দরখাস্ত আগামি সেপ্টেম্বর মাসের ৫ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত কৈলাশচন্দ্র ঘোষের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

ডবলিউ এন হেজর।
দোত্রহীনের উকীল।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

রেজিষ্টরের আফিস।

জমীদারিদিগর ইজারা।

জয়চন্দ্র পালচৌধুরী বাদী
কৃষ্ণকিশোর নেউগীদিগর প্রতিবাদী

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে আগামি ৮ আগষ্ট শনিবার বেলা দুই প্রহর এক ঘন্টার সময় সুপ্রিম কোর্টের রিজিষ্টর শ্রীযুত রাবর্ট ওডোডা সাহেব তাঁহার আফিসে উপরোক্ত বাদী জয়চন্দ্র পালচৌধুরির নীচের লিখিত জমিদারীদিগরের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন ঐ সময় উক্ত আফিসে উপস্থিত হইবেন।

[*Government Gazette*, 28*th July*, 1846.]

জিলা যশহর মত্তালক।

পরগনা সাঁতোর ডিহি বাগাট রকম	॥০ আটআনা
ঐ পরগনা ঐ ডিহির যাতা শ্রীযুত জয়চন্দ্র পালচৌধুরী	
শ্রীযুত নীলকমল পালচৌধুরির নিকট পত্তনে লয়েন রকম	॥০ আটআনা
পরগনে দাঁতিয়া হোশেনপুর বাগমারা মাগুরা ঘোলা ও মুড়াগাছা রকম	।০ চারিআনা
ওরফ সিদ্ধিপাশা রকম	।০ চারিআনা
মৌজে বিষ্ণুপুর রকম	।০ চারিআনা

শহর কলিকাতার সূতানুটীর শামিল এক বন্দ জমী অনমান ॥১॥ শাড়ে এগার কাঠা মাত্র এই চতুঃসীমান্তে বিশেষতঃ উত্তরে মৃত কাশীনাথ দত্তের দরুন জায়গা দক্ষিণে মৃত জয়রাম ঘোষের দরুন জায়গা পূর্ব্ব দিগে মৃত গোকুলচন্দ্র দত্তের দরুন জায়গা এবং পশ্চিম দিগে কোম্পানির রাস্তা।

অপর বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

রিসিবর আফিস কোর্ট হৌস।

কলিকাতা ১৮৪৬ সাল ২১ জুলাই।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৬। ২৮ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান মার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 4, 1846.

কলিকাতা, মঙ্গলবার ১৮৪৬ সাল ৪ আগষ্ট।

CIRCULAR ORDER OF THE ACCOUNTANT GENERAL.

No. 97.

Magistrates of Lower Provinces.

1st. Referring to the Circular letter of Mr. Under Secretary Turnbull, dated the 20th ultimo, No. 1058, copy of which is hereunto annexed, authorizing officers in charge of Jails in this Presidency, to pay to the Jail Darogah, at the close of each official year, a commission of 35 per cent. on profits of Jail manufactures, I have the honor to request that you will have the goodness, on the expiration of each official year, to ascertain the profits arising on the sale of manufactures worked by convicts confined in the Jail of your district, bearing in mind the rule laid down in the 2d Paragraph of that Circular, and to pay to your Jail Darogah the prescribed commission, holding the payments in Inefficient Balance until you are furnished with a memorandum from this office shewing the actual (tested) amount of profits on Jail manufactures carried on under your superintendence; when you can charge the amount thus shewn, in your Cash Account under the head of "Convict Labor Fund," supported by an original order of Government to be obtained by you for that purpose. You will be careful at the same time, to recover from your Jail Darogah any payment made to him in excess of the amount indicated in the memorandum from this office, or to pay to that officer any sum that may previously have been less paid to him, reporting the fact of the payments to Government in the mode directed in the concluding port of the 1st Paragraph of Mr. Turnbull's Circular above referred to.

2d. You are likewise requested to retain in Inefficient Balance any disbursements that you

আক্কৌণ্টেণ্ট জেনরলের সরকুলর অর্ডর।

৯৭ নম্বর।

বাঙ্গলাভূপ্রভৃতি দেশের শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

ছোট সেক্রেটারী টর্ণবুল সাহেব গত মাসের ২০ তারিখে ১০৫৮ নম্বরী এক পত্রের দ্বারা (ঐ পত্রের নকল নীচে দেওয়া গেল) এই রাজধানীর অন্তঃপাতি জেলখানার অধ্যক্ষদিগকে এই হুকুম দিলেন যে সরকারী প্রত্যেক বৎসরের শেষে জেলখানায় প্রস্তুত করা দ্রব্যের লাভের শতকরা ৩৫৲ টাকার হিসাবে জেলখানার দারোগাকে দেন। সেই পত্রের উপলক্ষে তোমাকে আদেশ করিতেছি যে প্রত্যেক সরকারী বৎসরের শেষে তোমার জিলার জেলখানায় কয়েদহওয়া বন্দুয়ানেরদের নির্ম্মিত শিল্প দ্রব্য বিক্রয় করণেতে যে লাভ জন্মিয়াছে তাহা নিশ্চয় কর এবং ঐ সরকুলর অর্ডরের ২ দফার লিখিত বিধি মনে রাখিয়া তোমার জেলখানার দারোগাকে নিয়মিত কমিসান দেও। এবং তোমার হিসাবে মোক্তাবিলা না হওয়া [illegible] খাতায় খরচ লেখ। পরে তোমার অধীন জেলখানার প্রস্তুত করা শিল্প দ্রব্যের লাভের যথার্থ সংখ্যার নিদর্শন এই দফ্তরহইতে পাইলে তুমি ঐ টাকা তোমার নগদ টাকার হিসাবে "বন্দুয়ানেরদের পরিশ্রমের পুঁজি" এই খাতার লেখ কিন্তু এই বিষয়ে গবর্ণমেন্টের স্বাক্ষরিত তোমার আসল এক হুকুমের প্রমাণ দিতে হইবেক। এই দফ্তরখানাহইতে প্রেরিত লিপির মধ্যে যত টাকা লেখা থাকে তদপেক্ষা অধিক টাকা যদি তোমার জেলখানার দারোগাকে তাহার পূর্ব্বে দিয়া থাক তবে ঐ অধিক টাকা তাহার স্থানে উসুল করিতে হইবেক, পক্ষান্তরে ইহার পূর্ব্বে যদি তুমি ঐ লিপির নির্দিষ্ট টাকা-অপেক্ষা তাহাকে কম দিয়া থাক তবে তাহা পূর্ণ করিয়া দিবা। এবং টর্ণবুল সাহেবের পূর্ব্বোক্ত সরকুলর অর্ডরের প্রথম দফার শেষ ভাগে যেমত লেখা আছে সেইমতে এই টাকা দেওনের বিষয়ে গবর্ণমেন্টের নিকটে রিপোর্ট করিবা।

২। এই দফ্তরের যে লিপির বিষয় পূর্ব্ব দফায় লেখা আছে তাহা তোমার নিকটে পঁহুছনের পূর্ব্বে উক্ত লাভের

may be authorized to make on account of objects of public utility from the balance of 65 per cent. of the said profits, previous to the receipt by you of the memorandum from this department already alluded to, and to charge the sums in the body of your Cash Account under the head of "Convict Labor Fund," when the actual (tested) amount of the profits for the year shall have been duly communicated to you, the charge being also supported by the original orders of Government. Any differences between the amount debitable as per the memorandum of this department and that which may be previously disbursed by you, must of course be adjusted in the manner prescribed in respect to payments made on account of commission to Darogahs above referred to.

(Signed) R. WALKER,

Accountant to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Judicial Department, the 24th June, 1846.

(COPY.)

No. 1058.

From the Under Secretary to the Government of Bengal, to

Dated Fort William, the 20th May, 1846.

1. In continuation of Circular Orders No. 1172, of the 25th June, 1845, I am directed to inform you, that the Honourable the Deputy Governor of Bengal has been pleased to authorize, until further orders, all officers in charge of Jails in this Presidency (with the exceptions mentioned in that Circular) to pay to the Jail Darogahs, at the close of each official year, a commission of 35 per cent. on profits of manufactures carried on under their superintendence. Such payments will of course be subject to the correction of the Accountant to the Government of Bengal, and it is desirable that the amount in each instance should be reported to this office, for the information of Government in the Tabular Form No. 1, annexed to the Circular in question.

2. The Magistrates will bear in mind that this commission is strictly limited to the proceeds of articles actually sold, or to the bona fide value of those consumed for public purposes, and that articles remaining in store at the end of the year must not be included in the calculation.

3. Before expending the balance of 65 per cent. on objects of local utility, the Magistrates will previously obtain the sanction of Government as heretofore.

(Signed) A. TURNBULL,

Under Secy. to the Govt. of Bengal.

(A true copy.)

(Signed) C. BEADON,

Under Secy. to the Govt. of Bengal.

(True copy.)

(Signed) R. WALKER,

Accountant to the Govt. of Bengal.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৬। ৪ আগষ্ট।]

অবশিষ্ট অর্থাৎ শতকরা ৬৫৲ টাকার কোন অংশ যদি সাধারণের উপকারক কর্ম্মে ব্যয় করিতে তোমার প্রতি হুকুম দেওয়া গিয়াছিল তবে সেই ব্যয়হওয়া টাকা তোমার মোকাবিলা না হওয়া খাতার মধ্যে রাখিবা। এবং যখন সম্বৎসরের লাভের যথার্থ সংখ্যার বিবরণ রীতিমতে তোমাকে জানান যায় তখন সেই সকল টাকা তোমার নগদ টাকার হিসাবের বহীতে "বন্দুয়ানেরদের পরিশ্রমের পুঁজি" এই খাতায় লিখিবা। কিন্তু ঐ টাকা ব্যয়করণের বিষয়ে গবর্ণমেন্টের আসল হুকুমের প্রমাণের আবশ্যক। এই দপ্তরের লিপির নিদর্শনে যে টাকা খরচ লিখিতে হয় এবং ইহার পূর্ব্বে তুমি যে টাকা খরচ করিয়াছ উভয়ের মধ্যে যদি কিছু বৈলক্ষণ্য হয় তবে দারোগার কমিসানের বাবতে যে টাকা দেওয়া যায় তাহার মোকাবিলা করণের বিষয়ে যে নিয়ম আছে তদনুসারে এই টাকার বিষয়ে করিতে হইবেক।

আর ওয়াকর।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের আকৌন্টেন্ট।

ফোর্ট উলিয়ম। আ[illegible]টেন্ট সাহেবের দপ্তরখানা।
জুডিসিয়ল [illegible]। ১৮৪৬ ২৪ জুন।

নকল।

১০৫৮ নং।

অমুক ব্যক্তির প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারী সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৪৬ [illegible]।

১৮৪৫ সালের ২৫ জুন তারিখের ১১৭২ [illegible] সরক্যুলর অর্ডরের অনুক্রমে তোমাকে জানাইতেছি যে বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেব এই অনুমতি দিয়াছেন যে (ঐ সরক্যুলর অর্ডরের লিখিত বিষয় ছাড়া) অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত এই রাজধানীর সকল জেলখানার অধ্যক্ষ প্রত্যেক সরকারী বৎসরের শেষে আপনার অধীনে যে সকল শিল্প দ্রব্য প্রস্তুত হয় তাহার লাভের উপর শতকরা ৩৫৲ টাকার হিসাবে কমিসান জেলখানার দারোগাকে দেন। ঐ দত্ত টাকার হিসাব সুতরাং বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের আকৌন্টেন্ট সাহেব সংশোধন করিবেন। এবং প্রত্যেক দারোগাকে যত টাকা দেওয়া যায় তাহার সংখ্যার রিপোর্ট গবর্ণমেন্টের বিজ্ঞাপনের নিমিত্তে এই দপ্তরে করা উচিত। ঐ রিপোর্ট পূর্ব্বোক্ত সরক্যুলর অর্ডরের শেষের লিখিত ১ প্রথম নম্বরী পাটানুসারে শ্রেণীবদ্ধ করিতে হইবেক।

২। মাজিস্ট্রেট সাহেবেরা মনে রাখিবেন যে যেই দ্রব্য নিতান্ত বিক্রয় হইয়াছে কেবল তাহার উপস্বত্বের উপর অথবা যেই দ্রব্য সরকারী কার্য্যে ব্যয় হইয়াছে তাহার মূল্যের উপর ঐ কমিসান দেওয়া যাইবেক এবং বৎসরের শেষে যে সকল দ্রব্য মৌজুদ থাকে তাহা এই হিসাবের মধ্যে গণ্য হইবেক না।

৩। অবশিষ্ট শতকরা ৬৫৲ টাকা তৎস্থানের কোন উপকারক কর্ম্মে ব্যয় করণের পূর্ব্বে গবর্ণমেন্টের অনুমতি পূর্ব্ববৎ মাজিস্ট্রেট সাহেবেরদের লইতে হইবেক।

এ টর্ণবুল।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারী।

(যথার্থ নকল।)

সি বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারী।

(যথার্থ নকল।)

আর ওয়াকর।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের আকৌন্টেন্ট।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 18.

From the Officiating Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

1st. To obviate the risk of misapprehension I am desired by the Sudder Board of Revenue to instruct you, with reference to their Circular No. 8, dated the 20th of March last, that Zemindars and other persons vested with the power of distraining for rent are not authorized themselves to sell distrained property or to employ any Agency for that purpose excepting a person duly appointed under Act No. 1 of 1839, and further, that the only real property which can be brought to sale in satisfaction of a summary decree for a[illegible]rs of rent is the Talook or other tenure from [illegible] the arrear is due, provided by the title [illegible] established usage such tenure be transferable by sale or otherwise.*

2d. The Board desire me to take this opportunity of pointing out to you, with reference to the 3d P[illegible] [illegible]eir Circular No. 16, dated the 19th June, [illegible] that an application to the Dewanny Adaw[illegible] not now necessary for bringing tenures [illegible] ale in satisfaction of summary awards for ar[illegible]ars of rent which may have accrued thereon, the power of making such sales having been transferred to Collectors since the date of their abovementioned Circular, by Act VIII. of 1835.

(Signed) G. Plowden,
Offg. Secretary.

Sudder Board of Revenue,
Fort William, the 13th July, 1846.

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

১৮ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র।

১। ভ্রম না হইবার নিমিত্ত সদর বোর্ড রেবিনিউর গত ২০ মার্চ তারিখের ৮ নম্বরী সরক্যুলর অর্ডরের উপলক্ষে তাঁহারদের হুকুমক্রমে তোমাকে জানাইতেছি যে জমীদারেরা এবং অন্যান্য যে ব্যক্তিরা বাকী খাজানার নিমিত্তে সম্পত্তি ক্রোককরণের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন তাঁহারা ক্রোকহওয়া সম্পত্তি নিজে বিক্রয় করিতে পারিবেন না অথবা ১৮৩৯ সালের ১ আইনক্রমে রীতিমত নিযুক্ত ব্যক্তিছাড়া বিক্রয় করণের নিমিত্তে আর কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন না। পুনশ্চ বাকী খাজানার সরাসরী ডিক্রী জারী করণার্থ যে তালুক বা অন্য ভূমিতে সেই খাজানা বাকী পড়িয়াছে তাহাছাড়া অন্য কোন স্থাবর সম্পত্তি সেই নিমিত্তে বিক্রয় করিতে পারিবেন না এবং যে স্থলে পাট্টা অথবা চলিত দাঁড়াক্রমে ঐ ভূমি বিক্রয় বা অন্য প্রকারে হস্তান্তর হইতে পারে * কেবল সেই স্থলে তাঁহারা ঐ তালুক বা ভূমিপ্রভৃতি বিক্রয় করিতে পারেন।

২। সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা আরো এই সুযোগে তাঁহারদের ১৮৩৪ সালের ১৯ জুন তারিখের ১৬ নম্বরী সরক্যুলর অর্ডরের ৩ দফার উপলক্ষে তোমাকে জানাইতেছেন যে যে ভূমির খাজানা বাকী পড়িয়াছে ঐ বাকী খাজানার সরাসরী ডিক্রী জারীকরণার্থ সেই ভূমি নীলামকরণের জন্যে দেওয়ানী আদালতে আর দরখাস্ত করণের আবশ্যক নাই যেহেতুক তাঁহারদের পূর্ব্ব লিখিত সরক্যুলর অর্ডরের তারিখের পর ১৮৩৫ সালের ৮ আইনক্রমে সেই প্রকার নীলাম করণের ক্ষমতা কালেক্টর সাহেবের প্রতি অর্পণ হইয়াছে।

জি প্লৌডন। একটিং সেক্রেটারী।
সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ১৩ জুলাই।

John C. Marshman, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 16.

To the Civil Authorities in the Lower Provinces.

The Court of Sudder Dewanny Adawlut for the Lower Provinces direct that an error in the phraseology of the 4th para. of their Circular Order No. 5. of the 23d January last, be corrected by the insertion of the terms "provided such document bear the acknowledgment and verification of both parties to the suit," immediately after the word "parties," occurring in the 6th line of the para. in question, as printed in the *Bengalee Government Gazette* of the 24th March, 1846, page 172.

W. Kirkpatrick, *Deputy Register.*

Fort William, the 2d June, 1846.

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

১৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

কলিকাতার সদর দেওয়ানী আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে গত ২৩ জানুআরি তারিখের তাঁহারদের ৫ নম্বরী সরক্যুলর অর্ডরের ৪ দফার কথায় যে ভ্রম হইয়াছে তাহার এইরূপে সংশোধন হয় বিশেষতঃ ১৮৪৬ সালের ২৪ মার্চ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ১৭২ পৃষ্ঠায় মুদ্রিত ঐ ৪ দফার পঞ্চম পংক্তিতে "নিষ্পত্তি হইয়াছে" এই কথার পরে "এবং ঐ দরখাস্তে মোকদ্দমার উভয় পক্ষের স্বীকার ও সহী লেখা থাকে" এই কথা পড়িতে হইবেক।

ডবলিউ কর্কপাট্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ২ জুন।

John C. Marshman, *Bengalee Translator.*

---

* Clause 7, Section 15, Regulation VII. of 1799.

Clause 4, Section 18, Regulation VIII. 1819.

* ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার ৭ প্রকরণ।

১৮১৯ সালের ৮ আইনের ১৮ ধারার ৪ প্রকরণ।

[*Government Gazette, 4th August,* 1846.]

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 8.

To the Several Criminal Authorities in the Lower Provinces.

Pursuant to the orders of Government, the Court publish, for the information of the Criminal Authorities, the accompanying copy of a correspondence regarding the nature of the assistance which Magistrates are expected to afford Sheriff's officers entrusted with the execution of Writs of Capias issued by the Supreme Court against parties residing in the Mofussil.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 12th June, 1846.

No. 84 of 1846.

From A. Campbell, Esquire, Magistrate of Darjeeling, to F. J. Halliday, Esquire, Secretary to Government of Bengal, Fort William, dated Darjeeling, the 29th April, 1846.

I have the honor to request that you will procure for me the opinion of the Advocate General on my proceedings as noted in the margin,* and such opinion as may guide me in deciding on any further steps that may be taken before me in the matter by the Sheriff's Bailiff, either with or without a "Writ of Assistance" or other process issued by the Supreme Court.

2d. I have grounded my proceedings on the absence of any sanction in the Regulations to compliance with the Sheriff's officer's requisitions, and on decisions of the Sudder Courts noted underneath :

1. Circular Order No. 765, dated March 8th, 1833.
2. No. 800, dated 21st June, 1833.
3. No. 636, dated 20th May, 1831.

(Signed) A. CAMPBELL,
Magistrate.

A. Campbell, Esq., Magistrate of Darjeeling.

I have to request you will give me a Posse of your Police force to assist, and protect me in the execution of my duty, in conveying under Civil arrest to Calcutta.

(Signed) W. GRANT,
Sheriff's Officer.

Darjeeling, 27th April, 1846.

Order.- If the Sheriff's officer desires protection, he must make affidavit to his belief that such is requisite. Assistance in the conveyance of a pri-

* Letter of Sheriff's officer, dated 27th April, with order thereon. Letter of do. dated 28th with order thereon of the 29th.

[গবর্নমেন্ট গেজেট। ১৮৪৬। ৪ আগষ্ট।]

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

৮ নম্বর

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত প্রত্যেক ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

মফঃসলনিবাসি ব্যক্তিরদের বিরুদ্ধে "কেপিয়স" নামক যে রিট অর্থাৎ পরওয়ানা সুপ্রিম কোর্টহইতে বাহির হয় তাহা জারী করণের ভারপ্রাপ্ত সরিফের সারজনের সাহায্য যে প্রকারে মাজিষ্ট্রেট সাহেবেরদের করিতে হইবেক তদ্বিষয়ি লিখনপঠনের নীচের লিখিত নকল সদর নিজামৎ আদালতের সাহেবেরা গবর্ণমেন্টের হুকুমক্রমে ফৌজদারীর কার্য্যকারকেরদের বিজ্ঞাপনার্থ প্রকাশ করিতেছেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ১২ জুন।

১৮৪৬ সাল ৮৪ নম্বর।

বাঙ্গলা দেশের [illegible] গবর্ণমেন্টের সেক্রেটারী শ্রীযুত এফ জে হালিডে [illegible]র প্রতি দারজিলিঙ্গের মাজিষ্ট্রেট শ্রীযুত এ কাম্[illegible] সাহেবের পত্র। দারজিলিঙ্গ। ১৮৪৬। ২৯ আপ্রিল।

আপনার নিকটে আমি নিবেদন করিতেছি যে পশ্চাৎ লিখিত* আমার কার্য্যের বিষয়ে শ্রীযুত আডবোকেট জেনরল সাহেবের মত আনান্ এবং "রিট অফ আসিষ্টান্স" অর্থাৎ সাহায্যের পরওয়ানা [illegible] সুপ্রিম কোর্টের বাহিরহওয়া অন্য কোন হুকুম [illegible] সাহেবের সারজন দেখাইলে বা না দেখাইলে এই বি[illegible] আমার সমক্ষে সেই ব্যক্তি আর যে কোন উদ্যোগ করে [illegible] সম্বন্ধে আমার কি কর্ত্তব্য ইহা জানিবার নিমিত্তে ঐ শ্রীযুত আডবোকেট জেনরল সাহেবের মত প্রার্থনা করি।

২। আমি এই বিষয়ে যে কার্য্য করিয়াছি তাহার মূল এই যে সরিফ সাহেবের সারজনের দাওয়ার অনুসারে কার্য্য করিতে আইনের মধ্যে অনুমতি নাই এবং পশ্চাৎ লিখিত সদর আদালতের নিষ্পত্তির উপর নির্ভর করিয়াছি।

১। ১৮৩৩ সালের ৮ মার্চ তারিখের ৭৬৫ নম্বরী সরকুলর অর্ডর।

২। ১৮৩৩ সালের ২১ জুন তারিখের ৮০০ নম্বরী ঐ ঐ।

৩। ১৮৩১ সালের ২০ মে তারিখের ৬৩৬ নম্বরী ঐ ঐ।

এ কাম্বেল।
মাজিষ্ট্রেট।

দারজিলিঙ্গের মাজিষ্ট্রেট শ্রীযুত এ কাম্বেল সাহেব বরাবরেষু।

দেওয়ানী পরওয়ানাক্রমে অমুক সাহেবকে গ্রেফ্তার করিতে এবং কলিকাতায় লইয়া যাইতে আমার প্রতি যে হুকুম আছে তাহাতে আমার রক্ষা ও সাহায্যকরণার্থ তোমার পোলীসের বরকন্দাজের প্রার্থনা করি।

ডবলিউ গ্রাণ্ট।
সরিফের সারজন।

দারজিলিঙ্গ। ১৮৪৬। ২৭ আপ্রিল।

হুকুম।

যদি সরিফ সাহেবের সারজন রক্ষা চাহেন তবে সেইরূপে তাঁহাকে রক্ষাকরণ আবশ্যক আছে এমত তাঁহার বিশ্বাসের বিষয়ে আমার সম্মুখে শপথ করিতে হইবেক। দেওয়ানী পরওয়ানাক্রমে গ্রেফ্তার হওয়া ব্যক্তিকে কলি-

* সরিফ সাহেবের সারজনের ২৭ আপ্রিল তারিখের পত্র ও তাহার বিষয়ি হুকুম। ঐ সারজনের ২৮ তারিখের পত্র ও তাহার বিষয়ি ২৯ তারিখের হুকুম।

soner under Civil arrest is not directed by the Regulations.

(Signed) A. CAMPBELL,
Magistrate.

Darjeeling, 28th April, 1846.

A. Campbell, Esq., Magistrate of Darjeeling.

I am in receipt of your order passed upon my letter of yesterday's date, requesting the assistance and protection of your Police force in the execution of my duty in conveying under Civil arrest to Calcutta.

I have the honor to observe that I consider it necessary to call upon you for a Police force to protect and assist me in the execution of my duty in conveying under Civil arrest to Calcutta, on account of the position I stand in with , he havi[illegible] threatened to break every bone in my body if I [illegible]ver to his house.

If you require an affidavit to the facts, I am ready, (at any time you think proper) to give it.

I request the favor of your reply, and respectfully beg [illegible] your attention to the Sheriff's official letter [illegible] ultimo.

(Signed) W. GRANT,
Sheriff's Officer.

Darjeeling, 28th April, 1846.

Sworn to before me this twenty-ninth day of April, One Thousand Eight Hundred and Forty-Six.

(Signed) A. CAMPBELL,
J. P. and Magistrate.

Darjeeling, 29th April, 1846.

Order on the letter of Mr. Grant, Sheriff's Officer, dated Darjeeling, 28th April, 1846.

The Magistrate does not consider the Sheriff's letter to his address of the 5th March tantamount to a "Writ of Assistance" issued by the Supreme Court, he will not afford protection to the Sheriff's officer in the invasion of premises, and the regulations do not authorize him to assist at all in conveying a prisoner under Civil arrest to the Sheriff.

(Signed) A. CAMPBELL,
Magistrate.

Darjeeling, 29th April, 1846.

No. 882.

To T. B. Swinhoe, Esq.,
Solicitor to the Honourable East India Company.

I am directed by the Honourable the Deputy Governor of Bengal to transmit in original the accompanying letter, No. 84, of the 29th ultimo, with enclosures from the Superintendent of Darjeeling and to request that you will obtain the opinion of the Advocate General in the case therein alluded to.

[*Government Gazette, 4th August,* 1846.]

কাতায় লইয়া যাইবার সাহায্য করিতে আইনে কোন হুকুম নাই।

এ কাম্বেল।
মাজিষ্ট্রেট।

দারজিলিঙ্গ। ১৮৪৬। ২৮ আপ্রিল।

দারজিলিঙ্গের মাজিষ্ট্রেট শ্রীযুত এ কাম্বেল সাহেব বরাবরেষু।

দেওয়ানী পরওয়ানাক্রমে অমুক সাহেবকে গ্রেপ্তার করিতে এবং কলিকাতায় লইয়া যাইতে আমার প্রতি হুকুম ছিল সেই কর্ম্ম সাধনে আমাকে রক্ষা ও সাহায্য করণার্থে আপনার স্থানে পোলীসের বরকন্দাজ লিখিয়া চাহিলাম। আমার সেই পত্রের আপনার উত্তর পাইলাম।

তাহাতে আমি নিবেদন করিতেছি যে দেওয়ানী পরওয়ানাক্রমে অমুক ব্যক্তিকে গ্রেপ্তার করিতে এবং কলিকাতায় লইয়া যাইবার নিমিত্তে তোমার পোলীসের বরকন্দাজের দ্বারা রক্ষা ও সাহায্য অতিআবশ্যক বোধ করি যেহেতুক ঐ সাহেব আমাকে এই ভয় দেখাইয়াছেন যে আমার ঘরে যদি তুমি প্রবেশ কর তবে তোমার শরীরের প্রত্যেক অস্থি চূর্ণ করিব।

যদি এই বিষয় শপথপূর্ব্বক সাক্ষ্য করণের আবশ্যক বোধ হয় তবে আপনি যে সময় নিরূপণ করিবেন সেই সময়ে আমি শপথ করিতে প্রস্তুত আছি।

এই পত্রের উত্তর আপনার স্থানে প্রার্থনা করি এবং বিনয়পূর্ব্বক নিবেদন করি যে শ্রীযুত সরিফ সাহেবের গত মাসের ৫ তারিখের পত্রের বিষয়ে আপনি মনোযোগ করেন্।

ডবলিউ গ্রান্ট।
সরিফের সারজন।

দারজিলিঙ্গ। ১৮৪৬। ২৮ আপ্রিল।

অদ্য আঠার শত ছেচল্লিশ সালের উনত্রিশ আপ্রিলে আমার সম্মুখে এই বিষয়ে শপথ হইল।

এ কাম্বেল।
জুষ্টিস অফ দি পীস ও মাজিষ্ট্রেট।

দারজিলিঙ্গ। ১৮৪৬। ২৯ আপ্রিল।

সরিফের সারজন গ্রান্ট সাহেবের পত্রের বিষয়ে হুকুম।
দারজিলিঙ্গ। ১৮৪৬। ২৮ আপ্রিল।

সরিফ সাহেব গত মার্চ মাসের ৫ তারিখে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে যে পত্র লিখিলেন তাহা মাজিষ্ট্রেট সাহেব সুপ্রিম কোর্টের দ্বারা বাহিরহওয়া "রিট অফ আসিষ্টান্স" অর্থাৎ সাহায্যের পরওয়ানার তুল্য জ্ঞান করেন্ না। অতএব সরিফের সারজনকে বলপূর্ব্বক বাটীতে প্রবেশ করণের সময়ে তাঁহার কোন সাহায্য করিবেন না এবং দেওয়ানী পরওয়ানাক্রমে গ্রেপ্তারহওয়া কোন ব্যক্তিকে সরিফ সাহেবের নিকটে লইয়া যাইবার সময়ে সারজনের সাহায্য করিতে আইনে কোন হুকুম নাই।

এ কাম্বেল।
মাজিষ্ট্রেট।

দারজিলিঙ্গ। ১৮৪৬। ২৯ আপ্রিল।

৮৮২ নম্বর।

অনরবিল ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির উকীল শ্রীযুত টি বি সুইনহো সাহেব বরাবরেষু।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে দারজিলিঙ্গের শ্রীযুত সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের গত মাসের ২৯ তারিখের ৮৪ নম্বরী পত্র এবং তাহার সঙ্গে প্রেরিত লিপি তোমার নিকটে পাঠাইয়া আদেশ করিতেছি যে তাহার মধ্যের লিখিত মোকদ্দমার বিষয়ে শ্রীযুত আডবোকেট জেনরল সাহেবের মত আন।

2d. It is requested that the original enclosures may be returned with your reply.

(Signed) A. TURNBULL,

Under Secy. to the Govt. of Bengal.

Fort William, the 13th May, 1846.

Opinion.

Mr. Campbell seems to labour under considerable misapprehension as to the authority under which the Sheriff's officer is acting.

The Sheriff's letter is little more than an act of courtesy, important only as conveying notice to the Magistrate, that his assistance may be required.

The authority under which the Sheriff, or his Bailiff in his place, is acting, is a writ of Capias issued out of the Supreme Court on its common law side, directed to the Sheriff and commanding him to seize the body of and to have it at a certain time and place before the Court, &c.

A writ of assistance, the execution of which the Magistrate seems to admit he would be bound to aid, is a writ issuing out of the Supreme Court on its Equity side directed also to the Sheriff and commanding him to put a certain person into the possession of certain premises.

It seems to me that a Magistrate in the Mofussil is bound to aid, the due execution of the former writ, upon precisely the same principle as that on which he is bound to assist in the execution of the latter. The only difference between them in respect of authority is, that whereas doubts may have existed heretofore as to the power of the Court to decree possession of lands in the Mofussil, none has ever existed as to its power to take, either on mesne process, or in execution, the bodies of British subjects within the local limits of its jurisdiction.

Now upon referring to Mr. Advocate General Pearson's letter of the 21st of July, 1820, which appears to have been ever since very properly acted upon (see Circular Orders of the Sudder Dewanny Adawlut, Vol. II. No. 31, and Construction by the Sudder Dewanny Adawlut and Nizamut Adawlut, Vol. II. No. 636, the last being one of the authorities referred to by Mr. Campbell,) it will be found that the obligation of the Mofussil authorities to lend their aid to the execution of a writ of assistance does not depend upon the peculiar nature or terms of that writ, but upon the force of the 39th Section of the Charter of justice and the analogy between the power of the Sheriff to call for assistance under that Section, and the power of a Sheriff in England to call upon the Posse Comitatus.

Applying that principle to the present case, it seems to follow that whereas in England the Sheriff, where assistance is required, is, in the execution of a Capias ad satisfaciendum, *bound*, and is in the execution of a Capias ad respondendum *at liberty* to call upon the Posse Comitatus, so here if he has

২। আসল যে লিপি এক্ষণে তোমার নিকটে পাঠান যাইতেছে তাহা তুমি তোমার উত্তরের সঙ্গে পাঠাইবা।

এ টর্নবুল।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ১৩ মে।

মত।

যে ক্ষমতাক্রমে সরিফের সারজন কর্ম্ম করেন সেই বিষয়ে শ্রীযুত কাম্বেল সাহেবের ভ্রম আছে বোধ হয়।

সরিফ সাহেবের পত্র কেবল শিষ্টতা প্রকাশ বিনা প্রায় আর কিছু বলা যাইতে পারে না এবং তাহার অভিপ্রায় এই যে মাজিষ্ট্রেট সাহেবের সাহায্য করণের আবশ্যক হইতে পারিবেক ইহা তাঁহাকে জানান।

যে ক্ষমতাক্রমে সরিফ সাহেব অথবা তাঁহার এওজে তাঁহার সারজন এই বিষয়ে কর্ম্ম করিলেন তাহা সুপ্রিম কোর্টের "কামন লা" পক্ষে বাহির হওয়া "কেপিয়সের" রিট অর্থাৎ পরওয়ানা। তাহাতে সরিফ সাহেবের প্রতি হুকম আছে যে অমুক ব্যক্তিকে গ্রেপ্তার করিয়া নির্দ্দিষ্ট সময়ে [illegible] আদালতের সম্মুখে হাজির কর ইত্যাদি।

"রিট" অফ আসিষ্টান্স" অর্থাৎ সাহায্যের পরওয়ানা সুপ্রিম কোর্টের "একুটি পক্ষে" বাহির হওয়া পরওয়ানা। তাহাতে সরিফ সাহেবের প্রতি হুকুম আছে যে অমুক ব্যক্তিকে অমুক ভূমির দখল দেওয়াও। এবং দারজিলিঙ্গের মাজিষ্ট্রেট সাহেব স্বীকার [illegible] এই প্রকার পরওয়ানা জারী করণেতে তাঁহার [illegible] উচিত।

আমার বোধ হয় যে মফঃসলের [illegible] ট্রেট সাহেবের যেমত শেষে লিখিত পরওয়ানা জারীর [illegible] উচিত সেই নিয়মক্রমে প্রথমোক্ত পরওয়ানার তদ্রূপ [illegible] তাঁহার আবশ্যক। এই দুই পরওয়ানার ক্ষমতার মধ্যে এইমাত্র বৈলক্ষণ্য আছে যে মফঃসলে ভূমির দখলের ডিক্রী করিতে সুপ্রিম কোর্টের ক্ষমতা আছে কি না এই বিষয়ে পূর্ব্বে সন্দেহ ছিল কিন্তু ডিক্রীর পূর্ব্বে বা ডিক্রী জারীক্রমে ঐ আদালতের এলাকার সরহদ্দের মধ্যে ব্রিটনীয় প্রজাকে গ্রেপ্তার করিবার ক্ষমতার বিষয়ে কখন কোন সন্দেহ ছিল না।

আডবোকেট জেনরল শ্রীযুত পিরসন সাহেবের ১৮২০ সালের ২১ জুলাই তারিখের পত্রের অনুসারে সেই তারিখঅবধি উপযুক্তমতে কার্য্য হইয়া আসিতেছে। সেই বিষয়ে সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডরের দ্বিতীয় বালমের ৩১ নম্বর এবং সদর দেওয়ানী ও নিজামত আদালতের আইনের অর্থের ২ বালমের ৬৩৬ নম্বর দেখ শ্রীযুত কাম্বেল সাহেব যে সরক্যুলর অর্ডরের উদাহরণ দিয়াছেন তাহার মধ্যে শেষ লিখিত এই। এ আডবোকেট জেনরল সাহেবের পত্র দৃষ্টি করিলে দেখা যাইতেছে যে "রিট অফ আসিষ্টান্স" অর্থাৎ পরওয়ানা জারীর সাহায্য করিতে মফঃসলের কার্য্যকারকেরদের যে কর্ত্তব্য তাহা এ রিট অর্থাৎ পরওয়ানার বিশেষ ভাব অথবা বিশেষ কথার উপর নির্ভর নাই কিন্তু "চার্টর অফ জুষ্টিস" অর্থাৎ সুপ্রিম কোর্টের চার্টরের ৩৯ ধারার উপরে আছে এবং ঐ ধারাক্রমে সাহায্যের দাওয়া করিতে সরিফ সাহেবের যে ক্ষমতা আছে তাহা ইঙ্গলণ্ড দেশের সরিফ সাহেবের "পসি কমিটাটসের" সাহায্যের দাওয়া করণের ক্ষমতার সদৃশ।

অতএব ঐ নিয়ম এক্ষণকার মোকদ্দমার বিষয়ে খাটাইলে দৃষ্ট হইতেছে যে যেমন ইঙ্গলণ্ড দেশে সরিফ সাহেবের "কেপিয়স এড সাটিসফাসিয়েণ্ডম" নামক পরওয়ানা জারী করণেতে সাহায্যের আবশ্যক হইলে "পসি কমিটাটসের" সাহায্যের দাওয়া করিতে হইবেক এবং "কেপিয়স এড রেসপণ্ডেণ্ডম" নামক পরওয়ানা জারী করণেতে তিনি "ঐ পসি কমিটাটসের" সাহায্যের দাওয়া করিতে পারেন সেইরূপে এই দেশে যদি মাজিষ্ট্রেট সাহেবের

occasion to call upon the Magistrate for assistance, the Magistrate ought to render it.

That assistance ought of course to be confined to the legal execution of the writ; for instance, the Police officers furnished by the Magistrate ought not to aid the Bailiff in breaking into a house—but they accompany him if he enter the premises without breaking in—and ought to prevent any breach of the Peace when the arrest is made, or rescue after it has been made.

I do not see that the obligation upon the Magistrate extends so far as to make it necessary for him to furnish men to assist in the conveyance of the prisoner to Calcutta.

(Signed) JAS. WM. COLVILE.

May 15th, 1846.

(A true copy.)

(Signed) T. B. SWINI

Solicitor to the East India Company.

No. 1117.

To A. Campbell, Esquire,

Superintendent of Darjeeling.

I am dire[illegible] the Honourable the Deputy Governor of [illegible] to acknowledge the receipt of your letter No. [illegible]4, of the 29th ultimo, with enclose[illegible]d in reply to transmit, for your information and guidance, the accompanying copy of the Advocate General's opinion on the points therein referred.

(Signed) A. TURNBULL,

Under Secy. to the Govt. of Bengal.

(True copies.)

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 20th May, 1846.

রাজকর্ম্মে নিয়োগ।

১৩৯০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ২৯ জুলাই।

শ্রীযুত জে নট সাহেব ১৮৩৩ সালের ৯ আইনানুসারে জিল্লা পাটনায় ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত বাবু উমাচরণ ভট্টাচার্য্য ১৮৩৩ সালের ৯ আইনানুসারে যশোহরে ডেপুটী কালেক্টর হইবেন।

রামমোহন রায়ের মৃত্যুহওয়াতে শ্রীযুত আদিত্যপ্রসাদ ঘোষ মেদিনীপুরের প্রধান সদর আমীন হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ২৯ জুলাই।

চাটিগাঁর নিমকের একটিং এজেণ্ট শ্রীযুত এফ স্কিপউইথ সাহেব আপনার কর্ম্মের ভার চাটিগাঁর নিমকচৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ইন্স সাহেবের প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

জাহাজসম্পর্কীয় বন্দরক্ষক শ্রীযুত জে ওয়াট সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে সাত সপ্তাহের ছুটী পাইয়াছেন।

[*Government Gazette, 4th August,* 1846.]

সাহায্যের দাওয়া করণের আবশ্যক হয় তবে মাজিষ্ট্রেট সাহেবের সেই সাহায্য করা উচিত।

ঐ পরওয়ানা কেবল আইনমত জারী করণেতে সেইরূপ সাহায্য করিতে হইবেক যথা মাজিষ্ট্রেট সাহেব পোলীসের যে আমলারদিগকে দেন্ তাহারা সারজনকে ঘর ভাঙ্গিয়া প্রবেশ করণের সাহায্য করিবেক না কিন্তু যদি সারজন বাটী না ভাঙ্গিয়া তাহার মধ্যে প্রবেশ করে তবে তাহারা তাহার সঙ্গে যাইবেক এবং গ্রেফ্তার হওন সময়ে শান্তিভঙ্গ নিবারণ করিবেক এবং কয়েদী ব্যক্তির উদ্ধারহওনের নিবারণ করিবেক।

কিন্তু আমার বোধ হয় না যে গ্রেফ্তার হওয়া ব্যক্তিকে কলিকাতায় লইয়া যাওনের সাহায্য করিতে মাজিষ্ট্রেট সাহেবের লোক দেওনের আবশ্যক আছে।

জেম্স উলিয়ম কলবিল।

১৮৪৬। ১৫ মে।

(যথার্থ নকল।)

টি বি সুইনহো।

ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির উকীল।

১১১৭ নম্বর।

দারজিলিঙ্গের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এ কাম্বেল সাহেব বরাবরেষু।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুমক্রমে জানাইতেছি যে গত মাসের ২৯ তারিখের ৮৪ নম্বরী তোমার পত্র এবং তাহার সঙ্গে যেং লিপি ছিল তাহা প্রাপ্ত হওয়া গিয়াছে এবং তাহার উত্তরস্বরূপ তাহার মধ্যের লিখিত বিষয়ে শ্রীযুত আডবোকেট জেনরল সাহেবের মতের লিখিত নকল তোমার বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে পাঠাইতেছি।

এ টর্ণবুল।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

(যথার্থ নকল।)

ডবলিউ কর্কপাট্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪৬। ২০ মে।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

সারণ ও ত্রিহুতের জরিপী কর্ম্মের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত সি চাপমান সাহেব আপনার কর্ম্মের ভার অচিহ্নিত ডেপুটী কালেক্টর শ্রীযুত রায় দিগম্বর মিত্রের প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে তিন মাসের ছুটী পাইয়াছেন।

চাটিগাঁর একটিং কালেক্টর শ্রীযুত এফ বি কেম্প সাহেব আপনার কর্ম্মের ভার শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেবের প্রতি অর্পণ করিয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৪৩ সালের ১৫ আইনানুসারে নিযুক্ত ময়মুনসিংহের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত নরেন্দ্রকৃষ্ণ বাহাদুর গত মে মাসের ২৩ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে পঁচিশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ৩১ জুলাই।

রাজশাহীর একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত এ এ সুইণ্টন সাহেবকে বর্ত্তমান মাসের ৮ তারিখে যে পনের দিনের ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল ঐ মাসের ২৫ তারিখ অবধি রহিত হইল। ঐ তারিখে তিনি আপন মাজিষ্ট্রেটী কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা নদীয়ার নীচের লিখিত সেওয়ায় তৌজীর মহালাত সন ১২৫৩ সালের লাং কিস্তী চৈত্র মায় বকায়া বাকীর নিমিত্তে সন ১৮৪৬ সালের ১৮ আগষ্ট মোং সন ১২৫৩ সালের ৩ ভাদ্র মঙ্গলবার কালেক্টর সাহেবের কাছারীতে বিনাওজরে ধরা যাইবেক ও বিক্রী হইবেক ইতি।

নম্বর শ্রেণী	যে নিয়মে বন্দোবস্ত হয়	নম্বর বাজেআপ্তি	নাম মহাল	নাম মালিক	সদর জমা	বাকী লাং চৈত্র মায় বকায়া	কৈফিয়ৎ
১ নং	কারিমি	৬৯৬	মদনারঘুনাথপুরদিং	... রাজা শ্রীশচন্দ্র রায়	১৫০৲	৩৩১ ॥৭	
ঐ	ঐ	৪৩২	জনাপুলি	... রামচন্দ্র চৌধুরী	৪ ৸৴১১	১৮ ॥৶৮	
ঐ	ঐ	৬৮০	বেলপুকুরিয়া	... শিবচন্দ্র মুখুয্যা	২ ৷৶৬।	৭ ৷৶৩।	
২ নং	সরত্তি	২৭১	মেহেরপুর	... খেদু দেওয়ান	২২ ॥৶	৪৩ ৷৶৩	
ঐ	ঐ	১০৮০	মছলন্দপুর	... রাছুউল্লা	৩৩ ৷৴৪	১৫ ৷৴৪	
ঐ	ঐ	৬৩১	গরিবপুর	... সদাশিব চৌধুরীদিগের	৯ ৷৶৯	৯ ॥৶৫	
ঐ	ঐ	৭৬৪	ভটপাড়া বল্লভপুর ...	... ভৈরবচন্দ্র [illegible]	৮৯৻৯	২৮৬ ৸৶৪	

D. J. Money, *Collector.*

এতলানাম কাছারী কালেক্টরি জিলা বাকরগঞ্জ [illegible] সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ ইংরেজির ১ প্রথম আইনের ৬ ধারার বিধিমতে উক্ত আইনের ৩ ও ৫ ধারা [illegible] রের বাকীপড়া নীচের লিখিত মহালাতের সন ১২৫২ বাঙ্গলার লাং কীস্তি ফাল্গুণের পাওনা বাকী রাজস্ব ও অন্যং দাওয়ার টাকা যে বাকী রাজস্বের ন্যায় আদায় নিমিত্তক উক্ত আইনের ১৬ ধারাক্রমে স [illegible] ২৪ জুন মোতাবেক সন ১২৫৩ বাঙ্গলার ১১ আষাঢ় রোজ বুধবার এই কাছারিতে পুনর্নীলামে ধরা যাইয়া ডাক দেওয়াতে খরিদারান নিলাম খরিদ করিয়া রীতিমতে বাএনার টাকা দাখিল করিয়াছিলেক প [illegible] মিত ম্যাদমধ্যে বাকী মূল্য সরকারী ধনাগারে দাখিল না করাতে উক্ত আইনের ঐ ১৬ ধারার মর্ম্মানুসারে খরিদদারানের দাখিলি বাএনার টাকা সরকারে জব্দ ও নীচের লিখিত মহালাত পুনর্নীলাম করা আবশ্যক হইয়া উপরউক্ত ৬ ধারাক্রমে এতলানামা দেওয়া যায় যে মহালাত মজকুরান সন ১৮৪৬ ইং ২০ বিশা আগষ্ট মোতাবেক সন ১২৫৩ বাঙ্গলার ৫ পাঁচই ভাদ্র রোজ বৃহস্পতিবার এই কালেক্টরি কাছারিতে বিনাওজর নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৬ ইং তারিখ ২৭ জুলাই মোতাবেক সন ১২৫৩ সন বাঙ্গলা তারিখ ১৩ শ্রাবণ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকী পাওনা লাং কীস্তি ফাল্গুণের সন ১২৫২ বাং	মন্তব্য কথা
১	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল	১০৫৩	খারিজা পরগনে বাজরেড়া রামকেশব চক্র তালুক ...	লালচাঁদ সাহা ...	২৮৴	২৮৴	ষোল আনা মহাল নীলাম বিক্রয় হইবেক।
	বাকী মালগুজারি যেরূপে আদায় হয় সেইরূপে আদায় করণের দাওয়ার নিমিত্তে বিক্রয় হওয়া মহাল		খারিজা পরগনে বাজরেড়া কিং সোনার তালুক রাধাকান্ত রক্ষী হাং রামদয়াল দাস ..	রামদয়াল দাস ...	১৭।৮৭	খারিজা পরগনে খাজা বাহাদুর নগর চাঁদ গাজি তালুক হিং ॥০ আনা মিলকিয়তে রাজা হিরি মতফাজর সরকার এই মহালের সাবেক তহসিলদার উদয়চাঁদ মজুমদার জামিনদার রামদয়াল দাস ও সত্যচিক্কর গুপ্ত তহসিলদারের তহরূপী বাকী বাং সন ১২৫২ বাং ২২৬৷৮৴	এই হাওলার মধ্যে রামদয়াল দাস জামিনদারের যে হক।

H. Atherton, *Offg. Collector.*

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the 25th day of July instant, the matters of the Petition of RICHARD ALEXANDER JAMES ROE, late of the Circular Road, in the twenty-four Pergunnahs, Senior Inspector in the Preventive Service of the East India Company, and now a Prisoner for debt in the Common Jail of Calcutta, seeking the benefit of an Act of the ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court, on Saturday, the fifth day of September next.

The names of the Creditors of the said RICHARD ALEXANDER JAMES ROE, appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court to which any Creditors may refer.

JUDGE and BURKINYOUNG,
Attornies for the Insolvent.

Calcutta, 27th July, 1846.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of NAPOLEON PELEGRIN, formerly Intendant at the Narampore Salt Golahs, late of Gooreamah's lane, in Calcutta, a Tide Waiter on the Custom House Wharf, and a Prisoner for debt in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies," are appointed to be heard in the said Court, on Saturday, the Seventeenth day of October next.

The names of the Creditors of the said NAPOLEON PELEGRIN, appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

EMANUEL PANIOTY,
Insolvent's Attorney.

Calcutta, 31st July, 1846.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of GEORGE BENJAMIN SMITH, formerly of Nuncoo Zemadar's lane, and late of Daurrumtollah Street, in the Town of Calcutta, Gentleman, and now a Prisoner confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled an Act to provide for the relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court, on Saturday, the fifth day of September next.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ৪ আগস্ট।]

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

কোম্পানি বাহাদুরের প্রিবেন্টিব সরবিসের প্রধান তত্ত্বাবধারক জিলা চব্বিশপরগনার সরকুলর রোডনিবাসি

রিচার্ড আলেকজাণ্ডর জেমস রো সাহেব

একণে কলিকাতার সাধারণ জেলখানার ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের দেউলিয়া ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্তমান জুলাই মাসের ২৫ তারিখের উক্ত আদালতের হুকুমক্রমে উক্ত দেউলিয়ার দরখাস্তের মর্ম্ম আগামি সেপ্টেম্বর মাসের ৫ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত রিচার্ড [illegible]লেকজাণ্ডর জেমস রো সাহেবের মহাজনেরদের [illegible] তফসীলে লিখিত হইয়া তাহার দরখাস্তসম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফতরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

জজ ও বর্কিনয়ং।
দেউলিয়া[illegible] এ[illegible]

কলিকাতা। ১৮৪৬। ২৭ জুলাই।

পূর্ব্বে নারায়ণপুরের নিমক গোলার তত্ত্বাবধারক[illegible] পরে কলিকাতার গুড়ের মার গলিনিবাসি ও কষ্টম হৌসের পোস্তারক্ষক

নাপোলিয়ন পেলিগ্রিন সাহেব

একণে কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের দেউলিয়া ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে তাহার দরখাস্তের মর্ম্ম আগামি অকটোবর মাসের ১৭ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত নাপোলিয়ন পেলিগ্রিন সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাহার দরখাস্তসম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফতরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

ইমানুএল পানিওটি।
দেউলিয়ার উকীল।

কলিকাতা। ১৮৪৬। ৩১ জুলাই।

সকলকে খবর দেওয়া যাইতেছে যে ঐ আদালতের হুকুমানুসারে শহর কলিকাতার

জার্জ বেঞ্জামিন স্মিথ সাহেব

যিনি পূর্ব্বে নন্‌কু জমাদারের গলিতে এবং তৎপরে শহর কলিকাতার ধর্ম্মতলার ইষ্টিটে বাস করিতেন এবং একণে শহর কলিকাতার প্রধান কারাগারে বদ্ধ আছেন তাঁহার দরখাস্তের তাৎপর্য্য অর্থাৎ গত রাজার অধিকারের নবম বৎসরের নিয়ম যাহা ভারতবর্ষের সকল অক্ষম ঋণিদিগের পরিত্রাণার্থ হইয়াছে সেই নিয়মানুসারে আপন উদ্ধারের নিমিত্তে প্রার্থনা করেন ঐ দরখাস্ত শ্রবণের নিমিত্তে আগামি ৫ সেপ্টেম্বর শনিবার দিবস সময় নির্দ্ধারিত হইয়াছে।

The names of the Creditors of the said GEORGE BENJAMIN SMITH, appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

CH. STRETTELL,
Insolvent's Attorney.

Calcutta, 29th July, 1846.

In the matter of WILLIAM PATRICK, JOHN WESTON CLIFF, ROBERT HORNIDGE BUCKLAND and ALBERT MIRABEAU DOWLEANS, lately carrying on business in copartnership with William Hunter Smoult, (who is now absent from India) at Calcutta, under the style or firm of Tulloh and Company.

NOTICE is hereby given, that by an order of this Court, made in this matter on the eighteenth day of July instant, it was ordered Colin Campbell, Esquire, should be appointed Assignee of the Estate and Effects of the said William Patrick, John Weston Cliff, Robert Hornidge Buckland and Albert Mirabeau Dowleans to act conjointly with Robert O'Dowda, Esquire.

FRITH and SANDES,
Attornies.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the twenty-ninth day of July instant, the matters of the Petition of NETTERVILLE HENRY ALEXANDER CAMPBELL, late of Park Street, in the town of Calcutta, Superintendent of the Calcutta Customs Preventive Service, and now a prisoner for debt confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the reign of His late Majesty George the Fourth, entitled an Act to provide for the relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court, on Saturday, the fifth day of September next.

The names of the Creditors of the said NETTERVILLE HENRY ALEXANDER CAMPBELL, appear in the Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

R. GRAHAM,
Attorney for the Insolvent.

Calcutta, 30th July, 1846.

ঐ জার্জ বেঞ্জামিন স্মিথ সাহেবের মহাজনদিগের নাম এক ফর্দে নির্দিষ্ট করিয়া তাঁহার দরখাস্তসম্বলিত ঐ আদালতের প্রধান ক্লার্কের দপ্তরখানায় দাখিল হইয়াছে তাহাতে যে মহাজনের বাঞ্ছা হয় সেই দপ্তরখানায় যাইয়া দেখিবেন ইতি।

সি জি ইষ্ট্রেটেল।
ইনসালবেন্টের উকীল।

কলিকাতা ১৮৪৬। ২৯ জুলাই

টালা কোম্পানির নামে
উলিয়ম পাত্রিক সাহেব ও জান ওএষ্টন ক্লিফ সাহেব ও রাবর্ট হর্ণিজ বকলাণ্ড সাহেব ও আলবর্ট মিরাবো ডৌলিয়ন্স সাহেব

এক্ষণে ভারতবর্ষে অনুপস্থিত উলিয়ম হন্টর স্মৌল্ট সাহেবের সঙ্গে কলিকাতার কর্ম্ম চালাইতেন তাঁহারদের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান জুলাই মাসের ১৮ তারিখে উক্ত আদালতে হুকুম হইয়াছিল যে শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেবের সঙ্গে শ্রীযুত কলিন কাম্বেল সাহেব উক্ত উলিয়ম পাত্রিক সাহেবের ও জান ওএষ্টন ক্লিফ সাহেবের ও রাবর্ট হর্ণিজ বকলাণ্ড সাহেবের ও আলবর্ট মিরাবো ডৌলিয়ন্স সাহেবের মাল ও সম্পত্তির আসৈনি পদে নিযুক্ত হন।

ফ্রিথ ও সাণ্ডিস।
উকীল।

কলিকাতা নগরের পার্ক ষ্ট্রিটনিবাসি ও কলিকাতার কাষ্টমের প্রিবেণ্টিব সরবিসের সুপরিণ্টেণ্ডেণ্ট
নেটরবিল হেনরি আলেকজাণ্ডর কাম্বেল সাহেব

এক্ষণে কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের দোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনানুসারে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে এই আদালতের বর্ত্তমান জুলাই মাসের ২৯ তারিখের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি সেপ্টেম্বর মাসের ৫ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত নেটরবিল হেনরি আলেকজাণ্ডর কাম্বেল সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফতরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

আর গ্রেহাম।
দোত্রহীনের উকীল।

কলিকাতা। ১৮৪৬। ৩০ জুলাই।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিবদের ইশতিহার।

রিসিবর আফিস।
জমীদারিদিগর ইজারা।

জয়চন্দ্র পালচৌধুরী বাদী
কৃষ্ণকিশোর নেউগীদগর প্রতিবাদী

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে আগামি ৮ আগষ্ট শনিবার বেলা দুই প্রহর এক ঘন্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব তাঁহার আফিসে উপরোক্ত বাদী জয়চন্দ্র পালচৌধুরির নীচের লিখিত জমিদারী দগরের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন ঐ সময় উক্ত আফিসে উপস্থিত হইবেন।

[*Government Gazette, 4th August*, 1846.]

জিলা যশহর মতালক।

পরগনা সাঁতোর ডিহি বাগার্ট রকম	॥৹ আট আনা
ঐ পরগনা ঐ ডিহির যাহা শ্রীযুত জয়চন্দ্র পালচৌধুরী শ্রীযুত নীলকমল পালচৌধুরির নিকট পত্তনে লয়েন রকম	॥৹ আট আনা
পরগনে দাঁতিয়া চোশেনপুর বাগমারা মাগুরা ঘোলা ও মুড়াগাছা রকম	।৵ চারি আনা
তরফ সিদ্ধিপাশা রকম	।৹ চারি আনা
মৌজে বিষ্ণুপুর রকম	।৹ চারি আনা

শহর কলিকাতার সুতানুটীর শামিল এক বন্দ জমী অনুমান ॥১॥ সাড়ে এগার কাঠা যাহা এই চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তরে মৃত কাশীনাথ দত্তের দরুন জায়গা দক্ষিণে মৃত জয়রাম ঘোষের দরুন জায়গা পূর্ব্ব দিগে মৃত গোকুলচন্দ্র দত্তের দরুন জায়গা এবং পশ্চিম দিগে কোম্পানির রাস্তা।

অপর বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

রিসিবর আফিস কোর্ট হৌস্

কলিকাতা ১৮৪৬ সাল ২১ জুলাই।

রিসিবর আফিস।

জমিদারীদিগর ইজারা।

আশুতোষ দেদিগর বাদী ও রাজা অযোধ্যারাম খাঁদিগর প্রতিবাদী

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে আগামি ১০ আগস্ট সোমবার বেলা দুই প্রহর এক ঘন্টার সময় সুপ্রেম কোর্টের রিসিবর শ্রীযুত রাবর্ট ওড়োডা সাহেব তাঁহার আফিসে ঐ প্রতিবাদি রাজা অযোধ্যারাম খাঁদিগরের নাচের লিখিত জমিদারীদিগরের ইজারার ডাক লইবেন যাঁহারা লইতে চাহেন তাঁহারা ঐ সময়ে রিসিবর আফিসে উপস্থিত হইবেন।

মোতালকে জিলা মেদিনীপুর

পরগনে মেদিনীপুর

পরগনে ঢেকিয়াবাজার

পরগনে মনোহরগড়

পরগনে তপে বাহাদুরপুর

পরগনে বীরকুল তালুক রামপুরদিগর

পরগনে নাপোচর তালুক বাএন্দাদিগর

পরগনে জেতুয়া তালুক ওদা নৃজামারি দামোদরপুর

পরগনে কাশীযোড়া তালুক কোদাসে

পরগনে ঐ তালুক জদাদীগলাবাড়

পরগনে ঐ তালুক মৌজে চকগোপাল

পরগনে ঐ তালুক মৌজা উত্তর পাঁচবাড়িয়া

পরগনে ঐ তালুক মৌজা বাহারপোতা

পরগনে ঐ তালুক মৌজে জর্শাদাবা জুব্রিদ

পরগনে ঐ তালুক মৌজে কিশমত কিশরাইচকদিগর

কলিকাতা সুপ্রেম কোর্ট

রিসিবর আফিস।

তারিখ ২৮ জুলাই ১৮৪৬ সাল।

[গবর্নমেন্ট গেজেট। ১৮৪৬। ৪ আগস্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান ক্লার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড় পত্র।

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 4, 1846.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৬ সাল ৪ আগষ্ট।

INSOLVENT COURT.

[A]SSIGNEE'S OFFICE.—NOTICE. [*Third Insertion.*]

PURSUANT TO ACT NO. XXVII. OF 1841.

NOTICE is hereby given, that in the event of no claim being established to the unclaimed Dividends hereunder mentioned, and which were paid into the hands of the Accountant General and Sub-Treasurer of the East India Company, with the privity of the Accountant General of the Insolvent Court. pursuant to the above Act under the orders of the said Court, bearing date the 4th day of July, 1840, [or a]ny part thereof as particularized hereunder within 12 months from this date, such Dividends will [be di]stributed among such of the Creditors of the respective Insolvent Estates as shall have establ[ish]ed their claims against such Estates respectively, and an order will be obtained to have such [cl]aims, the dividends upon which remain unclaimed at the expiration of the time abovementioned, expunged from the respective Schedule.

Calcutta, September, 1845.

যোত্রহীনেরদের আদালত।

আসৈনির দপ্তরখানা। বিজ্ঞাপন।

১৮৪১ সালের ২৭ আইনানুসারে।

The following Extract from the proceedings of the Honourable the President of the Council of India in Council, in the Legislative branch of the Home Department, under date the 1st August, 1846, is published for general information:

Read a second time the Draft of a proposed Act, dated the 7th January 1846, and published in the *Bengalee Government Gazette* of the 3d February 1846, for the establishment and maintenance of boundary marks in the North-Western Provinces of Bengal.

Resolution.—The Honourable the President in Council resolves, that the following Amended Draft on the subject be published for general information :

ACT No. —— OF 1846.

An Act for the establishment and maintenance of boundary marks in the North-Western Provinces of Bengal.

Whereas it is desirable with a view to the better definition and security of landed property, the prevention of encroachments and disputes, and the identification of lands assessed to, or exempted from, the Public Revenue, that provision should be made for the establishment and maintenance of permanent marks to distinguish the boundaries of Fields or Estates :

I. It is hereby enacted, that it shall be lawful within the Territories subject to the Government of the North-Western Provinces of Bengal, for Collectors of Land Revenue, or persons exercising the powers of Collector, or such Revenue Officers

[*Government Gazette, 25th August,* 1846.]

আইনের মুসাবিদা।

কোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৬ সাল ১ আগষ্ট।

ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে দেশীয় ডিপার্টমেণ্টের লেজিসলেটিব সিরিশ্তায় ১৮৪৬ সালের ১ আগষ্ট তারিখে যে কার্য্য করেন তাহার পশ্চাৎ লিখিত বিবরণের চুম্বক সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

উত্তর পশ্চিম প্রদেশে সীমাস্থ চিহ্ন স্থাপনের এবং রক্ষা করণের বিষয়ি ১৮৪৬ সালের ৭ জানুআরি তারিখের প্রস্তাবিত আইনের যে মুসাবিদা ১৮৪৬ সালের ৩ ফেব্রুআরি তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তাহা দ্বিতীয়বার পাঠ করা গেল।

নির্দ্ধারণ।

শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে নির্দ্ধারণ করিয়াছেন যে ঐ বিষয়ের আইনের নীচের লিখিত শুধরা মুসাবিদা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪৬ সাল——আক্ট।

বাঙ্গলা গবর্ণমেণ্টের অধীন পূর্ব্ব পশ্চিম প্রদেশে সীমাস্থ চিহ্ন স্থাপনের এবং রক্ষা করণের বিষয়ি আইন।

যেহেতুক ভূমি সম্পত্তির পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে নিশ্চয় করণের এবং তাহার নির্ব্বিঘ্নতার নিমিত্তে এবং আক্রমণ ও বিরোধ নিবারণের এবং সকর কিম্বা নিষ্কর ভূমি চিনিবার অভিপ্রায়ে ক্ষেত্র অথবা মহালের সীমা নির্দ্দিষ্ট করণার্থ চিরস্থায়ি চিহ্ন স্থাপন করিতে এবং রক্ষা করিতে নিয়ম করা উচিত বোধ হইয়াছে

১ ধারা। অতএব ইহাতে হুকুম হইল যে উত্তর পশ্চিম প্রদেশের গবর্ণমেণ্টের শাসিত দেশের মধ্যে ভূমির রাজস্বের কালেক্টর সাহেব অথবা কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি অথবা রাজস্বের যে কর্ম্মকারকদিগকে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ক্ষমতার্পণ করেন

as the Lieutenant Governor may entrust with that authority, to fix the boundaries of Fields or Estates, and to require that marks be formed and maintained by the owners or occupants on the boundaries, of such materials and in such number and manner as may appear to such Officers sufficient for distinguishing the limits of those Fields or Estates whenever they may be of opinion that such demarcation is necessary for the prevention or adjustment of disputes.

II. And it is hereby enacted, that notices shall be served on the persons owning or occupying the conterminous Fields or Estates, requiring them to form or repair the said boundary marks within 10 days from the date of the notice, and in the event of these persons not being found in the Village, that the said requisition shall be posted at the Village Chowree or Chopal, or other conspicuous place in the Village, which shall be held to be a sufficient Service, notwithstanding it may afterwards appear that the owners or occupants were not correctly named or designated in the notice.

III. And it is hereby enacted, that in default of the owners or occupants of the Fields or Estates complying with the requisition, the said Revenue Officers shall give directions for the erection and repair of such boundary marks, the cost of which shall be equitably apportioned on the Fields or Estates which they serve to distinguish, and shall be charged to the persons possessing a right of Ownership or Occupancy in such Fields or Estates, and shall be realized in the same manner as arrears of Land Revenue.

IV. And it is hereby enacted, that any person who may be convicted of wilfully erasing, removing or injuring such boundary marks, shall be liable to a fine not exceeding Fifty Rupees for each mark so erased, removed or indured ; one half of which fine may be awarded on conviction to the informer, and the other half shall be chargeable with the cost of restoring the mark ; whenever it may not be possible to detect the person who erased, removed or injured the boundary marks, as aforesaid, the marks shall be re-erected or repaired at the charge of one or both parties, as the Collector or other Officer authorized to make the demarcation may consider just and equitable.

V. And it is hereby enacted, that disputed boundaries shall be fixed by Revenue Officers under the powers and in the manner prescribed in Regulations VII. 1822 and IX. of 1833, and shall be similarly open to appeal.

VI. And it is hereby enacted, that Magistrates are prohibited from taking cognizance under Act IV. of 1840 of boundary disputes of the nature for which provision is here made, but whenever they have reason to apprehend any breach of the peace in consequence of a disputed boundary, they shall certify the circumstance to the Collector of Land Revenue, who shall be bound immediately to mark off the boundary in the mode here indicated, and

তাঁহারা ক্ষেত্র অথবা মহালের সীমা নির্দ্দিষ্ট করিতে পারেন্ এবং যখন তাঁহারা বোধ করেন্ যে বিরোধ নিরারণ অথবা নিষ্পত্তিকরণের নিমিত্তে চিহ্ন স্থাপন করা আবশ্যক তখন ঐ ক্ষেত্র কিম্বা মহালের সীমা চিনিবার নিমিত্তে যে সরঞ্জামেতে চিহ্ন প্রস্তুত করা এবং যত ও যেরূপে চিহ্ন স্থাপনকরা ঐ কর্ম্মকারকেরা উচিত বোধ করেন্ সেই সরঞ্জামেতে তত সংখ্যক এবং সেইরূপ চিহ্ন স্থাপন করিতে এবং রক্ষা করিতে সীমাস্থ ভূমির মালিক কি দখীলকারকে হুকুম করিতে পারেন্ ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সীমার পার্শ্বস্থ ক্ষেত্র অথবা মহালের মালিক কি দখীলকার ব্যক্তির উপর এত্তেলা জারী হইবেক তাহাতে এই হুকুম থাকিবেক যে এত্তেলার তারিখের পর দশ দিবসের মধ্যে তাহারা উক্ত সীমাস্থ চিহ্ন স্থাপন কি মেরামৎ করে এবং যদি ঐ ব্যক্তিরদিগকে গ্রামের মধ্যে না পাওয়া যায় তবে ঐ হুকুমনামা গ্রামের চৌরী অথবা চপালে কি গ্রামের মধ্যে সকল লোকের দৃষ্টিগোচর অন্য কোন স্থানে লট্কান যাইবেক এবং যদ্যপি তৎপরে দৃষ্ট হয় যে ঐ এত্তেলার মধ্যে ঐ মালিক অথবা দখীলকারেরদের নাম বা খ্যাতি ঠিকরূপে না লেখা গিয়া থাকে তথাপি ঐ হুকুমনামা লট্কানের দ্বারা তাহা সম্পূর্ণরূপে জারী হইয়াছে এমত জ্ঞান হইবেক ইতি।

৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ক্ষেত্র অথবা মহালের মালিক কি দখীলকার ব্যক্তি যদি ঐ হুকুম প্রতিপালন না করে তবে ঐ রাজস্বের কর্ম্মকারকেরা ঐ প্রকার সীমাস্থ চিহ্ন স্থাপন এবং মেরামৎ করিতে হুকুম দিবেন এবং যে ক্ষেত্র কি মহাল ঐ চিহ্নের দ্বারা প্রভেদ হয় সেই ক্ষেত্র বা মহালের উপর যথার্থমতে তাহার খরচের বিলি হইবেক এবং ঐ ক্ষেত্র অথবা মহালেতে যাহারদের মালিকী কি দখীলকারী স্বত্ব থাকে তাহারদের উপর ঐ খরচ পড়িবেক এবং বাকী মালগুজারী যেরূপে আদায় হয় সেইরূপে ঐ টাকা উসুল হইবেক ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ প্রকার সীমাস্থ চিহ্ন জানিয়া শুনিয়া লোপ করণের বা তাহা স্থানান্তর করণের কি ক্ষতি করণের অপরাধ যে ব্যক্তির প্রতি সাব্যস্থ হয় সেই ব্যক্তি সেইরূপে লোপ করা কি স্থানান্তর করা অথবা ক্ষতি করা প্রত্যেক চিহ্নের বাবতে ৫০ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক এবং অপরাধ সাব্যস্থ হইলে জরীমানার অর্দ্ধেক টাকা গোয়েন্দাকে দেওয়া যাইবেক অপর অর্দ্ধেক ঐ চিহ্ন পুনঃস্থাপনের খরচে ব্যয় হইবেক। এবং যে ব্যক্তি ঐ সীমাস্থ চিহ্ন পূর্ব্বোক্তমতে লোপ কি স্থানান্তর বা ক্ষতি করিয়া থাকে সেই ব্যক্তিকে যদি ধরা যাইতে না পারে তবে কালেক্টর সাহেব অথবা চিহ্ন নির্দ্দিষ্ট করিতে অন্য যে কর্ম্মকারকের ক্ষমতা আছে তিনি ঐ চিহ্ন পুনর্ব্বার স্থাপন অথবা মেরামৎ করিয়া যেমতে যথার্থ ও উচিত বোধ করেন্ সেইমতে তাহার খরচ এক পক্ষের কি উভয় পক্ষের স্থানে লইবেন ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে সীমার বিষয়ে বিরোধ হয় সেই সীমা ১৮২২ সালের ৭ আইনের এবং ১৮৩৩ সালের ৯ আইনের ক্ষমতানুসারে এবং ঐ২ আইনের নির্দ্দিষ্টমতে রাজস্বের কর্ম্মকারকেরা নির্দ্দিষ্ট করিবেন এবং সেইরূপে তাঁহারদের হুকুমের উপর আপীল হইতে পারিবেক ইতি।

৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে প্রকার সীমার বিরোধের বিষয়ে এই আইনে হুকুম হইয়াছে সেই প্রকার বিরোধের নালিশ ১৮৪০ সালের ৪ আইনানুসারে লইতে মাজিষ্ট্রেট সাহেবের প্রতি নিষেধ হইল। কিন্তু যখন তাঁহারা বোধ করেন্ যে সীমার বিরোধপ্রযুক্ত শান্তির ব্যাঘাত হইবার সম্ভাবনা আছে তখন তাঁহারা সেই বিষয় ভূমির রাজস্বের কালেক্টর সাহেবকে জানাইবেন এবং তাঁহার উচিত হইবেক যে এই আইনের নির্দ্দিষ্টমতে সীমার চিহ্ন তৎক্ষণাৎ করিয়া দেন্ এবং ঐ

to uphold the possession of the parties according to the demarcation.

Ordered, that the Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India after the 1st day of October next.

G. A. BUSHBY,
Secy. to the Govt. of India.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE.

THE 1st AUGUST, 1846.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 1st August, 1846:

ACT No. —— of 1846.

An Act for determining the duration of the existing Settlement of the North-Western Provinces.

Whereas the settlement of the several districts of the North-Western Provinces has been made for different periods, and whereas from several causes the duration of the settlement as stated in the engagements of the Malgoozars does not always agree with that sanctioned by the Government, and whereas it is necessary to avoid the confusion and litigation which may hence arise, and also to provide for the continuance of the existing settlements till a fresh revision shall take place, therefore,

I. It is hereby enacted that the Jummah of all villages included on 1st May 1846, within the limits of the Districts in the said Provinces noted below, shall be considered fixed till the date inserted opposite to each District, so far as regards the claim of the Government to any increase upon the Jummah determined at the time of settlement, or as it stands subsequently altered by Government prior to 1st May 1846:

Paneeput, July 1st 1872, one thousand eight hundred and seventy-two.

Hissar, July 1st 1860, one thousand eight hundred and sixty.

Delhi, July 1st 1870, one thousand eight hundred and seventy.

Rohtuck, July 1st 1870, one thousand eight hundred and seventy.

Goorgaon, July 1st 1872, one thousand eight hundred and seventy-two

Scharunpore, July 1s 1857, one thousand eight hundred and fifty-seven.

Mozuffernugger, July 1st 1861, one thousand eight hundred and sixty-one.

Meerut, July 1st 1865, one thousand eight hundred and sixty-five.

Boolundshehur, July 1st 1859, one thousand eight hundred and fifty-nine.

Allyghur, July 1st 1868, one thousand eight hundred and sixty-eight.

Bijnour, July 1st 1866, one thousand eight hundred and sixty-six.

Moradabad, July 1st 1872, one thousand eight hundred and seventy-two.

[*Government Gazette*, *25th August*, 1846.]

সীমার চিহ্নানুসারে ব্যক্তিরদের দখল বজায় রাখেন ইতি।

হুকুম হইল যে আগামি ১০অক্টোবর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৬ সাল ১ আগস্ট।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৬ সালের ১ আগস্ট তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৬ সাল——আক্ট।

উত্তর পশ্চিম প্রদেশে বর্ত্তমান বন্দোবস্তের মিয়াদ নির্ণয় করণের আইন।

যেহেতুক উত্তর পশ্চিম প্রদেশের নানা জিলার বন্দোবস্ত বিবিধ সময়ের নিমিত্তে হইয়াছে এবং যেহেতুক নানা কারণপ্রযুক্ত মালগুজারেরদের একরারের মধ্যে বন্দোবস্তের যে মিয়াদ লিখিত আছে তাহা নিরন্ত গবর্ণমেণ্টের মঞ্জুর করা মিয়াদের সঙ্গে ঐক্য নাই এবং যেহেতুক ইহাতে যে গোলমাল ও বিরোধ হইতে পারে তাহা নিবারণকরা উচিত এবং যাবৎ বন্দোবস্ত পুনরায় সংশোধিত না হয় তাবৎ এক্ষণকার বন্দোবস্ত বহাল রাখণের নিয়ম করা উচিত অতএব

১ ধারা। ইহাতে হুকুম হইল যে ঐ২ প্রদেশের নীচের লিখিত জিলার সীমার মধ্যে সকল গ্রামের ১৮৪৬ সালের ১ মে তারিখে যে জমা ধার্য্য আছে তাহা প্রত্যেক জিলার পার্শ্বে লিখিত তারিখপর্য্যন্ত অনন্ত স্থিরতর জ্ঞান হইবেক যে বন্দোবস্তের সময়ে যে জমা ধার্য্য হইয়াছিল অথবা তৎপরে ১৮৪৬ সালের ১ মে তারিখের পূর্ব্বে গবর্ণমেণ্ট তাহা মতান্তর করিয়া যে জমা ধার্য্য করিয়াছিলেন সেই জমার অধিক গবর্ণমেণ্ট দাওয়া করিতে পারিবেন না ইতি।

পানীপত। ১৮৭২ এক হাজার আট শত বাহাত্তর সাল ১ জুলাই।

হিসার। ১৮৬০ এক হাজার আট শত ষাইট সাল ১ জুলাই।

দিল্লী। ১৮৭০ এক হাজার আট শত সত্তর সাল ১ জুলাই।

রোটক। ১৮৭০ এক হাজার আট শত সত্তর সাল ১ জুলাই।

গুরগাঁও। ১৮৭২ এক হাজার আট শত বাহাত্তর সাল ১ জুলাই।

শাহারণপুর। ১৮৫৭ এক হাজার আট শত সাতান্ন সাল ১ জুলাই।

মুজফ্ফরনগর। ১৮৬১ এক হাজার আট শত একষট্টি সাল ১ জুলাই

মীরট। ১৮৬৫ এক হাজার আট শত পঁয়ষট্টি সাল ১ জুলাই।

বুলন্দশহর। ১৮৫৯ এক হাজার আট শত উনষাইট সাল ১ জুলাই।

আলীগড়। ১৮৬৮ এক হাজার আট শত আটষট্টি সাল ১ জুলাই।

বীজনুর। ১৮৬৬ এক হাজার আট শত ছেষট্টি সাল ১ জুলাই।

মুরাদাবাদ। ১৮৭২ এক হাজার আট শত বাহাত্তর সাল ১ জুলাই।

Budaon, July 1st 1866, one thousand eight hundred and sixty-six.

Bareilly, July 1st 1867, one thousand eight hundred and sixty-seven.

Shajehanpore, July 1st 1868, one thousand eight hundred and sixty-eight.

Muttra, July 1st 1871, one thousand eight hundred and seventy-one.

Agra, July 1st 1872, one thousand eight hundred and seventy-two.

Furruckabad, July 1st 1865, one thousand eight hundred and sixty-five.

Mynpoory, July 1st 1870, one thousand eight hundred and seventy.

Etawah, July 1st 1871, one thousand eight hundred and seventy-one.

Cawnpore, July 1st 1870, one thousand eight hundred and seventy.

Futtehpore, July 1st 1870, one thousand eight hundred and seventy.

Humeerpore, July 1st 1872, one thousand eight hundred and seventy-two.

Banda, July 1st 1874, one thousand eight hundred and seventy-four.

Allahabad, July 1st 1869, one thousand eight hundred and sixty-nine.

Goruckpore, July 1st 1859, one thousand eight hundred and fifty-nine.

Azimgurh, July 1st 1867, one thousand eight hundred and sixty-seven.

II. And it is hereby enacted, that in the said Provinces Mouzahs standing transferred on the above date of May 1st 1846, from Districts or Pergunnahs not permanently settled, to Districts or Pergunnahs permanently settled, shall not be held liable to any increased demand on the part of the Government, but shall be held for ever on the highest Jumma determined at the time of settlement, or as it stands subsequently altered by Government prior to 1st May 1846.

III. Provided always and it is hereby declared that persons holding land on special grants or on leases for longer periods than those specified in Section I. shall continue to hold them according to the terms of their several grants or leases.

IV. And it is hereby enacted, that whenever a Malgoozar may be desirous to relinquish his lease on the expiration of the term of his engagement, he shall be at liberty to do so, provided that he give notice thereof in open Court and in writing to the Collector and to the Commissioner of the division within one year before the 1st of July immediately preceding the expiration of the engagement.

V. And it is hereby enacted, that when such notice shall not have been given as aforesaid, the Malgoozar shall be held bound to pay the Jumma determined at the time of settlement, or as it stands subsequently altered by Government prior to the 1st of May 1846, for the period which may be applicable to his case, according to Section I.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ২৫ আগষ্ট।]

বদাউন। ১৮৬৬ এক হাজার আট শত ছেষট্টি সাল ১ জুলাই।

বরেলী। ১৮৬৭ এক হাজার আট শত সাতষট্টি সাল ১ জুলাই।

শাহজাহানপুর। ১৮৬৮ এক হাজার আট শত আটষট্টি সাল ১ জুলাই।

মথুরা। ১৮৭১ এক হাজার আট শত একাত্তর সাল ১ জুলাই।

আগরা। ১৮৭২ এক হাজার আট শত বাহাত্তর সাল ১ জুলাই।

ফরক্কাবাদ। ১৮৬৫ এক হাজার আট শত পঁয়ষট্টি সাল ১ জুলাই।

মৈনপুরী। ১৮৭০ এক হাজার আট শত সত্তর সাল ১ জুলাই।

ইটাবা। ১৮৭১ এক হাজার আট শত একাত্তর সাল ১ জুলাই।

কানপুর। ১৮৭০ এক হাজার আট শত সত্তর সাল ১ জুলাই।

ফতেপুর। ১৮৭০ এক হাজার আট শত সত্তর সাল ১ জুলাই।

হমিরপুর। ১৮৭২ এক হাজার আট শত বাহাত্তর সাল ১ জুলাই।

বান্দা। ১৮৭৪ এক হাজার আট শত চহাত্তর সাল ১ জুলাই।

আলাহাবাদ। ১৮৬৯ এক হাজার আট শত উনসত্তর সাল ১ জুলাই।

গোরক্ষপুর। ১৮৫৯ এক হাজার আট শত উনষাইট সাল ১ জুলাই।

আজিমগড়। ১৮৬৭ এক হাজার আট শত সাতষট্টি সাল ১ জুলাই।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত প্রদেশে ১৮৪৬ সালের ১ মে তারিখে যে মৌজা ইস্তুমারারী বন্দোবস্ত না হওয়া জিলা অথবা পরগনাহইতে খারিজ হইয়া ইস্তুমরারী বন্দোবস্ত হওয়া জিলা অথবা পরগনাতে দাখিল হইয়াছিল সেই২ মৌজার কোন অধিক খাজানা গবর্ণমেণ্টের পক্ষে দাওয়া হইবেক না কিন্তু বন্দোবস্তের সময়ে যে উর্দ্ধ জমা ধার্য্য হইয়াছিল অথবা তৎপরে ১৮৪৬ সালের ১ মে তারিখের পূর্ব্বে গবর্ণমেণ্ট তাহা যেরূপে মতান্তর করিয়া ধার্য্য করিয়াছিলেন সেইরূপে তাহা চিরকাল স্থিরতর ও বহাল থাকিবেক ইতি।

৩ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য এবং ইহাতে হুকুম হইল যে বিশেষ দানক্রমে কি ১ ধারার নির্দ্দিষ্ট মিয়াদঅপেক্ষা অধিক মিয়াদের পাট্টাক্রমে যাহারা ভূমি ভোগদখল করিতেছে তাহারা আপনারদের নানা দানপত্র অথবা পাট্টার নিয়মানুসারে সেই ভূমি ভোগদখল করিতে থাকিবেক ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোন মালগুজারের বন্দোবস্তের মিয়াদ অতীত হইলে যদি সেই ব্যক্তি আপনার পাট্টা ত্যাগ করিতে চাহে তবে তাহার বন্দোবস্তের মিয়াদ অতীত হওনের পূর্ব্বের ১ জুলাই তারিখের পূর্ব্বে এক বৎসরের মধ্যে ঐ ত্যাগকরণের এত্তেলা লিখিয়া খোলা আদালতে কালেক্টর সাহেবকে এবং সেই প্রদেশের কমিস্যনর সাহেবকে দিলে সেই ব্যক্তি সেই পাট্টা ত্যাগ করিতে পারে ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যখন পূর্ব্বোক্ত এত্তেলা না দেওয়া গিয়া থাকে তখন বন্দোবস্তের সময়েতে যে জমা ধার্য্য হইয়াছিল অথবা তৎপরে ১৮৪৬ সালের ১ মে তারিখের পূর্ব্বে গবর্ণমেণ্ট যেরূপে তাহা মতান্তর করিয়া ধার্য্য করিয়াছিলেন সেইরূপ জমা ঐ মালগুজার ১ ধারানুসারে তাহার বিষয়ে যে মিয়াদ খাটে সেই মিয়াদপর্য্যন্ত এবং তৎপরে যাবৎ বন্দোবস্ত সংশো-

and subsequently from year to year till the settlement be revised, or in perpetuity according to Section II.

VI. Provided, however, and it is hereby declared, that nothing in this Act shall bar the right of the Government to demand revenue from any resumed rent free land, alluvial Towfeer, or other land which was not assessed at the time of settlement.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first meeting of the Legislative Council of India after the 1st day of October next.

G. A. BUSHBY,
Secy. to the Govt. of India.

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 21.

From the Officiating Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ——

1st. The Sudder Board of Revenue having reason to believe that Collectors hold portions of estates in attachment under Section 26, Regulation V. of 1812, I am directed to instruct you that, that Law does not authorize, and Construction No. 717 of the Sudder Court is opposed to such attachments.

2nd. You will therefore be pleased to direct the Collectors of your Division in whose districts such attachments may exist, to address the Judge on the subject, pointing out their illegality and requesting that they may be withdrawn.

3rd. You will observe that in all cases of this description, where the Collector acts as the Executive Officer of the Court, and is not a party concerned in the case, if he sees reason to object to any order of the Judicial Authorities, his proper course is, not to move the Court by petition or through the Government Pleader as appears to be the present practice, but to address it by letter or proceeding, and if dissatisfied with the views held by the local Courts, to refer the question, through the Judge, to the Sudder Dewanny Adawlut for decision.

4th. The Civil Courts are however competent to order the Revenue Authorities to attach a portion of an estate under the provisions of Clause 2, Section 5, Regulation II. of 1806. This has been ruled (and the Board have no doubt correctly ruled) in a letter, No. 1138, dated the 11th July, 1845, from the Register of the Sudder Dewanny Adawlut to the Judge of Cuttack, and in such cases of attachment the entire estate is exempted, under Section 10, Act I. of 1845, from sale for arrears of Revenue until after the close of the year.

(Signed) G. PLOWDEN,
Offg. Secretary.

Sudder Board of Revenue,
Fort William, the 3rd August, 1846.

[*Government Gazette, 25th August*, 1846.]

ধিত না হয় অথবা ২ ধারানুসারে ইস্তমরারীমতে ধার্য্য না হয় তাবৎ বৎসরে২ দিবেক ইতি।

৬ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য এবং ইহাতে হুকুম হইল যে বাজেয়াপ্তী নিষ্কর ভূমি বা চরের তৌফের অথবা অন্য যে ভূমির উপর বন্দোবস্তের সময়ে কর ধার্য্য হয় নাই সেই ভূমির রাজস্বের দাওয়া করিতে সরকারের যে স্বত্ত্ব আছে তাহা এই আইনের লিখিত কোন কথার দ্বারা লোপ হইবেক না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ১ অক্টোবর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator.*

সদর বোর্ড রেবিউনির সরক্যুলর অর্ডর।

২১ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত এক্টিং সেক্রেটারী সাহেবের পত্র।

১। সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা বোধ করেন্ যে কালেক্টর সাহেবেরা ১৮১২ সালের ৫ আইনের ২৬ ধারাক্রমে মহালের অংশ ক্রোক করিয়া রাখেন। অতএব তোমাকে জানাইতেছি যে আইনে এইমত করিতে কোন হুকুম নাই এবং সদর আদালতের ৭১৭ নম্বরী আইনের অর্থের অভিপ্রায় এইমত ক্রোক করণের বিরুদ্ধ।

২। অতএব তোমার এলাকার সেং জিলাতে এইমত ভূমি ক্রোক থাকে সেই জিলার কালেক্টর সাহেবদিগকে হুকুম করিবা যে এইমত ব্যবহার আইনবিরুদ্ধ হয় জজ সাহেবকে জানাইয়া সেই ক্রোক উঠাওনের বিষয়ে তাঁহাকে লেখেন্।

৩। তোমার দৃষ্ট হইবেক যে এইপ্রকার যেং গতিকে কালেক্টর সাহেব কেবল দেওয়ানী আদালতের হুকুমানুযায়ি কার্য্য করেন্ এবং সেই ক্রোকী বিষয়েতে কোন প্রকারে লিপ্ত নহেন সেইং গতিকে যদি তিনি কোন কারণপ্রযুক্ত দেওয়ানীর কর্ম্মকারকেরদের হুকুমের বিষয়ে কোন আপত্তি দেখেন্ তবে তাঁহার উচিত যে এক্ষণকার যে ব্যবহার চলন আছে দৃষ্ট হইতেছে অর্থাৎ দরখাস্তের দ্বারা অথবা সরকারী উকীলের দ্বারা দেওয়ানী আদালতে প্রস্তাবকরণ সেইরূপ না করেন্ কিন্তু পত্র অথবা রুবকারীর দ্বারা তাহা দেওয়ানী আদালতে জানান্। এবং ঐ জিলার আদালতের অভিপ্রায়েতে যদি কালেক্টর সাহেব সম্মত না হন্ তবে সেই বিষয় নিষ্পত্তির নিমিত্তে জজ সাহেবের দ্বারা সদর দেওয়ানী আদালতে অর্পণ করেন্।

৪। কিন্তু ১৮০৬ সালের ২ আইনের ৫ ধারার ২ প্রকরণের বিধির অনুসারে রাজস্বের কর্ম্মকারকদিগকে মহালের অংশ ক্রোক করিবার হুকুম দিতে দেওয়ানী আদালতের ক্ষমতা আছে। সদর দেওয়ানী আদালতের রেজিষ্টর সাহেব কটকের জজ সাহেবের নিকটে ১৮৪৫ সালের ১১ জুলাই তারিখে ১১৩৮ নম্বরী যে পত্র লেখেন তাহাতে এই বিধান হইয়াছে এবং সেই বিধান যথার্থ হইয়াছে ইহাতে বোর্ডের সাহেবেরদের সন্দেহ নাই। এইং মত গতিকে মহালের অংশ ক্রোক হইলে ১৮৪৫ সালের ১ আইনের ১০ ধারানুসারে সমুদয় মহাল বাকী মালগুজারীর নিমিত্তে বৎসরের শেষ না হইলে নীলাম হইতে পারে না।

জি প্লোডন।
সদর বোর্ড রেবিনিউ। এক্টিং সেক্রেটারী।
ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ৩ আগষ্ট।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

(Copy.)

No. 402.

To the Commissioners of Assam, Arracan, and Tenasserim, the Governor General's Agent in Hazareebaugh, and Cossyah Hills, and Superintendent of Cachar.

I am directed by the Court to communicate to you the following rule, regarding the admission of Special appeals from the province under your control to the Sudder Dewanny Adawlut, which, as you will perceive from the accompanying copy of the orders of the Government No. 529, of the 18th instant, and its enclosure, have been sanctioned by the Supreme Government :

Rule.

Under the spirit of Act III. 1843, no Special appeals are to be admitted from the decisions of the Authorities in the Extra Regulation provinces without the sanction of the Court. Nevertheless in order to promote facility of access to the Court, applications for Special appeals may be presented to and received by the Local authorities within the prescribed period of three months, to be transmitted, with the proceedings of the Courts of first and second instance, to the Sudder Dewanny Adawlut ; and it shall not be obligatory on the appellants to appoint vakeels in such cases till after notice given to the appellants of their appeals having been admitted.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 20th March, 1846.

From the Under Secretary to the Government of Bengal, to the Officiating Register of the Sudder Court, dated 18th March, 1846.

With advertence to your letter No. 1913, of the 26th December last, I am directed to forward for the information of the Sudder Court and for communication to the Authorities in the Extra Regulation provinces the accompanying Copy of a letter No. 186 of the 28th ultimo from the Secretary to the Government of India in the Home Department conveying sanction to the new rule proposed by the Court for the transmission of Special appeals.

(Signed) A. TURNBULL,

Under Secy. to the Govt. of Bengal.

From the Secretary to the Government of India, to the Secretary to the Government of Bengal, dated the 28th February, 1846.

I am directed to acknowledge the receipt of Mr. Under Secretary Turnbull's letter, No. 197, dated the 4th instant, with original enclosures relative to the operation of Act III. of 1843 in the Extra Regulation provinces and in reply to state that for the reasons therein assigned and in compliance with the recommendation of the Honourable the Deputy Governor, the President in Council sanctions the adoption of the new rule proposed by the Court of

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

(নকল)

৪০২ নম্বর।

আসাম ও আরাকাণ ও থনাসরীমের শ্রীযুত কমিস্যনর সাহেব ও হাজারীবাগ ও খাসিয়া পর্ব্বতের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের এজেন্ট সাহেব ও কাছাড়ের শ্রীযুত সুপারিন্টেণ্ডেন্ট সাহেব বরাবরেষু।

তোমার অধীন প্রদেশহইতে যে খাস আপীল সদর দেওয়ানী আদালতে পাঠান যায় তাহা গ্রাহ্য করিবার বিষয়ি সদর আদালতের নীচের লিখিত বিধান তোমার বিজ্ঞাপনের নিমিত্তে তোমার নিকটে পাঠাইতেছি। বর্ত্তমান মাসের ১৮ তারিখের ৫২৯ নম্বরী গবর্ণমেণ্টের হুকুমের পশ্চাৎ লিখিত নকল এবং তাহার সঙ্গে প্রেরিত লিপি দেখিয়া তুমি অবগত হইবা যে কর্ত্তৃত্বকারি গবর্ণমেণ্ট ঐ বিধান মঞ্জুর করিয়াছেন।

বিধি।

১৮৪৩ সালের ৩ আইনের ভাবানুসারে আইন বহির্ভূত প্রদেশের কর্ম্মকারকেরদের নিষ্পাত্তির উপর কোন খাস আপীল সদর আদালতের অনুমতি বিনা ঐ আদালতের গ্রাহ্য হইবেক না। কিন্তু সদর আদালতে লোকেরদের অনায়াসে নালাইশ পাইবার সুগম হইবার জন্যে পূর্ব্বোক্ত প্রদেশের কর্ম্মকারকেরদের নিকটে নিরূপিত তিন মাস মিয়াদের মধ্যে খাস আপীলের দরখাস্ত দেওয়া যাইতে পারে এবং তাঁহারা সেই আপীল লইতে পারেন এবং অধঃস্থ ও আপীল আদালতের রুবকারী সমেত তাহা সদর আদালতে পাঠাইতে পারেন। এবং এইমত মোকদ্দমায় যাবৎ আপেলাণ্টদিগকে আপনং আপীল গ্রাহ্য হওনের এত্তেলা না দেওয়া যায় তাবৎ তাঁহারদের উকীল নিযুক্ত করণের আবশ্যক নাই।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

কোর্ট উলিয়ম। ১৮৪৬। ২০ মার্চ।

সদর আদালতের একটিং রেজিষ্টর সাহেবের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী সাহেবের ১৮৪৬ সালের ১৮ মার্চ তারিখের পত্র।

তোমার গত ২৬ ডিসেম্বর তারিখের ১৯১৩ নম্বরী পত্রের উপলক্ষে সদর আদালতের বিজ্ঞাপনের নিমিত্তে এবং আইনবহির্ভূত প্রদেশের কর্ম্মকারকদিগকে জানাইবার নিমিত্তে দেশীয় ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের গত মাসের ২৮ তারিখের ১৮৬ নম্বরী পত্রের পশ্চাৎ লিখিত নকল পাঠাইতেছি। তাহাতে খাস আপীল পাঠাইবার বিষয়ে সদর আদালত যে নূতন বিধান প্রস্তাব করিয়াছিলেন তাহাতে গবর্ণমেণ্টের মঞ্জুরী আছে।

এ টর্ণবুল।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের প্রতি ভারতবর্ষের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র। ১৮৪৬ সাল ২৮ ফেব্রুআরি।

আইনবহির্ভূত প্রদেশে ১৮৪৩ সালের ৩ আইনের কার্য্যের বিষয়ি ৪ তারিখের ১৯৭ নম্বরী ছোট সেক্রেটারী টর্ণবুল সাহেবের পত্র এবং তাহার সঙ্গে যে আসল লিপি প্রেরিত হইয়াছিল তাহা প্রাপ্ত হওয়া গেল। এবং তাহার উত্তরস্বরূপ গবর্ণমেণ্টের হুকুমক্রমে জানাইতেছি যে তাহার মধ্যে লিখিত কারণপ্রযুক্ত এবং শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের পরামর্শক্রমে ঐ২ প্রদেশহইতে খাস আপীল প্রেরণের বিষয়ি সদর

Sudder Dewanny Adawlut, for the transmission of Special appeals from those Territories.

2. The original enclosures of Mr. Turnbull's letter are returned.

(Signed) G. A. Bushby,
Secy. to Govt. of India.

Council Chamber, the 28th February, 1846.

(True Copies.)
W. Kirkpatrick, *Deputy Register.*

REPORTS OF SUMMARY CASES DETERMINED IN THE COURT OF SUDDER DEWANNY ADAWLUT.

(Continued from page 497.)

17th March, 1846.—The Circular Order of a Board, imposing rules of practice upon its subordinates, beyond the requirements of Law, cannot be pleaded in bar of a legal penalty.

Nubkishen Fotedar—Petitioner.

This was an appeal from an order of the Judge of Jessore, dated 27th September, 1844, ordering, under Sections 41 and 91, Regulation X. 1819, the confiscation of a boat of 500 maunds of Salt, covered by a rowannah No. 1273, because, on weighing the Salt at Roopkhalee, there was found to be an excess of 18 maunds 14 seers.

The petitioner urged that the Salt Darogah had caused his people to run away, and that the Salt was weighed in their absence, which was contrary to the rules of practice issued for the guidance of the Salt Department by the Board of Customs, Salt and Opium. The Judge however imposed the penalty prescribed by law, because, notwithstanding the rules circulated by the Board, the Regulations did not require that the owner of the Salt, or his people, should be served with notice to attend its weighment.

On appeal to the Sudder Dewanny Adawlut Mr. Reid laid the following minute before his colleagues for their opinion :

"Section 41, Regulation X. 1819, provides that, if the Salt covered by a rowannah exceed the quantity mentioned therein, in the proportion of $2\frac{1}{2}$ per cent., it shall be liable to confiscation as contraband and the person in charge liable, on *proof of the fact*, to a fine of 10 Rupees fo each maund in excess. The fact of an excess must be established by measurement. The Salt regulations no where, to my knowledge, lay down rules for regulating the measurement. This omission is supplied by the Circular* Order of the Board of Customs, Salt and

* Paragraph 12. In such cases it is very common for the Churrundars, or others in charge of the boat or boats, to abscond, and the owners purposely abstain from making their appearance, as they always calculate upon delay affording them a chance for making away with some of the surplus Salt if there be any. Under those circumstances, it is obvious that extreme circumspection is ne-

দেওয়ানী আদালতের প্রস্তাবিত নূতন বিধান শ্রীযুত কৌন্সেলের প্রেসীডেণ্ট সাহেব মঞ্জুর করিয়াছেন।

২। শ্রীযুত টর্নবুল সাহেবের পত্রের সঙ্গে যে আসল লিপি প্রেরিত হইয়াছিল তাহা ফিরিয়া পাঠান যাইতেছে।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

কৌন্সেল চেম্বর। ১৮৪৬।২৮ ফেব্রুআরি।

(যথার্থ নকল।)
ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

John C. Marshman, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তি হওয়া সরাসরী মোকদ্দমার রিপোর্ট।

(৪৯৭ পৃষ্ঠাহইতে চলিতেছে।)

১৮৪৬ সাল ১৭ মার্চ।

যদি বোর্ডের সরকুলর অর্ডরের দ্বারা আইনের হুকুমের অতিরিক্ত ব্যবহারের কোন নিয়ম ঐ বোর্ডের অধীন কার্য্যকারকেরদের নিমিত্তে করা যায় তবে সেই নিয়মপ্রযুক্ত আইনের নির্দ্দিষ্ট জরীমানা রহিত হইতে পারে না।

নবকৃষ্ণ ফোদ্দার দরখাস্তকারী।

এই আপীল ১৮৪৪ সালের ২৭ সেপ্টেম্বর তারিখে যশোহরের জজ সাহেবের হুকুমের উপর হয় তিনি ১৮১৯ সালের ১০ আইনের ৪১ এবং ৯১ ধারানুসারে ১২৭৩ নম্বরী রওয়ানার লিখিত ৫০০/ মোন লবণ বোঝাই এক নৌকা ইহা বলিয়া জব্দ করণের হুকুম দিলেন যে রূপখালীতে লবণ ওজন করিলে ১৮।৪ আঠার মোন চৌদ্দ শের লবণ বেশী পাওয়া গেল।

দরখাস্তকারী এই জওয়াব দিল যে নিমকী দারোগা আমার লোকদিগকে ভাগাইয়া দিলেন এবং তাহারা না থাকিতে লবণ ওজন হইল এইমত ব্যবহার হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা নিমকের সিরিশ্তার ব্যক্তিরদের উপদেশের নিমিত্তে ব্যবহারের যে নিয়ম ধার্য্য করিয়াছিলেন তাহার বিপরীত। তথাপি জজ সাহেব ইহা বলিয়া আইনের নির্দ্দিষ্ট জরীমানার হুকুম করিলেন যে বোর্ডের সাহেবেরা যে নিয়ম ধার্য্য করিলেন তাহা সত্ত্বেও আইনে এইমত কোন হুকুম নাই যে লবণের মালিক অথবা তাহার লোককে লবণ ওজনের সময়ে হাজির হইতে এত্তেলা দিবার আবশ্যক আছে।

তাহাতে সদর আদালতে আপীল হইলে শ্রীযুত রীড সাহেব অন্যান্য জজ সাহেবেরদের মত পাইবার নিমিত্তে পশ্চাৎ লিখিত লিপি তাঁহারদের নিকটে পাঠাইলেন।

"১৮১৯ সালের ১০ আইনের ৪১ ধারাতে হুকুম আছে যে যে লবণের সঙ্গে রওয়ানা থাকে তাহা যদি ঐ রওয়ানার লিখিত পরিমাণের শতকরা ২॥০ মোনের অধিক হয় তাহা বিনাঅনুমতির লবণ বলিয়া জব্দ হইবার যোগ্য হইবেক এবং সেই বিষয়ের প্রমাণ হইলে যে ব্যক্তির জিম্মায় লবণ থাকে সে ব্যক্তি ঐ অধিক লবণের জন্যে মোনপ্রতি ১০৲ টাকা করিয়া জরীমানার যোগ্য হইবেক। অধিক লবণ থাকনের বিষয় ওজনের দ্বারা সাব্যস্ত করিতে হইবেক। ওজনের কোন নিয়ম নিমকী আইনের মধ্যে আমি দেখি না কিন্তু হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা ১৮৩৫ সালের ১১ জুলাই তারিখের*

* ১২ দফা। এমত গতিকে চড়নদার এবং অন্য যে ব্যক্তিরদের জিম্মায় নৌকা থাকে তাহারা পলাইয়া থাকে এবং লবণের মালিক জানিয়াশুনিয়া গরহাজির থাকে কেননা তাহারা এইমত বিবেচনা করে যে বিলম্ব হইলে যদি অধিক কিছু লবণ থাকে তবে তাহার কিছু২ লইয়া যাইবার সুযোগ হইবেক। অতএব দৃষ্ট হইতেছে যে এমত গতিকে অত্যন্ত সাবধানতাপূর্ব্বক কার্য্য করিতে হইবেক। যে লবণ শোবেপ্রযুক্ত অথবা এক্কহার

Opium, dated 11th July, 1835, which requires their officers to give a reasonable notice to the owners to attend, and if they do not attend within the prescribed period, the Salt officer is to weigh the Salt in the most public manner. The Government pleader contends that the Regulations do not require any notice, therefore the Board's order cannot affect the judgment of the Courts in such matters, and can merely be pleaded by the owners of confiscated Salt, when petitioning the Board for a remission of the penalty either before or after it has been confirmed by the Court. I am disposed to think the Board's order has all the effect of a rule of practice, carrying out the intentions of the Regulation and supplementary thereto, and must be considered as having the force of law, provid-

সরকুলর অর্ডরের দ্বারা এই বিষয়ে নিয়ম করিয়া হুকুম দিলেন যে তাঁহারদের আমলা লবণের মালিককে হাজির হইতে উপযুক্ত এত্তেলা দিবেক এবং যদি তাহারা নিয়মিত সময়ের মধ্যে হাজির না হয় তবে নিমকী আমলা অতি প্রকাশিতরূপে লবণের ওজন লইবেক। তাহাতে সরকারী উকীল কহেন যে আইনে সেইমত এত্তেলা দেওনের কোন হুকুম নাই অতএব এইমত বিষয়ে দেওয়ানী আদালতের বিবেচনা করণসময়ে বোর্ডের ঐ সরকুলর অর্ডরে কিছু আইসে যায় না এবং তাহার কেবল এই ফল হইতে পারে যে জব্দহওয়া লবণের মালিক আদালতে জরীমানা মঞ্জুর হওনের পূর্ব্বে বা পরে ঐ জরীমানা ক্ষমা করণের বিষয়ে বোর্ডে দরখাস্ত করিতে পারে। আমার বিবেচনা এই যে বোর্ডের সরকুলর অর্ডরের ব্যবহারের নিয়মের তুল্য ফল এবং তাহা আইনের অভিপ্রায় সিদ্ধ করণার্থ হইয়াছে এবং আইনের অনুক্রমণিকার মত জ্ঞান করিতে হইবেক এবং যদি ঐ সরকুলর

---

cessary. The owners of the Salt detained on suspicion or information, should instantly be written to, and a fair time allowed them to come, or to send agents to the spot where the Salt is under seizure. In the mean while it must be placed under your private audil, so fixed, however, as not to obliterate the Golah or the Merchant's andil, and the most constant and vigilant watchfulness on your part is requisite; for so great is the amount generally at stake, that the native officers are rarely to be relied upon. Should the period prescribed for the attendance of the owner or his agent pass by without their coming, you will then proceed to weigh the Salt very carefully, and in as public a manner as possible, calling upon respectable parties from the neighbourhood to bear testimony to the fairness of your proceedings, and especially requiring the nearest Zumahdar, and other officer of the police, to attend and attest the weighment, exercising in short a sound discretion; so that while, on the one hand, the interests of Government are protected, on the other the parties owning the Salt may have no valid plea to urge in the course of the subsequent Judicial proceedings, such as, that the Salt had been carelessly, or hastily, or unfairly weighed, or that it was wetted prior to weighment by rain or by design, &c. A bag also which has contained Salt will be put in the scale, holding the weights to counterbalance the bag in which the Salt is weighed, and you will have clean mats, or a sail laid down under the scales, that the Salt falling may not be mixed with dirt. If on weighment you find the surplus does not exceed the rowannah quantity more than 2½ per cent., you will release the Salt. If the surplus exceeds two and a half per cent., you will forward the Salt to the nearest public Golahs, as directed in the resolution of Government, and commit the cases for decision to the authority appointed to decide such suits. The receipt from the Golah officer, as well as the declaration of the police, and other disinterested persons, who attended the weighment, will, of course, form part of the evidence to go before the authority appointed to try the case.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ২৫ আগষ্ট।]

পাওনোন্দেশ আটক হয় সেই লবণের মালিকের নিকটে তৎক্ষণাৎ পত্র লিখিতে হইবেক এবং যে স্থানে লবণ ধৃত আছে সেই স্থানে আপনি আসিতে কি তাহার লোক পাঠাইতে উপযুক্ত মিয়াদ দিতে হইবেক। ইতিমধ্যে ঐ লবণের উপর তোমার নিজ আন্দিল এইমত দিতে হইবেক যে গোলার আন্দিল কিম্বা মহাজনের আন্দিল লুপ্ত না হয় এবং অনবরত অতিসাবধানতাপূর্ব্বক তোমার চৌকী দিতে হইবেক কেননা সামান্যতঃ মহাজনের এত ক্ষতি হইবার সম্ভাবনা যে এদেশীয় আমলার উপর বিশ্বাস রাখা যাইতে পারে না। মালিক কিম্বা তাহার গোমাশ্তার হাজির হইবার নিমিত্তে যে মিয়াদ নির্দ্দিষ্ট হয় তাহার মধ্যে যদি তাহারা হাজির না হন তবে তুমি অতিসাবধানতাপূর্ব্বক এবং যথাসাধ্য অতি প্রকাশমতে ঐ লবণের ওজন লইবা এবং তোমার কার্য্য অতিসরলতাপূর্ব্বক হইয়াছে ইহার সাবুদ দিবার নিমিত্তে চতুর্দ্দিক্‌স্থ মান্য ব্যক্তিরদিগকে এবং বিশেষতঃ নিকটস্থ পোলীসের জমাদার বা অন্য আমলারদিগকে হাজির হইবার এবং ওজন সহী করিবার জন্যে আহ্বান করিবা। এবং এই বিষয়ে তুমি অতি সদ্বিবেচনাপূর্ব্বক কার্য্য করিবা যাহাতে এক পক্ষে সরকারের নোকসান না হয় পক্ষান্তরে লবণের মালিক তৎপরে দেওয়ানী আদালতে এইমত কোন যথার্থ ওজর করিতে না পারে যে লবণ যেমন তেমন বা অতিত্বরায় কি অযথার্থমতে ওজন হইয়াছিল অথবা ওজনের পূর্ব্বে বৃষ্টির দ্বারা বা কারসাজীক্রমে ভিজা করা গিয়াছিল। এবং যে বস্তাতে লবণ ওজন হয় তাহার তুল্য পরিমাণার্থ যে বস্তাতে ইহার পূর্ব্বে লবণ ছিল এমত এক বস্তা যে পাল্লাতে বাটখারা থাকে তাহাতে দিবা এবং যে লবণ পড়ে তাহাতে ধূলামিশ্রিত না হয় এ নিমিত্তে পাল্লার নীচে পরিষ্কার চেটাই অথবা পাইল রাখিবা। ওজনের সময়ে যদি এমত দৃষ্ট হয় যে রওয়ানার লিখিত অপেক্ষা যে বেশী লবণ পাওয়া যায় তাহা শতকরা আড়াই মোনের অধিক না হয় তবে সেই লবণ খালাস করিবা। যদি লবণ শতকরা ২॥০ মোনের অধিক হয় তবে গবর্ণমেণ্টের হুকুম মতে ঐ লবণ নিকটস্থ সরকারী গোলাতে পাঠাইবা এবং এমত মোকদ্দমা নিষ্পত্তি করিতে যে ব্যক্তি নিযুক্ত আছেন তাঁহার নিষ্পত্তি করণার্থ তাঁহার হাতে অর্পণ করিবা। গোলার আমলার রসীদ এবং পোলীসের আমলা এবং অন্যান্য যে অপক্ষপাতি ব্যক্তি ওজনের সময়ে হাজির ছিল তাহারদের এজহার যে ব্যক্তি মোকদ্দমার বিচার করিতে নিযুক্ত হন তাঁহার সম্মুখে সাক্ষিস্বরূপ পাঠাইতে হইবেক।

ed they do not enhance the severity of the law, and that the Court's, in trying the validity of a confiscation, are bound to see that the proceedings of the Salt officers are conformable to the Board's orders. On this point I request the opinion of my colleagues."

Mr. Tucker: "I concur entirely in the view which the Government pleader is represented in the above note to have taken of this question. When cases come before a Court of justice, the law, and the law only, should govern the decision. In order to give bye-laws the force of law, the law must authorise an authority to prescribe rules for the guidance and for the conduct of its subordinates, which bye-laws, when sanctioned by the Government, are declared to have the same force as the law itself. I find no such provision in Regulation X. 1819, consequently the Board's Circular Order cannot be considered as binding upon the Judge."

Messrs. Rattray and Dick, concurring with Mr. Tucker, Mr. Reid, passed orders confirming that of the Zillah Judge.

24th March, 1846. — A plaintiff was non-suited for making a deceased person a co-defendant.

Punchanun Raie—Petitioner.

The petitioner sued Neel Kishwur Banoorjee, Umbica Churn Chatterjeea, and others, in the Court of the Principal Sudder Ameen of East Burdwan, who non-suited him on its being proved that Umbica Churn Chatterjeea, had been dead for some time before the institution of the suit. The order of the Principal Sudder Ameen, which was founded on the suit being in contravention of Section 3, Regulation IX. 1793, was confirmed on appeal both by the Zillah Judge and by the Court of Sudder Dewanny Adawlut.

B. J. COLVIN, *Offg. Register.*

অর্ডরের দ্বারা আইনের কঠিনতার বৃদ্ধি না করা যায় তবে আইনের তুল্য বলবৎ তাহা জ্ঞান করিতে হইবেক এবং আদালত যখন জব্দের হুকুমের সিদ্ধাসিদ্ধতা বিবেচনা করিতে বসেন তখন তাঁহার উচিত যে নিমকী আমলার কার্য্য বোর্ডের হুকুমের অনুযায়ি হইয়াছে কি না ইহা বিবেচনা করেন এই বিষয়ে আমি অন্য জজ সাহেবেরদের মত প্রার্থনা করি।"

তাহাতে শ্রীযুত টকর সাহেব কহিলেন যে "উক্ত লিপিতে এই মোকদ্দমায় সরকারী উকীলের যে মত লিখিত আছে তাহাতে আমার সম্পূর্ণ ঐক্য আছে। যখন মোকদ্দমা দেওয়ানী আদালতে উপস্থিত হয় তখন আইন এবং কেবল আইনের দ্বারা সেই মোকদ্দমার নিষ্পত্তি করিতে হইবেক বাইলাএর ক্ষমতা আইনের তুল্য ক্ষমতা হওনের নিমিত্তে আবশ্যক যে আইনে অধীনস্থ ব্যক্তিরদের উপদেশ ও কার্য্য সাধনের নিমিত্তে নিয়ম করিতে কোন কর্ম্মকারককে ক্ষমতা দেন এবং ঐ বাইলা গবর্ণমেন্টের দ্বারা মঞ্জুর হইলে তাহার ক্ষমতা আইনের তুল্য ইহা প্রকাশ হয়। ১৮১৯ সালের ১০ আইনে আমি এইমত কোন নিয়ম দেখি না অতএব বোর্ডের সরকুালর অর্ডরের দ্বারা জজ সাহেব বদ্ধ নহেন।"

তাহাতে শ্রীযুত রেটরি সাহেব ও শ্রীযুত ডিক সাহেব শ্রীযুত টকর সাহেবের মতে ঐক্য হওয়াতে শ্রীযুত রীড সাহেব জিলার জজ সাহেবের হুকুম বহাল রাখিতে আজ্ঞা দিলেন।

১৮৪৬ সাল ২৪ মার্চ।

ফরিয়াদী মৃত ব্যক্তিকে আসামী করাতে ননসুট হইল।

পঞ্চানন রায় দরখাস্তকারী।

দরখাস্তকারী পূর্ব্ব বর্দ্ধমানের প্রধান সদর আমীনের আদালতে নীলকিশোর বাঁড়ুয্যা ও অম্বিকাচরণ চাটুয্যা ও অন্যেরদের নামে নালিশ করে তাহাতে মোকদ্দমা উপস্থিত হওনের কতক কাল পূর্ব্বে অম্বিকাচরণ মরিয়াছে ইহার প্রমাণ হওয়াতে মোকদ্দমা ননসুট হইল। প্রধান সদর আমীন ইহা বলিয়া ঐ হুকুম দিলেন যে ঐ মোকদ্দমা ১৭৯৩ সালের ৯ আইনের ৩ ধারার বিরুদ্ধ হইয়াছে এবং ঐ হুকুম আপীল হইয়া প্রথমে জিলার জজ সাহেব তৎপরে সদর দেওয়ানী আদালতের দ্বারা মঞ্জুর হইল।

বি জে কলবিন। একটিং রেজিষ্টর।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ১৪ আগষ্ট।

মুরশিদাবাদে জঙ্গীপুরের মুনসেফ শ্রীযুত এচ এস তামসন সাহেব (Mr. H. S. Thompson,) জিলা চব্বিশপরগনার শালিখার মুনসেফ হইবেন।

পশ্চিম বর্দ্ধমানের আউশগাঁর মুনসেফ শ্রীযুত বাবু তারাকৃষ্ণ হালদার মুরশিদাবাদে জঙ্গীপুরের মুনসেফ হইবেন।

ঢাকার সাবাওরের মুনসেফ শ্রীযুত বাবু রামগোপাল সোম পশ্চিম বর্দ্ধমানের আউশগাঁর মুনসেফ হইবেন।

ছিলটের লশকরপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপীমোহন রায় ঢাকার সাবাওরের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু শারদাপ্রসাদ ঘোষ ছিলটে লশকরপুরের মুনসেফ হইবেন। এবং ঢাকাতে আগামি যে পরীক্ষা হইবেক তাহাতে যোগ্যতার পত্র প্রাপ্তণের অপেক্ষা থাকিবেক।

ছুটী।

১৮৪৬ সাল ১৪ আগষ্ট।

জিলা ময়মনসিংহের ঘোষগাঁর মুনসেফ শ্রীযুত বাবু গৌরহরি বসু স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি দশহরার বন্দের অতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ২০ আগষ্ট।

পূর্ব্ব বর্দ্ধমানের মুনসেফ শ্রীযুত জে এস বেল সাহেব (Mr. J. S. Bell,) আগামি দশহরার বন্দের অতিরিক্ত এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৪৭৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৪৬ সাল ৮ আগষ্ট।

সারণের মাজিষ্ট্রেট শ্রীযুত জে ই এস লিলি সাহেব (Mr. J. E. S. Lillie,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে কেপে কিম্বা অষ্ট্রেলিয়াতে গমন করণার্থ দুই বৎসরের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের কালেক্টর শ্রীযুত ডবলিউ এম ডিরম সাহেব (Mr. W. M. Dirom,) আপন কর্ম্মের ভার ঐ

[*Government Gazette, 25th August, 1846.*]

জিলার মাজিষ্ট্রেট শ্রীযুত এচ এম রীড সাহেবের (Mr. H. M. Reid,) প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন। অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত শ্রীযুত রীড সাহেব আপন কর্ম্মের অতিরিক্ত ঐ কর্ম্ম চালাইবেন।

১৮৪৬ সাল ১০ আগষ্ট।

মুরশিদাবাদের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট শ্রীযুত মেজর জেনরল এফ বি রেপর সাহেব (Major General F. V. Raper,) এক মাসের ছুটী পাইয়াছেন কিন্তু ঐ মাসে আপন কর্ম্মের ভারও রাখিবেন।

১৮৪৬ সাল ১১ আগষ্ট।

পূরুলিয়ার মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত ই জে সি রিচার্ডসন সাহেব (Mr. E. J. C. Richardson.) ছুটী প্রাপণবিষয়ক শুধরা বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ১২ আগষ্ট।

মৌলমিনের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জান টেট সাহেব (Mr. John Tait.) চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ১২ আগষ্ট।

চাটিগাঁর একটিং কালেকটর শ্রীযুত এফ বি কেম্প সাহেব (Mr. F. B. Kemp,) গত মাসের ২৮ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

পূরুলিয়ার মাজিষ্ট্রেট শ্রীযুত জর্জ মার্টিন সাহেব (Mr. George Martin,) বর্ত্তমান মাসের ৩ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত ই জেনকিন্স সাহেবের (Mr. E. Jenkins.) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৪৮৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ১২ আগষ্ট।

শ্রীযুত জে জি ডেনহাম সাহেব (Mr. J. G. Denham.) ও শ্রীযুত বাবু শ্যামাচরণ সরকার ও শ্রীযুত মৌলবী হিদায়ৎ আলী ও শ্রীযুত শিব শাস্ত্র উকীল ও শ্রীযুত বাবু দিগানৎ রায় ও শ্রীযুত জমট হুসেন ও শ্রীযুত হরেকৃষ্ণ লাহিড়ী গয়ালী ও শ্রীযুত বিশ্বেশ্বর চারণী গয়ালী গয়া ও সাহেবগঞ্জ নগরের শোভার্থে চৌকীদারীর ফাজিল টাকা ব্যয় করণের কমিটি হইবেন।

সরনের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত সি বি কুইণ্টিন সাহেব (Mr. C. B. Quintin,) এবং ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর শ্রীযুত সৈয়দ ওবাজীউল্লা ও শ্রীযুত হাফিজ সরফরাজ আলী পূরণিয়াতে ও মালদহে ১৮২১ সালের ৭ আইনের ও ১৮২৫ সালের ৯ আইনের নির্দ্দিষ্ট সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

সরনের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত আর এন শোর সাহেব (Mr. R. N. Shore.) ও ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর শ্রীযুত জে ব্রৌন সাহেব (Mr. J. Brown,) ও শ্রীযুত ক্ষেত্রমোহন মুখুয্যা ও শ্রীযুত জে পি ডেসা সাহেব (Mr. J. P. Dessa,) ও শ্রীযুত মৌলবী আলী আহমদ ও শ্রীযুত রাধানাথ বসু ত্রিহুতে ১৮২১ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনের নির্দ্দিষ্ট সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৪৬ সাল ১২ আগষ্ট।

সারণের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ রফিক আগামি দশহরার বন্দের অতিরিক্ত একুশ দিনের ছুটী পাইয়াছেন।

কাছাড়ের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত কাপ্তান ই আর লায়ন্স সাহেব (Captain E. R. Lyons,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

মৌলমিনের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে টেট সাহেব (Mr. J. Tait,) গত মাসের ২১ তারিখে থনাসরীম প্রদেশের কমিসানর সাহেবের স্থানে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

বাঁকুড়ার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জি এন চীক সাহেব (Mr. G. N. Cheek) গত মাসের ২৯ তারিখে যে দশ দিনের ছুটী পান তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ৩ তারিখে রহিত হইল ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বহরমপুরের ডাকের অধ্যক্ষ শ্রীযুত লেপ্টেনেণ্ট জে ব্রিষ্টো সাহেব (Lieut. J. Bristow,) আপনার অত্যাবশ্যক কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন তিনি আপন কর্ম্মের ভার এদেশীয় ৩৯ পল্টনের কাপ্তান শ্রীযুত এফ ই বয়ল সাহেবের (Captain F. E. Voyle,) প্রতি অর্পণ করেন তিনি শ্রীযুত লেপ্টেনেণ্ট ব্রিষ্টো সাহেবের অনুপস্থানপর্য্যন্ত ঐ কর্ম্ম চালাইবেন।

বহরমপুরের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি ডবলিউ উইঞ্চেষ্টর সাহেব (Rev. W. Winchester,) ছুটী বিষয়ক শুধরা বিধির ১১ ধারানুসারে বর্ত্তমান মাসের ১৮ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

রঙ্গপুরের একটিং সদর আমীন শ্রীযুত জে টামস সাহেব (Mr. J. Thomas) আগামি দশহরার বন্দে ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ১২ আগষ্ট।

শ্রীযুত জর্জ আগষ্টস পাকষ্টন সাহেব (Mr. George Augustus Paxton,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডেরেকটর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিল সম্পর্কীয় সিরিশতায় নিযুক্ত হইয়া "এসেক্স" নামক জাহাজের দ্বারা পহুছিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৬ তারিখে খাজুরীতে পঁহুছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ২৫ আগষ্ট।]

১৪৮৬ সালের সকলের দৃষ্টিগোচর পরীক্ষা।

১। প্রধান বৃত্ত্যাকাঙ্ক্ষিরদের এবং ১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখের নির্দ্ধারণানুসারে যে ফার্দ্দ বৎসরে২ বিদ্যাধ্যাপনের কৌন্সেলে দিবার হুকুম আছে সেই ফর্দ্দেতে লিখিবার যোগ্য কর্ম্মাকাঙ্ক্ষিরদের ইমতেহান নীচের লিখিত তারিখে ও ঘণ্টায় টৌনহালে হইবেক।

তারিখ।	বিষয়।	
সেপ্টেম্বর	প্রধান বৃত্তি।	দ্বিতীয় বৃত্তি।
১৬ বুধবার	সাধারণ শাস্ত্র বিদ্যা	ইঙ্গরেজী ব্যাকরণ।
১৭ বৃহস্পতিবার	পুরাবৃত্ত	পুরাবৃত্ত।
১৮ শুক্রবার	ক্ষেত্রপরিমাপক বিদ্যা	ক্ষেত্র পরিমাপক বিদ্যা।
১৯ শনিবার	পদার্থ বিদ্যা	গোলাধ্যায়।
২১ সোমবার	ইঙ্গরেজী এসে	অনুবাদ।
২২ মঙ্গলবার	বাঙ্গলা এসে	পাঠ।

পরীক্ষার কার্য্য প্রতিদিবস পূর্ব্বাহ্ণে ঠিক দশ ঘণ্টার সময়ে আরম্ভ হইয়া পাঁচ ঘণ্টার সময়ে শেষ হইবেক ঐ সময়ে সকল উত্তর দাখিল করিতে হইবেক। কর্ম্মাকাঙ্ক্ষিরদের আপন২ স্থানে বৈসনইত্যাদি কার্য্যেতে বিলম্ব না হয় এইহেতুক তাহারদিগকে নিরূপিত সময়ের পোওয়া ঘণ্টা থাকিতে উপস্থিত হইতে পরামর্শ দেওয়া যাইতেছে।

২। নীচের লিখিত যে২ সাহেবের নামের পার্শ্বে যে২ বিষয় লেখা আছে ঐ সাহেবেরা সেই২ বিষয়ের কাগজ অবিকল বৃত্তির নূতন নিয়মানুসারে প্রস্তুত করিবেন।

ইঙ্গরেজী বৃত্তি

প্রধান।

ইঙ্গরেজী এসে......	শ্রীযুত সর চর্‌ল্‌ট মাডক সাহেব।
শাস্ত্রবিদ্যা	শ্রীযুত অনরবিল সি এচ কামিরণ সাহেব।
পুরাবৃত্ত	শ্রীযুত সর হেনরি সিটন সাহেব ও শ্রীযুত ডি এলিয়ট সাহেব।
পদার্থ বিদ্যা	শ্রীযুত ডাক্তর এফ জে মৌআট সাহেব।
ক্ষেত্রপরিমাপক বিদ্যা	শ্রীযুত পাদরি [illegible] ফিসর সাহেব।
বাঙ্গলা ভাষার এসে কিম্বা	শ্রীযুত পাদরি কৃষ্ণমোহন বাঁড়ুয্যা।
কর্ম্মাকাঙ্ক্ষী চাহিলে লাটিন ভাষার এসে	শ্রীযুত অনরবিল সি এচ কামিরণ সাহেব।

দ্বিতীয় বৃত্তি।

ইঙ্গরেজী ব্যাকরণ ...	শ্রীযুত সি বীডন সাহেব.
গোলাধ্যায়	শ্রীযুত ই এ সামুয়েল্‌স সাহেব।
পুরাবৃত্ত	শ্রীযুত বি জে কলবিন সাহেব।
ক্ষেত্রপরিমাপক বিদ্যা	শ্রীযুত ডাক্তর এফ জে মৌআট সাহেব।
অনুবাদ	শ্রীযুত কাপ্তান জি টি মার্স্যাল সাহেব।

সংস্কৃত বৃত্তি।

প্রধান ও দ্বিতীয় (সকল বিষয়ে)	শ্রীযুত কাপ্তান জি টি মার্স্যাল সাহেব।

আরবী বৃত্তি।

প্রধান ও দ্বিতীয় ...	শ্রীযুত লেপ্টেনেণ্ট কর্ণেল রাইলি সাহেব।

৩। শাস্ত্রবিদ্যা ও পুরাবৃত্তের যে২ বিষয় ইমতিহানের নিমিত্তে ১৮৪৫ সালের আগস্ট মাসে মনোনীত হইয়াছিল তাঁহা নীচে লেখা যাইতেছে। বর্ত্তমান বৎসরের ইমতিহানের সকল কাগজ তাহাহইতে প্রস্তুত হইবেক।

শাস্ত্রবিদ্যা।

গদ্য।

বেকনের নোবম অর্গেনম ও জনসনের রামব্লর ও রাসিলাস।

পদ্য।

৫ দফা নীলামে আফিম খরিদকরণের সময় নীলাম ঘরের ভিতর ও খরিদারের নামে লাট রেজিষ্টরী হওনের পূর্ব্বে ফিলাট ১০০০৲ টাকার অথবা ফিসিন্দুক ২০০৲ টাকার হিসাবে আমানৎ পেশগী বাবতে দর্শনি প্রামিসারি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিতে হইবেক আর আগামি সন ১৮৪৬ সালের ২ ডিসেম্বর বুধবার বেলা দুই প্রহর চারি ঘন্টার পূর্ব্বে বোর্ডের দপ্তরখানায় আসিয়া সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ এওজ দিয়া পূর্ব্বোক্ত দর্শনি প্রামিসরি নোটসকল খালাস করিতে হইবেক কিন্তু নিরূপিত সময় মধ্যে যদি খালাস না করে তবে যে সকল লাটওয়ের আমানৎ পেশগীর হিসাবে টাকা অথবা সবট্রেজরর সাহেবের রসিদ কিম্বা কোম্পানির কাগজ দাখিল না হইবেক তাহা বোর্ডের সাহেবান যে সময় ও নিয়ম স্থির করিবেন সেই সময়ে সেই নিয়মানুসারে ফানি নীলামে বিক্রয় হইবেক তাহাতে যে লোকসান ও খরচখরচা পড়িবেক তাহা পূর্ব্বোক্ত মতে যাহারদিগের আমানৎ পেশগী দাখিল করিতে ত্রুটি হইবেক তাহারদিগকে দিতে হইবেক ও মুনফা যদ্যপি হয় তাহা কোম্পানি বাহাদুরের সরকারে জব্দ হইবেক।

৬ দফা ঐ নীলামের দিবস পূর্ব্বোক্ত সরতমতে যে সকল প্রামিসরি নোট লওয়া যাইবেক তাহা যদি আগামি পূর্ব্বোক্ত সন ১৮৪৬ সালের ২ ডিসেম্বর তারিখে খালাস না হয় তবে ঐ সকল নোট কোম্পানির তরফ উকীলের স্থানে দেওয়া যাইবেক তাঁহাকে যেমত উচিত বোধ হইবেক সেইমত তিনি ঐ নোটের বাবত টাকা আদায় করিবেন।

৭ দফা। যে আফিমের বাবত আমানৎ পেশগীর টাকা ঐ ২ ডিসেম্বর দিবা দুই প্রহর চারি ঘন্টার পূর্ব্বে দাখিল না হইবেক তাহার হিসাবে কোন টাকা কিম্বা সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ পশ্চাৎ লওয়া যাইবেক না।

৮ দফা। যে সকল আফিম বিক্রয়ার্থে এইক্ষণে এস্তেহার দেওয়া যাইতেছে তাহার কিস্মতের বেবাক টাকা নীলামের তারিখ হইতে পূরা পনের দিনের মধ্যে দাখিল করিতে হইবেক অথবা সন ১৮৪৬ সালের ১৫ ডিসেম্বর মঙ্গলবার দিবা দুই প্রহর চারি ঘন্টার পর উক্ত কিস্মতের বাবত ট্রেজরির রসিদ আর লওয়া যাইবেক না যে আফিমের কিস্মত পূর্ব্ব লিখিত মেয়াদের দিবস কিম্বা মেয়াদের পূর্ব্বে দাখিল হইয়া হিসাব রফা না হইবেক তাহার ঐ পূর্ব্বোক্ত ফিলাট ১০০০৲ টাকার হিসাবে অথবা ফিসিন্দুক ২০০৲ টাকার হিসাবে যে আমানত পেশগীর নগদ টাকা অথবা কোন রকম কোম্পানির কাগজ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকিবেক তাহা সরকারে জব্দ হইবেক পরে বোর্ড পরমিট নেমক ও আফিমের সাহেবান আলিশান দ্বারা যে তারিখে যে প্রকার নীলাম করা উচিত বিবেচনা হইবেক সেই দিবস সেই প্রকার ঐ আফিম সরকার বাহাদুরের নিজ হিসাবে বিক্রয় হইবেক।

৯ দফা। যে সকল খরিদারান পূর্ব্বোক্ত মতে বেবাক টাকা দাখিল করিয়া আফিমের সর্টিফিকেট অর্থাৎ আফিম বাহির করিবার হুকুম লইবেক তাহারদিগের এক্তিয়ার রহিল যে আপন খরিদা আফিমের প্রত্যেক সর্টিফিকেটের মধ্যে কত লাট আফিম দরকার করিতে চাহে তাহা বিশেষ করিয়া জানায় কারণ ইহা সপষ্টরূপে জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্ত মতে যে সকল সর্টিফিকেট একবার লইয়া যাইবেক তাহাতেই চূড়ান্ত হইবেক এবং ঐ সর্টিফিকেটের পরিবর্ত্তে পশ্চাৎ অন্য কোন সর্টিফিকেট অথবা হুকুম যাহাতে এক২ লাট করিয়া খালাস হইতে পারে অথবা প্রথম যত লাট কিম্বা সিন্দুকের জন্য সর্টিফিকেট দেওয়া যায় তাহা ভিন্ন অন্য কোন প্রকারে কমি বেশী পরিমাণ খালাস হইতে পারে এমত সর্টিফিকেট এওজ দেওয়া যাইবেক না।

১০ দফা। এই এস্তেহারের ৫ দফার লিখিত নিয়মানুসারে আমানতের হিসাবে যে কোন কোম্পানির কাগজ অথবা সবট্রেজরর সাহেবের রসীদ দাখিল করিয়া লইতে হইবেক তাহা কেবল যে সকল খরিদারের নাম সেলবহিতে লেখা থাকে তাহারদিগের নিকটহইতে অথবা তাহারদিগের এজেণ্ট অর্থাৎ মোক্তারের নিকটহইতে লওয়া যাইবেক এবং ঐরূপ আমানত পেশগী দাখিলের রসিদ কেবল ঐ পূর্ব্বোক্ত খরিদারের নামে হইবেক ও আফিম মজকুরা খালাস হইলে পর পূর্ব্বোক্ত কোম্পানির কাগজ তাহারদিগকে অথবা তাহারদিগের বরাতি লোককে ফিরাইয়া দেওয়া যাইবেক।

১১ দফা। শ্রীযুত সাহেবান আলিশান বোর্ডের তরফ যে সাহেব নীলামে সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন তাঁহার

এমত এক্তিয়ার আছে যে তিনি তাঁহার বিবেচনানুসারে কোন ব্যক্তির ডাক অগ্রাহ্য করেন কিন্তু যদিস্যাৎ তাহারা যত লাট খরিদ করণার্থে ডাকিবেক তাহার ফিলাট ১০০০৲ টাকার হিসাবে অর্থাৎ ফিসিন্দুক ২০০৲ টাকার হিসাবে বাঙ্গাল বেঙ্ক নোট কিম্বা সবট্রেজরর সাহেবের রসীদ অথবা কোম্পানির কাগজ দাখিল করে তবে তাহারদিগের ডাক অগ্রাহ্য করিবেন না।

১২ দফা। নীলামী খরিদারের এমত এক্তিয়ার আছে যে প্রথম যে লাট খরিদ করিবেক সেই লাট নম্বর হইতে যত লাট সেই মোকামের খরিদ করিতে চাহে তাহা তৎক্ষণাৎ প্রকাশ করিয়া কহে এবং তদনুসারে খরিদ করে এমতে পড়িতাঅবধি ২৫ লাটের অধিক না হয় ও ঐ প্রকারের খরিদা লাটহারের ফিলাট ১০০০৲ টাকা করিয়া ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগি দিতে হইবেক এবং এ দরে অর্থাৎ প্রথম লাটের দরে বাকী লাটহারের কিম্মত ফিসিন্দুক হিসাব করিয়া দাখিল করিতে হইবেক এমতে যদিস্যাৎ এত লাট গরবিক্রী থাকে যাহাতে ঐ ২৫ লাট পূরা হইতে পারে তবে পাইবেক নতুবা পাইবেক না।

১৩ দফা। এই এস্তেহারের লিখিত আফিমের বিক্রীসম্পর্কীয় কিম্বা ঐ আফিমের হিসাব রফার বিষয়ে কোন বিবাদ অথবা গরমেল উপস্থিত হইলে তাহা সুবে বাঙ্গলার সুপ্রিম কোর্ট আদালতের বিচারে নিষ্পত্তি হইবেক আর খরিদারেরদিগের মধ্যে কেহ ঐ আদালতের এলাকার অধীন নহে বলিয়া কোন আপত্তি করিলে গ্রাহ্য হইবেক না।

১৪ দফা। নীচের লিখিত তফসীল মাফিক কাগজাত ও যে আফিম বিক্রয় হইবেক তাহার নমুনা নীলামের দিবস দেখান যাইবেক অথবা তাহার পূর্ব্বে বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১ নং যে আফিম বিক্রয় কারণ এইক্ষণে এই এস্তেহার হইল তাহারি সর্টিফিকেট।

২ নং ঐ আফিম তজবিজের রিপোর্ট।

১৫ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৪৫। ৪৬ সালের বেহার ও বানারসের আফিম তৈয়ারী কারণ গত সনহায়ের মত এহতিয়াত ও খবরদারী করা গিয়াছে বিশেষত আফিমের লোচম্বন্ধা নিস্তাজ প্রস্তুত করিয়া পাঠাইতে এবং গুটি তৈয়ারি কারণ নিয়মিত পরিমাণ পাতি ব্যবহার করিতে এবং প্রতিগুটিতে সমান ভাগ আফিম রাখিতে সাবধান হওয়া গিয়াছে আফিম মজকুরের বেহার ও বানারসের মোকামি ওজনের হিসাবে ও ঐ মোকামের ফি চালানহইতে ছয় সিন্দুক করিয়া কলিকাতায় যে ওজন করা যায় তাহার গড় ওজনের হিসাব বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় তজবিজ করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১৬ দফা। গত দুই সনের পরদারণী যে চারি সিন্দুক বেহার ও বানারসের আফিম রাখা গিয়াছে তাহা নীলামের দিবস খরিদারান লোককে দেখান যাইবেক তদ্দৃষ্ট বেপারিয়ান বিবেচনা করিতে পারিবেন যে কি প্রকার নির্ব্বিঘ্নাবস্থায় ঐ আফিম রহিয়াছে।

১৭ দফা। যে আফিম বিক্রয় কারণ এস্তেহার হইল তাহার ওজন ও রকমের বিষয়ে আফিমের কারখানাসম্পর্কীয় কোন ব্যক্তি আর কোন সমাচার জানিতে চাহিলে পরমিট ও নেমক ও আফিম বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে পূর্ব্বাপর রীত্যনুসারে জানিতে পারিবেক কিন্তু নীলামের পর যে সকল সিন্দুক জাহাজে রপ্তানি করিবার নিমিত্তে দেওয়া যাইবেক সেই আফিমের ওজন কমি অথবা তফাত কিম্বা মিশ্রিত করণের ওজরে এনামের জন্য কোন দাওয়া করিলে তাহা প্রচলিত নিয়মানুসারে শ্রীযুত সাহেবান বোর্ড কোন প্রকারেই শুনিবেন না ও গ্রাহ্য করিবেন না।

১৮ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে উপরের লিখিত মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত মেকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমি বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক।

	বেহার সিন্দুক	বানারস সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৪৬ সালের ১৮ ডিসেম্বর সোমবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১৬৯০	৭১৫	২৪০৫
সন ১৮৪৭ সালের ২৫ জানুআরি সোমবার অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১৬৯০	৭১৫	২৪০৫
ঐ ২২ ফেব্রুআরি ঐ অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১৬৯০	৭১৫	২৪০৫
ঐ ২২ মার্চ ঐ অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১৬৯০	৭১৫	২৪০৫
ঐ ১৯ আপ্রিল ঐ অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১৬৯০	৭১৫	২৪০৫
ঐ ১৭ মে ঐ অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১৬৯০	৭১৫	২৪০৫
ঐ ১৪ জুন ঐ অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১৬৯০	৭১৫	২৪০৫
ঐ ১২ জুলাই ঐ অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১৬৮৫	৭২৩	২৪০৮
	১১৮১৫	৫০২৮	১৬৮৪৩

১৯ দফা। অধিকন্তু সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮১৫ সালের ৭ মার্চ তারিখে ইংরাজ ও ফরাশ উভয়ে একরারনামার লিখিত মর্ম্ম প্রকরণানুসারে ফরাশের বাদশাহের তরফের যে এজেন্ট সাহেবান বাঙ্গলায় থাকিবেন কিম্বা তাঁহারা যে ব্যক্তিদিগকে নিযুক্ত করিবেন সেই সকল ব্যক্তি উপরের লিখিত সন ১৮৪৬ সালের নবেম্বর ও ডিসেম্বর ও সন ১৮৪৭ সালের জানুআরি ও ফেব্রুআরি ও মার্চ ও আপ্রিল ও মে ও জুন এবং জুলাই মাহার ৯ নীলামে যে মেকদার বেহার ও বানারসের আফিম বিক্রয় হইবার এস্তেহার হইল তাহার মধ্যে ঊর্দ্ধ সংখ্যা ৩০০ সিন্দুকপর্য্যন্ত আফিম লইবার এক্তিয়ার রাখেন এই আফিম যে নীলামে অথবা নীলামহারের সম্পর্কীয় হইবেক তাহার গড় দরে লইবেন আর ফরাশের এজেন্ট সাহেবানের ঐ আফিমের মধ্যে যত আফিম লওনের প্রয়োজন হইবেক তাহা সমুদয় নীলামে অথবা নীলামহায়েতে লইবেন তাহার নির্ণয় করিয়া এই ইস্তেহার হওনের পর ৩০ দিবসের মধ্যে প্রার্থনা লিপি লিখিবেন যদ্যপি ফরাশের এজেন্ট সাহেবান উপরের মেয়াদ মধ্যে আফিম লওন কারণ কোন প্রার্থনা না করেন তবে উপরের লিখিত সমুদয় ২১৬৪৮ সিন্দুক বেহার ও বানারসের আফিম ধারামতে নীলামে বিক্রয় হইবেক এবং ঐ পূর্ব্ব ৯ নীলামে যে মেকদার আফিম বিক্রয় হওনের ইস্তেহার হইল তাহার অন্দরে যদি ফরাশের এজেন্ট সাহেবান কোন মেকদার আফিম ঐ ৯ নীলামের প্রত্যেক অথবা কোন এক নীলামে লইবার দরখাস্ত করেন কিন্তু আফিম মজকুরের কিম্মত মেয়াদ মধ্যে না দেন তবে সেই আফিম বিক্রয় করিবার এক্তিয়ার

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৬। ২৯ সেপ্টেম্বর।]

তাহা পূর্ব্ব বৎসরে বা ১৫ জুন তারিখে কি তাহার পূর্ব্বে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা জ্ঞাত করিবেন।

সাধারণ বিদ্যা। প্রধান২ গ্রন্থকর্ত্তারদের গ্রন্থহইতে মনোনীতকরা গদ্য ও পদ্যের প্রকরণের অর্থ করিতে হইবেক। উত্তর কালে আগামি বৎসরের নিমিত্ত যে গ্রন্থহইতে সেইমত প্রকরণ বাচনী হইবেক তাহা প্রত্যেক বার্ষিক ইমতিহানের অন্যূন এক বৎসর পূর্ব্বে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা ধার্য্য করিবেন।

ক্ষেত্রপরিমাণাদি বিদ্যা। বীজগণিত বিদ্যায় পিকক সাহেবের গ্রন্থ জ্ঞাত থাকিতে হইবেক এবং উড সাহেবের বীজগণিত বিদ্যার "অনুমান" এই বিষয়ের অধ্যায় জ্ঞাত থাকিতে হইবেক। ইউক্লিডের প্রথম চারি গ্রন্থ এবং পঞ্চম গ্রন্থের পঞ্চম ব্যাখ্যা এবং ষষ্ঠ গ্রন্থ এবং একাদশ গ্রন্থের ২১ প্রস্তাব এবং হাইণ্ড ও স্নোবল ও উডহৌসের রক্তিক প্লেন এবং স্ফেরিকাল ত্রিকোণ পরিমাপক বিদ্যা এবং কোনিক সেকস্যন্স।

পদার্থ বিদ্যা। পশ্চাৎ লিখিত * গ্রন্থে যেরূপ জ্যোতির্বিদ্যা ও শিল্পবিদ্যা ও দুরবস্তুর নিরূপক ও বায়ুনিরূপক বিদ্যা ও দৃষ্টিনিরূপক বিদ্যার জ্ঞান থাকে সেইরূপ তাহারদের থাকিবেক অর্থাৎ হর্সল সাহেবের পদার্থ বিদ্যার অধ্যয়নবিষয়ক ভূমিকা এবং বিবি সমরবিলের প্রকৃতির বিদ্যার সম্বন্ধ এই দুই গ্রন্থ যাহাতে উত্তমরূপে বুঝিতে পারে সেইপর্য্যন্ত উপরের উক্ত গ্রন্থ পাঠ করিতে হইবেক। এবং কল্যাণ্য বিদ্যাপ্রতিপোষক সোসৈটির প্রকাশিত গ্রন্থের মধ্যে ক্ষেত্রপরিমাণ ও প্রকৃতিসম্পর্কীয় ভূগোলীয় বিদ্যা জানিতে হইবেক।

এতদ্দেশীয় এসে। এতদ্দেশীয় ভাষাতে উপযুক্ত এসে অর্থাৎ রচনা লিখিতে হইবেক।

৬। এই সকল রিপোর্ট পাইলে পর যত শীঘ্র সাধ্য সর্ব্ব সাধারণ লোককে জানাইবার ও বিতরণ হইবার নিমিত্তে বুদ্ধিবিষয়ক প্রশ্ন এবং ইঙ্গরেজী বিদ্যা ও পুরাবৃত্ত বিষয়ক সর্ব্বাপেক্ষা অত্যুত্তম উত্তর ও অত্যুত্তম এসে ছাপা হইবেক।

গবর্ণমেণ্টের কালেজ ভিন্ন অন্যান্য স্থানের বৃত্ত্যাকাঙ্ক্ষিরদের অতিউত্তম২ উত্তরও ছাপা হইবেক।

প্রত্যেক বিষয়েতে যে২ উত্তর দেওয়া যায় তাহা অনায়াসে শ্রেণীপূর্ব্বক সাজান যায় ও পরীক্ষা করা যায় এই অভিপ্রায়ে সকল বৃত্ত্যাকাঙ্ক্ষির প্রতি হুকুম হইতেছে যে কাগজের কেবল এক দিগে আপন২ উত্তর লেখেন এবং এক ফর্দ্দ কাগজে এক জিজ্ঞাসার অধিক উত্তর না লেখেন।

উক্ত বিধানক্রমে যে২ উত্তর লেখা না যায় তাহা অগ্রাহ্য হইবেক।

বিদ্যাধ্যাপনের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট ও কৌন্সেলের হুকুমক্রমে। এফ জে মৌআট। সেক্রেটারী।
বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৬। ২০ জুলাই।

* ব্রিঙ্কলি সাহেবের জ্যোতির্বিদ্যা গ্রন্থ কিম্বা কল্যাণ্য বিদ্যা প্রতিপোষক সোসৈটির পদার্থবিদ্যার পুস্তকের মধ্যে জ্যোতির্বিদ্যা। এবং শিল্পবিদ্যাবিষয়ে হিউএল সাহেবের পুস্তক ও দুরবস্তুনিরূপকবিদ্যাবিষয়ে উএবষ্টর সাহেবের পুস্তক ও দৃষ্টিনিরূপক বিদ্যাবিষয়ে হেল সাহেবের পুস্তক এবং বায়ুনিরূপক বিদ্যাবিষয়ে কল্যাণ্য বিদ্যা প্রতিপোষক সোসৈটির গ্রন্থ।

GOVERNMENT ADVERTISEMENTS. — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT. — নিমক।

শ্রীল শ্রীযুত গবর্ণমেণ্টের সন ১৮৪৬ সালের ২৫ মার্চ তারিখের আজ্ঞানুসারে কলিকাতা গেজেটী সমাচার পত্রে যে এস্তেহার প্রকাশিত হয় সেই প্রমাণে সর্ব্ব সাধারণের প্রাপ্তব্য সমুদায় সরকারী গোলার মোজুদাত নেমকের রওয়ানা বিক্রীর নিরিখ দর লেখা যাইতেছে।

	ফি ১০০/ শত মোন নিরিখ দর
জেলা হিজলি পাঙ্গা নেমক ঘাট কালীনগর … … … … …	কাং ৩৭৫৲ টাকা
ঐ ঐ কৃষ্ণনগর … … … … …	৩৭০৲
ঐ ঐ তেরোপাইকা … … … … …	৩৯০৲
ঐ ঐ রামনগর … … … … …	৩৬০৲
জেলা তমলুক পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর … … … … …	৩৮৫৲
জেলা ২৪ পরগনা পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর বাহিরবুনী ও তকাল … … … … …	৩৯৫৲
ঐ বেলিয়াঘাটা … … … … …	৪০০৲
ঐ নারায়ণপুর কলের নেমক পহিলা রকম … … … … …	৪০০৲
ঐ দোসরা রকম	৪০০৲
ঐ গোড়দহ … … … … …	৪০০৲
ঐ বেঁওতা … … … … …	৩৮৭৲
জেলা চট্টগ্রাম সদর ঘাট ও ডোমখালি … … … … …	৩৯৩৲
জেলা ভুলুয়ার ঘাট কাঁড়ার আরাকিন পাঙ্গা … … … … …	৩৬৫৲
শালিখা গোলা মান্দ্রাজ পরমিট করকচ নেমক পহিলা রকম … … … …	৩৬২৲
ঐ ঐ দোসরা রকম … … … … …	৩৬০৲
ঐ ঐ তেসরা রকম … … … … …	৪১৩৲
ঐ পাঙ্গা নেমক কটক … … … … …	৪১৯৲
ঐ ঐ খোরদা … … … … …	৪১৮৲
ঐ ঐ বালেশ্বর … … … … …	৪২৪৲
ঐ ঐ চিলকা … … … … …	

কিন্তু গবর্ণমেণ্টের এই ক্ষমতা থাকিল যে উত্তর কালে আবশ্যক হইল নেমকের উপর আইনানুসারে পূরা মাসুল পুনরায় মোকরর করিতে পারিবেন ফলিতার্থ জাহাজী আমদানী নেমকের উপর যে মাসুল নিরূপণ হইয়াছে তাহাতে অথবা গবর্ণমেণ্টের হিসাবে মোট রওয়ানা বিক্রীর যে দর উপরে লেখা গেল তাহাতে সন ১৮৪৭ সালের ১ আপ্রিলের পূর্ব্বে অথবা ততোধিক যে মেয়াদ মোকরর হইবেক তাবৎ কালপর্য্যন্ত কোন ফেরফার করা যাইবেক না।

এস টরেন্স। সেক্রেটারী।
বোর্ড্‌পরমিট ও নেমক ও আফিম সন ১৮৪৬ সাল তারিখ ৩০ মে।

[*Government Gazette*, 18th *August*, 1846.]

মাসকাবারী হিসাব মৌজুদ নেমক মায় ৪ পরসেন্ট গোলা মুক্তি বাবৎ লাগাদ ৩১ জুলাই ১৮৪৬। প্রত্যেক এজেন্সীর ও শালিখার নমকের গোলাচাতের মৌজুদ নমক।
মৌজুদ নমক বিঃ গত ইষ্টেটমেন্ট।

এজেন্সীর নাম।	সন ১২৪৮ সাল মতাবেক ইং ১৮৪১। ৪২ সাল	সন ১২৪৯ সাল মতাবেক ইং ১৮৪২। ৪৩ সাল	সন ১২৫০ সাল মতাবেক ইং ১৮৪৩। ৪৪ সাল	সন ১২৫১ সাল মতাবেক ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মতাবেক ইং ১৮৪৫। ৪৬ সাল	মৌজুদ নমকের একুন
তিঙ্কলি।						
পাঙ্গা নেমক। ঘাট উত্তর কালীনগর।	০	০	০	০	০	০
ঐ ঐ দক্ষিণ কালীনগর।	৪,২০,০৮৫/	৫,০১,০৪৬/	৩,৪১,৬০৮/	৩,৫৫,৭৭১/	৪,৭৭,২৭৮/	২০,৯৬,৭৮৮/
ঐ ঐ কৃষ্ণনগর।	০	৬৬,১২০/	৩৩,৮৭৮৸০	০	১,১৯,৩৭৫/	৩,১৯,৩৭৩৸০
ঐ ঐ তেরোপাইকা।	০	১,৯৮,৬৩৮/	৩,১৯,৯৬৭/	৩,৪৪,৩৫৭/	৩,০৬,৬০৫/	১১,৬৯,৫৬৭/
ঐ ঐ রামনগর।	০	০	০	২২/	২,১৪,৭৫৫/	২,১৪,৭৭৭/
গাছা নমক।	০	১১,৩৪৯৷৷০	১৫,২৩৪/	০	০	২৬,৫৮৩৷৷০
একুন	৪,২০,০৮৫/	৭,৭৯,১৫৩৷৷০	৭,১১,৬৮৭৸	৭,০০,১৫০/	১১,১৯,০১৩/	৩৮,৩০,০৮৯৷০
তমলুক।						
পাঙ্গা নেমক। ঘাট নারায়ণপুর।	০	০	০	৩,৬৪,৩৫৭৷৷২	৪,৮৭,৬৯৪৷৮	৮,৫২,০৫২/
ক্রোকী নমক।	০	০	০	০	০	৬৮/১৷
একুন।	০	০	০	৩,৬৪,৩৫৭৷৷২	৪,৮৭,৬৯৪৷৮	৮,৫২,১২০/১৷
২৪ পরগনা।						
পাঙ্গা নেমক। ঘাট নারায়ণপুর বাহিরবুনি।	০	১,০৯৪৷০	০	৮৬,৯৯০/৫	৪৬,৫০০৷৷০	১,৩৫,২৮৪৸৫
ঐ ঐ ঐ তফাল।	০	২,১৮৩/	১৬/	২,১০,৫৪৮৷৷০	১০৯/	২,১২,৮৫৬৷৷০
ঐ ঐ বালিয়াঘাটা।	০	০	০	০	৪০,০০০/	৪,০০০/
ঐ ঐ বেঁওতা।	০	০	০	৪১৷০	০	৪১৷০
ঐ ঐ গোরদা।	০	০	০	০	০	০
ঐ ঐ ডাইমণ্ডহারবর।	০	০	০	৩৬,১৫২/	৩০,৮৯০/	৬৭,০৪২/
ঐ ঐ বাড়ী।	০	০	৮৩৫/	৩,৮৭৮/	০	৪,৭১৩/
ঐ ঐ শ্রীযুত প্রিন্সেপ সাহেবের ১ পহিলা রকম।	০	০	০	০	০	০

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of ROBERT SEYMOUR STRICKLAND, lately carrying on trade and business with Henry Chapman Kemp, in copartnership as Merchants and Agents and Secretaries to the Alliance Insurance Company, in Clive Street, in the Town of Calcutta, under the style and firm of Kemp, Strickland and Company, lately of the French Settlement of Chandernagore, but now of Middleton Rowe, against whom an adjudication of Insolvency was made and pronounced by this Court, on the thirteenth day of July, one thousand eight hundred and forty-six, on the application of John Lackersteen, Charles Robert Lackersteen, William Richard Lackersteen, Augustus Alexander Lackersteen, and George Francis Lackersteen, carrying on trade and business at Clive Street, in the Town of Calcutta, in copartnership under the style and firm of John Lackersteen and Brothers, Creditors of the said Insolvent.

NOTICE is hereby given, that by an order of the said Court, made and pronounced on the twelfth day of August instant, in the above matter of Robert Seymour Strickland, that he the said Robert Seymour Strickland, is an Insolvent, seeking the benefit of the Act of the ninth year of the reign of his late Majesty George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, Saturday, the seventeenth day of October next, was and is appointed for the hearing of the said matters.

The names of the Creditors of the said ROBERT SEYMOUR STRICKLAND, will appear on the face of the Schedule filed in the Office of the Chief Clerk of this Court, on this day, and to which all Creditors of the said Robert Seymour Strickland, may refer for their better satisfaction. Dated this 14th day of August, 1846.

A. D. KEMP.
Attorney for the Insolvent
Robert Seymour Strickland.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ১৮ আগষ্ট।]

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

কেম্প ষ্ট্রিকলাণ্ড কোম্পানির নামে পূর্ব্বে হেনরি চাপমান কেম্প সাহেবের সঙ্গে কলিকাতা নগরের ক্লাইব ষ্ট্রিটে সওদাগর ও এজেন্ট এবং আলয়ান্স ইন্সুরান্স কোম্পানির সেক্রেটারীর কর্ম্মকারী পরে ফ্রান্স দেশীয়েরদের অধীন চন্দননগরনিবাসী এক্ষণে মিডলটন রো নিবাসি

রাবর্ট সিমোর ষ্ট্রিকলাণ্ড সাহেব

গোত্রহীন বাটন এইমত নির্দ্ধারণ উক্ত গোত্রহীনের মহাজন জান লাকষ্টিন ব্রাদর কোম্পানির নামে কলিকাতা নগরের ক্লাইব ষ্ট্রিটে বাণিজ্যকারী জান লাকষ্টিন সাহেব ও চার্লস রাবর্ট লাকষ্টিন সাহেব ও উলিয়ম রিচার্ড লাকষ্টিন সাহেব ও আগষ্টস আলেকজান্দর লাকষ্টিন সাহেব ও জর্জ ফ্রান্সিস লাকষ্টিন সাহেবের দরখাস্তমতে ১৮৪৬ সালের ১৩ জুলাই তারিখে উক্ত আদালতে হইল।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত রাবর্ট সিমোর ষ্ট্রিকলাণ্ড সাহেবের বিষয়ে বর্ত্তমান আগষ্ট মাসের ১২ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে উক্ত রাবর্ট সিমোর ষ্ট্রিকলাণ্ড সাহেব গোত্রহীন হইয়া ভারতবর্ষের গোত্রহীন ঋণিরদের উপকারার্থে আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করাতে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি অক্টোবর মাসের ১৭ তারিখ শনিবারে শুনা যাইবেক।

উক্ত রাবর্ট সিমোর ষ্ট্রিকলাণ্ড সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া অদ্যই এই আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে এবং উক্ত রাবর্ট সিমোর ষ্ট্রিকলাণ্ড সাহেবের সকল মহাজন আপনারদের খাতিরজমার জন্যে এ তফসীল দেখিতে পারেন ইতি ১৮৪৬ সাল ১৪ আগষ্ট।

এ ডি কেম্প।

গোত্রহীন রাবর্ট সিমোর ষ্ট্রিকলাণ্ড সাহেবের উকীল।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান মার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, OCTOBER 6, 1846.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৬ সাল ৬ অক্টোবর।

REPORT OF SUMMARY CASES DETERMINED IN THE COURT OF SUDDER DEWANNY ADAWLUT.

An Amended Translation of the two following Reports of Summary Cases is published by order of the Sudder Court.

8th June, 1846.

Copy of a decision recorded in English, according to Act XII. 1843, must be given on application.

Superintendent Marine Department—Petitioner.

The petitioner appealed against an order of the Judge of the 24-Pergunnahs, dated 21st May, 1846, refusing to give him copy of a decision, recorded in English, according to Act XII. 1843, in a case in which he was appellant, *versus* Gobindchunder Banerjee, &c. Respondents; and directing him to apply for a copy of the decision in the vernacular version.

Mr. Reid—as that English decision is portion of the record, the petitioner is entitled to a copy.

Order accordingly.

15th June, 1846.

It is unnecessary to reply to a Defendant who confesses judgment.

Shama Soondurce—Petitioner.

This was an appeal against an order of the Judge of the 24-Pergunnahs, dated 27th February, 1846, confirming that of the additional Principal Sudder Ameen, dismissing the petitioner's suit for default, because she had not replied to the answer of Juggunath Pershad Mullick, one of the Defendants sued

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তি হওয়া সরাসরী মোকদ্দমার রিপোর্ট।

সরাসরী মোকদ্দমার নীচের লিখিত দুই রিপোর্টের শুধরা তরজমা সদর আদালতের হুকুমক্রমে প্রকাশ হইতেছে।

১৮৪৬ সাল ৮ জুন।

১৮৪৩ সালের ১২ আইনানুসারে ইঙ্গরেজী ভাষাতে যে ডিক্রী লেখা যায় তাহার নকল দরখাস্ত হইলে দিতে হইবেক।

মারিন ডিপার্টমেণ্টের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব দরখাস্তকারী।

যে মোকদ্দমায় দরখাস্তকারী আপেলাণ্ট এবং গোবিন্দচন্দ্র বাঁড়ুয্যাওগয়রহ রেসপাণ্ডেণ্ট সেই মোকদ্দমায় ১৮৪৩ সালের ১২ আইনানুসারে ইঙ্গরেজী ভাষাতে যে নিষ্পত্তিপত্র লেখা যায় তাহার এক নকল দরখাস্তকারিকে ১৮৪৬ সালের ২১ মে তারিখে চব্বিশপরগনার জজ সাহেব দিতে অস্বীকার করিয়া দেশীয় ভাষায় লিখিত ঐ নিষ্পত্তিপত্রের নকলের দরখাস্ত করিতে তাঁহাকে হুকুম করিলেন। সেই হুকুমের উপর দরখাস্তকারী আপীল করিলেন।

তাহাতে সদর দেওয়ানী আদালতের জজ শ্রীযুত রীড সাহেব হুকুম করিলেন যে ইঙ্গরেজী ভাষায় লিখিত নিষ্পত্তিপত্র রোয়দাদের এক অঙ্গ অতএব দরখাস্তকারী তাহার এক নকল অবশ্য পাইতে পারেন।

তদনুসারে হুকুম হইল।

১৮৪৬ সাল ১৫ জুন।

যে আসামী দাওয়া স্বীকার করে তাহার জওয়াব দিবার আবশ্যক নাই।

শ্যামাসুন্দরী দরখাস্তকারিণী।

এই আপীল ১৮৪৬ সালের ২৭ ফেব্রুআরি তারিখের চব্বিশপরগনার জজ সাহেবের হুকুমের উপর হয়। সেই জিলার অতিরিক্ত প্রধান সদর আমীন দরখাস্তকারিণীর মোকদ্দমা কসুরপ্রযুক্ত ডিসমিস করিলেন যেহেতুক ঐ স্ত্রী যে আসামীরদের নামে নালিশ করিয়াছিল তাহারদের মধ্যে এক জন জগন্নাথপ্রসাদ মল্লিকের উত্তরের

by her. It was established that the answer in question was one in confession of judgment; and that the additional Principal Sudder Ameen had, ten days after its presentation, directed the Plaintiff to file her documents in proof of her claim. Under these circumstances, the Court (present Mr. Reid) thought that the petitioner was justified in considering it unnecessary to file a "reply." The orders of both of the Lower Courts were therefore reversed, and the case was directed to be restored to the file.

B. J. Colvin, *Offg. Register.*

দরখওয়াব দেয় নাই এবং ঐ অতিরিক্ত প্রধান সদর আমীনের হুকুম জজ সাহেব মঞ্জুর করিলেন। তাহাতে এই সাব্যস্ত হইল যে ঐ আসামী আপনার জওয়াবে দাওয়া স্বীকার করিল এবং জওয়াব দাখিল হওনের দশ দিবস পরে অতিরিক্ত প্রধান সদর আমীন ফরিয়াদীর দাওয়ার প্রমাণস্বরূপ তাহাকে আপনার দলীলদস্তাবেজ নথীর শামিল করিতে হুকুম দিলেন। এই অবস্থায় সদর আদালতের জজ শ্রীযুত রীড সাহেব হুকুম করিলেন যে দরখাস্তকারিণী দরজওয়াব দাখিল করিতে যে অনাবশ্যক বোধ করিল তাহা যথার্থ বটে। অতএব উভয় অধঃস্থ আদালতের হুকুম অন্যথা করা গেল এবং ঐ মোকদ্দমা নথীর শামিল পুনরায় করিতে হুকুম দেওয়া গেল।

বি জে কলবিন। একটিং রেজিষ্টর

রাজকর্ম্মে নিয়োগ।

১৮৩৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ১৬ সেপ্টেম্বর।

জলেশ্বরের নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত তামস কাম্বেল সাহেব (Mr. Thomas Campbell.) ১৮৩৮ সালের ১৯ আইনের ২৫ ধারানুসারে নিমকের আইন উল্লঙ্ঘনকারিরদের মোকদ্দমার বিচার করণের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৬ সাল ২৩ সেপ্টেম্বর।

সারণের মাজিষ্ট্রেট এবং কালেকটর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত জে কুম সাহেব (Mr. J. Combe,) ঐ জিলাতে জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

গাজীপুরের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত সি হার্লণ্ড সাহেব (Mr. C. Harland,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত আফীনের পরীক্ষক এবং বারাণসে আফীনের এজেন্টের প্রথম আসিষ্টান্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৬ সাল ২৩ সেপ্টেম্বর।

চুঁচুড়ার আসিষ্টান্ট ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এফ ফিশর সাহেব (Revd. F. Fisher,) ১৮৪৫ সালের ৫ নবেম্বর তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত ১৮৪৬ সালের ১২ নবেম্বর তারিখঅবধি ১৮৪৭ সালের ১ জানুআরি তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

টাকসের কালেকটর শ্রীযুত এচ সি ওয়াট্স সাহেব (Mr. H. C. Watts,) স্বীয় কর্ম্মোপলক্ষে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

মালদহের আবকারীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু হরচন্দ্র ঘোষ আপনার কর্ম্মের ভার শ্রীযুত বাবু মথুরানাথ বাঁড়ুয্যার প্রতি অর্পণ করিয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ৬ অক্টোবর।]

ঢাকার আবকারীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু উদয়চন্দ্র আঢ্য আপনার কর্ম্মের ভার শ্রীযুত বাবু ধরণীধর রায়ের প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে বিশ দিনের ছুটী পাইয়াছেন। শ্রীযুত বাবু ধরণীধর রায় ১৮৪০ সালের ২৩ আইনের ৩ ধারানুসারে আবকারীর আইন উল্লঙ্ঘনকারিরদের মোকদ্দমার বিচার করণের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

মানভূমের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু শ্যামচাঁদ রায় বাহাদুর দশহরার বন্দের অতিরিক্ত দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে চব্বিশপরগনাতে নিযুক্ত ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু গোবিন্দপ্রসাদ পণ্ডিত চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ২৬ সেপ্টেম্বর।

মুরশিদাবাদের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেন্ট শ্রীযুত মেজর জেনরল এফ বি রেপর সাহেব (Major General F. V. Raper,) আপনার কর্ম্মের ভার সিবিল ও সেশন জজ সাহেবের প্রতি অর্পণ করিয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন। অন্য হুকুম না হওনপর্য্যন্ত উক্ত জজ সাহেব ঐ পদের চলিত কর্ম্ম চালাইবেন।

উচ্চপদে নিয়োগ।

১৮৪৬ সাল ২৩ সেপ্টেম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের পরামর্শক্রমে পোলীসের নীচের লিখিত দারোগারা প্রথম ও দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

জিলা	থানা	নাম	শ্রেণী
পাটনা	আদালতের গঞ্জ	কলিম সাহেব	১
বেহার	সাহেবগঞ্জ	নৌরঙ্গিলাল	১
দিনাজপুর	পতিরাম	খোদাবকশ	২
ঐ	পত্নীতলা	রামমোহন লাহিড়ী	২
হাবড়া	রাজাপুর	আনন্দচন্দ্র হালদার	১
বেহার	বেহার	কেরামৎ আলী	১
চাটিগাঁ	বটিয়ারী	গৌরীকান্ত ঘোষাল	২
মুরশিদাবাদ	মানুল্লাবাজার	আহমদ বকশ	১

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ২৮ সেপ্টেম্বর।

শ্রীযুত এচ বেলি সাহেব (Mr. H. Baillie,) হিজলীতে সিবিল আসিষ্টান্ট চিকিৎসক ও নিমকের ডেপুটী এজেন্ট হইবেন।

১৮৪৬ সাল ৩০ সেপ্টেম্বর।

যশোহরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত সি এস বেলাই সাহেব (Mr. C. S. Belli,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু তারাচাঁদ ঘোষ জিলা বগুড়াতে ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর হইবেন।

১৮৪৬ সাল ১ অকটোবর।

শ্রীযুত ডবলিউ ননি সাহেব (Mr. W. Noney,) পূরণিয়ার সদর আমীন হইবেন।

হুগলীতে বৈদ্যবাটীর শ্রীযুত বাবু গোপালকৃষ্ণ রায় প্রথম শ্রেণীর মুনসেফ হইবেন।

এ দেশীয় ৬৪ পল্টনের লেপ্টেনেন্ট শ্রীযুত এ ডি চেস সাহেব (Lieutenant D. A. Chase,) থনাসরিম প্রদেশে তালাইন সৈন্যেরদের সঙ্গে কার্য্য করিবেন।

ছুটী।

১৮৪৬ সাল ২৩ সেপ্টেম্বর।

জোনাপুরে আফীনের সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত ই এফ ফেরিস সাহেব (Mr. E. F. Ferris,) আপনার কর্ম্মের ভার শ্রীযুত লিমার্চণ্ড সাহেবের (Mr. Lemarchand,) প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

ঔষধপ্রস্তুতকারি শ্রীযুত সি জে সিমন্স সাহেব (Mr. Apothecary C. J. Simons,) ১৮৪৫ সালের ১ অকটোবর তারিখে চিকিৎসকের সর্টিফিকটক্রমে যে ছুটী পান তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

চব্বিশপরগনার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোবিন্দপ্রসাদ পণ্ডিত এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ২৬ সেপ্টেম্বর।

শাহাবাদের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত টি সি হচিনসন সাহেব (Mr. T. C. Hutchinson,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

নদীয়ার কালেক্টর শ্রীযুত ডি জে মনি সাহেব (Mr. D. J. Money,) যে তারিখে আপন কর্ম্ম স্থান ছাড়েন সেই তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন। ইহাতে বর্ত্তমান মাসের ৭ তারিখে শ্রীযুত মনি সাহেবকে যে ছুটী দেওয়া যায় তাহা রহিত হইল।

দিনাজপুরের কালেক্টর শ্রীযুত সি ষ্টিয়র সাহেব (Mr. C. Steer,) আপনার কর্ম্মের ভার একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত স্কট সাহেবের (Mr. Scott,) প্রতি যে তারিখে অর্পণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন। শ্রীযুত ষ্টিয়র সাহেবের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত স্কট সাহেব আপনার কর্ম্মের অতিরিক্ত কালেকটর সাহেবের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

নদীয়ার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু উমাচরণ ভট্টাচার্য্য চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

ভাগলপুরের ডেপুটী কালেকটর শ্রীযুত জে ব্রৌণ সাহেব (Mr. J. Brown,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই সপ্তাহের এবং স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

গয়ার সব আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বাবু শ্যামাচরণ সরকার স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

খাসিয়া পর্ব্বতে পোলিটিকাল এজেন্ট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এচ ইঙ্গলিস সাহেব (Mr. H. Inglis,) স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন। শ্রীযুত ইঙ্গলিস সাহেবের অনুপস্থানপর্য্যন্ত ছিলটের লঘু অস্ত্রধারি সৈন্যেরদের দ্বিতীয় অধ্যক্ষ শ্রীযুত কাপ্তান ডবলিউ ব্লাকুড সাহেব (Captain W. Blackwood,) এজেন্টের আসিষ্টান্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৬ সাল ২৮ সেপ্টেম্বর।

মুঙ্গেরের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত এফ টকর সাহেব (Mr. F. Tucker,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ২৮ সেপ্টেম্বর।

রাজশাহীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত জে আর মসপ্রাট সাহেব (Mr. J. R. Muspratt,) বর্ত্তমান মাসের ২১ তারিখে জজ সাহেবের সিরিশতার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের স্থানে গ্রহণ করেন।

১৮৪৬ সাল ৩০ সেপ্টেম্বর।

মুঙ্গেরের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত টি ইয়ং সাহেব (Mr. T. Young,) বর্ত্তমান মাসের ২২ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত জি ই ডবলিউ কুপর সাহেব (Mr. G. E. W. Couper,) ও শ্রীযুত আর শেপর্ড সাহেব (Mr. R. Shepherd,) কোম্পানি বাহাদুরের বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশতায় নিযুক্ত হইয়া "ওএলেসলি" নামক জাহাজ দ্বারা পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২৩ তারিখে খাজুরীতে পঁহুছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

ইশ্‌তিহার।

কলিকাতার সদর দেওয়ানী আদালতের মোকদ্দমার রিপোর্ট ঐ আদালতের উকীল শ্রীযুত আলেন আলেকজাণ্ডর সেবেষ্টর সাহেবকর্ত্তৃক প্রস্তুত হইয়াছে।

[*Government Gazette, 6th October, 1846.*]

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা নরঙ্গের তৌজিভুক্ত অনাকাইমি নীচের লিখিত মহালছায় সন ১২৫১। ৫২ সালের বকেয়া বাকী রাজস্বের নিমিত্তে সন ১৮৪৬ সালের ৯ নবেম্বর মোতাবকে সন ১২৫৩ সালের ২৫ কার্ত্তিক সোমবার রোজ উক্ত জেলার শ্রীযুত কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৬ ইংরেজী ১৬ সেপ্টেম্বর মোতাবকে সন ১২৫৩ সাল তারিখ ১ আশ্বিন।

নম্বর শ্রেণী	মহালের শ্রেণী	জেলার তৌজীতে মহালের নম্বর	নাম মহাল	মালিকের নাম	সদর জমা	ঘ.হ। সন ১৮৪৬ সাল ইংরেজীর ৩০ আপ্রেল তক বাকী	মন্তব্য কথা।
২ নং	ইস্তমুরারি জমা ধার্য্য না হওয়া মহাল	৬ নং	দেশদরঙ্গ	অমৃতনারায়ণ কোঙর দখলকার সর্গিনারায়ণ কোঙর	৭৪৸৶১	১৫৪ ।৶৪	মুছলম হক যাহা এই মহালের ৭ মৌজাতে আছে তাহা বিক্রয় হইবেক আর এই মাটী খেরাজী আধা নিরিখে জমা ধার্য্য আছে পরন্তু মাটীতে উত্তম ফসল হয় ইতি।
ঐ	ঐ	৮ নং	ঐ	গোবিন্দনারায়ণ কোঙর দখলকার অহল্যাম্বি	৫১৬৶০	২৩১৶৯	মুছলম হক যাহা এই মহালের ১ এক মৌজাতে আছে তাহা বিক্রয় হইবেক আর এই মাটী খেরাজী আধা নিরিখে জমা ধার্য্য আছে পরন্তু মাটীতে উত্তম ফসল হয় ইতি।

J. T. GORDON, *Collector*.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ৬ অক্টোবর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, OCTOBER 20, 1846.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৬ সাল ২০ অক্টোবর।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 9th October, 1846.

Moulvie Moutaz Ullee, Mahomedan Law Officer of the Zillah Court of Beerbhoom, for 28 days, during the Dusserah Vacation.

The 16th October, 1846.

Moulvie Mahomed Ismael, Moonsiff of Nittrokobah, Zillah Mymensing, for one week, beyond the Dusserah Vacation.

B. J. COLVIN. *Offg. Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৬ সাল ৯ অক্টোবর।

বীরভূমের জিলা আদালতের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী মৌতাজ আলী আগামি দশহরার বন্দে আটাইশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ১৬ অক্টোবর।

জিলা ময়মনসিংহের নেত্রকোণার মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ ইশমাএল দশহরার বন্দের অতিরিক্ত এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১১১৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ১২ অক্টোবর।

শ্রীযুত ড্রমণ্ড সাহেবের (Mr. Drummond,) অনুপস্থান পর্য্যন্ত শ্রীযুত ডবলিউ সি ওয়াটসন সাহেব (Mr. W. C. Watson,) মালদহের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৬ সাল ১২ অক্টোবর।

মালদহের একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত অনরবিল এফ ড্রমণ্ড সাহেব (Hon'ble F. Drummond,) স্বীয় কর্ম্মোপলক্ষে বিশ দিনের ছুটী পাইয়াছেন।

কটকের দক্ষিণ অঞ্চলের মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত ই এ ক্লিফটন সাহেব (Mr. E. A. Clifton.) চিকিৎসকের সর্টিফিকটক্রমে রাজধানীতে থাকিতে আগামি নবেম্বর মাসের ১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

ময়মনসিংহের প্রধান সদর আমীন শ্রীযুত সি মাকি সাহেবকে (Mr. C. Mackay,) গত আগষ্ট মাসের ৩ তারিখে যে ছুটী দেওয়া যায় তদতিরিক্ত তিনি দশ দিনের ছুটী পাইয়াছেন।

সারণের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ রাফিক চিকিৎসকের সর্টিফিকটক্রমে দশহরার বন্দের অতিরিক্ত দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে পূরণিয়াতে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত জে পি ডেসা সাহেব (Mr. J. P. Dessa,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ১৪ অক্টোবর।

১৮৪৬। ৪৭ সালের নিয়মিত ছুটীর জন্যে অদ্যপর্য্যন্ত নীচের লিখিত সাহেবেরদের প্রার্থনাপত্র প্রাপ্ত হওয়া গিয়াছে।

শ্রীযুত এম আর গবিন্স সাহেব (Mr. M. R. Gubbins.)

শ্রীযুত আর হামটন সাহেব (Mr. R. Hampton.)

শ্রীযুত জি এল মার্টিন সাহেব (Mr. G. L. Martin.)

শ্রীযুত এফ বি গবিন্স সাহেব (Mr. F. B. Gubbins.)

শ্রীযুত জি এ পেপর সাহেব (Mr. G. A. Pepper,)

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশ্তায় নিযুক্ত হইয়া "ওএলেসলি" নামক জাহাজে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৩ তারিখে খাজুরীতে পঁহুছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

LAND ADVERTISEMENTS.

গবর্ণমেন্টের ইশ্‌তিহার।

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে জিলা বেহারের নীচের লেখা ১২৫৩ সালের লাং কিস্তী ৭ অক্টোবর পাওনা বাকী মালগুজারির নিমিত্তে ১৮৪৬ সালের নবেম্বর মাসের ১১ তারিখ মোতাবিক ৮ অগ্রহায়ণ ১২৫৪ ফসলি রোজ বুধবার কালেক্টর সাহেবের কাছারীতে নিলামওয়ারে ধরা গিয়া বিক্রয় হইবেক ইতি ১৮৪৬ সাল তাং ৯ অক্টোবর।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজিতে মহলের নম্বর	মহালের নাম	মহালের লেখা মালিক	সদর জমা	সন ১৮৪৬ সালের লাং কিস্তী ৭ অক্টোবর	কৈফিয়ৎ
৩	চিরস্থ বন্দোবস্তী মহাল	১৪৩	অরাই কেশোপুর পরগনে নরহট …	… তোমন সিংহ ওগয়রহ …	৪১৭/১	৬৬৻৮	সমুদয় মৌজা বিক্রয় হইবেক
		১০	চক অকরৌনজা পরগনে অরয়ন …	বাবু ছত্রধারি সিং ওগয়রহ …	২১৭৲	৩৭।৵	ঐ
			ইসমাইলপুর মনোজ পরগনে ঐ …	… নারায়ণ সিং ওগয়রহ …	১৭৫৸৮	১০৸/৯	ঐ
			চক কেকেশোপুর পরগনে ঐ …	… চুয়া সিং ওগয়রহ …	১৮১॥/১	২২৴৪	ঐ
			মকদুনপুর ভুবগা পরগনে ঐ …	… ঐ … …	২৮৮৲	৩৬৲	ঐ
		১১২	রসুলপুর মোজা এবং শাজাহানাবাদ ওরফু মহমদাবাদ পরগনে ঐ …	… বাবু ছত্রধারি সিং ওগয়রহ …	১১৮।৮	১১৸৶৪	ঐ
		৩৫৫	কয়নাবুজুরগ পরগনে বেহার …	… সৈয়দ আজহর আলি ওগয়রহ …	৭০৮।৯	১৭৮৭	ঐ
		৩৫৮	মুনিচক আজরকবে পেশরা পরগনে ঐ …	… শ্রীমতী জহুরন গয়রহ …	১০০।১	১৮৸/৬	ঐ
২ চরণ পঞ্চম অধ্যায়	অচিরস্থ বন্দোবস্তী মহাল	১০	সুরজপুর আমরা পরগনে আরঅল …	… বাবু ছত্রধারি সিং গয়রহ …	২৪।২	৮৲	ঐ
	ঐ মতালক খাস মহাল	১৫	বেগীনাবাদ পানিবুজরগ এবং উজিরপুর বেগীনাবাদ পরগনে বেহার …	… কানাইয়ালাল গয়রহ …	৬১৸৶৩	২৫১॥৶৬	ঐ
		১৬	ঐ … … …	… শ্রীমতী উজিরন গয়রহ …	১৪৸৵৯	৮৯।৬	ঐ
		১১	মহরাজপুর লদী পরগনে ইকিল …	… দৌলতরাম গয়রহ …	১৬৻৫	৮৻৫	ঐ
৪ চরণ	অন্য মৌজের বাকীর জন্য এই মৌজে বিক্রয় হইবেক		তেগার পরগনে নরহট … …	… ফুলশীন গয়রহ …	২৩।৶৬	৫৭।৵৯	হক হিস্যা সজীবন লালের মৌজে তেগার পরগনে নরহট বিক্রয় হইবেক মৌজে মানপুর সপ্তবিহা পরগনে পাঁচ রুখির বাকী বাবদ সন ১২৪৩ ফসলির জন্য
	ঐ		ভুরকুণ্ডা পরগনে গো … …	… মহম্মদ হুসেন …	৫২১।৩	৮১১৸০	হক হিস্যা ঠাকুরপ্রসাদ সিংহের মৌজে ভুরকুণ্ডা পরগনে গো বিক্রয় হইবেক পরগনে ইন্দ্রাদাদের ও মোনরার আবকারির বাকীর বাবদ সন ১২৪৫।৪৬ ফসলির জন্য
	ঐ		সিউপুর পরগনে ঐ … …	… বৈদ্যনাথ সাহার … …	১৩৮।৪		ঐ শিউচরণ সাহ ও শিবপ্রসাদ সাহ মৌজে শিউপুর পরগনে গো ঐ

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লেখা মালিক	সদর জমা	সন ১৮৪১ সালের লাংকিস্তী ৭ অক্টোবর	কৈফিয়ৎ
৪ চরণ	অন্য মৌজের বাকীর জন্য এই মৌজে বিক্রয় হইবেক		চক মেটর পরগনে উকরি	মজহর হুসেন গয়রহ	১২৩৬৸৪	৩৫৪/২	হক হিস্যা খরগসেন তাহার পরলোক হওনের পরবেচু সিংহ দুবিরি সিংহ ১৭ বিঘা ৷৷০ কাটা জমীন আয়েমা স্থাপিত মৌজে মানশাহপুর নথায়র সামিল জমীন চকমটর পরগনে উকিরি বিক্রয় হইবেক কারণ বাকী সুদ প্রাপ্য মৌজে রসুলপুর থানা পরগনে উকিরির নিমিত্তক হক হিস্যা চোরা সিংহ তাহার পরলোক হওনের পর মুরতসিংহ পলুসিংহ খরকধারিসিংহ ঐ ঐ ঐ ঐ টৌরলসিংহ তাহার পরলোক হওনের পর লোকী সিংহ ও মদনসিংহ ঐ ঐ ঐ ঐ নিরঞ্জনসিংহ তাহার পরলোক হওনের পর সরধা সিংহ ও শোভাসিংহ ও ভৈরবসিংহ ও চমুনসিংহ ও প্রভু সিংহ ঐ ঐ ঐ ঐ উদিতসিংহ তাহার পরলোক হওনের পর জগীসিংহ শরেয়া সিংহ তিলুসিংহ দহরণ সিংহ ঘাট সিংহ ঐ ঐ ঐ ঐ পুলিতসিংহ তাহার পরলোক হওনের পর ডিক্কা সিংহ রেওয়াসিংহ পৃথীসিংহ গুরুদয়ালসিংহ ঐ ঐ ঐ ঐ দেবীসিংহ তাহার পরলোক হওনের পর লালজি সিংহ রেওয়াসিংহ ঐ ঐ ঐ ঐ বোধন সিংহ তাহার পরলোক হওনের পর চুলন সিংহ ঐ ঐ ঐ ঐ কোমলসিংহ তাহার পরলোক হওনের পর নারায়ণসিংহ ঐ ঐ ঐ ঐ আক্তিতসিংহ তাহার পরলোক হওনের পর যোধন সিংহ ঐ ঐ
			চক ইয়াকুবপুর ওরফে শেরপুর রকবে গোনাঙা পরগনে ভেলায়র	সেখ কোমদ্দীন গয়রহ... ...	৪০৮২	১৪০৯৸৶১০	হক হিস্যা সেখ ক্যামদ্দীন ও হিউদিন মসমাত আক্তিজুন নেসা মেহরুন নেসা মসমত স্যাদুন নেসা মসমত ছলেনি ও মসমত মখু বেগমের মুক্তার মির সেলামত আলী মৌজে চক এয়াকুবপুর ওরফে সেরপুর রকবে গনাণ্ডা ঐ আকুবপুর গনাণ্ডা বিক্রয় হইবেক কারণ বাকী মালগুজারী প্রাপ্য মৌজে সৈয়দপুর পরসা পরগনে ফুলাতির নিমিত্তক।
			ইযাকুবপুর গোনাঙা পরগনে ঐ ...	সেখ কায়ামদ্দীনগয়রহ... ...	১২৯৵৫		

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লেখা মালিক	সদর জমা	সন ১৮৪৬ সালের লাং কিস্তি ৭ অক্টোবর	কৈফিয়ৎ
৪ চরণ	অন্য মৌজার বাকীর নিমিত্ত এই মৌজা বিক্রয় হইবেক।		অর্দ্ধেক মৌঃ করিগাঁও সামিল লাট জগরনাথপুর ওগয়রহ পঃ মহের	রায় প্রাণকিসুন ও খুসিহান সিং ওগয়রহ			
			মোহকমচক সামিল লাট ঐ পঃ ঐ	ঐ			হক হিস্যা দেবীপ্রসাদ উত্তরাধিকারী ও মহন্তসিং জামিনদার নন্দকিশোর যে ষ্টাম্পবিক্রেতা ছিল আদালত বেহারের ঐ সকল সম্পত্তি যাহা চতুর্থ খানায় লেখা গিয়াছে বিক্রয় হইবেক কারণ খরচা মোকদ্দমার সরকার বাহাদুরের দেনা হইয়াছে তাহার আদায় করিবার নিমিত্ত যেমত মাহাতাব সিংহের পিতা দেবীপ্রসাদের একরারনামায় লিখিত আছে।
			তিতাইগঞ্জ সামিল ঐ ঐ	ঐ			
			কোলহাই অজরকবে টনকুপি সামিল ঐ ঐ ...	ঐ	১৮৭২ ।৵৫	১০২৩ ।/	
			টনকুপা সামিল লাট ঐ ঐ	ঐ			
			টনকুপি সামিল লাট ঐ ঐ	ঐ			
			করহরা সামিল লাট ঐ ঐ	ঐ			
			নরহরথাপ সামিল লাট ঐ ঐ	ঐ			
			ছয়খান ঘর এক কুঠরি স্থাপিত মহলা নজরা গঞ্জ পঃ গয়া	দেবীপ্রসাদ			
			মহাল্লে ইয়াতদারপুর পঃ নরহট	ঐ	৫১১৲		
১১	ঐ		রহরগরা পঃ শহরঘাটি	ভৌজু খাঁ	৭৩।৷ ৭	১৮৪ ।৵১১	মৌঃ রহরগরা পঃ শহরঘাটি তোরাব আলী খাঁএর অংশ বিক্রয় হইবেক মৌঃ বারা ওগয়রহ পঃ শহরঘাটির বাকী মালগুজারীর নিমিত্ত।
	জমি ইনবেলিড জাগির		২ বাগীচা ৯০ বৃক্ষসহিত স্থাপিত মৌঃ করওয়া পঃ উকরি	... ...		২৭২ ।৶১	হিমত সাহায় ওগয়রহ মুস্তাজির সকলের জামিনদার চুলহনসিংহের অংশ যাহা চতুর্থ খানায় লেখা গিয়াছে বিক্রয় হইবেক মৌঃ ফরিদপুর উমুয়া পঃ উকরির মালের বাকীর নিমিত্ত।
			ইনবেলিড জমী স্থাপিত মৌঃ কুরছয়া বন্নেপুর থানা ফিং জায়নগরের অন্তঃপাতি... ...	রামসহায় ওগয়রহ	২৸৴১০ ক্রান্তি	২৸৴১০ ক্রান্তি	এই মৌজা বিক্রয় হইয়াছিল গত ২ জুলাই তারিখে কিন্তু খরিদার নিয়মিত সময়ে খরিদের টাকা না দেওয়াপ্রযুক্ত পুনরায় বিক্রয় হইবেক ১৬ প্রকরণ ১ আইন ১৮৪৫ সালের অনুযায়ি।
			ঐ ঐ	কুঞ্জন সিং ওগয়রহ	৪৲	৪৲	ঐ
			ঐ ঐ	চমরুরাম ওগয়রহ	৷৷১০৸	৷৷১০৸	ঐ
			ঐ স্থাপিত মৌঃ বিসুনপুর তাজপুরা পঃ ঐ থানা জলালাবাদের অন্তঃপাতি	ধওকল সিং ওগয়রহ	৩৸৪	৫ ৷৷৷ ৪	ঐ
			ঐ মৌঃ সুরজপুর অমরা পঃ ঐ ঐ	ঐ	১৭ ।৵১৷৷	২৫ ৷৷৴২ ৷	ঐ
			ঐ ঐ ঐ	সমোদ সিং	৫ ।৴১৸	৮/২৸	ঐ
			ঐ ঐ ঐ	ভৈরো তেওয়ারি	১৪৸৵১১	১৪৸৵১১	ঐ
			ঐ ঐ ঐ	বসন্ত তেওয়ারি...	২৪৸২৲	২৪৸২	ঐ
			ইনবেলিড জমী সকরী খোর্দের রকবাহইতে পঃ ঐ সামিল থানা ফিং জায়নগর	ঝনা	২ ।৵৯	২ ।৵৯	ঐ

W. BELL, *Offg. Collector.*

এস্তেহারনামা কাছারী কালেক্টরী জেলা মালদহ।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারানুসারে এই জেলার নীচের লিখিত মহাল সরকারে বাকী রাজস্ব আদায় কারণ সন ১৮৪৬ সালের ৫ নবেম্বর মোতাবেক সন ১২৫৩ সালের ২১ কার্ত্তিক বৃহস্পতিবার এ কালেক্টরির কাছারিতে বিনাওজর নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রী হইবেক।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	তৌজীর লিখিত মালিকের নাম	সদর জমা কোম্পানি	সন ১২৫৩ সালের লাগাদ কিস্তী ভাদ্রের বাকী	মন্তব্য কথা
১	এস্তমরারি জমা ধার্য্যহওয়া মহাল	৮৪	তরফ হুসেনপুর পরগনে কোতওয়ালী	হরসুন্দরী দেব্যা	২৬১৪।৵৯	৬৩৭৸৴১১	এই মহালের দশসনি বন্দোবস্তী ২৪৫১।১৯॥ সিক্কা সদর জমা লিখা যায় সন ১২৫৩ সালের লাগায়েদ কিস্তী ভাদ্রের বাকী আদায়কারণ সমূক নীলাম হইবেক।

মালদহ। ডিপুটী কালেক্টরী। সন ১৮৪৬। ইং তাং ১০ অক্টোবর।

F. Drummond, *Offg. Deputy Collector*

সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারানুসারে জিলে ঢাকা জালালপুরের নীচের লিখিত মহাল ১২৫৩ সনের লাং ১ আশ্বিনের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে ইঙ্গরেজী ১৮৪৬ সনের ৬ নবেম্বর মোং ১২৫৩ সনের ২২ কার্ত্তিক শুক্রবার কালেক্টর সাহেবের কাছারীতে বিনাওজর নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রী হইবেক ইতি সন ১৮৪৬। ইং তারিখ ১০ অক্টোবর।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	১২৫৩ সনের লাং ১ আশ্বিনের পাওনা বাকী
১	ইস্তমোরারি জমা ধার্য্যহওয়া মহাল	৪৭৬	মহাল হজুরি তাং রাজকৃষ্ণ সেন	মহাদেব রায়	১০৩৪॥৴৮॥	২৩৮৸৶

J. Wheler, *Offg. Collector.*

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলে ভুলুয়া।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সনের ১ প্রথম আইনের ৬ ছয় ধারার মর্ম্মানুযায়ি জিলা ভুলুয়ার নীচের লিখিত মহালাতের সন ১২৫৩ সনের লাং কিস্তী ভাদ্রের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে এবং অন্যং যে দাওয়া চলিত আইনক্রমে বাকী মালগুজারির ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্তে সনং ১৮৪৬ সনের ১১ নবেম্বর মোতাবেক বাঙ্গলা সন ১২৫৩ সনের ২ অগ্রহায়ণ সোমবার অত্র কাছারিতে বিনাওজর ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৬ সাল তারিখ ৯ অক্টোবর মোং সন ১২৫৩ সন তারিখ ২৪ আশ্বিন।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকীর সংখ্যা	মন্তব্য কথা
১	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল	১১	পরগনে সন্দ্বীপ চর আবদুল ফকিরা হিস্যা ।১৮ কড়া	... মনওর আলী ও রওসন আলী...	৬৫৮ ॥৴১০	সন ১২৫৩ সনের লাং কিস্তী ভাদ্রের বাকী খাজানা ২১৫ ॥৶৯	
ঐ	ঐ	২৮৬	পং অমুরাবাদ হিঃ ॥৴১৩।– ক্রান্তি তাং কিসমত রফিকপুর	মাহাম্মদ তোরাপ পরাণবিবি ...	১১০৷৶৫	ঐ ৪১॥৴৮	
ঐ	ঐ	৬১১	পং হিঃ ঐ তাং শিস্তু বিশ্বনাথ	লক্ষ্মীকান্ত দৌং রামমাণিক্য দৌং	২৬॥৶৮	ঐ ১১॥৴	
ঐ	ঐ	৮১৮	পং হিঃ ঐ তাং রামবল্লভ চক্র	মৌলবী মাহাম্মদ আজীজুদ্দীন ...	১১॥৴২	ঐ ৮৷৴	
ঐ	ঐ	১২৪৬	চাকলে অনুদিয়া তাং রাজকল্যাণ	সেক শাহমতআলী সেকআহাম্মদউল্লা ও আছানুল্লা জমাদার ...	২৬৷৶৮	ঐ ১১৷৴	
৪	অন্যং মহালের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে যে মহাল নীলাম হয়		পং অমুরাবাদ হিঃ ॥৴১৩।– ক্রান্তি মধ্যে তালুক রামমায়ার হিস্যা ।৶ আনার মালিক শিবভূঞার মধ্যে হরেকৃষ্ণ ঘোষের সিকমী মৌজে কাদিরপুরের বেগৌ সাহেবের হাট ও দীঘি সমেত আন্দাজী ॥০ কি ॥৴ কানী জমী ...	হরেকৃষ্ণ ঘোষ	সিকমী মহাল বিধায় জমার নির্দ্দিষ্ট লিখা গেল না	নীলামখাস্ত বাকী খাজানা মর সুদ ও সুদ জরীমানা লাং ৩০ এপরেল সন ১৮৪৬। ২২১৭২ ৷৶৫	পং অমরাবাদ মধ্যে তালুক তোরাপ ওমেদ সিং ২২ কেতা তালুকের নীলামখাস্ত বাকী আদায় কারণ এই মহালে হরেকৃষ্ণ ঘোষের হকুক নীলাম বিক্রী হইবেক।

G. D. WILKINS, *Offg. Deputy Collector.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৬। ২০ অক্টোবর।]

বিদ্যাধ্যাপন বিষয়ি ইশ্তিহার।

বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে নিযুক্ত হওনের ও উচ্চ পদ পাইবার আকাঙ্ক্ষিরদের ইমতিহান লইতে কমিটির সাহেবেরদের আগামি বৈঠক নবেম্বর মাসের ৭ তারিখ শনিবারে ঠিক দশ ঘণ্টার সময়ে হিন্দু কালেজে হইবেক।

ঐ ইমতিহানের প্রকার ও যে২ বিষয়ের ইমতিহান হইবেক ও বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে যত পদ শূন্য আছে তাহা প্রভৃতি বিষয়ের বিস্তারিত সম্বাদ কার্য্যাকাঙ্ক্ষিরা জানিবার নিমিত্তে নিজে প্রার্থনা করিলে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেব তাহা জানাইবেন।

এফ জে মৌআট।

সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৬। ৮ অক্টোবর।

INSOLVENT COURT.

যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, made on the Twenty-second day of September instant, in the matter of WILLIAM HUNTER SMOULT, heretofore carrying on business in copartnership with William Patrick, John Weston Cliff, Robert Hornidge Buckland, and Albert Mirabeau Dowleans, at Calcutta, under the style or firm of Tulloh and Company, it was ordered that Robert O'Dowda and Colin Campbell, Esquires, should be appointed Assignees of the joint, real and personal Estate of the said William Hunter Smoult, as a copartner with the said William Patrick, John Weston Cliff, Robert Hornidge Buckland, and Albert Mirabeau Dowleans, now vested in Patrick O'Hanlon, Esquire, the Common Assignee of the said Court, by force of an adjudication made on the Twenty-ninth day of August last, and that the said Patrick O'Hanlon should forthwith assign over the same to the said Robert O'Dowda, and Colin Campbell, and it was further ordered that the said Patrick O'Hanlon, as such Common Assignee as aforesaid, and the said William Hunter Smoult, should forthwith put the said Robert O'Dowda, and Colin Campbell into possession of all the Estate and Effects of the said William Hunter Smoult, dated this 22d day of September, 1846.

FRITH and SANDES, *Attornies.*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

টালা কোম্পানির নামে কলিকাতা নগরে কর্ম্মকারি উলিয়ম পাত্রিক সাহেব ও জান ওএষ্টন ক্লিফ সাহেব ও রাবর্ট হর্ণিজ বকলাণ্ড সাহেব ও আলবর্ট মিরাবো ডৌলিয়ন্স সাহেবের সঙ্গে কর্ম্মকারি উলিয়ম হন্টর স্মোল্ট সাহেবের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে গত আগষ্ট মাসের ২৯ তারিখের হুকুমক্রমে উক্ত আদালতের সাধারণ আসৈনি শ্রীযুত পাত্রিক ওহানলন সাহেব উক্ত উলিয়ম পাত্রিক সাহেব ও জান ওএষ্টন ক্লিফ সাহেব ও রাবর্ট হর্ণিজ বকলাণ্ড সাহেব ও আলবর্ট মিরাবো ডৌলিয়ন্স সাহেবের সঙ্গে কর্ম্মকারি উলিয়ম হন্টর স্মোল্ট সাহেবের সাধারণ স্থাবর ও অস্থাবর সম্পত্তির যে আসৈনি পদে নিযুক্ত হন্ সেই আসৈনি পদে শ্রীযুত রাবর্ট ওডৌড়া সাহেব ও শ্রীযুত কলিন কাম্বেল সাহেব নিযুক্ত হন্ এইমত হুকুম বর্ত্তমান সেপ্টেম্বর মাসের ২২ তারিখে হইল আরো হুকুম হইল যে উক্ত শ্রীযুত পাত্রিক ওহানলন সাহেব উক্ত সকল সম্পত্তি উক্ত শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেবের এবং শ্রীযুত কলিন কাম্বেল সাহেবের হস্তে সমর্পণ করেন্ এবং আরো হুকুম হইল যে উক্ত সাধারণ আসৈনি শ্রীযুত পাত্রিক ওহানলন সাহেব এবং উক্ত উলিয়ম হন্টর স্মোল্ট সাহেব উক্ত উলিয়ম হন্টর স্মোল্ট সাহেবের সকল মাল ও সম্পত্তি উক্ত শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব ও শ্রীযুত কলিন কাম্বেল সাহেবের হস্তে সমর্পণ করেন্ ইতি। ১৮৪৬। তারিখ ২২ সেপ্টেম্বর।

ফ্রিথ ও সাণ্ডিস। উকীল।

In the matter of WILLIAM NICHOL, carrying on business in copartnership with Henry Malcolm Low, and Andrew Wilkie, at Calcutta, under the style or firm of Nichol, Wilkie and Company.

NOTICE is hereby given, that by an order made in this matter of the eighth day of October instant, upon the application of Manoel Pedro Guimaraens and others, it was adjudged that the Petition presented by the said Manoel Pedro Guimaraens, and the other Petitioners in the said Petition named to this Court, was true, and that the above named William Nichol, had committed an Act of Insolvency within the Provisions of the Statute of 9, George IV. Cap. 73.

FRITH and SANDES, *Attornies.*

নিকল উইলকি কোম্পানির নামে কলিকাতা নগরে হেনরি মালকম লো সাহেবের ও আণ্ড্রু উইলকি সাহেবের সঙ্গে কর্ম্মকারি উলিয়ম নিকল সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে মানুএল পিদ্রো গিমারাইন্স ওগয়রহের দরখাস্তমতে বর্ত্তমান অক্টোবর মাসের ৮ তারিখে হুকুম হইল যে উক্ত মানুএল পিদ্রো গিমারাইন্স ওগয়রহ যে দরখাস্ত দাখিল করেন্ তাহা সত্য বটে এবং উক্ত উলিয়ম নিকল সাহেব যোত্রহীন হইয়া চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের ৭৩ অধ্যায়ের বিধানানুসারে উপকার পাইতে পারেন্।

ফ্রিথ ও সাণ্ডিস। উকীল।

In the matter of HENRY GERARD BETTS, an Insolvent.

NOTICE is hereby given, that pursuant to an order bearing date the 9th day of October instant, the Schedule filed by the said Insolvent, has been amended and can be referred to by any Creditor at the Office of the Chief Clerk of the said Court, and that the hearing of the matters of the Petition of the said Insolvent, will be heard on Saturday, the fifth day of December next, at the hour of 11 o'clock in the forenoon.

SHAW and LYONS, *Insolvent's Attornies.*

Calcutta, 14th October, 1846.

যোত্রহীন হেনরী জেরার্ড বেট্স সাহেবের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান অক্টোবর মাসের ৯ তারিখের হুকুমক্রমে উক্ত যোত্রহীন যে তফসীল দাখিল করেন্ তাহা শুধরাণ গিয়াছে এবং মহাজনেরা উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় তাহা দেখিতে পারেন্ এবং উক্ত যোত্রহীনের দরখাস্তের মর্ম্ম আগামি ডিসেম্বর মাসের ৫ তারিখ শনিবারে বেলা এগার ঘণ্টার সময়ে শুনা যাইবেক।

কলিকাতা। ১৮৪৬। ১৪ অক্টোবর।

শা ও লায়ন্স। যোত্রহীনের উকীল।

[*Government Gazette, 20th October,* 1846.]

In the matter of RAMKISTNO BAGCHEE, late of Churruckdangah, in the Town of Calcutta, Merchant and Trader, but at present residing at Cossipore, in the Suburbs of Calcutta, against whom an adjudication of Insolvency was made and pronounced on the Fifth day of June, one thousand eight hundred and forty-six, on the Petition of Gourmohun Sein, a Creditor.

NOTICE is hereby given, that by an order of this Court, made in this matter, bearing date the fifth day of September last, whereby it was ordered, that the said Insolvent be for ever discharged from all liability whatsoever for or in respect of the several debts due from him to the following persons, (that is to say) Auckhoyram and Kurrumchund, Mohurloll and Takoordoss, Mittonjoy Day, and Doorgachurn Day, Ramdhone Purramanick, Auttum Day, Gourmohun Sein, Surroopchunder Nundee, Bhuzohurry Nundee, Messieurs Mackey and Company, Estate of Ramcoomar Dutt, and Bungsheedhur Mullick, unless cause be shewn to the contrary, on Saturday, the seventeenth day of October instant.

Calcutta, 8th October, 1846. R. GRAHAM, *Insolvent's Attorney*.

কলিকাতা নগরের চড়ক ডাঙ্গানিবাসি সওদাগর ও ব্যবসায়ি এক্ষণে কলিকাতার শহরতলা কাশীপুর নিবাসি রামকৃষ্ণ বাগচী দেউলিয়া বটেন এইমত নিদ্ধারণ মহাজন গৌরমোহন সেনের দরখাস্তমতে ১৮৪৬ সালের ৫ জুন তারিখে হইল।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে এ বিষয়ে গত সেপ্টেম্বর মাসের ৫ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে উক্ত দেউলিয়া নীচের লিখিত মহাশয়দিগের যাহা ধারেন তাহার সমস্ত দায়হইতে বর্ত্তমান অক্টোবর মাসের ১৭ তারিখ শনিবার বিপরীত কারণ দর্শান না গেলে মুক্ত হইবেন অর্থাৎ অক্ষয়রাম ও কর্ম্মচান, মোহরলাল ও ঠাকুরদাস, মৃত্যুঞ্জয় দে, দুর্গাচরণ দে, রামধন পরামাণিক, আত্ম দে, গৌরমোহন সেন, সরূপচন্দ্র নন্দী, ভজহরি নন্দী, মাকি কোম্পানি, রামকুমার দত্তের ইস্টেট, বংশীধর মল্লিক।

কলিকাতা। ১৮৪৬। ৮ অক্টোবর। আর গ্রেহাম। দেউলিয়ার উকীল।

In the matter of WOOMACHURN SEIN, late of Amratollah Lane, in the Town of Calcutta, Merchant and Trader, now residing at Ballyaghattah, in the District of Twenty-four Pergunnahs, and in the Province of Bengal, against whom an adjudication of Insolvency was made and pronounced on the eighteenth day of September, one thousand eight hundred and forty-six on the Petition of one Goluckchunder Paul, a creditor of the said Woomachurn Sein.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the thirteenth day of October instant, the matters of the Schedule of WOOMACHURN SEIN, late of Amratollah Lane, in the Town of Calcutta, Merchant, against whom an adjudication of Insolvency was made and pronounced by this Court, on the eighteenth day of September last, upon the application of one Goluckchunder Paul, a creditor of the said Insolvent, are appointed to be heard in the said Court, on Saturday, the fifth day of December next, at the hour of eleven o'clock in the forenoon.

ক্রমে কোন আপ্রেণ্টিস যে মনিবের নিকটে বদ্ধ হয় সেই মনিব অথবা তাঁহার এজেন্ট উক্ত দেশের মধ্যে যে স্থান বা জিলাতে ঐ আপ্রেণ্টিস কর্ম্ম করিতেছে সেই স্থান বা জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে কিম্বা সমুদ্রীয় আপ্রেণ্টিস হইলে যে স্থানে সে কার্য্যক্রমে পঁহুছে সেই স্থানের মাজিষ্ট্রেট সাহেবের নিকটে ঐ আপ্রেণ্টিসের কোন অপরাধ বা কুক্রিয়া কি দোষের বিষয়ে নালিশ করেন্ অথবা যদি আপ্রেণ্টিস পলাইয়া থাকে তবে যে স্থানে বা যে জিলাতে ঐ আপ্রেণ্টিসকে পাওয়া যায় অথবা কর্ম্ম করিতেছিল সেই স্থান বা জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নালিশ হইলে মাজিষ্ট্রেট সাহেব শেষোক্ত গতিকে ঐ আপ্রেণ্টিসকে গ্রেক্তার করণার্থ পরওয়ানা বাহির করিতে পারেন্ এবং উভয় গতিকে ঐ নালিশ শুনিতে ও তাহার নিষ্পত্তি করিতে পারেন্ এবং অপরাধিকে শাসনাগারে অথবা জেলখানায় তিন মাসের অধিক না হয় এমত ওয়াজিবী সময়ে কঠিন পরিশ্রমবিশিষ্ট কয়েদ করণের দণ্ড দিতে পারেন্ অথবা যদি অপরাধী এমত অল্পবয়স্ক বালক হয় যে পাঠশালার শাসনের ন্যায় তাহার দণ্ড করা উচিত হয় তবে লঘু বেত দিয়া দশ ঘার অধিক না হয় এমত [illegible]রিক শাস্তি দিতে পারেন্। কিন্তু জানা কর্ত্তব্য [illegible]জিষ্ট্রেট সাহেব ঐ অপরাধিকে কঠিন পরিশ্রম দিবার [illegible]ন্য পূর্ব্বোক্তমতে শাসনাগারে অথবা জেলখানায় কয়েদ না করিয়া জেলখানার মধ্যে কি জেলখানার বাহিরে কোন উপযুক্ত স্থানে তিন মাসের অধিক না হয় এমত মিয়াদপর্য্যন্ত তাহাকে একাকী কয়েদ করিতে হুকুম দিতে পারেন্। অথবা যদি মাজিষ্ট্রেট সাহেব এমত দণ্ড উচিত বোধ না করেন্ তবে ঐ আপ্রেণ্টিসের মনিব অথবা তাঁহার এজেন্টকে এই[illegible]ত হুকুম দিতে পারেন্ যে ঐ অপরাধিকে আপনার নিজ ঘরে অথবা যে জাহাজের কর্ম্মে সেই ব্যক্তি থাকে সেই জাহাজের মধ্যে তাহাকে এক মাসের অনধিক কালপর্য্যন্ত অল্পাহার দিয়া কঠিন কয়েদ করেন্ এবং ঐ আপ্রেণ্টিসের প্রতি উপযুক্ত ব্যবহার হইয়াছে কি না ইহা মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধহওনার্থ তিনি হুকুম দিতে পারেন্ যে ঐ মিয়াদ গত হইলে ঐ আপ্রেণ্টিসকে তাহার সমক্ষে আনা যায় ইতি।

২৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যদি এমত প্রমাণ হয় যে সেই আপ্রেণ্টিসের এমত খামখা এবং অনবরত কুক্রিয়া হইতেছে যে তাহার শুদ্ধ হওনের ভরসা [illegible] তবে মাজিষ্ট্রেট সাহেব মনিবের দাওয়াক্রমে ঐ আপ্রেণ্টিসসম্পর্কীয় বন্দোবস্ত নিবৃত্ত হইয়াছে এমত হুকুম দিতে পারেন্। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ আপ্রেণ্টিসকে বদ্ধ করণের সময়ে মনিবকে যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহার কোন অংশ যে ব্যক্তির বা ব্যক্তিরদের দ্বারা ঐ আপ্রেণ্টিসের পক্ষে দেওয়া গিয়াছিল তাঁহাকে বা তাঁহারদিগকে তাহা ফিরিয়া দিতে মাজিষ্ট্রেট সাহেব সকল বিষয় বুঝিয়া আপনার বিবেচনাক্রমে হুকুম করিতে পারেন ইতি।

২৪ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য যে নালিশের কারণ হওনের পর এক মাসের মধ্যে যদি এই আইনক্রমে মনিব আপনার আপ্রেণ্টিসের নামে নালিশ না করেন তবে মাজিষ্ট্রেট সাহেব তাহা গ্রাহ্য করিবেন না। অথবা যদি নালিশের কারণ কোন জাহাজে যাত্রার সময়ে হইয়া থাকে তবে সেই জাহাজ উক্ত দেশের কোন বন্দরে বা স্থানে পঁহুছনের পর এক মাসের মধ্যে নালিশ না হইলে তাহা গ্রাহ্য হইবেক না। এবং আপনার মনিবের বিরুদ্ধে বা মনিবের এজেন্টের বিরুদ্ধে যদি এই আইনক্রমে আপ্রেণ্টিসের নালিশের কারণ থাকে তবে তাহা হওনের

of complaint shall have arisen, or if the cause of complaint shall have arisen on board a Ship or Vessel on a voyage within three months after the arrival thereof at a port or place in the said Territories.

XXV. And it is hereby enacted, that if the Master of any Apprentice shall die before the expiration of the term for which such Apprentice shall have been bound, the contract of Apprenticeship shall be considered as determined; provided that if any premium shall have been paid to such Master on the binding of the Apprentice to him, a proportionate part thereof shall be returned by the Executors or Administrators out of the Estate of the deceased to the person or persons who shall have paid the same, to be employed by such person or persons towards the binding out such Apprentice to a new Master, unless the Executor or Administrator of the deceased Master or some Member of his family living with [illegible] the time of his death shall continue the busin[illegible] [w]hich such Apprentice shall have been empl[oye]d, and shall within three months from the decease of the late Master make offer in writing to retain the Apprentice on the terms of the original contract, in which case the Estate of the deceased shall be discharged from all liability on account of such premium.

XXV[I]. And it is hereby enacted, that if such offer to retain the Apprentice shall be made as aforesaid and shall be consented to by such Apprentice, and the person or persons by whom he shall have been bound, the same shall be fully expressed and certified on each copy of the original contract of Apprenticeship with the signature of the parties respectively; and such certificate shall be registered in the office of the Chief Magistrate of the place or District where such Apprentice shall have been employed, or in the case of a Sea Apprentice in the office in which the original contract shall have been registered, and the Apprentice shall be considered as bound to the person or persons so retaining him for the remaining part of the term specified in the said contract.

XXVII. Provided always, that if the Master of any Apprentice bound under this Act shall die during the term of Apprenticeship, such Apprentice shall be entitled to maintenance for three months from and after the decease of his Master, out of the assets left by him; provided that during such three months such Apprentice shall continue to live with and serve as an Apprentice the Executor or Administrator of such Master, or such person as he shall appoint.

XXVIII. And it is hereby enacted, that when a Commission of Bankruptcy shall be issued against any person to whom an Apprentice shall have been bound under this Act, or when such person shall be adjudged to have committed an Act of Insolvency, such Apprentice shall be discharged from all obligation under the contract of Apprenticeship, provided that if any premium shall have been paid on binding him as an Apprentice the person or

[*Government Gazette*, 1st *December*, 1846.]

পর যদি তিন মাসের মধ্যে তাহা উপস্থিত না করা যায় তবে গ্রাহ্য হইবেক না অথবা যদি নালিশের কারণ কোন জাহাজের উপর যাত্রার সময়ে হইয়া থাকে তবে সেই জাহাজ উক্ত রাজ্যের মধ্যে কোন বন্দরে বা স্থানে পঁহুছনের পর তিন মাসের মধ্যে যদি উপস্থিত না হয় তবে তাহা গ্রাহ্য হইবেক না ইতি।

২৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে মিয়াদের নিমিত্তে আপ্রেণ্টিস বদ্ধ হয় সেই মিয়াদ অতীত হওনের পূর্ব্বে যদি ঐ আপ্রেণ্টিসের মনিব মরেন তবে তাহার আপ্রেণ্টিসী বন্দোবস্ত নিবৃত্ত হইয়াছে জ্ঞান হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ মনিবের নিকটে আপ্রেণ্টিস বদ্ধ হওনের সময়ে যদি ঐ মনিবকে কোন পুরস্কার দেওয়া গিয়াছিল তবে মৃত ব্যক্তির ইষ্টেটের অছি অথবা আডমিনিষ্ট্রেটর সেই পুরস্কারের উপযুক্ত অংশ যে ব্যক্তি বা ব্যক্তিরা তাহা দিয়াছিলেন তাঁহাকে বা তাঁহারদিগকে তাহা ফিরিয়া দিবেন এবং তাঁহারা সেই টাকা লইয়া ঐ আপ্রেণ্টিসকে কোন নূতন মনিবের নিকটে বদ্ধ করিবার নিমিত্তে তাহা ব্যয় করিবেন। কিন্তু যদি ঐ মৃত মনিবের অছি কি আডমিনিষ্ট্রেটর অথবা তাঁহার মরণের সময়ে তাহার সঙ্গে সহবাসকারী তাঁহার পরিবারের কোন এক জন যে ব্যবসাতে ঐ আপ্রেণ্টিস নিযুক্ত ছিল তাহা চালাইতে থাকেন এবং মৃত মনিবের মরণের পর তিন মাসের মধ্যে আসল বন্দোবস্তের নিয়মানুসারে আপ্রেণ্টিসকে রাখিতে লিখনের দ্বারা প্রস্তাব করেন তবে মৃত ব্যক্তির ইষ্টেট ঐ পুরস্কারের বাবৎ সকল দায়হইতে মুক্ত হইবেক ইতি।

২৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্তমতে ঐ আপ্রেণ্টিসকে রাখিতে যদি প্রস্তাব হয় এবং যদি ঐ আপ্রেণ্টিস আপনি এবং যে ব্যক্তি বা ব্যক্তিরা তাহাকে বদ্ধ করিয়াছিলেন তাঁহারা তাহাতে সম্মত হন্ তবে তাহা আপ্রেণ্টিসী আসল বন্দোবস্তের প্রত্যেক নকলে অতিস্পষ্টরূপে নির্দ্দিষ্ট করিতে হইবেক ও লেখা যাইবেক এবং তাহাতে ঐ সকল ব্যক্তি সহী করিবেন এবং ঐ সর্টিফিকট যে স্থান বা জিলাতে ঐ আপ্রেণ্টিস নিযুক্ত ছিল সেই স্থান বা জিলার প্রধান মাজিষ্ট্রেট সাহেবের দপ্তরে অথবা সমুদ্রীয় আপ্রেণ্টিস হইলে যে দপ্তরে আসল বন্দোবস্ত রেজিষ্টরী হইয়াছিল সেই দপ্তরে রেজিষ্টরী হইবেক এবং উক্ত বন্দোবস্তে নির্দ্ধারিত মিয়াদের অবশিষ্ট কালপর্য্যন্ত ঐ আপ্রেণ্টিস তাহাকে এইরূপে রাখণিয়া ব্যক্তি বা ব্যক্তিরদের নিকটে বদ্ধ আছে এমত জ্ঞান হইবেক ইতি।

২৭ ধারা। কিন্তু নিয়ত জানা কর্ত্তব্য যে এই আইনানুসারে বদ্ধ কোন আপ্রেণ্টিসের মনিব যদি আপ্রেণ্টিসী মিয়াদের মধ্যে মরেন তবে ঐ মনিব যে স্থিত রাখিয়া যান তাহাহইতে ঐ মনিবের মরণঅবধি তিন মাসপর্য্যন্ত অন্নাচ্ছাদন পাইবার আপ্রেণ্টিসের হক থাকিবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ তিন মাস ব্যাপিয়া ঐ আপ্রেণ্টিস ঐ মনিবের অছি অথবা আডমিনিষ্ট্রেটরের সঙ্গে কি যে ব্যক্তিকে তিনি নিযুক্ত করেন্ তাঁহার সঙ্গে বাস করিতে এবং তাঁহার কর্ম্ম করিতে থাকিবেক ইতি।

২৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে ব্যক্তির নিকটে এই আইনানুসারে কোন আপ্রেণ্টিস বদ্ধ হয় সেই ব্যক্তির বিরুদ্ধে দেউলিয়ার কমিস্যন বাহির হইলে অথবা সেই ব্যক্তির যোত্রহীনতা নির্দ্ধার্য্য হইলে ঐ আপ্রেণ্টিস আপন বন্দোবস্তের সমস্ত দাওয়াহইতে মুক্ত হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে যদি তাহাকে আপ্রেণ্টিসীরূপে বদ্ধ করণের সময়ে কোন পুরস্কার দেওয়া গিয়া থাকে তবে যে ব্যক্তি বা ব্যক্তিরা তাহাকে বদ্ধ

persons by whom he shall have been bound shall be entitled to claim a proportionate part thereof as a debt against the Estate of the Bankrupt or Insolvent.

XXIX. And it is hereby enacted, that when application shall be made to a Magistrate or other Registering Officer for the registration of an original contract of Apprenticeship under Section X. of this Act or of a certificate of the consent of parties to the removal of an Apprentice from the place at which he was originally bound to serve, or to any other alteration of the contract under Section XIV., or of a certificate of the transfer of a Sea Apprentice from one Vessel to another under Section XV., or of a certificate of the consent of parties to the determination of a contract of Apprenticeship under Section XVI., or to the assignment of an Apprentice under Section XVII., or to the retaining of an Apprentice after the death of the Master to whom he was bound, by the Executor or Administrator or a Member of the family of the deceased under Section XXV. without which registration such Acts respectively shall not be valid, it shall be at the discretion of the Magistrate or Officer to call for the attendance of the parties before him to attest the contract or certificate, provided that on every such occasion the Magistrate or Officer shall require the Apprentice to be brought before him whether the other parties shall be required to attend in person or not, and provided that whenever any such registration shall be made, a certificate of the registration shall be made on each copy of the contract, and signed by the Magistrate or other Registering Officer.

XXX. And it is hereby enacted, that for the purposes of this Act all British subjects, as well as other persons in the Territories under the Government of the East India Company without the local limits of the jurisdictions of Her Majesty's Supreme Courts, shall be amenable to the jurisdiction of the Magistrates of the East India Company.

XXXI. And it is hereby enacted, that from any sentence or order passed by any Magistrate without the local limits aforesaid, an appeal shall lie to the Court of Session to which such Magistrate shall be subordinate, provided the appeal be made within one month from the date of the sentence or order.

XXXII. And it is hereby enacted, that the words "Master," "person" and "he" in this Act shall be understood to include several persons as well as one person, and females as well as males, and bodies corporate as well as individuals, unless there be something in the context repugnant to such construction.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first meeting of the Legislative Council of India, after the 24th day of January next.

G. A. BUSHBY,
Secy. to the Govt. of India.

করিয়াছিলেন তাঁহারা ঐ টাকার উপযুক্ত অংশ দেউলিয়া অথবা যোত্রহীনের ইষ্টেটের দেনা টাকার ন্যায় দাওয়া করিতে পারেন ইতি।

২৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যখন এই আইনের ১০ ধারানুসারে আপ্রেণ্টিসী আসল বন্দোবস্ত অথবা যে স্থানে কর্ম্ম করিতে সে প্রথমতঃ বদ্ধ ছিল তথাহইতে আপ্রেণ্টিসের স্থানান্তর করণের বিষয়ে অথবা ১৪ ধারানুসারে বন্দোবস্তের অন্য কোন ফেরফার করণের বিষয়ে নানা ব্যক্তির সম্মতির সর্টিফিকট কি ১৫ ধারানুসারে সমুদ্রীয় আপ্রেণ্টিসকে এক জাহাজহইতে লইয়া অন্য জাহাজে নিযুক্ত করণের সর্টিফিকট অথবা ১৬ ধারানুসারে আপ্রেণ্টিসের বন্দোবস্ত নিবৃত্ত হওনের বিষয়ে তৎসম্পর্কীয় ব্যক্তিরদের অনুমতির সর্টিফিকট কি ১৭ ধারানুসারে আপ্রেণ্টিসকে অন্যের নিকটে অর্পণ করণের সর্টিফিকট অথবা ২৫ ধারানুসারে যে মনিবের নিকটে আপ্রেণ্টিস বদ্ধ ছিল তাঁহার মরণোত্তর তাঁহার অছি কি আডমিনিষ্ট্রেটর কিম্বা মৃত ব্যক্তির পরিবারের কাহার ঐ আপ্রেণ্টিসকে রাখণের সর্টিফিকট অর্থাৎ এই যে সকল সর্টিফিকট রেজিষ্টরী না হইলে সিদ্ধ হইতে পারে[illegible] তাহা যখন রেজিষ্টরী করণার্থ দরখাস্ত কে[illegible]জিষ্ট্রেট কি রেজিষ্টরীকরণিয়া অন্য কার্য্যকারকে[illegible]কটে দাখিল হয় তখন ঐ মাজিষ্ট্রেট সাহেব অথবা রেজিষ্টরীকরণিয়া অন্য কর্ম্মকারক আপনার বিবেচনাক্রমে বন্দোবস্তপত্র অথবা সর্টিফিকটে সহীকরণার্থ আপনার নিকটে হাজির হইতে ঐ সকল লোককে হুকুম দিতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে এইমত প্রত্যেক গতিকে ঐ অন্য ব্যক্তিরদিগকে স্বয়ং হাজির হওনের হুকুম হইলে বা না হইলে মাজিষ্ট্রেট সাহেব বা রেজিষ্টরীকরণিয়া অন্য কর্ম্মকারক আপ্রেণ্টিসকে অবশ্য আপনার সম্মুখে আনিবার হুকুম দিবেন এবং জানা কর্ত্তব্য যে যখন এইরূপে কোন রেজিষ্টরী হয় তখন ঐ রেজিষ্টরীহওনের সর্টিফিকট বন্দোবস্তপত্রের প্রত্যেক নকলে করা যাইবেক এবং মাজিষ্ট্রেট সাহেব অথবা রেজিষ্টরীকরণিয়া অন্য কর্ম্মকারক তাহাতে দস্তখৎ করিবেন ইতি।

৩০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের অভিপ্রায়ের নিমিত্তে সমস্ত ব্রিটনীয় প্রজা এবং শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের এলাকার বিশেষ সীমাসরহদ্দের বাহিরে কোম্পানি বাহাদুরের শাসিত দেশবাসি অন্য ব্যক্তি কোম্পানি বাহাদুরের মাজিষ্ট্রেটের এলাকার অধীন হইবেন ইতি।

৩১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত বিশেষ সীমার বাহিরে কোন মাজিষ্ট্রেট সাহেব যে দণ্ডাজ্ঞা বা হুকুম করেন তাহার উপর আপীল যে সেশন আদালতের তাবে ঐ মাজিষ্ট্রেট সাহেব থাকেন সেই আদালতে হইবেক কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ আপীল দণ্ডাজ্ঞা বা হুকুম হওনের তারিখের পর এক মাসের মধ্যে করিতে হইবেক ইতি।

৩২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের মধ্যে "মুনিব" এবং "ব্যক্তি" এবং "তিনি" এই কথা যেমন এক ব্যক্তিকে বুঝায় তেমন নানা ব্যক্তিকেও বুঝায় এবং যেমন স্ত্রী তেমন পুরুষকেও বুঝায় এবং যেমন চার্টরপ্রাপ্ত সমাজ তেমনি বিশেষ২ ব্যক্তিকে বুঝায় কিন্তু যদি পূর্ব্বাপর দেখিয়া এইরূপ অর্থ করণ অসঙ্গত বোধ হয় তবে বুঝাইবেক না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ২৪ জানুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 20th November, 1846.

Baboo Goopeekishen Banerjee, (who has obtained diploma), to be Acting Moonsiff of Ranaghat, Zillah Nuddea.

The 21st November, 1846.

Moulvy Mahomed Aulum, Moonsiff of Nyaserai, Zillah Hooghly, to be Moonsiff of Oolooberria, in the same Zillah.

Baboo Doorgapershad Ghose, Moonsiff of Oolooberria, to be Moonsiff of Nyaserai.

LEAVES OF ABSENCE.

The 20th November, 1846.

Syud Buddereeddoja, Moonsiff of Ranaghat, Zillah Nuddea, for four months and sixteen days, from the 23d ultimo.

The 27th November,

Moulovie Mazum Hossein, Moon...of Madhubgunge, Zillah West Burdwan, for the 2d Proximo.

Baboo Radhamohun Chowdry, Moonsiff of Rajarampore, Dinagepore, for 15 days, from the 1st instant.

B. J. Colvin, *Offg. Register*.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ২০ নবেম্বর।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু গোপীকৃষ্ণ বাঁড়ুয্যা জিলা নদীয়ার রাণাঘাটের একটিং মুনসেফ হইবেন।

১৮৪৬ সাল ২১ নবেম্বর।

জিলা হুগলীর নওয়াসরাইয়ের মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ আলম ঐ জিলার উলুবেড়িয়ার মুনসেফ হইবেন।

উলুবেড়িয়ার মুনসেফ শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ ঘোস নওয়াসরাইয়ের মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ২১ নবেম্বর।

জিলা নদীয়ার রাণাঘাটের মুনসেফ শ্রীযুত সৈয়দ বদরীদ্দজা গত মাসের ২৩ তারিখঅবধি চারি মাস ও ষোল দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ২৭ নবেম্বর।

পশ্চিম বর্দ্ধমানের মাধবগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী মাজুম হুসেন আগামি মাসের ২ তারিখে ছুটী পাইয়াছেন।

দিনাজপুরের রাজারামপুরের মুনসেফ শ্রীযুত বাবু রাধামোহন চৌধুরী বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি পনের দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

২১৭৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ১৮ নবেম্বর।

চাটিগাঁর অতিরিক্ত কালেক্টর শ্রীযুত সি এচ লশিংটন সাহেব (Mr. C. H. Lushington,) শ্রীযুত রিকেট্স সাহেবের (Mr. Ricketts,) অনুপস্থানপর্য্যন্ত আপনার কর্ম্ম চালাইয়াও ১৬ সংখ্যক অর্থাৎ চাটিগাঁ এলাকার রাজস্বের কমিস্যানরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে আর বি রস সাহেব (Mr. J. R. B. Ross,) ১৮৩৩ সালের ৯ আইনানুসারে চব্বিশপরগনার ডেপুটী কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৬ সাল ১৮ নবেম্বর।

১৬ সংখ্যক অর্থাৎ চাটিগাঁ এলাকার রাজস্বের কমিস্যানর শ্রীযুত এচ রিকেট্স সাহেব (Mr. H. Ricketts,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এ মনি সাহেব (Mr. A. Money,) গত সেপ্টেম্বর মাসের ২৪ তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

চাটিগাঁর মাজিষ্ট্রেট শ্রীযুত জে এ ও ফারকরসন সাহেব (Mr. J. A. O. Farquharson,) ১৮৪৫ সালের ৭ নবেম্বর তারিখে যে ছুটী পান তদতিরিক্ত আপনার কর্ম্ম স্থানে পঁহুছিবার জন্যে এক মাসের ছুটী পাইয়াছেন।

বীরভূমের মাজিষ্ট্রেট শ্রীযুত টি সি লক সাহেব (Mr. T. O. Loch,) আপন কর্ম্মের ভার ঐ জিলার একটিং কালেক্টর সাহেবের প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

কলিকাতার ডেপুটী কালেক্টর শ্রীযুত ডি ডবলিউ

[*Government Gazette*, 1*st December*, 1846.

ফ্রেজর সাহেব (Mr. D. W. Fraser,) গত মাসের ২৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে নিযুক্ত চব্বিশপরগনার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোবিন্দপ্রসাদ পণ্ডিত গত সেপ্টেম্বর মাসের ১৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে নিযুক্ত বাঁকুড়ার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারকনাথ ঘোষ গত আগষ্ট মাসের ২৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত আপনার কর্ম্ম স্থানে পঁহুছিবার জন্যে দুই দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ১৯ নবেম্বর।

নদীয়ার মাজিষ্ট্রেট শ্রীযুত ই টি ট্রেবর সাহেব (Mr. E. T. Trevor,) আপন কর্ম্মের ভার আপনার আসিষ্টান্ট শ্রীযুত এফ সি ফৌল সাহেবের (Mr. F. C. Fowle,) প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ২১ নবেম্বর।

কটকের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ ব্রৌনলো সাহেব (Mr. H. Brownlow,) দায়েরসায়েরী কর্ম্মে গমনার্থ বর্ত্তমান মাসের ১৩ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

২২১০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ৭ নবেম্বর।

শ্রীযুত জেম্স আণ্ডর্সন সাহেব (Mr. James Ander-

...ল,) বালেশ্বরের সিবিল আসিস্টান্ট চিকিৎসক হইবেন এবং ঐ স্থানের নিমকের এজেন্টের আসিষ্টান্ট হইবেন।

১৮৪৬ সাল ২৫ নবেম্বর।

দিনাজপুরের প্রধান আসিষ্টেন্ট রেসিডেন্ট শ্রীযুত টি ডবলিউ লুইস সাহেব (Mr. T. W. Lewis,) শ্রীযুত সামণ্ড সাহেবের (Mr. Salmond,) গমনের তারিখঅবধি মলাক্কার রেসিডেন্ট কৌন্সেলর হইবেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত জে পিরন সাহেব (Mr. J. Piron,) প্রথম শ্রেণীভুক্ত হইয়া ১৬ সংখ্যক অর্থাৎ চাটিগাঁ এলাকায় নিযুক্ত হইয়াছেন।

ছুটী

১৮৪৬ সাল ২১ নবেম্বর।

বেহারের একটিং অতিরিক্ত জজ শ্রীযুত জে ডবলিউ টেম্পলর সাহেব (Mr. J. W. Templer,) আপনার সিরিশ্তার কর্ম্মের ভার ঐ জিলার জজ সাহেবের প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

সিংহভূমে দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের প্রথম শ্রেণীর আসিস্টান্ট শ্রীযুত লেপ্টেনেন্ট ডবলিউ এচ ওকস সাহেব (Lieutenant W. H. Oakes,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জি সি চাপমান সাহেব (Mr. G. C. Chapman,) স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ কলিম গত আগষ্ট মাসের ২৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছয় দিনের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী সৈয়দ আবদুল ওয়াহীদ খাঁ বর্ত্তমান মাসের ৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ২৫ নবেম্বর।

মলাক্কার রেসিডেন্ট কৌন্সেলর শ্রীযুত জে ডবলিউ সামণ্ড সাহেব (Mr. J. W. Salmond,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

মান্দ্রাজের শ্রীযুত লার্ড বিশপ সাহেব হাবড়ার ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি স্কট সাহেবকে (Reverend J. Scott,) বিধির ২৫ ধারানুসারে যে ছুটী দেন তাহা মঞ্জুর হইল।

রঙ্গপুরের প্রধান সদর আমীন শ্রীযুত পণ্ডিত উপেন্দ্রচন্দ্র ন্যায়রত্ন দশহরার বন্দের অতিরিক্ত এক মাস তের দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ২৫ নবেম্বর।

বেহারের একটিং কালেক্টর শ্রীযুত ডবলিউ বেল সাহেব (Mr. W. Bell,) বর্ত্তমান মাসের ৭ তারিখে আপনার কর্ম্মের ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত সৈয়দ আজীমউদ্দীন হুসেন খাঁর প্রতি অর্পণ করেন।

পূরণিয়ার সিবিল ও সেশন জজ শ্রীযুত ডি প্রিঙ্গল সাহেব (Mr. D. Pringle,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে আপন সিরিশ্তার চলিত কার্য্যের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন।

ত্রিপুরার মাজিষ্ট্রেট শ্রীযুত এচ ডি এচ ফর্গসন সাহেব (Mr. H. D. H. Fergusson,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে আপনার সিরিশ্তার কর্ম্মের ভার ঐ জিলার কালেক্টর শ্রীযুত এচ সি মেটকাফ সাহেবের (Mr. H. C. Metcalfe.) প্রতি অর্পণ করেন।

নদীয়ার মাজিষ্ট্রেট শ্রীযুত ই টি টুবর সাহেব (Mr. E. T. Trevor,) বর্ত্তমান মাসের ২১ তারিখে আপন সিরিশ্তার কর্ম্মের ভার শ্রীযুত এফ সি ফৌল সাহেবের (Mr. F. C. Fowle,) প্রতি অর্পণ করেন।

পূরণিয়ার মাজিষ্ট্রেট শ্রীযুত জি মার্টিন সাহেব (Mr. G. Martin,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

২২৩০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ৭ নবেম্বর।

গত মাসের ৫ তারিখে শ্রীযুত আর ফিনি সাহেবের (Mr. R. Finney,) বলুয়ার ডেপুটী কালেক্টরী কর্ম্মে যে নিয়োগ হয় তাহা রহিত হইল।

১৮৪৬ সাল ২৩ নবেম্বর।

ত্রিপুরার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টান্ট শ্রীযুত সি এফ কার্ণাক সাহেব (Mr. C. F. Carnac,) ১৮২১ সালের ৪ আইনের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

[illegible]৮৪৬ সাল ২৫ নবেম্বর।

শ্রীযুত এ[illegible] সাহেব (Mr. A. Hammond,) ও শ্রীযুত বাবু রসিক[illegible] মল্লিক বর্দ্ধমানে বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

১৮৪৬ সাল ২৭ নবেম্বর।

শ্রীযুত মৌলবী মোআজিম হুসেন দিনাজপুরের প্রধান সদর আমীন হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ২৫ নবেম্বর।

ময়মনসিংহের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত আর ই কনলিফ সাহেব (Mr. R. E. Cunliffe,) আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিয়া বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেব (Mr. F. A. E. Dalrymple,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ২৫ নবেম্বর।

বেহারের মাজিষ্ট্রেট শ্রীযুত ই এফ লাটুর সাহেব (Mr. E. F. Lautour,) আপনার কর্ম্মের ভার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত উইলসন সাহেবের (Mr. Wilson,) প্রতি অর্পণ করিয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

খাসিয়া পর্ব্বতে পোলিটিকাল এজেন্ট সাহেবের আসিস্টান্ট শ্রীযুত এচ ইঙ্গলিস সাহেব (Mr. H. Inglis,) গত সেপ্টেম্বর মাসের ২৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

হুগলীর আদালতের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী সৈয়দ আহমদ বকশ চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

ময়মনসিংহের প্রধান সদর আমীন শ্রীযুত সি মাকি সাহেবকে (Mr. C. Mackay,) গত মাসের ১২ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ১৪ তারিখঅবধি রহিত হইল। ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করিলেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে নিযুক্ত নদীয়ার ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এম সথরলাণ্ড সাহেবকে (Mr. J. M. Sutherland,) গত সেপ্টেম্বর মাসের ১৬ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল গত মাসের ২৩ তারিখঅবধি রহিত হইল। ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করিলেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

[Government Gazette, 1st December, 1846.]

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

এক্তেলানামা কাছারী কালেক্টরী মধ্যম প্রদেশ জেলা কটক সমস্ত লোকদিগের জ্ঞাতব্য কারণ সংবাদ দেওয়া যাইতেছে ইঙ্গরেজী সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারানুসারে কটক জেলার নীচের লিখিত মাহালসকল মালগুজারি নাগাএদ কিস্তী মাহ জুন সন ১৮৪৬ সাল মতাবক সন ১২৫৩ সাল আমলী যোলপনি বাকী সরকারের পাওনা আদায়ের কারণ বর্ত্তমান সন ১৮৪৬ সাল ডিজেম্বর মাহার ১০ তারিখ মতাবক সন ১২৫৪ সাল আমলী অগ্রহায়ণ মাহার ২৭ তারিখ রোজ গুরুবার এই জেলার কালেক্টরি কাছারীতে নিলামে বিক্রয় হইবেক ১৭ মাহ নবেম্বর সন ১৮৪৬ সাল।

শ্রেণীর নম্বর	মাহালের প্রকার	জিলার তৌজির লিখিত মাহালের নম্বর	মাহালের নাম	লিখিত মালিক	মা কোং	ইং সন ১৮৪৬ সালের জুন মাহার কিস্তির পাওনার টাকা	মন্তব্য কথা
১	মিয়াদী বন্দোবস্ত	৩২৬	তালুকে মরিনো পঃ সুখনই	শ্রীমতী ভৈরবী দেবো ...	৬৩১৭	২৭২॥৭ পাই	এ মাহাল দোরবস্ত নীলাম হইবেক এবং এ মাহাল ৭ কানুন ১৮২২ সাল অনুসার ১২৭৪ মালপর্য্যন্ত বন্দোবস্ত হইয়াছে।
২	ঐ	৪২৭	মৌজে বাখরপুর পঃ বানুবিসী	ঐ	২৪৭৩২	৮৯॥৶২	ঐ
৩	ঐ	৪৬৪। ৫৬৪	খরিদগী মৌজে ভঁয়সর ও ধ্রমটপুর পঃ বানুবিসী	রণসিংহ দখল শিবপ্রসাদ সিংহ	১০॥৴	৮॥৵০	ঐ
৪	ঐ	১০৮৭	পাটনা গোলামালী মৌজে রসুলপুর পঃ বাখাবাদ ওগয়রহ	দয়ানিধি সুন্দর রাও ভগবান মাহাতি	১১৫॥৵৬৸	৫৩৸৵৬।	ঐ
৫	ঐ	১৪৫৪	তালুকে অগুলঙ্গ পঃ দেওগাঁ	চৌধুরী গোপীনাথ রায় ও সদাশিব রায় ও কৃপাসিন্ধু পটনাএক ও হরিনাথ পাতর ও বড়সাঁওতরা ...	২৬৪৯৸৴৯।	৩৬৮৻১১	ঐ
৬	ঐ	১৫৫৬	সাইবির পঃ সাইবির	দ্বারকানাথ ঠাকুর	১৭০৬৬৸৵৮	২৯২২৸ ৯	ঐ

ইতি তারিখ সন সদর।

M. S. GILMORE, *Collector.*

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারানুসারে জেলা কটক এলাকার কিশমত জনুবি নীচের লিখিত মাহালসকল সরকারের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে এবং অন্য২ যে কিছু দাবি চলিত আইনক্রমে বাকী মালগুজারির প্রায় আদায় করণের হুকুম আছে তদনুসারে সেই মাহাল সন ১৮৪৬ সালের নবেম্বর মাহার ১৬ তারিখ নাগাদ বাকী খাজানার জন্য সন ১৮৪৬ সালের ডিজম্বর মাহার ১৫ তারিখে মোতাবেক. সন ১২৫৪ সাল উলাতি পৌষ মাহার ২ তারিখে মঙ্গলবার দিন উক্ত কিশমত কালেক্ট সাহেবের কাছারীতে বিনা ওজরে নীলাম হইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক।

নম্বর শ্রেণী	কিপ্রকার মাহাল	জেলার তৌজীর নম্বর	নাম মাহাল	নাম মালিক	সদর জমা	বাকী নাগাদ১৬ নবেম্বর	কৈফিয়ৎ
১	মাহাল গরমো কররী বন্দোবস্ত	৬৫	মৌজে দুর্গাদাসপুর পঃ কোটরাহাঙ্গ	মৃতশ্রীনাথব্রহ্মের মাতা রত্নমণি দাসী	৮৭৪ ।৵১০।	৪৩৭ ।৵১০।	

১৭ মাহ নবেম্বর সন ১৮৪৬ সাল।

M. S. Gilmore, *Collector*.

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of RICHARD FRANCIS MACVITIE, late of Cawnpore, a Capt. in the 49th Regt. of the Military Service of the East India Company, on their Bengal Establishment, adjudged entitled on Saturday the 17th day of October, 1840, to the benefit of the Act of the 9th, George the Fourth, Chapter 73, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies.

NOTICE is hereby given, that by an order made in this Court on the 19th day of the present month of November, it was ordered, that unless cause be shewn to the contrary on Saturday the 2nd day of January next, RICHARD FRANCIS MACVITIE, the within named Insolvent be for ever discharged from all liability whatsoever for or in respect of the debts due from him to the following persons; that is to say, John Wallis Alexander, Assignee of the late firm of Colvin and Co.; Koersoen, Baboo Bissonauth, Messrs. Griffith and Company, Messrs. Baness and Co., Merwanjee and Co., Pestonjee and Co., Hurryram Chowdry, Munro and Co., Fox and Co., R. G. MacGregor, Esq., Major Robert, C. Macdonald, Pooran Mull, Messrs. Dick and Co., Bissun, Mr. Hay, Golab Roy, Gunnese Sewnauth Dholamul, Mrs. Stacy, Guntah, Poorain, Messrs. Pittar and Co., Gungapersaud, Messrs. Twentyman and Co., Messrs. Ranken and Co., Messrs. Tulloh and Co., Messrs. Sheppard and Co., Messrs. Radamohun Pyne and Co., Messrs. Pittar, Lattey and Co., Capt. Barnton, Genl. T. P. Smith, Lieut. Thomas Samuel Oliver, Capt. Henry Doveton, Captain Frederick Charles Elwall, Dr. B. Bell, J. Bicknell, amount of various awards given against me by the Military Court of Requests at Neemuch, The Mess of the 49th Regt. of Native Infantry stationed at Cawnpore, the President of which is Lieut. Edward Lloyd, Bunseedhur Jumyat Roy, Ramdial, Kunyuloll, Ramkissen, Hurkum Doss, Sadee Ram and Co., Jewan Jee and Co., Nunnauth, Makoondah, Lall Mahomet, Shaik Kyratee, Ram Surroop, Gyadeen, Goolab Hoosain, Peer Khan, Thunnoo Carpenter, Bissarden Tailor and Praim Mistree.

Shaw and Lyons, *Attornies*.

শহর কলিকাতার অক্ষম ঋণিদিগের পরিত্রাণার্থ আদালত।

বাঙ্গলা দেশের সৈন্যসম্পর্কীয় সিরিশ্তার ৪৯ পল্টনের কাপ্তান পূর্ব্বে কানপুরনিবাসি রিচার্ড ফ্রান্সিস মাকবিটি সাহেব যোত্রহীন হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার পাইতে পারেন্ এইমত নির্দ্ধারণ ১৮৪০ সালের ১৭ অক্টোবরে তারিখ শনিবারে হইল।

তাঁহার বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান নবেম্বর মাসের ১৯ তারিখে হুকুম হইয়াছিল যে আগামি জানুআরি মাসের ২ তারিখ শনিবারে বিপরীত কারণ দর্শান না গেলে উপরের উক্ত যোত্রহীন রিচার্ড ফ্রান্সিস মাকবিটি সাহেব নীচের লিখিত মহাশয়েরদের যে সকল টাকা ধারেন তাহাহইতে সম্পূর্ণরূপে মুক্ত হইবেন অর্থাৎ কলবিন কোম্পানির আসৈনি জান ওয়ালিস আলেকজাণ্ডর সাহেব, কুর্সুন, বাবু বিশ্বনাথ, গ্রিফিথ কোং, বেন্স কোং, মেরোআনজি কোং, পেষ্টনজি কোং, হরিরাম চৌধুরী, মনরো কোং, ফক্স কোং, আর জি মাগ্রেগর, মেজর রাবর্ট সি মাকডনাল্ড, পুরাণমল, ডিক কোং, বিশ্বন, হে সাহেব, গোলাব রায়, গণেশ শিবনাথ ঢোলমল, বিবি ষ্টেসি, গণ্টা, পুরাণ, পিটার কোং, গঙ্গাপ্রসাদ মিশ্র, টোএণ্টিমান কোং, রাঙ্কেন কোং, টাল্লা কোং, সেপর্ড কোং, রাধামোহন পাইন কোং, পিটার লাটী কোং, কাপ্তান বার্ণটন, জেনরল টি পি স্মিথ, লেপ্টেনেণ্ট তামস সামুএল অলিবর, কাপ্তান হেনরি ডবটন, কাপ্তান ফ্রেড্রিক চার্লস এলবাল, ডাক্তর বি বেল, জে বিকনেল, নিমচে মিলিটারী কোর্ট রিকোএষ্টের দ্বারা তাঁহার বিরুদ্ধে যে সকল টাকার ডিক্রী হয় তাহা, কানপুরে নিযুক্ত এদেশীয় ৪৯ পল্টনের ভোজ তাহার প্রসীডেণ্ট লেং এড্বার্ড লয়ড সাহেব, বংশীধর জমায়াট রায়, রামদয়াল, কানাইলাল, রামকৃষ্ণ, হরকুম দাস, সাধুরাম কোং, জীবনজী কোং, নয়নাথ, মুকুন্দ, লালমহম্মদ, সেখ খয়রাতী, রামস্বরূপ, গয়উদ্দীন, গোলাব হসেন, পীর খাঁ, তনুছুতার, বিশ্বাদ্দন দরজী ও প্রেম মিস্ত্রী।

শা ও লায়ন্স। উকীল।

In the matter of DINNONAUTH SEAL, DWARKANAUTH SEAL, COSSINAUTH SEAL, and MODOOSOODUN DAY, late of new China Bazar, in the Town of Calcutta, in the Province of Bengal, Merchants and Banians, heretofore carrying on business in Copartnership together in Calcutta, under the style or firm of Dinnonauth Seal and Company, and now residing at Hooghly, in the Province of Bengal.

NOTICE is hereby given, that by an order made on the 18th day of November instant, it was adjudged, that the Petition of Ramchund Burraul, a creditor of the said DINNONAUTH SEAL, DWARKANAUTH SEAL, COSSINAUTH SEAL, and MODOOSOODUN DAY, was true, and that the

said Dinnonauth Seal, Dawarkanauth Seal, Cossinauth Seal, and Modoosoodun Day, had committed an Act of Insolvency, and that by another order of the said Court, made on the same day, Robert O'Dowda, Esquire, was appointed Assignee of the Estate of the said Insolvents. Dated this 25th day of November, one thousand eight hundred and forty-six.

PAUL and SMELT, *Attornies for the Petitioners and Robert O'Dowda, Esq.*

দীননাথ শীল কোম্পানির নামে কলিকাতা নগরে সওদাগর ও বণিকের কর্ম্মকারি পূর্ব্বে নূতন চীনাবাজার-নিবাসি এক্ষণে বাঙ্গলা দেশের হুগলীনিবাসি দীননাথ শীল ও দ্বারকানাথ শীল ও কাশীনাথ শীল ও মধুসূদন দের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান নবেম্বর মাসের ১৮ তারিখে নির্দ্ধারণ হইল যে উক্ত দীননাথ শীল ও দ্বারকানাথ শীল ও কাশীনাথ শীল ও মধুসূদন দের মহাজন রামচাঁদ বড়াল যে দরখাস্ত দাখিল করেন তাহা সত্য বটে এবং উক্ত দীননাথ শীল ও দ্বারকানাথ শীল ও কাশীনাথ শীল ও মধুসূদন দে যোত্রহীন বটেন এবং ঐ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব উক্ত যোত্রহীনেরদের ইষ্টেটের আসৈনি পদে নিযুক্ত হন্।

১৮৪৬। ২৫ নবেম্বর। পাউল ও স্মেল্ট। দরখাস্তকারির ও শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেবের উকীল।

By an order of the said Court, made on the fourth day of November instant, in the matter of MEERZA ALLY, lately carrying on business in the Town of Calcutta, as a Merchant, and now residing at Bhowaneypore, in the twenty-four Pergunnahs, in the Province of Bengal, and against which said Meerza Ally, an adjudication of Insolvency on the Petition of Isac Aaron, was made and pronounced on the first day of September last; Notice is hereby given, that the said Court hath appointed Saturday the second day of January next, for hearing in the said matter.

The names of the creditors of said MEERZA ALLY, and the amount of their respective claims appear in a Schedule filed with th Clerk of the said Court, to which any creditor may refer.

Calcutta, 26th November, 1c PEARD, *Attorney for the above named Insolvent.*

পূর্ব্বে বাঙ্গলা দেশের কলিকাতা নগরে সওদাগরী কর্ম্মকারি এক্ষণে জিলা চব্বিশপরগনার ভবানীপুরনিবাসি মিরজা আলী যোত্রহীন বটেন এমত নির্দ্ধারণ তাঁহার মহাজন আইজাক আরণের দরখাস্তমতে গত সেপ্টেম্বর মাসের ১ তারিখে হইয়াছিল অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান নবেম্বর মাসের ৪ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি জানুআরি মাসের ২ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যায়।

মিরজা আলীর মহাজনেরদের নাম ও তাঁহারদের সকল দাওয়া তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের নিকটে দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা। ১৮৪৬। ২৬ নবেম্বর। পিয়র্ড। যোত্রহীনের উকীল।

In the matter of SADDOOCHURN DUTT, and DENONAUTH DUTT, Insolvents.

NOTICE is hereby given, that by an order made in this matter on and bearing date the twenty-fifth day of November instant, it is ordered that unless cause be shewn to the contrary on Saturday the fifth day of December next, the Petition of the said Insolvents, filed in this matter, seeking for relief under the Provisions of the Act of the ninth year of his late Majesty George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors, in the East Indies, &c., be dismissed, and that Patrick O'Hanlon, Esquire, the Common Assignee of this Court, do reassign and deliver over to the said Insolvents the whole of the property and effects of the said Insolvents now vested in him under the assignment executed to him by the said Insolvents.

Calcutta, 26th November, 1846. W. H. POE, *Attorney for the said Insolvents.*

যোত্রহীন সাধুচরণ দত্ত ও দীননাথ দত্তের বিষয়ে বর্ত্তমান নবেম্বর মাসের ২৫ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে আগামি ডিসেম্বর মাসের ৫ তারিখ শনিবারে বিপরীত কারণ দর্শান না গেলে ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনাকারি উক্ত যোত্রহীনেরা খালাস হন এবং এই আদালতের সাধারণ আসৈনি শ্রীযুত পাত্রিক ওহানলন সাহেব উক্ত যোত্রহীনেরদের যে সকল মাল ও সম্পত্তি উক্ত যোত্রহীনেরদের দ্বারা তাঁহার হস্তে অর্পণ হইয়াছিল সেই সকল মাল ও সম্পত্তি উক্ত যোত্রহীনেরদের প্রতি পুনরায় সমর্পণ করেন্।

কলিকাতা। ১৮৪৬। ২৬ নবেম্বর। ডবলিউ এচ পো। উক্ত যোত্রহীনেরদের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, made on the sixteenth day of November instant, the matter of the Petition of PETER LEAL, formerly of Garstin's Buildings, carrying on trade and business, as Wine Merchant, and Commission Agent, under the name, style and firm of P. Leal and Co., and late of Fordyce Lane, in the Town of Calcutta, and heretofore a prisoner confined in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies," are appointed to be heard in the said Court, on Saturday the 2nd day of January next.

The names of the creditors of the said PETER LEAL, appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any creditor may refer.

Calcutta, 25th November, 1846. E. PANIOTY, *Insolvent's Attorney.*

পি লিল কোম্পানির নামে কলিকাতা নগরের গার্ষ্টিনবিল্ডিংনামক স্থানে সরাবওয়ালা ও কমিসান এজেন্টী কর্ম্মকারি পূর্ব্বে কলিকাতা নগরের ফর্ডৈস লেন নিবাসি পিটর লিল সাহেব এক্ষণে কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া

যাইতেছে যে বর্ত্তমান নবেম্বর মাসের ১৬ তারিখের উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি জানুআরি মাসের ২ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত পিটর লিপ্ল সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা। ১৮৪৬। ২৫ নবেম্বর। ই পানিওটি। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, made on the 13th day of October last, the matter of the Petition of WILLIAM BAILS, sued by the name of W. Bails, late of Boitug-khanah in Calcutta, Gentleman, and late a prisoner confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled "an Act to provide for the relief of Insolvent Debtors in the East Indies," is appointed to be heard in the said Court, on Saturday the 2nd of January next.

The names of the creditors of the said W. BAILS, appear in a Schedule filed with his said petition in the Office of the Chief Clerk of the said Court, to which any creditors may refer.

Calcutta, 1846. E. PANIOTY, *Insolvent's Attorney.*

কলিকাত নগরের বৈঠকখানানিবাসি ডবলিউ বেলস নামে সক্ষীনাহওয়া উলিয়ম বেলস সাহেব সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের গত অক্টোবর মাসের ১৩ তারিখের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি জানুআরি মাসের ২ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত ডবলিউ বেলস সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজ[illegible] তাহা দেখিতে পারেন।

কলিকাতা। ১৮৪৬। [illegible]নিওটি। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given that by an order of the said Court, made on the 23rd day of September last, the matters of the Petition of RAMSOONDER DOSS, late of Nabootollah Lane, in the Town of Calcutta, Banian, and late a prisoner confined in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, Entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors, in the East Indies," are appointed to be heard in the said Court, on Saturday the second day of January next.

The names of the creditors of the said RAMSOONDER DOSS, appear in a Schedule filed with his said petition in the Office of the Chief Clerk of the said Court, to which any creditors may refer.

Calcutta, 25th day of November, 1846. E. PANIOTY, *Insolvent's Attorney.*

কলিকাতা নগরের নেবুতলানিবাসি বণিক রামসুন্দর দাস কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে গত সেপ্টেম্বর মাসের ২৩ তারিখের উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি জানুআরি মাসের ২ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত রামসুন্দর দাসের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা। ১৮৪৬। ২৫ নবেম্বর। ই পানিওটি। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, made on the 15th day of October last, the matter of the Petition of ROBERT ERSKINE, late of Scotts Lane, in Boituckhannah in the town of Calcutta, an assistant on the Calcutta Government Custom House, and now a prisoner confined in the Common Jail of Calcutta, seeking the benefit of an Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled an act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, is appointed to be heard in the said Court, on Saturday, the 2d day of January next.

The names of the Creditors of the said ROBERT ERSKINE, appear in a Schedule filed with his, said Petition in the office of the Chief Clerk of the said Court, to which any creditors may refer.

Calcutta, 25th November, 1846. E. PANIOTY, *Insolvent's Attorney.*

কলিকাতার গবর্ণমেণ্টের কষ্টম হৌসের আসিষ্টাণ্ট কলিকাতা নগরের বৈঠকখানার স্কট লেননিবাসি রাবর্ট আর্স্কিন সাহেব সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে গত অক্টোবর মাসের ১৫ তারিখের উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি জানুআরি মাসের ২ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত রাবর্ট আর্স্কিন সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা। ১৮৪৬। ২৫ নবেম্বর। ই পানিওটি। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, made on the 23d day of October last, the matter of the Petition of JOHN JAMES TURNER SMITH, sued by the name of J. T. Smith, of Sooterkin's lane in Calcutta, inhabitant, and late a prisoner confined in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled an act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, is appointed to be heard in the said Court, on Saturday, the 2d day of January next.

The names of the creditors of the said J. T. SMITH, appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any creditors may refer.

Calcutta, 25th November, 1846. E. PANIOTY, *Insolvent's Attorney.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ১ ডিসেম্বর।]

কলিকাতার সুটরকিন লেননিবাসি জে টি স্মিথ নামে সফীনা হওয়া জান জেম্‌স টর্নর স্মিথ সাহেব সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে গত অক্টোবর মাসের ২৩ তারিখের উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মকদ্দমা আগামি জানুআরি মাসের ২ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত জে টি স্মিথ সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্তসম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা ১৮৪৬। ২৫ নবেম্বর। ই পানিওটি। যোত্রহীনের উকীল।

[*Government Gazette*, 1st *December*, 1846.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।